রুট্‌স্‌
৯

রুট্‌স্‌

# আমাদের সমাজ বা জনগোষ্ঠীগুলোতে দুর্যোগের ঝুঁকিহ্রাসকরণ



রুট্‌স ঃ রূপান্তর এবং সহভাগের জন্যে প্রতিষ্ঠানগুলোকে সুযোগ-সুবিধাদিসহ সহায়তা প্রদানের সহায়িকা

tearfund

রুট্স্ ৯

# আমাদের সমাজ বা জনগোষ্ঠীগুলোতে দুর্যোগের ঝুঁকি হ্রাসকরণ

বব্ হ্যান্সফোর্ড প্রণীত

ডিজাইন ঃ উইংফিঙ্গার

আমরা রেচেল ব্ল্যাকম্যান, রেবেকা ডেনিশ, ভুই হিউজেস্, জোহান্না ওয়াট্সন এবং টিয়ারফান্ডের সকল স্টাফদের ধন্যবাদ জানাতে চাই যাঁরা ড্রাফ্গুলো সংশোধন করার জন্যে সময় ব্যয় করেছেন। টিয়ারফান্ডের এই সমস্ত অংশীদার প্রতিষ্ঠানগুলোকেও আমরা ধন্যবাদ জানাই যাঁরা এই পুস্তকটিকে মাঠ পর্যায়ে পরীক্ষামূলকভাবে ব্যবহার করেছেন।

অংশীদারগণ এবং অন্যান্য প্রতিষ্ঠানগুলো কিভাবে টিয়ারফান্ডের প্রকাশনাগুলো ব্যবহার করেছেন সে বিষয়ে জানতে পারলে আমাদের ভবিষ্যতের প্রকাশনাগুলোর উন্নয়ন করা আমাদের জন্যে সাহায্যকারী হবে। যদি আপনারা এই পুস্তকটির বিষয়ে আমাদেরকে জানাতে বা পরামর্শ দিতে চান, তবে অনুগ্রহ করে টিয়ারফান্ডের কাছে লিখুন অথবা নিম্ন ঠিকানায় টিয়ারফান্ডের কাছে ই-মেইল করুন ঃ roots@tearfand.org

রুট্স্-এর অন্যান্য বইগুলোর বিষয়ে নীচে তথ্য প্রদান করা হল ঃ

- রুট্স্ ১ এবং ২ - অ্যাডভোকেসী টুলকিট্ (পরামর্শমূলক সহায়িকা)। দু'টো ভিন্ন ভিন্ন বইয়ের একটি সেটঃ
*অ্যাড্ভোকেসী সম্পর্কে অনুধাবন করা (রুট্স্ ১) এবং অ্যাডভোকেসীতে বাস্তব পদক্ষেপ / কার্যশীলতা (রুট্স্ ২)। একটি সেট হিসেবে তা পাওয়া যায়।*

- রুট্স্ ৩ - *ক্যাপাসিটি সেলফ্ এসেসমেন্ট* (সক্ষমতার আত্ম-মূল্যায়ন)। প্রতিষ্ঠানগুলোকে তাদের সক্ষমতা-তৈরীর প্রয়োজনীয়তাগুলো সনাক্ত করতে সক্ষম করে তোলার জন্যে একটি প্রাতিষ্ঠানিক মূল্যায়নের টুল্ বা হাতিয়ার।

- রুট্স্ ৪ - *পিস বিল্ডিং উইদ্ইন আওয়ার কমিউনিটিস্* (আমাদের সমাজ বা জনগোষ্ঠীগুলোর মধ্যে শান্তি স্থাপন করার সহায়িকা)। টিয়ারফান্ডের অংশীদার যাঁরা সমাজ বা জনগোষ্ঠীগুলোর মধ্যে শান্তি এবং পুনর্মিলন স্থাপনের জন্যে উৎসাহদানের সঙ্গে জড়িত তাদের কেস্ স্টাডীগুলো থেকে গৃহীত পয়েন্টস্গুলো সম্পর্কে শিক্ষালাভ করা।

- রুট্স্ ৫ - *প্রজেক্ট সাইকেল ম্যানেজমেন্ট* (প্রকল্প ব্যবস্থাপনা চক্র)। প্রকল্প ব্যবস্থাপনাকে ব্যবহার করে প্রকল্পগুলোর পরিকল্পনা প্রণয়ন এবং ব্যবস্থাপনার প্রক্রিয়া সম্পাদনের প্রচেষ্টা। পরিকল্পনার টুল্স্ বা হাতিয়ার সম্পর্কে বর্ণনা করা, যেমন প্রয়োজনসমূহ এবং সক্ষমতা মূল্যায়ন এবং সহযোগী ব্যক্তিবর্গের (স্টেক্হোল্ডার) বিশ্লেষণ এবং পরিষ্কারভাবে প্রদর্শন করা যে কিভাবে একটি যৌক্তিক ফ্রেমওয়ার্ক গড়ে তোলা যায়।

- রুট্স্ ৬ - *ফান্ড রেইজিং* (তহবিল সংগ্রহ)। এ বিষয় প্রদর্শন করা যে কিভাবে একটি তহবিল সংগ্রহের কৌশলের উন্নয়ন সাধন করা যায় এবং প্রতিষ্ঠানগুলোকে তাদের তহবিল বিভিন্নতা খাতে বন্টন করা যায় - এ পুস্তকে তাদের সাহায্যের জন্যে বিভিন্ন ধারণাগুলো সন্নিবেশিত করা হয়েছে।

- রুট্স্ ৭ - *চাইল্ড পার্টিসিপেশন* (শিশুদের অংশগ্রহণ)। এ পুস্তকটিতে সমাজ বা জনগোষ্ঠীর জীবনে এবং প্রকল্প পরিকল্পনায়, বাস্তবায়নে এবং মূল্যায়নে শিশুদের অন্তর্ভুক্ত করার গুরুত্বের বিষয়ে আলোকপাত করা হয়েছে।

- রুট্স্ ৮ - *এইচ্আইভি এন্ড এইড্স্ঃ* প্রদক্ষেপ গ্রহণ। এই পুস্তকটিতে পর্যালোচনা করা হয়েছে যে কিভাবে এইচ্আইভি এবং এইড্স কর্তৃক আনীত চ্যালেঞ্জগুলোর প্রতি খ্রীষ্টীয়ান প্রতিষ্ঠানগুলো সাড়াদান করতে পারে, যেমন এইচ্আইভি এবং এইড্স্-এর প্রভাব হ্রাস করা যায়, এইচ্আইভি এবং এইড্স্-এর বিস্তার প্রতিরোধ করা যায় এবং প্রতিষ্ঠানগুলোর মধ্যে এইচ্আইভি এইড্স্-এর ইস্যুগুলো চিহ্নিত করা যায়।

- রুট্স্ ৯ - *রিডিউসিং রিস্ক অব ডিজাস্টার ইন আওয়ার কমিউনিটিজ* (আমাদের সমাজ বা জনগোষ্ঠীগুলোর মধ্যে দুর্যোগের ঝুঁকি হ্রাসকরণ)। এ পুস্তকটিতে "দুর্যোগের ঝুঁকি হ্রাসকরণের জন্যে অংশগ্রহণকারীমূলক মূল্যায়ন" নামক প্রক্রিয়া সম্পর্কে পর্যালোচনা করা হয়েছে যা সমাজ বা জনগোষ্ঠীসমূহকে সে সমস্ত সমস্যাবলী বিবেচনা করতে সক্ষম করে তোলে যেগুলোর তারা সম্মুখীন হয়ে থাকে। এতে তাদের দুর্বলতাসমূহ, তাদের সক্ষমতাসমূহ সম্পর্কে আলোকপাত করা হয়েছে। এতে এ বিষয়েও আলোকপাত করা হয়েছে যে কিভাবে তারা দুর্যোগের ঝুঁকি হ্রাসের জন্যে পদক্ষেপ গ্রহণ করতে পারে।

- রুট্স্ ১০ - *অর্গানাইজেশনাল গভর্নেন্স* (প্রাতিষ্ঠানিক পরিচালনা)। এ পুস্তকটিতে পরিচালনার নীতিমালা এবং ইস্যুগুলো পর্যালোচনা করা হয়েছে যেন প্রতিষ্ঠানগুলো তাদের পরিচালনার কাঠামোগুলোর উন্নয়ন সাধন করতে পারে অথবা ইতোপূর্বে যদি তাদের পরিচালনা পর্ষদ না থাকে তবে তা গঠন করার বিষয়ে এতে দিক্-নির্দেশনা প্রদান করা হয়েছে।

- রুট্স্ ১১ - *পার্টনারিং উইথ্ দ্যা লোকাল চার্চ* (স্থানীয় মন্ডলীর সঙ্গে অংশীদারিত্ব)। এ পুস্তকে আলোচনা করা হয়েছে যে কিভাবে খ্রীষ্টীয়ান প্রতিষ্ঠানগুলো স্থানীয় মন্ডলীগুলোর সঙ্গে আরও ঘনিষ্ঠভাবে কাজ করতে পারে।

- রুট্স্ ১২ - *হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট* (মানব সম্পদসমূহের ব্যবস্থাপনা)। এই পুস্তকে সেই লোকদের সম্পর্কিত নীতি এবং অনুশীলন নিয়ে পর্যালোচনা করা হয়েছে যাঁরা একটি প্রতিষ্ঠানের জন্যে কাজ করে, এর অন্তর্ভুক্ত রয়েছে নিয়োগদান, চুক্তিসমূহ, ব্যবস্থাপনা এবং স্টাফদের উন্নয়নসাধন।

এগুলোর সবই ইংরেজীতে, ফ্রেন্স ভাষায়, স্পানিশ ভাষায় এবং পর্তুগীজ ভাষায় পাওয়া যাচ্ছে (বাংলা ভাষায়ও এগুলোর মধ্যে অনেকগুলোর অনুবাদ করা হয়েছে এবং হচ্ছে)।

বিস্তারিতভাবে সব বিষয় জানার জন্যে নীচের ঠিকানায় যোগাযোগ করুন ঃ

For further details write to:
Resources Development, Tearfund, 100 Church Road,
Teddington, TW11 8QE, UK
or email: roots@tearfund.org

© Tearfund 2010

Published by Tearfund. A company limited by guarantee.
Registered in England No. 994339.
Registered Charity No. 265464 (England and Wales)
Registered Charity No. SC037624 (Scotland)

Tearfund is a Christian relief and development agency working with a global network of local churches to help eradicate poverty.

Tearfund, 100 Church Road, Teddington, TW11 8QE, UK
Tel: +44 (0)20 8977 9144
Email: roots@tearfund.org
Web: www.tearfund.org/tilz

# আমাদের সমাজ বা জনগোষ্ঠীগুলোতে দুর্যোগের ঝুঁকি হ্রাসকরণ

বব্ হ্যান্সফোর্ড প্রণীত

© TEARFUND 2010

# বিষয়বস্তু
# Contents


| | | |
|---|---|---|
| | **মুখবন্ধ** | ৫ |
| | **ভূমিকা** | ৭ |
| **বিভাগ ১** | **দুর্যোগসমূহের উপর খ্রীষ্টীয়ান দৃষ্টিভঙ্গীসমূহ** | **৯** |
| ১.১ | দুর্যোগসমূহ অনুধাবন করা | ৯ |
| ১.২ | দুর্যোগসমূহের প্রতি একটি খ্রীষ্টীয় সাড়াদান | ১০ |
| ১.৩ | ঈশ্বরের সৃষ্টির ধনাধ্যক্ষ হিসেবে খ্রীষ্টীয়ানগণ | ১২ |
| ১.৪ | দুর্যোগসমূহের সবগুলো 'প্রাকৃতিক' নয় | ১২ |
| **বিভাগ ২** | **ঝুঁকি হ্রাসকরণ সম্পর্কে অনুধাবন-থিওরী** | **১৫** |
| ২.১ | স্থিতিকালসমূহ এবং সংজ্ঞাসমূহ | ১৫ |
| ২.২ | দুর্যোগের চক্র | ১৬ |
| ২.৩ | দুর্যোগ প্রশমিত করার আদর্শ (মডেল) | ১৮ |
| ২.৪ | মুক্তকরণের আদর্শ (মডেল) | ২২ |
| ২.৫ | কার্যক্রম বা পদক্ষেপ গ্রহণের জন্যে হাইয়োগো (Hyogo) ফ্রেমওয়ার্ক | ২৩ |
| ২.৬ | দুর্যোগ এবং উন্নয়ন | ২৪ |
| ২.৭ | দুর্যোগের ঝুঁকি, জলবায়ুর পরিবর্তন এবং পরিবেশগত হ্রাসকরণ | ২৪ |
| **বিভাগ ৩** | **PADR (পার্টিসিপেটরী এসেস্‌মেন্ট অফ ডিজেস্টার রিস্ক) প্রক্রিয়ার সামষ্টিক দৃশ্যপট (ওভারভিউ)** | **২৭** |
| ৩.১ | এই পদ্ধতি সম্পর্কে বর্ণনা | ২৭ |
| ৩.২ | বিশ্লেষণের বিভিন্নতা | ২৮ |
| ৩.৩ | PADR - এর সম্ভাবনা বা স্কোপ | ২৯ |
| ৩.৪ | PADR - এর ধাপগুলো | ৩০ |
| **বিভাগ ৪** | **ধাপ ১ঃ প্রস্তুতি** | **৩৩** |
| ৪.১ | দলকে প্রস্তুতকরণ | ৩৩ |
| ৪.২ | অংশগ্রহণকারী হাতিয়ারসমূহ (টুলস্) | ৩৫ |
| ৪.৩ | লক্ষ্যকৃত দলের সঙ্গে আলোচনা এবং সাক্ষাৎকারসমূহের জন্যে প্রস্তুতি | ৩৮ |
| ৪.৪ | দলীয় ভূমিকা এবং দায়িত্ব ও কর্তব্যসমূহ | ৩৯ |
| ৪.৫ | তথ্যের অন্যান্য উৎসসমূহ | ৪০ |
| ৪.৬ | সমাজ বা জনগোষ্ঠীকে প্রস্তুতকরণ | ৪০ |
| ৪.৭ | PADR এবং জেন্ডার | ৪১ |
| **বিভাগ ৫** | **ধাপ ২ ঃ বিপর্যয় বা ঝুঁকির মূল্যায়ন** | **৪৩** |
| ৫.১ | বিপর্যয় বা ঝুঁকির ধরণসমূহ | ৪৩ |
| ৫.২ | বিপর্যয় বা ঝুঁকিসমূহের মূল্যায়ন | ৪৪ |
| ৫.৩ | জলবায়ুর পরিবর্তন | ৪৬ |

**বিভাগ ৬ ধাপ ৩ ঃ দুর্বলতা বা নাজুকতা এবং সামর্থ্য মূল্যায়ন** **৪৭**
৬.১ প্রভাব এবং দুর্বলতা বা নাজুকতা ৪৭
৬.২ সামর্থ্যসমূহ ৪৮
৬.৩ দুর্বলতা এবং সামর্থ্যের মূল্যায়ন ৪৯
৬.৪ সমাজ বা জনগোষ্ঠীগত প্রণালী - প্রশ্নাবলী, হাতিয়ারসমূহ এবং গ্রীড্‌সমূহের ব্যবহৃতকরণ ৫৪
৬.৫ সংগৃহীত তথ্যের সারসংক্ষেপ করা ৫৭

**বিভাগ ৭ ধাপ ৪ ঃ শক্তিশালী চাপসমূহ এবং অন্তর্নিহিত কারণসমূহ** **৫৯**
৭.১ শক্তিশালী চাপসমূহ ৫৯
৭.২ অন্তর্নিহিত কারণসমূহ ৬১
৭.৩ শক্তিশালী চাপসমূহ এবং অন্তর্নিহিত কারণসমূহ মূল্যায়ন ৬২
৭.৪ কেস্‌ স্টাডীজ ৬৪

**বিভাগ ৮ ধাপ ৫ ঃ ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনা** **৬৫**
৮.১ জনগোষ্ঠী-স্তরে ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনার ধাপগুলো ৬৬
৮.২ ঝুঁকি ব্যবস্থাপনা এবং 'হাইয়োগো ফ্রেমওয়ার্ক ফর অ্যাকশন' (HFA) ৭২
৮.৩ জনগোষ্ঠী-স্তরে আকস্মিক পরিকল্পনাসমূহ (অধিকতর প্রস্তুতির জন্য) ৭৩
৮.৪ পারিবারিক-স্তরে আকস্মিক পরিকল্পনাসমূহ ৭৪
৮.৫ ধীরগতির দুর্যোগের ঝুঁকি ব্যবস্থাপনার পরিকল্পনাসমূহ ৭৫
৮.৬ সহনশীল জনগোষ্ঠীসমূহ ৭৫
৮.৭ নীতি নির্ধারকদের এবং ক্ষমতাধরদের প্রভাবিতকরণ (অ্যাডভোকেসী) ৭৬

**বিভাগ ৯ সুনির্দিষ্ট ক্ষেত্রসমূহে PADR -এর ব্যবহার** **৭৯**
৯.১ PADR এবং মন্ডলীর সচলতা ৭৯
৯.২ PADR এবং নগর ৮০
৯.৩ দুর্যোগ পরবর্তীসময়ে PADR -এর ব্যবহার ৮২
৯.৪ PADR এবং সংঘর্ষ ৮৩

**পরিশিষ্টসমূহ / সংযুক্তিপত্রসমূহ** **৮৫**

সংযোজনী ক লক্ষ্যকৃত দলে আলোচনার জন্যে প্রশ্নসমূহ এবং রেকর্ডিং -এর পদ্ধতি ৮৫
সংযোজনী খ বিভিন্ন ধরণের সমস্যা সঙ্কুল অবস্থার জন্যে প্রস্তাবিত ঝুঁকি হ্রাস কার্যক্রম ৯০

**রেফারেন্স** **৯৩**

**শব্দকোষ / টিকা** **৯৫**

# মুখবন্ধ
# Preface

রুট্স ৯ সর্ব প্রথম ২০০৬ খ্রীষ্টাব্দের প্রথম দিকে প্রকাশিত হয়েছে, এবং সেটি 'পার্টিসিপেটরী এ্যাসেস্‌মেন্ট অফ ডিজেস্টার রিস্ক' বলে পরিচিত একটি জনগোষ্ঠী-ভিত্তিক প্রণালীর সঙ্গে পরিচিত করানো হয়েছে। এটি আনুমানিক 'হাইয়োগো ফ্রেমওয়ার্ক ফর্ অ্যাকশন' (UNISDR, January 2005) -এর পরে প্রকাশিত হয়েছে এবং এর লক্ষ্য ছিল জনগোষ্ঠী স্তরে একটি ছোট অবদান স্থাপন করা।

এই রিভাইজড্ এডিশন মূল বিষয়বস্তুর সঙ্গে কিছুসংখ্যক কারণগুলোর জন্যে বিবেচনা করা হবে।

প্রথমতঃ, এই প্রণালী আফ্রিকা, এশিয়া এবং ক্যারিবিয়ান এলাকার প্রায় ২০টি দেশে ব্যবহারের চেষ্টা করা হয়েছে। এই প্রচেষ্টা বৃহত্তরভাবে সফল হয়েছে, কিন্তু এর পাঠমালা জনগোষ্ঠীর মধ্যে প্রণালী এবং বাস্তবায়ন উভয়ের মধ্যে শিক্ষা দেওয়া হয়েছে। এই রিভাইজড্ এডিশনের লক্ষ্য হল এর শিক্ষাকে আরও ফলপ্রসূ হাতিয়ার হিসেবে গড়ে তোলা এবং এতে বাস্তব পরিচালনা, মাপনদন্ড (টেম্পলেট) এবং প্রশ্নাবলী যুক্ত করা।

দ্বিতীয়তঃ, সারা বিশ্বে জলবায়ুর পরিবর্তনের প্রভাব প্রায়ই এবং চরমাকারে দূর্যোগরূপে একটি গুরুত্বপূর্ণ প্রভাব ফেলছে। এর ফলে সাধারণ লোকেরা প্রায়ই চরমভাবে জলবায়ুর পরিবর্তনসংক্রান্ত ঘটনাবলীর শিকার হচ্ছে। পূর্ববর্তী সংস্করণে, জলবায়ুর পরিবর্তনের প্রভাবগুলো এবং গতি সম্পর্কে ততটা গুরুত্ব প্রদান করা হয় নি। বিজ্ঞানের অগ্রগতিতে, অতীতের সমস্যাগুলোকে ভবিষ্যতের জন্যে ঝুঁকি হিসেবে পরিগণিত করা হয়েছিল।

তৃতীয়তঃ, টিয়ারফান্ড এবং অন্যান্য উৎসগুলোর অবদানে দুর্যোগের ঝুঁকি হ্রাসকরণে, জলবায়ুর পরিবর্তন অভিযোজনে এবং পরিবেশগত স্থায়িত্বের ক্ষেত্রগুলোতে যথেষ্ট সংখ্যক হাতিয়ার বা টুলস্ সুপ্রাপ্য হচ্ছে। এই টুলস্ বা হাতিয়ারগুলো যেখানে প্রযোজ্য সেখানে স্বীকারোক্তিমূলকভাবে উল্লেখ করা হয়েছে। PADR- এর স্পষ্ট ব্যবহার বর্তমান রয়েছে, কিন্তু কখনও কখনও সবচেয়ে বড় প্রভাব অর্জনের জন্যে অন্য আর একটি জলবায়ুর পরিবর্তন অভিযোজন অথবা পরিবেশগত স্থায়িত্বের টুল্ বা হাতিয়ার যৌথভাবে ব্যবহার করা হয়েছে।

সবশেষে, জনগোষ্ঠীর স্থিতিস্থাপকতা যথেষ্ট সমর্থন লাভ করেছে। বিশেষ বৈশিষ্ট্যসমূহ সংজ্ঞায়িত করার জন্যে এটি আরও একটি ইতিবাচক পথ বা উপায় যাতে জনগোষ্ঠী আসল বিষয়ের মোকাবেলা করার জন্যে সুযোগ্যরূপে প্রস্তুতি গ্রহণ করতে পারে।

এই প্রকাশনায় বিভিন্ন বিষয়গুলো সন্নিবেশিত করা হয়েছে, যার অন্তর্ভুক্ত হলঃ

**লিঙ্গ (নারী-পুরুষ)** - পুরুষ এবং নারীদের সমস্যাবলীর প্রভাবসমূহ চিহ্নিত করা যাতে ঝুঁকি হ্রাসকরণে নারী এবং পুরুষ উভয়েই অবদান রাখতে সক্ষম হয়।

**শিশুদের সম্পর্কে সচেতনতা** এ বিষয় সনাক্ত করা যে আমাদের মধ্যে শিশুরা সবচেয়ে দুর্বল বা নাজুক।

**এইচ্ আই ভি** - এ বিষয় সনাক্ত করা যে এইচ্ আই ভি উপযুক্তভাবে জীবনযাপন না করা লোকদের মধ্যে ব্যাপকভাবে বৃদ্ধি পাচ্ছে।

**দ্বন্দ্ব** - এ বিষয় সনাক্ত করা যে দ্বন্দ্ব জনগোষ্ঠীকে প্রাকৃতিক দুর্যোগের সময়ে দৃঢ়ভাবে দন্ডায়মান থাকতে এবং তা কাটিয়ে ওঠার সক্ষমতার উপর মন্দ প্রভাব ফেলে থাকে।

এই পুস্তকের লেখকের প্রত্যাশা এই যেন দুর্যোগের ঝুঁকি হ্রাসপ্রাপ্ত হয় এবং একটি নিরাপদ এবং আরও সহনশীল জনগোষ্ঠী গড়ে ওঠে।

© TEARFUND 2010

# ভূমিকা
# Introduction

## দুর্যোগসমূহ - বাস্তবতা
## Disasters – the reality

বিগত দশ বছরেরও উপরে, ২৪০ মিলিয়ন লোকেরা প্রতি বছর তথাকথিত প্রাকৃতিক দুর্যোগসমূহ দ্বারা প্রভাবান্বিত বা আক্রান্ত হয়ে থাকে। এই দুর্যোগসমূহ জীবনের, সম্পদের এবং জীবিকাসমূহের অপূরণীয় ক্ষতির কারণ ঘটায়, কখনও কখনও এর স্থায়িত্ব হয় মাত্র কয়েক মিনিট, কিন্তু তার প্রভাব পড়ে প্রায়ই সপ্তার পর সপ্তা অথবা মাসের পর মাস জুড়ে। জলবায়ু পরিবর্তনের ধীর গতি কিন্তু অবিরাম প্রতিক্রিয়া আমাদেরকে এখন প্রভাবান্বিত করছে এবং আগামী অনেক বছর ধরে ঐ দুর্যোগের প্রভাব অনুভূত হবে। যারা সর্বাধিক দরিদ্র দেশগুলোতে এবং জনগোষ্ঠীসমূহের মধ্যে বসবাস করছে তারা সন্দেহাতীতভাবে সবচেয়ে বেশী কষ্টভোগ করছে, এবং তাদের মধ্যে খুব অল্প সংখ্যকই তাতে মানিয়ে নিতে পারে এবং তারা ক্ষতি থেকে পুনরুদ্ধার লাভ করতে পারে। অধিকাংশ ক্ষেত্রে, স্ত্রীলোকেরা পুরুষদের থেকে বেশী কষ্টভোগ করে এবং তাদের পরিবারগুলোর টিকে থাকার জন্যে তাদের সবচেয়ে বেশী ত্যাগস্বীকার করতে হয়।

এমন অনেক প্রমাণ রয়েছে যে, বিশেষ করে বন্যা এবং ঝড়-ঝঞ্ঝা ইত্যাদি জাতীয় দুর্যোগসমূহের কারণে এর ভয়াবহতা এবং অর্থনৈতিক প্রভাব বৃদ্ধিলাভ করছে[১]। বিগত দশ বছর পূর্বেকার বৈজ্ঞানিক তথ্যাবলী অনুযায়ী, দ্রুতগতিতে জলবায়ুর পরিবর্তন সংঘটিত হচ্ছে, এবং চরম আবহাওয়ার ঘটনাবলীর প্রেক্ষিতে জলবায়ুর সঙ্গে সম্পর্কযুক্ত দুর্যোগসমূহ বৃদ্ধির ঘটনাবলী বৃদ্ধি পাচ্ছে। যে সমস্ত এলাকাগুলোতে পূর্বে প্রাকৃতিক দুর্যোগের হার কম ছিল, সে সমস্ত এলাকায় বন্যা এবং খরা প্রতিদিনের সঙ্গী হয়ে দাঁড়িয়েছে।

দুর্যোগসমূহের কারণে উন্নয়নের অগ্রগতি বাধাগ্রস্ত হচ্ছেঃ অনেকে ভবিষ্যদ্বাণী করেছেন যে ২০১৫ খ্রীষ্টাব্দের জন্যে সহস্রাব্দের উন্নয়নের লক্ষ্যমাত্রা পূর্ণ হবে না, কারণ দুর্যোগসমূহ বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নের অগ্রগতিকে ব্যাহত করছে এটি 'মন্দ উন্নয়নের'[২] ক্ষেত্রেও সত্য, যেমন - বন্যা প্রতিরোধক অঞ্চলে গৃহ নির্মাণ প্রকল্প, নতুন নতুন দুর্যোগসমূহের সৃষ্টি করতে পারে।

## ঝুঁকি হ্রাসকরণের ন্যায্যতা
## Justification for risk reduction

অতীতে দুর্যোগ ব্যবস্থাপনা প্রায়শঃই জীবনগুলো রক্ষার জন্যে এবং এতে আক্রান্তদের সুস্থ ও স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার উপলক্ষে কিছু সংখ্যক ফলপ্রসূ ব্যবস্থা গ্রহণ করেছিল। বিগত দুই দশকে, রাজনীতিবিদ্‌গণ এবং সাহায্যকারী ব্যক্তিবর্গ বা সংগঠনগুলো অনেক দুর্যোগকে বস্তুতঃ এড়িয়ে যেতে পারেন, অথবা কমপক্ষে তা কম ধ্বংসাত্মক করতে পারেন, যদি নাজুক জনগোষ্ঠীগুলো ঝুঁকির মুখোমুখি হয় তবে তা হ্রাস করতে পারেন।

*'আমরা প্রাকৃতিক দুর্যোগসমূহ থামাতে পারি না, কিন্তু আমরা অবশ্যই লোকদেরকে তাদের অবস্থা এবং তাদের পেশার নাজুক অবস্থা থেকে উন্নত করার জন্যে উদ্যোগ গ্রহণ করতে পারি।'*

- বিল ক্লিনটন, প্রাক্তন ইউ.এস প্রেসিডেন্ট

'দি হাইয়োগো ফ্রেমওয়ার্ক ফর্‌ অ্যাকশন (২০০৫-২০১৫)', ২০০৫ খ্রীষ্টাব্দের জানুয়ারি মাসে অনুষ্ঠিত হয়, সেখানে দুর্যোগের ঝুঁকি হ্রাস করার জন্যে পাঁচটি ক্ষেত্রে ভূমিকা রাখার বিষয়ে পরিকল্পনা গ্রহণ করা হয় (সেকশন্‌ ২.৫)।

যখন কিছু উন্নয়ন সাধন করা হয়, তখন ফ্রেমওয়ার্কে প্রায়ই রাজনৈতিক বিষয়টির ঘাটতি থাকে। যাহোক, সামাজিক বা জনগোষ্ঠীভিত্তিক স্তরে সেই প্রমাণ বৃদ্ধিপ্রাপ্ত হয়। ফ্রেমওয়ার্কের পাঁচটি স্তম্ভ গুরুত্বের সঙ্গে গ্রহণ করলে দুর্যোগের প্রভাব গুরুত্বপূর্ণভাবে হ্রাসপ্রাপ্ত হয়।[৩] সেখানে একটি দুর্যোগের পরে মানবিক সাহায্যের জন্যে এবং পুনর্গঠনের জন্যে বৃহদাঙ্কের অর্থ ব্যয় থেকে তুলনামূলকভাবে কম অঙ্কের অর্থ ব্যয়ের ব্যবস্থার ফলে অর্থনৈতিক সাশ্রয় হয়ে থাকে।[৪]

১। EM-DAT (2009) *Natural disaster trends*

২। UNDP (2004) *Reducing disaster risk: a challenge to development*

৩। UNISDR: Building disaster Resilient Communities 2007

৪। Venton & Venton 2004

## উদ্দেশ্য এবং PADR প্রণালীর ব্যবহার
## Purpose and use of the PADR methodology

এ পুস্তকটির অধিকাংশই **Participatory Assessment of Disaster Risk** (PADR) নামক একটি টুল্ (বই)-এর ব্যাখ্যা করার জন্যে চয়ন করা হয়েছে।

এ টুল্ বা পুস্তকটির উদ্দেশ্য হল একটি সমাজ বা জনগোষ্ঠীকে এর দুর্যোগের ঝুঁকির বিষয়গুলোর মূল্যায়ন করা এবং স্থানীয়ভাবে অর্জিত ঐ ঝুঁকিগুলো হ্রাস করার জন্যে পরিকল্পনা গ্রহণ করা। সমাজ বা জনগোষ্ঠীর প্রক্রিয়া শক্তিযুক্ত করা, লোকদেরকে কারণ প্রতিক্রিয়া সম্পর্ক অনুধাবন করতে সাহায্য করা এবং ঝুঁকিসমূহ হ্রাস করার জন্যে তাদের নিজেদের সামর্থ্যগুলো উপলব্ধি করা প্রয়োজন। এটি তাদেরকে সামাজিক, রাজনৈতিক এবং অর্থনৈতিক কাঠামোগুলো সনাক্ত করতে এবং চ্যালেঞ্জ করতে সক্ষম করে যা তাদের দুর্বলতায় অবদান রাখতে সহায়তা করে থাকে।

## PADR -এর কাঙ্খিত ব্যবহারকারীগণ
## Intended users of PADR

PADR নির্দিষ্ট সেই ব্যক্তিবর্গের বিষয়ে আগ্রহ প্রকাশ করেছে যারা বিভিন্ন স্থানে মানবিক অথবা উন্নয়নমূলক কর্মকান্ডের সঙ্গে জড়িত এবং যাদের পুনঃ পুনঃ আবহাওয়ার সঙ্গে সম্পর্কিত সমস্যাবলী, যেমন বন্যা, ঘূর্ণিঝড় অথবা খরা ইত্যাদির বিষয়ে অভিজ্ঞতা রয়েছে। এটি তাদের জন্যেও মূল্যবান যারা বিভিন্ন অঞ্চলে দীর্ঘস্থায়ী খাদ্যের নিরাপত্তাহীনতায় আক্রান্ত-দের মধ্যে, এর সুগভীর কারণগুলো অন্বেষণের জন্যে, বৃষ্টিহীনতাজনিত জটিলতার কারণ অন্বেষণের জন্যে কর্মরত রয়েছে। এটি সেই ত্রাণকর্মীরাও ব্যবহার করতে পারেন যাঁরা একটি দুর্যোগের পরে সপ্তার পর সপ্তা ধরে ঝুঁকিসমূহ চিহ্নিত করার জন্যে এবং সেই দুর্বলতা বা নাজুকতার পুনরাবির্ভাব এড়ানোর বিষয়ে প্রচেষ্টা করে যাচ্ছেন।

এই প্রকাশনার লক্ষ্য মধ্যম স্তরের ম্যানেজারগণ এবং ফিল্ড সুপারভাইজারগণ। PADR -এর অধিকাংশ ব্যবহারকারীরা হবেন এনজিওগুলো, অথবা চার্চ ডিনোমিনেশনগুলোর ত্রাণ এবং উন্নয়ন বিভাগসমূহ। পরবর্তীকালে, এই প্রণালী বিভিন্ন মন্ডলীর সেই সভ্য/সভ্যাগণ ব্যবহার করতে পারেন, যাঁরা একটি ঝুঁকি হ্রাস পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন করতে পারেন। অন্যান্য বিশ্বাসভিত্তিক দলগুলোও এই প্রক্রিয়া ব্যবহার করতে পারেন।

উন্নয়ন কর্মীগণ PADR-কে তখন সাহায্যকারী হিসেবে লাভ করতে পারেন যখন তাঁরা দুর্যোগপ্রবণ অঞ্চলগুলোতে কাজ করার জন্যে পরিকল্পনা করতে পারেন। যখন একটি দুর্যোগের আবির্ভাব ঘটে তখন উল্লেখযোগ্য ক্ষতি এড়িয়ে যাওয়ার জন্যে একটি উপায় নির্ধারণ করা জাতীয় প্রকল্প প্রণয়নে এটি সাহায্য করতে পারে। PADR হল বিভিন্ন সংখ্যক উন্নয়ন এবং মানবিক কর্মীদের জন্যে সুপ্রাপ্য টুল্ বা হাতিয়ারগুলোর মধ্যে অন্যতম। যারা দুর্যোগের ঝুঁকি মূল্যায়নের বিষয়ে সচেতন তাঁদের বিবরণ 'ProVention Consortium' কর্তৃক সংগ্রহ করা হয়েছে, এবং সে বিষয়ে তথ্য নিম্নোক্ত ওয়েব্সাইটে পাওয়া যায় - www.preventionweb.org

## ঝুঁকি হ্রাস, জলবায়ু পরিবর্তন এবং পরিবেশগত হ্রাসকরণ
## Risk reduction, climate change and environmental degradation

অধিকাংশ দুর্যোগসমূহ জলবায়ুর সঙ্গে সম্পর্কযুক্ত। অতএব, অধিক জলবায়ুর সঙ্গে সম্পর্কযুক্ত অতিমাত্রিক ঘটনাবলী হচ্ছে জলবায়ু পরিবর্তনের একটি ফলস্বরূপ যার অর্থ হবে আরও অধিক প্রয়োজনীয়তা বা **Disaster risk reduction** (DRR)।

সেক্শন ২.৮ - এতে DRR এবং **Climate Change Adaptation** (CCA) সম্পর্কে আরও বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে। DRR -এ আরও আকস্মিক ঝুঁকি সম্পর্কে আলোকপাত করা হয়েছে, এবং CCA-তে ক্রমান্বয়ে পরিবর্তনের বিষয়ে আলোকপাত করা হয়েছে। এর সঙ্গে সঙ্গে জলবায়ু পরিবর্তন এবং ক্রমবর্ধমান দুর্যোগের ঝুঁকিসমূহ, পরিবেশগত অবনতিও সংঘটিত হচ্ছে। এই সব পরিবর্তনের অভিযোজন, যা '**Environmental degradation adaptation** (EDA)' নামে পরিচিত সেটির প্রয়োজন রয়েছে। জলবায়ু পরিবর্তন দ্বারা সৃষ্ট শক্, পরিবেশের অবনতি (Environmental degradation) অথবা অন্য কোন ধরণের প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদির দ্বারা সংঘটিত শক্গুলো সর্বদা সাহায্যকারী অথবা প্রয়োজনীয় বলে পরিগণিত হয় না। ভবিষ্যতে টিকে থাকার জন্যে জনগোষ্ঠীসমূহকে উক্ত তিনটির সবগুলোরই অভিযোজন করা প্রয়োজন।

# দুর্যোগ সম্পর্কে খ্রীষ্টীয় দৃষ্টিভঙ্গী
# Christian perspectives on disaster

টিয়ারফান্ড হল একটি বিশ্বাস ভিত্তিক সংগঠন যা স্থানীয় খ্রীষ্টীয়ানদের দলসমূহের মধ্য দিয়ে কাজ করতে অঙ্গীকারাবদ্ধ। অধিকাংশ ক্ষেত্রগুলোতে অনুরূপ দলগুলো মন্ডলীসমূহকে গঠন করে থাকে যা বৃহত্তর সমাজ বা জনগোষ্ঠীগুলোর মধ্যে বিদ্যমান এবং তা একই প্রকারের দুর্যোগের ঝুঁকিসমূহ শেয়ার করে থাকে। যখন একটি সমস্যা বা দুর্যোগ আঘাত হানে, তখন অন্যান্য সাধারণ সংগঠনগুলোর মত মন্ডলী ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর একটি অংশে পরিণত হয়, এবং দুর্যোগ মোকাবেলা করার জন্যে সমাজ বা জনগোষ্ঠীকে সাহায্য করার জন্যে অচিরেই একজন সাহায্যকারী হিসেবে ভূমিকা পালন করে থাকে। এর দীর্ঘস্থায়ী উপস্থিতি দুর্যোগের প্রভাবসমূহ হ্রাসকরণে (DRR) উল্লেখযোগ্য মাত্রায় ব্যাপৃত হবার জন্যে সুযোগসমূহও সৃষ্টি করে থাকে। এর অংশীদারদের মাধ্যমে টিয়ারফান্ড স্থানীয় মন্ডলীগুলোর সামর্থ্য গঠনে তৎপর হয়, যেন তা দুর্যোগপ্রবণ এলাকাগুলোতে আরও বেশী কার্যকর হতে পারে।

লক্ষণীয় যে অনেক পাঠক/পাঠিকাগণ এই বিষয়টিকে একটি খ্রীষ্টীয়ান দৃষ্টিকোণ্ থেকে বিবেচনা করে থাকে, এবং দুর্যোগসমূহের বিষয়ে বাইবেলে কি বলা হয়েছে সে সম্পর্কে তারা অনুসন্ধান করে। বাইবেলে দুর্যোগসমূহ সম্পর্কে কি বলা হয়েছে এবং বিশেষ করে খ্রীষ্টীয়ানেরা তাতে কি প্রকারে সাড়াদান করবে সে সম্পর্কে এ বিভাগে আলোচনা করা হয়েছে। পান্ডিত্যপূর্ণভাবে ঈশতত্ত্ব সম্পর্কে আলোচনা করা এই পুস্তকের উদ্দেশ্য বা লক্ষ্য নয়। এটিতে শুধুমাত্র মূল বিষয়ের উপর একটি ভূমিকা প্রদান করা হয়েছে এবং এ সম্পর্কে তাদের চিন্তাকে শক্তিযুক্ত করা এ পুস্তকের অন্যতম লক্ষ্য।

## ১.১ দুর্যোগসমূহ অনুধাবন করা
## Understanding disasters

বাইবেলে বিভিন্ন ধরণের দুর্যোগের বিষয়ে লিপিবদ্ধ করা হয়েছে। কখনও কখনও তাতে আমাদের কাছে ব্যাখ্যা দেওয়া হয়েছে যে কেন তা ঘটেছে, এবং কখনও কখনও তা দেওয়া হয় নি। এই সেক্‌শনে, আমরা কয়েকটি বাইবেলের দৃষ্টান্তের দিকে দৃষ্টিপাত করব যেগুলোতে দুর্যোগের বিষয় উল্লেখ করা হয়েছে।

### দুর্যোগ হল ভগ্ন সম্পর্কসমূহের একটি পরিণতি
### Disaster as a consequence of broken relationships

বাইবেলে এমন অনেক দুর্যোগের বিষয়ে উল্লেখ করা হয়েছে যেগুলো কোন নির্দিষ্ট কারণ ছাড়াই সংঘটিত হয়েছে বলে উল্লেখ করা হয় নি। সেগুলো ভূতাত্ত্বিক, আবহাওয়ার ধরণ এবং প্রাকৃতিক শক্তিসমূহের একটি ফল হিসেবে সংঘটিত হয়েছে, যা বিশ্বজগৎ সৃষ্টির সময়ে কর্মরত ছিল, যদিও সেগুলোর মধ্যে অনেকগুলো পুরাতন নিয়মের প্রাথমিক দিনগুলো থেকে পরিবর্তিত হয়েছে। আদিপুস্তক ১ অধ্যায়ে আমরা পাঠ করি যে ঈশ্বর একটি উত্তম জগৎ সৃষ্টি করেছিলেন, কিন্তু মানুষের অবাধ্যতার একটি ফল হিসেবে এটি একটি খাঁটী অবস্থায় রইল না। আদিপুস্তক ৩ অধ্যায়ে আমরা দেখতে পাই যে ঐ যুগের লোকেরা ঈশ্বরের দিক থেকে তাদের মুখ ফিরিয়ে নিয়েছিল এবং তাদের নিজেদের পথে চলার বিষয়টি মনোনীত করেছিল। মানুষের সঙ্গে ঈশ্বরের, বিভিন্ন লোকদের সঙ্গে বিভিন্ন লোকদের এবং সৃষ্টির সঙ্গে মানুষের সম্পর্কসমূহ ভগ্ন হল।

'প্রাকৃতিক' দুর্যোগসমূহ অথবা অকথিত 'ঈশ্বরের কার্যাবলী' প্রায় সর্বদাই মানুষের কার্যাবলীর দ্বারা অথবা অন্যদের জন্যে বিবেচনা করতে ব্যর্থ হওয়ার দ্বারা প্রকটাকার ধারণ করে থাকে। লোকেরা তাদের নিজেদের কার্যাবলীর এবং অন্যদের কার্যাবলীর ফল হিসেবে দুর্বল বা নাজুক হয়ে পড়ে ঃ যেমন - অনৈক্য, অন্যায্যতা, স্বার্থপরতা এবং লোভ ইত্যাদি বৃদ্ধি পাচ্ছে, যার ফল হিসেবে প্রাকৃতিক ঘটনাবলী থেকে মানুষ কষ্টভোগ করছে।

যে কোন ব্যক্তির মতই খ্রীষ্টীয়ানেরা দুর্যোগসমূহের দ্বারা প্রভাবিত হচ্ছে। খ্রীষ্টীয়ানেরা অসুস্থ হয় এবং মৃত্যুবরণ করে, তারা চুরি-ডাকাতি এবং ধর্ষণের শিকার হতে পারে, তারা দুর্ঘটনার শিকার হতে পারে এবং প্রাকৃতিক দুর্যোগের কারণে তাদের প্রিয়জনেরা মৃত্যুবরণ করতে পারে। খ্রীষ্টীয়ানদের জন্যে স্বর্গরাজ্যের প্রত্যাশা রয়েছে, যেখানে আর কোন মৃত্যু অথবা দুঃখভোগ নেই, কিন্তু সে সময় পর্যন্ত তাদেরকে এ পৃথিবীতে জীবন যাপন করতে হবে এবং তাই তাদেরকে বাদ্‌বাকী সৃষ্টির

সঙ্গে মানুষের অবাধ্যতার ফলাফল ভোগ করতে হবে। এর অর্থ এই নয় যে অবধারিতভাবে বা অসহায়ভাবে দুঃখভোগকে গ্রহণ করতে বা মেনে নিতে হবে ঃ খ্রীষ্টীয়ানদেরকে সৃষ্টির প্রতি আরও দায়িত্বশীল হতে হবে, এবং সেই অবিচার বা অন্যায্যতাসমূহ এবং পাপসমূহ পরিবর্তন করতে হবে যা দুর্যোগ সৃষ্টির ক্ষেত্রে দায়ভার রেখে থাকে।

### নির্দিষ্ট কারণসমূহের জন্যে দুর্যোগের ঘটনাবলী
### Disasters for specific reasons

বাইবেলে দুর্যোগসমূহ সম্পর্কে দৃষ্টান্ত দেওয়া হয়েছে, সেখানে ঐশ্বরিক নিয়ন্ত্রণের জন্যে প্রাকৃতিক ঘটনাবলীর আবির্ভাবের সময়, স্থান এবং তীব্রতা সম্পর্কে উল্লেখ করা হয়েছে। দৃষ্টান্তস্বরূপ, আদিপুস্তক ৬-৮ অধ্যায়ে জলপ্লাবনের বিষয়ে মানুষের শক্তগ্রীবতা এবং ঈশ্বরের নীতিমালার প্রতি স্বেচ্ছায় অসম্মান প্রদর্শনের কারণে মানবজাতির প্রতি ঈশ্বরের প্রত্যক্ষ এবং জগৎব্যাপী বিচার হিসেবে বর্ণনা করা হয়েছে। জলপ্লাবনের পর ঈশ্বর পুনরায় সমগ্র সৃষ্টির উপর আর অনুরূপ এক জগৎব্যাপী দুর্যোগ আনয়ন না করার বিষয়ে প্রতিজ্ঞা করলেন। এর অর্থ প্রাকৃতিক বিপর্যয়ের পরিসমাপ্তি নয়, কিন্তু এটি ইঙ্গিত করে যে তাদের প্রভাব হবে আরও সীমাবদ্ধ।

দ্বিতীয় বিবরণ ২৮:১৫-৬৮ পদ দুর্যোগময় পরিস্থিতি সম্পর্কে তাঁর লোকদেরকে সতর্ক করার জন্যে একটি দৃষ্টান্ত যদি তারা অনবরত অবাধ্যতা প্রকাশ করে থাকে। খরা, রোগ-ব্যাধি, ধূলিঝড় এবং সামরিক পরাজয় ইস্রায়েল জাতির উপর আসবে যদি তারা তাদের ঈশ্বরের কাছ থেকে নিজেদের মুখ ফিরিয়ে নেয়। যোনার পুস্তকে আমরা পাঠ করি যে ঈশ্বর নীনবী নগর ধ্বংস করেন নি, কারণ যোনা ভাববাদীর ভাববাণী শোনার পরে সেখানকার লোকেরা অনুতাপ করেছিল এবং মন্দ অনুশীলন বা ক্রিয়াকর্মগুলো পরিত্যাগ করেছিল।

বাইবেলে আমাদেরকে বলা হয়েছে যে প্রভু যীশু জগতে পুনরাগমন করার পূর্ব পর্যন্ত দুর্যোগসমূহ অবিরাম চলতে থাকবে, তখন মানবজাতির সঙ্গে ঈশ্বরের এবং পরিবেশের সম্পর্কসমূহ পূর্ণভাবে পুনঃপ্রতিষ্ঠিত হবে। মথি ২৪:৪-৮ পদে (মার্ক ১৩:৫-৮ পদ, এবং লূক ২১:৮-১১ পদও দেখুন) যীশু বলেছেন যে তাঁর প্রথম এবং দ্বিতীয় আগমনের মধ্যবর্তী সময়ে দুর্ভিক্ষ, ভূমিকম্প এবং বিভিন্ন স্থানে যুদ্ধ সংঘটিত হবে।

## ১.২ দুর্যোগের প্রতি খ্রীষ্টীয় সাড়াদান
## A Christian response to disasters

যখন দুর্যোগসমূহ সংঘটিত হয়, তখন বিষয়গুলোকে ঈশ্বরের দৃষ্টিকোণ্ অনুযায়ী দেখা কঠিন বলে মনে হতে পারে। আমরা এ বিষয় শনাক্ত করতে সক্ষম নাও হতে পারি যে দুর্যোগ কেন সংঘটিত হয়েছে, কিন্তু আমাদের সর্বদা ভালবাসা এবং সহানুভূতি নিয়ে তাতে সাড়াদান করতে প্রস্তুত থাকা উচিত। দৃষ্টান্তস্বরূপ, আমাদের উচিত ঃ

- এ বিষয়ে আস্থা রাখা যে ঈশ্বর এখনও প্রেম এবং সহানুভূতির ঈশ্বর হিসেবে রয়েছেন। তিনি দুর্যোগে ক্ষতিগ্রস্ত লোকদের জন্যে দুঃখ অনুভব করেন এবং মন্দ পরিস্থিতিসমূহ থেকে ভাল পরিস্থিতি আনয়ন করার বিষয়ে তাঁর ক্ষমতা রয়েছে।
- যারা দুর্যোগে ক্ষতিগ্রস্ত তাদের সাহায্যের জন্যে পথ বা উপায়সমূহ খুঁজে বের করতে চেষ্টা করুন (২ এবং ৩ নং বাইবেল স্টাডীগুলো দেখুন)।
- ভবিষ্যতে অহেতুক কষ্টভোগ হ্রাস করার সুযোগসমূহ আবিষ্কার করুন। দুর্যোগসমূহ বন্ধ করার জন্যে আমরা প্রায়ই সামান্য কিছু ধরতে পারি, কিন্তু আমরা সেগুলোর বিষয়ে লোকদের স্থিতিস্থাপকতা তৈরী করতে পারি। এর অন্তর্ভুক্ত থাকতে পারে অসমতা বা ভগ্ন সম্পর্কসমূহ পুনঃস্থাপনের বিষয়ে চ্যালেঞ্জ এবং সহানুভূতি সম্পর্কে বাইবেলভিত্তিক মূল্যবোধসমূহকে, সমতা এবং ন্যায্যতাকে তুলে ধরার বিষয়ে সচেষ্ট হওয়া।
- নিজেদের দিকে দৃষ্টিপাত করুন এবং ঈশ্বরের সঙ্গে এবং পরিবেশের সঙ্গে আমাদের নিজেদের সম্পর্কের মূল্যায়ন করুন। আমাদের এ বিষয়ে সতর্কভাবে দৃষ্টিপাত করা উচিত যে ব্যক্তিগতভাবে আমরা, আমাদের মন্ডলীগতভাবে অথবা জাতিগতভাবে দুর্যোগ হ্রাসের জন্যে কোনভাবে ভূমিকা রাখতে পারি, দৃষ্টান্তস্বরূপ, দুর্যোগের কারণে ক্ষতির হার কমাতে পারি (১.৩ নং সেক্শন দেখুন), এবং ভবিষ্যতে কিভাবে অনুরূপ ভুলগুলো এড়িয়ে যেতে পারি তার উপায় খোঁজ করতে পারি।

মন্ডলী দুর্যোগের সময়ে লোকদের দুর্ভোগ হ্রাসের ক্ষেত্রে এবং সে সময়ে তাদের সাহায্যের ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রাখতে পারে। সে তা করতে পারে কারণ তারা তৃণমূল পর্যায়ে রয়েছে এবং এর সভ্য/সভ্যাগণের ব্যাপকভাবে নানা ধরণের দক্ষতা

এবং সম্পদসমূহ (রিসোর্স) রয়েছে। খ্রীষ্টীয়ান ত্রাণ সংস্থাগুলো স্থানীয় মন্ডলীর সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করতে পারে, কারণ ত্রাণ সংস্থা যখন কর্মরত থাকে তখন মন্ডলী তাতে সহায়তা দান করতে পারে।
(***'দি লোকাল চার্চ এন্ড ইট্স্ এনগেজমেন্ট উইথ্ ডিজেস্টারস্'*** নামক টিয়ারফান্ড কর্তৃক প্রকাশিত পুস্তকটি দেখুন।)

## বাইবেল স্টাডী ১ দুর্যোগসমূহের সময়ে আনন্দ

আমাদের অনেক ধরণের তথাকথিত 'প্রাকৃতিক' দুর্যোগ সমূহের উপর নিয়ন্ত্রণ নাও থাকতে পারে, কিন্তু আমরা ঐ সমস্ত ঘটনাবলী সম্পর্কে আমাদের সাড়াদানকে নিয়ন্ত্রণ করতে পারি। হবক্কূক ১ অধ্যায়ে ভাববাদী এবং ঈশ্বরের মধ্যে যিহূদার ভবিষ্যৎ সম্পর্কে কথোপকথন সম্পর্কে বর্ণনা করা হয়েছে।

- **হবক্কূক ৩:১-২ পদ পাঠ করুন**
- *ঈশ্বরের স্বভাব বা বৈশিষ্ট্য সম্পর্কে আমরা কি শিক্ষা লাভ করতে পারি?*
- *সমস্যাসঙ্কুল পরিস্থিতিসমূহে আমাদের কিভাবে প্রার্থনা করা উচিত সে সম্পর্কে এ অংশটি কি শিক্ষা দিয়ে থাকে?*
- **হবক্কূক ৩:১৬-১৮ পদ পাঠ করুন**
- *দুর্যোগের মুখোমুখি হবার বিষয়ে হবক্কূকের কি প্রতিক্রিয়া ছিল?*
  - *কেন হবক্কূক ভীত হয়েছিলেন?*
  - *তথাপি কেন তিনি 'ধৈর্যপূর্বক অপেক্ষা' করেছিলেন?*
  - *"প্রভুতে আনন্দ করার' অর্থ কি? এর মধ্যে এবং ঈশ্বরের শক্তির মধ্যে কি সম্পর্ক রয়েছে যা ৩-১৫ পদে প্রদর্শিত হয়েছে?*
- *সমস্যাসঙ্কুল সময়গুলোতে ইতিবাচক দৃষ্টিভঙ্গীকে আমরা কিভাবে ব্যবহার করতে পারি?*
- *এই অংশটি থেকে আমরা কি বিষয় শিক্ষালাভ করতে পারি?*
- *সমস্যা সঙ্কুল সময়গুলোতে আমরা 'প্রভুতে আনন্দ করাকে কি সহজভাবে নিতে পারি? প্রত্যেককে আমরা তা করার জন্যে কিভাবে উৎসাহিত করতে পারি?*

## বাইবেল স্টাডী ২ আমাদের সমাজ বা জনগোষ্ঠীর সেবা করা

- খ্রীষ্টীয়ানেরা তাদের চারপাশে যারা রয়েছে তাদের সেবা করার জন্যে ঈশ্বর কর্তৃক আহূত। নিম্নোক্ত বাইবেলের অংশগুলো দেখুন ঃ

| | |
|---|---|
| **মার্ক ৬:৩৫-৪৪** | **প্রেরিত ২:৪২-৪৭** |
| **লূক ১০:২৫-৩৮** | **যাকোব ২:১৪-১৭** |
| **যোহন ১৩:১-১৭** | **১যোহন ৩:১৬-১৮** |

- *খ্রীষ্টীয়ানদেরকে তাদের সমাজ বা জনগোষ্ঠীর জন্যে কি করতে আহ্বান করা হয়েছে?*
- *কেন তাদেরকে এ বিষয়গুলো করার জন্যে আহ্বান করা হয়েছে?*
- *দুর্যোগসমূহের সঙ্গে সম্পর্কিত কোন কার্যক্রমগুলো এর অন্তর্ভুক্ত রয়েছে?*
- *ঈশ্বরের সৃষ্টির প্রতি লোকদের ব্যবহারের জন্যে কোন্ পার্থক্য সঠিক? - সংকেতের জন্যে দেখুন -* **আদিপুস্তক ২:১৫; যাত্রাপুস্তক ২৩:১০-১১** এবং **গীতঃ ২৪:১** পদ।
- **মার্ক ১২:২৮-৩১; ১যোহন ৪:১০-২১** এবং **মথি ৫:৪৩-৪৫ পদ** দেখুন।
- *যারা সমস্যার মধ্যে রয়েছে তাদের সাহায্যের জন্যে খ্রীষ্টীয় অনুপ্রেরণা এবং সাধারণ মানবিক সংস্থাগুলোর অনুপ্রেরণার মধ্যে কি পার্থক্য রয়েছে?*

## বাইবেল স্টাডী ৩ আন্তিয়খিয়ার মন্ডলীর কার্যক্রম

- প্রেরিত ১১:২৭-৩০ পদ পাঠ করুন। একটি দুর্ভিক্ষ সম্পর্কে ভাববাণী করা হয়েছিল, এবং আন্তিয়খিয়ার মন্ডলী যিহূদার খ্রীষ্টীয়ানদের জন্যে সাহায্য প্রেরণের সিদ্ধান্ত নিয়েছিল।
- *দুর্ভিক্ষের বিষয়ে মন্ডলী কিভাবে সাড়াদান করেছিল?*
- *আন্তিয়খিয়ার মন্ডলীর দুর্ভিক্ষে ত্রাণ প্রদানের দৃষ্টান্ত থেকে আমরা কি শিক্ষা গ্রহণ করতে পারি?*
- *এখানে বা অন্য কোথাও ভবিষ্যতের দুর্যোগের মোকাবেলা করার জন্যে আমরা কি কোন প্রস্তুতি গ্রহণ করতে পারি?*

## ১.৩ সৃষ্টির উপর ঈশ্বরের ধনাধ্যক্ষ হিসেবে খ্রীষ্টীয়ানেরা
## Christians as God's stewards of creation

আদি পুস্তকে ঈশ্বর মানবজাতিকে সৃষ্টির উপরে কর্তৃত্ব করার জন্যে দায়িত্ব দিয়েছিলেন (আদিপুস্তক ১:২৮-৩০) এবং পরবর্তীকালে আদমকে এদোন উদ্যানে 'কৃষিকর্ম ও রক্ষার্থে' রাখলেন (আদি পুস্তক ২:১৫ পদ)। আমরা সৃষ্টির জন্যে দায়িত্বপ্রাপ্ত যা ঈশ্বর আমাদেরকে প্রদান করেছেন, তাই অবশ্যই আমরা তাকে ধ্বংসের দিকে নিয়ে যাব না। পুরাতন নিয়মে, ঈশ্বর জমির রক্ষণাবেক্ষণ করার জন্যে তাঁর লোকদেরকে বিভিন্ন নির্দেশসমূহ প্রদান করেছিলেন। দৃষ্টান্তস্বরূপ, প্রতি সাত বছর পর পর জমিতে চাষাবাদ না করতে নির্দেশ দিয়েছিলেন (লেবীয় ২৫:৩-৫ পদ), যার ফলে দীর্ঘকাল ধরে এর উৎপাদনশীলতা সংরক্ষিত থাকবে। দুঃখের বিষয় হল এই যে, মানবীয় লোভ এবং স্বার্থপরতার কারণে আমরা প্রায়ই সৃষ্টির রক্ষণাবেক্ষণ করার বদলে আমাদের নিজেদের ধন-সম্পদ বৃদ্ধির জন্যে অধিক পরিমাণে ব্যতিব্যস্ত হয়ে পড়ি।

প্রতিবেশীদের প্রেম করাও সৃষ্টির তত্ত্বাবধান করার অন্তর্ভুক্ত। পৃথিবীর প্রাকৃতিক সম্পদসমূহের অপব্যবহারের বা অপচয়ের প্রভাব আমাদের দরিদ্রতম প্রতিবেশীদের জন্যে প্রায়ই মারাত্মক পরিণতি বা হুমকির সৃষ্টি করে থাকে। দৃষ্টান্তস্বরূপ, প্রধানতঃ শিল্পোন্নত দেশগুলোর উৎপন্ন দূষণ পৃথিবীর জলবায়ুর পরিবর্তনের জন্যে কারণ সৃষ্টি করে থাকে - ঐ পরিবর্তনসমূহ সে সমস্ত দেশসমূহের জন্যে আরও মারাত্মক প্রভাব সৃষ্টি করে থাকে যেগুলোতে দারিদ্র্যের স্তর উচ্চতর। যখন ঋতুগুলোর ধরণের বিষয়ে বলা আরও অনিশ্চিত হয়ে পড়ে, এবং কখন বৃষ্টি হবে কি হবে না তা বুঝা যায় না, তখন কৃষকদের জন্যে ফসল উৎপাদন করা আরও বেশী কঠিন হয়ে পড়ে। খ্রীষ্টীয়ানদের নিজেদের জীবনধারণ পরীক্ষা করে দেখা এবং অন্যদের উপর এর নেতিবাচক পরিণতি হ্রাস করা কর্তব্য।

## ১.৪ সকল দুর্যোগ 'প্রাকৃতিক' নয়
## Disasters are not all 'natural'

যদিও আমরা দুর্যোগসমূহ সম্পর্কে বর্ণনা প্রসঙ্গে 'প্রাকৃতিক' শব্দটি ব্যবহার করি, তবুও অনেক মানবসৃষ্ট বিষয়গুলো রয়েছে যেগুলো তাতে অবদান রেখে থাকে। দৃষ্টান্তস্বরূপ, একটি বন্যাকে একটি প্রাকৃতিক ঘটনারূপে দেখা হয়, কিন্তু উজান এলাকার বৃক্ষাদি কর্তন বা বনাঞ্চল উজাড়করণের দ্বারা এর তীব্রতা বৃদ্ধি পেতে পারে। বিশ্ব জগৎ এমন একটি স্থান হিসেবে সৃষ্ট হয়েছে যেখানে মানবজাতি পৃথিবীর সঙ্গে ভারসাম্য রেখে বসবাস করতে পারে, কিন্তু এর প্রাকৃতিক সম্পদসমূহের দায়িত্বহীন ব্যবহারে ভারসাম্য বিপর্যস্ত হতে পারে এবং তা প্রাকৃতিক ব্যবস্থাকে বিশৃঙ্খল করে তোলে।

আমাদের সমাজগুলোতে অন্যায্যতার অর্থ হল একই দুর্যোগে দরিদ্ররা ধনীদের চেয়ে অনেক বেশী দুঃখভোগ করে থাকে। দৃষ্টান্তস্বরূপ, বিভিন্ন দেশে একটি শক্তিশালী শ্রেণী প্রথা রয়েছে - ধনী ভূমির মালিক শ্রেণীর লোকেরা বন্যার বিভিন্ন সময়ে গরীব লোকদেরকে উঁচু জায়গায় আশ্রয় গ্রহণ করায় বাধা দান করতে পারে। ধনী লোকদের দুর্যোগসমূহের সময়ে নিজেদেরকে রক্ষা করার জন্যে আরও বেশী সক্ষমতা রয়েছে এবং নিজেদেরকে শীঘ্র উদ্ধার করার সক্ষমতা রয়েছে। অন্য দিকে, দরিদ্র লোকদের স্বল্প পরিমাণ রিসোর্স বা সম্পদ রয়েছে এবং কম প্রতিরোধ ক্ষমতা রয়েছে।

পুরাতন নিয়মে বর্ণিত রূতের কাহিনী তেমনই একটি দৃষ্টান্ত যে কিভাবে ধনী বোয়স তাঁর জমির বিষয়ে লোভী বা স্বার্থপর না হয়ে সমাজের গরীব লোকদেরকে সাহায্য করতেন। তিনি তাঁর জমিতে উৎপন্ন যব বা বার্লি যখন তাঁর কামলারা সংগ্রহ করত তখন তিনি রূৎ সহ, দরিদ্রতর লোকদের পিছনে পড়ে থাকা শীষ কুড়ানোর জন্যে অনুমোদন করেছিলেন এবং তাঁর লোকদেরকে তাদের বারণ না করার জন্যে নির্দেশ দিয়েছিলেন (রূতের বিবরণ ২:২-১৮)। তখনকার সময়ে যাদের জমি ছিল না, তারাও যেন ফসল সংগ্রহ করতে পারে সে বিষয়ে নিশ্চিত করার জন্যে এটি ছিল সাধারণ নিয়ম, যেন তাদের খাবারের জন্যে খাদ্যদ্রব্য থাকে (লেবীয় ১৯:৯-১০ পদ দেখুন)।

## বাইবেল স্টাডী ৪ ঈশ্বরের ন্যায়বিচার এবং দয়া

■ **মীখা ৬:১-৮ পদ পাঠ করুন**। এ অধ্যায়ে ভাববাদী অনুধাবন করেছিলেন যে কিভাবে ঈশ্বর হোমবলি এবং উৎসর্গসমূহের মূল্য সম্পর্কে বিবেচনা করবেন। এর উত্তর সরল এবং পরিষ্কার যে ঈশ্বরের মৌলিক প্রয়োজন বা দাবী এগুলোর মধ্যে কোনটাই নয়। বলি উৎসর্গের বদলে, ঈশ্বরের দাবী ছিল এই যেন তাঁর লোকেরা ন্যায়বিচার, দয়া এবং নম্রতার জন্যে কাজ করে। ৮ পদে বলা হয়েছে ঃ

*"হে মনুষ্য, যাহা ভাল, তাহা তিনি তোমাকে জানাইয়াছেন; বস্তুতঃ ন্যায্য আচরণ, দয়ার অনুরাগ ও নম্রভাবে তোমার ঈশ্বরের সহিত গমনাগমন, ইহা ব্যতিরেকে সদাপ্রভু তোমার কাছে আর কিসের অনুসন্ধান করেন?"*

এই পদটি একটি দুর্যোগের পরে সহমর্মিতা প্রদর্শন এবং ন্যায়বিচার স্থাপনের চেষ্টার মধ্য দিয়ে দুর্যোগসমূহ ঘটার বিষয়াদি বন্ধ করতে প্রচেষ্টা বা উদ্যোগ গ্রহণ উভয়েরই জন্যে একটি প্রধান অনুপ্রেরণাদায়ক।

মানুষের লোভ-লালসা, অনৈক্য এবং শোষণ বা বঞ্চনার দ্বারা দুর্যোগসমূহ ভয়াবহ আকার ধারণ করে থাকে। খ্রীষ্টীয়ানেরা পরামর্শমূলক প্রকল্পসমূহ (advocacy projects) গ্রহণের উদ্যোগ নিতে পারে যা এই অন্যায্য সম্পর্কসমূহকে চ্যালেঞ্জ করতে পারে এবং জনসাধারণকে দুর্যোগসমূহের ক্ষেত্রে কম দুর্বল বা নাজুক করতে পারে।

**প্রশ্নসমূহ**

- *আপনার এলাকায় দুর্যোগের সময়গুলোতে কি কি বিষয়গুলো অন্যায্যতা আনয়ন করতে পারে ?*
- *পরামর্শের (advocacy) কোন্ কোন্ উদ্যোগসমূহ আরও মহোত্তর ন্যায়বিচার আনয়নের ক্ষেত্রে সাহায্য করতে পারে?*
- *যারা দুঃখ-কষ্ট ভোগ করছে তাদের প্রতি সহানুভূতি বা সহমর্মিতা প্রকাশের জন্যে ঈশ্বর আমাদেরকে আহ্বান করেছেন। আমাদেরকে লোকদের প্রতি তাদের জাতিসত্তা, ধর্ম, লিঙ্গ (নারী-পুরুষ), বয়স বা সক্ষমতা - ইত্যাদি বিবেচনা না করে সকলের প্রতি দয়াশীল হওয়া উচিত - আমাদের স্মরণে রাখা উচিত যে সকল মানুষই সমভাবে ঈশ্বরের কাছে মূল্যবান।*

## প্রতিফলন

দুর্যোগসমূহ প্রায়ই ঈশ্বরের বিষয়ে এবং জীবনের অর্থের বিষয়ে প্রশ্ন উত্থাপন করে থাকে। "কেন এটি হয়েছে?", "ঈশ্বর কি আমাদের শাস্তি দিচ্ছেন?" এবং "কিভাবে ঈশ্বর আমাদেরকে এই দুঃখ-কষ্ট থেকে উদ্ধার করবেন?" - লোকেরা তখন এ ধরণের প্রশ্নগুলো করে থাকে।

ঈশ্বর প্রায়ই মানুষের হৃদয়, মন এবং জীবনসমূহ পরিবর্তন করার জন্যে মানুষের জীবনে অনুরূপ ঘটনাসমূহ ব্যবহার করে থাকেন। সেগুলো তখন খ্রীষ্টীয়ানদের জন্যে আত্মিক, সামাজিক, মানসিক এবং দৈহিক সাহায্যসমূহ প্রদানের দ্বারা ঈশ্বরের প্রেম প্রদর্শনের সুযোগসমূহ আনয়ন করে থাকে (যোহন ৯:১-৫ এবং ৩৫-৩৮ পদ)।

- দুর্যোগসমূহ কি আমাদের কাজের গতিধারাকে পরিবর্তিত করতে পারে? কেন?
- কিভাবে আমরা লোকদের দুর্বলতা বা নাজুকতার সুযোগ গ্রহণ করাকে এড়িয়ে যেতে পারি?
- যখন আমরা সাহায্য সামগ্রী বিতরণ করি তখন আমরা যে খ্রীষ্টীয়ান - এ বিষয়টি লুকানো কি আমাদের উচিত?

**সকলের জন্যে সাহায্য**

রেড ক্রশের 'কোড কন্ডাক্ট' * বলা হয়েছে যে জাতিগত, রাজনৈতিক অথবা ধর্মীয় দৃষ্টিকোণের ভিত্তিতে প্রয়োজন অনুযায়ী প্রত্যেককেই সাহায্য প্রদান করা প্রয়োজন।

- কিভাবে খ্রীষ্টীয়ান সংস্থাগুলো এবং মন্ডলীগুলো সহ-বিশ্বাসীদের সাহায্য প্রদানের সহজাত প্রবণতার ক্ষেত্রে সাহায্য করতে পারে? (মথি ৫:৪৩-৪৮; রোমীয় ১২:২০; গালাতীয় ৬:১০)।
- এটি কি একটি খ্রীষ্টীয়ান দৃষ্টিভঙ্গীর সঙ্গে সঙ্গতিপূর্ণ?

ধর্মীয়, সামাজিক অথবা জাতিগত বাধা-বিঘ্ন জয় করে অন্যদের সঙ্গে সম্পদসমূহ সহভাগ করলে বিভিন্ন দলের সঙ্গে সম্পর্কসমূহের যথেষ্ট উন্নয়ন সংঘটিত হতে পারে। দয়াশীলতার কার্যাবলী মানুষ খুব কমই ভুলে গিয়ে থাকে।

* Full title: The Code of Conduct for The International Red Cross and Red Crescent Movement and NGOs in Disaster Relief

# ঝুঁকি হ্রাসের বিষয়টি অনুধাবন করা - থিওরী
# Understanding risk reduction – the theory

একটি ফলপ্রসূ জনগোষ্ঠীভিত্তিক DM প্ল্যান সম্পাদন করার পূর্বে, এই বিষয়টি এবং এর কি প্রাসঙ্গিক আদর্শসমূহ যা এই অভিগমনের বা 'এপ্রোচের' পিছনে রয়েছে তা আমাদের অনুধাবন করা প্রয়োজন। এই পুস্তকটিতে এমন অনেক শব্দাবলী ব্যবহার করা হয়েছে, DRR-এতে যার প্রতিটির নিজস্ব অর্থ রয়েছে। ঝুঁকি হ্রাসের বাস্তব উপায়গুলো কেবলমাত্র তখনই বাস্তবায়ন করা যায় যদি ঐ সমস্ত ঝুঁকির কারণগুলো অনুধাবন করা যায়। এই বিভাগে নিম্নোক্ত বিষয়গুলো পরিচিত করিয়ে দেওয়া হবে ঃ

- শব্দাবলী এবং সংজ্ঞাসমূহ
- দুর্যোগের চক্র
- দুর্যোগ দমনের বা প্রশমনের আদর্শ বা মডেল
- রিলিজ মডেল
- দি হাইয়োগো ফ্রেমওয়ার্ক (The Hyogo Framework)
- দুর্যোগ এবং উন্নয়ন
- দুর্যোগের ঝুঁকি, জলবায়ুর পরিবর্তন এবং পরিবেশগত অবনতি।

## ২.১ শব্দাবলী এবং সংজ্ঞাসমূহ
## Terms and definitions

এই পুস্তকটির শেষে শব্দাবলী এবং সংজ্ঞাসমূহ প্রদান করা হয়েছে (গ্লোসারী বা শব্দকোষ দেখুন)। যাহোক, প্রসঙ্গ শুরু করার পূর্বে এ বিষয় অনুধাবন করতে সাহায্য করার জন্যে নীচে এই শব্দাবলী উল্লেখ করা হল যে কিভাবে একটি DRR-এর পটভূমিতে এই শব্দাবলী ব্যবহার করা হয়েছে।

**দুর্যোগের ঝুঁকি হ্রাসকরণ** একটি দুর্যোগের ঝুঁকি হ্রাসের পরিমাপ, অর্থাৎ দুর্যোগসমূহের সম্ভাবনা হ্রাসকরণ, দুর্বলতা বা নাজুকতা হ্রাসকরণ এবং সামর্থ্য বৃদ্ধিকরণ।

**আকস্মিক দুর্ঘটনা** একটি সাংঘাতিক আকস্মিক দুর্ঘটনা যা জীবনের জন্যে ক্ষতিকর এবং যার ফলে সহায়-সম্পদের এবং পরিবেশের ক্ষতি সাধিত হতে পারে।

**নাজুকতা** এটি এমন এক অবস্থা বা অবস্থাসমূহ যা লোকদেরকে কোন বিশেষ দুর্যোগের জন্যে প্রস্তুতি গ্রহণ করতে, অথবা তার মোকাবেলা করার সামর্থ্যকে হ্রাস করে থাকে।

**দুর্যোগ** একটি দুর্বল বা নাজুক জনগোষ্ঠীর উপর একটি আকস্মিক দুর্ঘটনা বা বিপর্যয়ের ফলে সৃষ্ট একটি প্রভাব, যা জীবনের, সহায়-সম্পদের অথবা জীবিকার উপর এমনভাবে আঘাত হানে যার মোকাবেলা করার সামর্থ্য জনগোষ্ঠীর থাকে না।

**সামর্থ্য বা সক্ষমতাসমূহ** ব্যক্তিবর্গের, পরিবারসমূহের এবং জনগোষ্ঠীসমূহের মধ্যে বিদ্যমান সেই শক্তি বা সম্পদসমূহ যা একটি দুর্যোগপূর্ণ ঘটনা থেকে উদ্ধারলাভের এবং সে জন্যে প্রস্তুতি গ্রহণের সক্ষমতা বৃদ্ধি করে থাকে।

**ঝুঁকি** ভবিষ্যতে নেতিবাচক কোন ঘটনা ঘটার সম্ভাবনা যা দুঃখ-কষ্টভোগের, এবং ক্ষয়-ক্ষতির কারণ সৃষ্টি করে থাকে।

**প্রস্তুতি** সেই কার্যাবলী যা লোকদের একটি দুর্যোগ সম্পর্কে ভবিষদ্বাণী করতে, সে জন্যে প্রস্তুতি গ্রহণ করতে, তাতে সাড়াদান করতে এবং তার ফলাফল থেকে উদ্ধার পাওয়ার সক্ষমতা বৃদ্ধি করে থাকে।

**দমন বা প্রশমনকরণ** জনসাধারণের উপর, সহায়-সম্পদের উপর এবং পরিবেশের উপর দুর্যোগের তীব্রতা কমানোর লক্ষ্যে পূর্ব থেকে গ্রহণ করার পরিমাপসমূহ।

**জরুরীভিত্তিতে সাড়াদান করা** একটি দুর্যোগের পর অতি শীঘ্র জীবনসমূহ রক্ষা করা, দুঃখ-কষ্ট হ্রাস করা এবং দ্রুত নিরাময়ের ব্যবস্থা গ্রহণ করা, সমাজের বা জনগোষ্ঠীর অবশিষ্ট সামর্থ্যের উপর নির্ভর করে একগুচ্ছ কার্যাবলী বাস্তবায়ন করা।

**পুনর্বাসন** একটি দুর্যোগের দ্বারা ক্ষতিগ্রস্ত গৃহসমূহ পুনঃনির্মাণ করা, জীবিকা এবং সামাজিক কাঠামোসমূহ পুনঃস্থাপন করা, এমন একটি মানের ব্যবস্থা গড়ে তোলা যাতে ভবিষ্যতে একই ধরণের দুর্যোগের প্রভাব প্রতিরোধ করা যায়।


'ইউএন্ ইন্টারন্যাশনাল স্ট্রাটেজী ফর্ ডিজেস্টার রিডাক্‌শন (UNISDR)' ডকুমেন্ট দুর্যোগের ঝুঁকি হ্রাসের (২০০৯) পরিভাষায় আরও সম্পূর্ণ সংজ্ঞাসমূহ এবং বিবরণসমূহ পাওয়া যেতে পারে।

**CCA** Climate Change Adaptation বা জলবায়ু পরিবর্তন অভিযোজন DRR-এর সঙ্গে ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত, এবং তা জলবায়ুর সঙ্গে সম্পর্কযুক্ত দুর্যোগসমূহের প্রতি সহনশীলতা বৃদ্ধির জন্যে কার্যাবলীর সঙ্গে সংজ্ঞায়িত করা যেতে পারে (জলবায়ু পরিবর্তনের দ্বারা এর অবস্থা অধিক মন্দ হতে পারে)।

# ২.২ দুর্যোগের চক্র
## The disaster cycle

দুর্যোগের চক্র হল কার্যের অবস্থা প্রদর্শনের জন্যে একটি ব্যাপকভাবে ব্যবহৃত মডেল বা আদর্শ যা সাধারণতঃ একটি প্রাকৃতিক অথবা মনুষ্য তৈরী দুর্যোগের পর সংঘঠিত হয়ে থাকে। এ বিষয়ে লক্ষ্য করা গিয়েছে যে একই স্থানে, একটি 'পুনরাবির্ভাব'-এর ভিত্তিতে কয়েক সপ্তা পর পর, অথবা হয়তো ৫০ বা ১০০ বছর পর পর বিভিন্ন দুর্যোগ সংঘটিত হয়ে থাকে - এটি আকস্মিক বিপর্যয়ের উপর নির্ভর করে সংঘটিত হয়ে থাকে। দ্রুত জলবায়ু পরিবর্তনের কারণে নির্দিষ্ট ধরণের জলবায়ু-সম্পর্কিত দুর্যোগ অতীত থেকে আরও পুনঃ পুনঃ এবং আরও তীব্রভাবে সংঘটিত হচ্ছে।

এর সবচেয়ে সরল ধরণে, এই চক্র নিম্নোক্তভাবে প্রকাশ বা প্রদর্শন করা যেতে পারে ঃ




**জরুরী ভিত্তিতে** সাড়াদানের পর্যায় - এতে দুর্যোগের পরে বেঁচে থাকা জীবনগুলো রক্ষা করার কার্যধারা অন্তর্ভুক্ত রয়েছে, যেমন ঃ অনুসন্ধান এবং উদ্ধার, চিকিৎসা সেবা প্রদান, অস্থায়ী আশ্রয়ের ব্যবস্থা করা, জরুরী ভিত্তিতে খাদ্যের যোগান। একটি আকস্মিকভাবে সংঘটিত দুর্যোগের পরবর্তী প্রথম ৪৮ ঘন্টা সময়ে বিশেষ করে উক্ত কার্যধারার একান্ত প্রয়োজন; ঐ সময়ের মধ্যে দুর্যোগ থেকে বেঁচে যাওয়া অনেকেই মারা যেতে পারে যদি না ঐ সময়ে তাদের প্রয়োজনীয় সাহায্য প্রদান না করা হয়।

**পুনর্বাসন** এই পর্যায়টিকে কখনও কখনও প্রাথমিক এবং পরবর্তীকালীন পর্যায় হিসেবে ভাগ করা হয়েছে, এবং এর অন্তর্ভুক্ত হচ্ছে আবাসন, জীবিকা, সামাজিক প্রণালী এবং অবকাঠামোর পুনস্থাপন। সে সমস্ত কার্যবলী যেমন পানি সরবরাহের

ব্যবস্থার পুনঃস্থাপন, স্কুল-কলেজগুলোর পুনঃনির্মাণ অথবা চিকিৎসা সেবাদানের ব্যবস্থার পুনঃপ্রতিষ্ঠা ইত্যাদি এ পর্যায়ের মধ্যে পরিগণিত হয়ে থাকে।

**প্রশমন এবং প্রস্তুতি** - এই বিষয়গুলো সাধারণতঃ দুর্যোগপূর্ব কার্যক্রমের মধ্যে পড়ে। এগুলোকে ভবিষ্যতে দুর্যোগের ঘটনা পুনরায় ঘটার পর্যায়ে বিবেচনা করা হয় এবং পরবর্তীকালে এতে দুর্ভোগের পরিমাণ হ্রাসের ক্ষেত্রে বিবেচনা করা হয়। প্রশমনের কার্যাবলীর অন্তর্ভুক্ত হতে পারে খাদ্যের ব্যবস্থাপনার উন্নয়ন, আরও শক্ত করে ঘর নির্মাণ অথবা পানি সরবরাহের উন্নয়ন সাধন। প্রস্তুতির অন্তর্ভুক্ত থাকতে পারে আকস্মিক ঘটনার জন্যে পরিকল্পনা, সতর্কীকরণের প্রণালী, পানি-সম্পদ নিরাপদ রাখার ব্যবস্থাপনা অথবা কিছু জরুরী দ্রব্যাদি মজুদ করে রাখার ব্যবস্থা করা।

**ঝুঁকি হ্রাসকরণ এবং দুর্যোগ চক্র** - দুর্যোগ চক্রের প্রধান অসুবিধা বা সমস্যা হচ্ছে এতে ঘরসমূহ, পেশা বা উপজীবিকা এবং অবকাঠামো পুনঃনির্মাণের পরে প্রশমন এবং প্রস্তুতির সঙ্গে সঙ্গে একটি সীমারেখা, কার্যের ক্রমান্বিতধারাবাহিকতা দাবী করে থাকে। বাস্তবে, ভবিষ্যতের ঝুঁকি হ্রাসের ব্যবস্থাপনা জরুরী সাড়াদানের শুরুর সঙ্গে, চক্রের সকল অংশ বিজড়িত। যদি ঝুঁকি হ্রাসের বিষয়টি পরবর্তী চক্রে (অর্থাৎ প্রশমন এবং প্রস্তুতি) পর্যন্ত বিলম্বিত করা হয়, তবে ভবিষ্যতের ঝুঁকি হ্রাসের সুযোগগুলো হারিয়ে যেতে পারে এবং দুর্যোগের পূর্বে বিদ্যমান নাজুকতা ইতোমধ্যেই পুনর্নির্মিত হতে পারে।

নীচে জরুরী সাড়াদান এবং পুনঃনির্মাণে ঝুঁকি হ্রাসের মধ্যে নিম্নোক্ত বিষয় অন্তর্ভুক্তঃ (*তারকা * চিহ্নিত কার্যক্রমগুলোও CCA-এর পরিমাপগুলোর অন্তর্ভুক্ত হিসেবে বর্ণনা করা যেতে পারে।*)

- **ত্রাণ বিতরণ** - সমাজ বা জনগোষ্ঠীর নারী এবং পুরুষ উভয়েরই সক্রিয় অংশগ্রহণ প্রয়োজনসমূহের জন্যে সবচেয়ে ভাল সমাধান দিয়ে থাকে তা টিকে থাকার জন্যে সামর্থ্যকে বৃদ্ধিদান করে এবং সামাজিক কাঠামোকে সুস্থির রাখে।
- **কাজের বিনিময়ে ক্যাশ বা নগদ অর্থ (CFW) অথবা কাজের বিনিময়ে খাদ্য (FFW-কাবিখা) প্রকল্পসমূহ** - এই কার্যক্রমগুলো শুধুমাত্র জঞ্জাল পরিষ্কার করার জন্যে ব্যবহৃত হয় না কিন্তু বাঁধ পুনঃনির্মাণের জন্যে, বন্যার পানি নিষ্কাষণের জন্যে খাল বা নালা খননার্থে অথবা জলসেচনের জন্যে খাল বা নালা খননের জন্যে * অথবা ছোট 'ক্রশ - ড্যামস্'* তৈরী করতেও ব্যবহৃত হয়ে থাকে। এই কার্য তত্ত্বাবধানের জন্যে জনগোষ্ঠীর অংশগ্রহণের প্রয়োজন অপরিহার্য। কোন কোন সংস্থা কাজ ছাড়াই ক্যাশ বা নগদ অর্থ জরুরী বা চরম পরিস্থিতিতে বিতরণ করে থাকে, কিন্তু তা নির্ভরশীলতাকে বৃদ্ধিদান করতে পারে এবং একটি সৃষ্টিশীল DDR-এর সুযোগ ব্যর্থ করতে পারে।
- **গৃহ বা ঘরগুলোর পুনঃনির্মাণ** - ঝুঁকি মূল্যায়নসমূহের পরে নিরাপদ সাইট্সমূহের সতর্ক মনোনয়ন ঃ গৃহ বা ঘরসমূহ নির্মাণের জন্যে দুর্যোগ-প্রতিরোধী ডিজাইনসমূহ* সাজ-সরঞ্জামাদি* এবং 'অরিয়েন্টেশন (Orientation)' গ্রহণ।
- **জীবিকার পুনঃপ্রতিষ্ঠাকরণ** - দুর্যোগের দ্বারা ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীকে নতুন দুর্যোগ প্রতিরোধী* জীবিকা গ্রহণ করার বিষয়ে সহায়তা প্রদান করতে হবে। তাদেরকে দুর্যোগ প্রতিরোধকারী নতুন ফসলাদির* সঙ্গে এবং দুর্যোগের সময়ে টিকে থাকতে সক্ষম পশু সম্পদের* সঙ্গে পরিচয় করিয়ে দিতে হবে - যেগুলো ভবিষ্যতে একটি পরিবর্তিত জলবায়ুর সঙ্গে খাপ খাইয়ে চলতে শিখাতে পারবে।
- **জল সরবরাহের বিষয় নিশ্চিতকরণ** - নলকূপ বা ভূমির উপরিভাগের জলের (পুকুরের) জন্যে উপযুক্ত স্থান* এবং ডিজাইন* সম্পর্কে সতর্ক মনোযোগ দিন যেন তা বন্যার স্তরের উপরিভাগে হয়। এ বিষয়টিও নিশ্চিত করুন যেন জল সরবরাহের উৎস বন্যা কিংবা ভূমিকম্পের ক্ষতির প্রতিরোধকারী হয় (ভূমিকম্পপ্রবণ এলাকাগুলোতে)। পুনরায় এই কার্যক্রম অবশ্যই ভবিষ্যতে জলবায়ুর বিভিন্নতাকে সমর্থনদান করবে।
- **চাষাবাদের জন্যে খরা-অথবা বন্যা প্রতিরোধী বীজসমূহ সরবরাহ করার ব্যবস্থা করতে হবে** - এই বীজ থেকে উৎপন্ন ফসলাদির অস্তিত্ব হয়তো বিদ্যমান রয়েছে, অথবা তা হতে পারে একটি বিকল্প ফসল যা কম পানিতে অথবা অতিরিক্ত পানিতে টিকে থাকতে সক্ষম।

PADR পদ্ধতি প্রতিষেধকমূলক প্রক্রিয়ার অন্তর্ভুক্ত, সাধারণতঃ তা জরুরীভাবে সাড়াদানের পর্ব শেষে ব্যবহৃত হয়ে থাকে, তাই পুনর্বাসনের কার্যাবলী PADR ভিত্তিক হতে পারে এবং তা কার্যক্রম শুরু করার পরিকল্পনার অন্তর্ভুক্ত।

PADR সেই এলাকাগুলোতে দুর্যোগের পূর্ববর্তী অংশ হিসেবে ব্যবহৃত হতে পারে যেখানে প্রায়ই দুর্যোগের ঘটনা ঘটে থাকে (যেমন ভূমিকম্পপ্রবণ এলাকাসমূহ)। একটি জনগোষ্ঠীর ক্ষেত্রে এ বিষয়ে অনুধাবন করা কখনও কখনও কঠিন বলে মনে হতে পারে যে বড় ভূমিকম্পের ৫০ বছর বা তার চেয়ে পরের ভূমিকম্প অপেক্ষাকৃত দুর্বল হবে কিনা এবং তাতে ক্ষয়-ক্ষতির পরিমাণ কম হবে কিনা।

# ২.৩ দুর্যোগ দমন বা প্রশমন মডেল
# The Disaster Crunch Model

দুর্যোগসমূহ কখনও কদাচিৎ বা বিচ্ছিন্ন কোন ঘটনাবলী নয়। সেগুলো সাধারণতঃ একটি প্রাকৃতিক অথবা মানুষের সৃষ্ট বিপর্যয় যার প্রভাব একটি নাজুক দুর্বল জনগোষ্ঠীর উপর পড়ে থাকে। ডায়াগ্রামের আকারে, বিপর্যয় এবং নাজুকতা যৌথভাবে একটি জনগোষ্ঠীকে 'চূর্ণ-বিচূর্ণ' করে থাকে, যার ফলস্বরূপ একটি দুর্যোগের আবির্ভাব ঘটে থাকে।




**একটি বিপর্যয়** (১৫ পৃষ্ঠায় এর সংজ্ঞা দেওয়া হয়েছে) হতে পারে একটি প্রাকৃতিক ঘটনা, যেমন - ভূমিকম্প, খরা, ঘূর্ণিঝড় ইত্যাদি - অথবা তা হতে পারে মানুষের কার্যাবলীর ফলাফল, যেমন - দ্বন্দ্ব অথবা শিল্প-কারখানার দুর্ঘটনা। এ কথা প্রায়ই সত্য বলে প্রমাণিত হয় যে মানুষের কার্যাবলীও দারুণভাবে প্রাকৃতিক বিপর্যয়ের ক্ষেত্রে প্রভাব ফেলে থাকে - যেমন গাছ-পালা কাটা স্থানীয়ভাবে একটি খরার সময়কাল বৃদ্ধি করে এবং তার উপর প্রভাব ফেলে থাকে। জলবায়ুর পরিবর্তনও বিপর্যয়ের সঙ্গে সম্পর্কযুক্ত চরম আবহাওয়া বৃহত্তর এলাকাগুলোর উপর প্রভাব ফেলে থাকে।

**দুর্বলতা/ নাজুকতা** - (১৫ পৃষ্ঠায় এর সংজ্ঞা প্রদান করা হয়েছে) - এটি হল সাধারণতঃ সামাজিক বা জনগোষ্ঠীভিত্তিক জীবন, যেমন - আবাসন, চাষাবাদ অথবা পানি সরবরাহের ক্ষেত্রে একটি দীর্ঘস্থায়ী দুর্বলতা। যখন একটি দুর্বল বা নাজুক জনগোষ্ঠীর উপর একটি বিপর্যয় প্রভাব ফেলে, তখন প্রায়ই একটি দুর্যোগের মত ঘটনা ঘটে থাকে। একটি দুর্যোগের আকার বিপর্যয়ের শক্তি এবং নাজুকতা বা দুর্বলতার পরিমাণের উপর নির্ভর করে থাকে।

একটি ভূমিকম্পের দৃষ্টান্তের বিষয়ে বিবেচনা করুন। যদি এমন একটি স্থানে একটি শক্তিশালী ভূমিকম্পের মত ঘটনা ঘটে যেখানে ঘরগুলো দুর্বল, পুরানো ডিজাইনে তৈরী, তখন ক্ষয়-ক্ষতি এবং প্রাণহানির ঘটনা হবে সুবিশাল। দুর্বল ধরণের ঘর-বাড়ি নাজুকতার সৃষ্টি করে, যা একটি শক্তিশালী বিপর্যয়কে (ভূমিকম্পজনিত) দুর্যোগের কারণ ঘটানোর ক্ষেত্রে অনুমোদন দিয়ে থাকে।

অন্যদিকে, যদি একটি ভূমিকম্প প্রতিরোধী ঘর-বাড়ি সম্বলিত স্থানে ঐ একই ধরণের ভূমিকম্প সংঘটিত হয়, তবে নাজুকতার স্তর হবে অনেক কম এবং দুর্যোগ এড়ানো সম্ভব হতে পারে। এমন প্রমাণ রয়েছে যে জলবায়ুর পরিবর্তন দরিদ্র শ্রেণীর লোকদের নাজুকতা বৃদ্ধি করছে, সঙ্গে সঙ্গে তা আবার কিছু কিছু বিপর্যয়ের তীব্রতা বৃদ্ধি করছে। দৃষ্টান্তস্বরূপ, গ্রামীণ কৃষকেরা যারা সমুদ্রস্তর বৃদ্ধির কারণে তাদের ভূমি হারিয়েছে, তারা উচ্চ মাত্রায় নাজুক শহরের বস্তিগুলোতে স্থানান্তরিত হতে পারে। শুষ্ক বা খরাপ্রবণ অঞ্চলগুলোতে ঐতিহ্যবাহী ফসলের ফলন ব্যর্থ হয় এবং তার ফলে খাদ্যের ঘাটতি ক্রমাগতভাবে বৃদ্ধি পাচ্ছে।

**প্রতিফলন**

- আপনার দেশে কি মানবসৃষ্ট এবং প্রাকৃতিক বিপর্যয়সমূহ ঘটে থাকে?
- এই বিপর্যয়গুলো কি কিছু লোকের জন্যে বা কিছু কিছু এলাকার জন্যে ফলাফল নিয়ে দুর্যোগ আনয়ন করে কিন্তু অন্যদের জন্যে সামান্য প্রভাব আনয়ন করে?
- আপনার জনগোষ্ঠীর মধ্যে - বয়সগত, লিঙ্গগত, শিক্ষাগত, অথবা পেশাগতভাবে - কারা সবচেয়ে বেশী নাজুক বা দুর্বল?

## ঝুঁকির উপাদানসমূহ
## Elements at risk

মানব জীবনে বিভিন্ন ধরনের অনেক অংশ অথবা 'উপাদান' রয়েছে, যেমন - ঘরবাড়ি, পরিবারের বিভিন্ন লোকজন, পেশা এবং প্রাকৃতিক সম্পদসমূহ যেগুলো সহজে পাওয়া যায়। যদি উপাদানগুলো একটি বিপর্যয়ের দ্বারা ক্ষতিজনিত বিপদের সম্মুখীন হয়, তবে সেগুলো 'ঝুঁকির উপাদানরূপে' পরিচিত হয়ে থাকে। এগুলোকে পাঁচটি শ্রেণীতে ভাগ করা হয়ে থাকে ঃ

- ব্যক্তি পর্যায়
- সামাজিক পর্যায় (এর অন্তর্গত আত্মিক পর্যায়)
- প্রাকৃতিক পর্যায়
- দৈহিক পর্যায় (এর অন্তর্গত নির্মিত বা নির্মাণাধীন বিষয়সমূহ)
- অর্থনৈতিক পর্যায়

এগুলোকে আরও বিস্তারিতভাবে ৬.২-৬.৮ নং সেকশনগুলোতে বিবেচনা করা হয়েছে।

## সামর্থ্যসমূহ
## Capacities

একটি জনগোষ্ঠীর বিভিন্ন নাজুকতাসমূহ (দুর্বলতাসমূহ) থাকতে পারে, কিন্তু তার অনেক শক্তি বা সামর্থ্যসমূহও অবশ্যই থাকবে। এগুলো পাওয়া যায় জনগোষ্ঠীতে, পরিবারে এবং ব্যক্তিগত স্তরে। একটি বিপর্যয় সম্পর্কে প্রস্তুতি গ্রহণের জন্যে, এর প্রভাব সম্পর্কে সাড়াদানের এবং তা কাটিয়ে ওঠার জন্যে, এর ক্ষয়-ক্ষতি হ্রাস করার জন্যে সামর্থ্যসমূহ একটি সক্ষমতা তৈরী করতে পারে।

আমরা সামর্থ্যসমূহকে বিপরীতমুখী একটি তীরের সাহায্যে দুর্যোগ দমন বা প্রশমন মডেলের সঙ্গে যুক্ত করতে পারি, , কারণ সামর্থ্যসমূহ দুর্যোগে আক্রান্ত জনসাধারণের চাপ হ্রাস করতে সাহায্য করতে পারে ঃ




নাজুকতা দুর্বলতাসমূহের মত, সামর্থ্যসমূহ দেশের সঙ্গে দেশে, স্থানের সঙ্গে স্থানে (একটি দেশের মধ্যে) এবং পরিবারের সঙ্গে পরিবারে দারুণভাবে ভিন্নতর হতে পারে। স্বল্প সামর্থ্যসম্পন্ন জনসাধারণ, যেমন অতি দরিদ্র জনগণ, ভূমিহীনেরা, অথবা জাতিগত বা ধর্মগত সংখ্যালঘুরা এবং প্রায় ক্ষেত্রেই নারীরা এবং শিশুরা তুলনামূলকভাবে বেশীমাত্রায় কষ্টভোগ করে থাকে।

সামর্থ্যসমূহ ঝুঁকির পাঁচটি ভিন্ন ভিন্ন উপাদানসমূহের প্রেক্ষিতেও খুঁজে পাওয়া যেতে পারে।

সাধারণ বিপর্যয়ের সঙ্গে সম্পর্কযুক্ত প্রভাবসমূহ

| দুর্যোগের ধরণ | প্রভাব | নাজুকতা/দুর্বলতাসমূহ | সামর্থ্য |
|---|---|---|---|
| বন্যা | নারীরা / শিশুরা মারা যায়<br>ঘর-বাড়ি ধ্বংস হয়<br>ফলসহানি ঘটে<br>পশুরা ডুবে মরে | সাঁতারে দুর্বল<br>দুর্বলভাবে নির্মিত ঘর-বাড়ি<br>নীচু এলাকায় কোন বাঁধ নেই<br>কোন নিরাপদ উঁচু ভূমি নেই | সাঁতরাতে সক্ষম<br>উত্তম নক্সায় তৈরী ঘর-বাড়ি<br>বন্যা ও খরা প্রতিরোধী ফসলাদি<br>নিরাপদ আশ্রয়কেন্দ্রসমূহ |
| খরা | স্বাস্থ্যগত সমস্যাবলী<br>ফসলহানি<br>পশুরা মৃত্যুবরণ করে | পরিষ্কার জলের অভাব<br>কোন সেচ ব্যবস্থা নেই<br>পশু চরানোর কোন ক্ষেত্র নেই | পর্যাপ্ত নলকূপ<br>খরা-প্রতিরোধী ফসলাদি<br>পশুদের জন্যে খাদ্য সংরক্ষিত |
| ঘূর্ণিঝড় | মানুষের মৃত্যু<br>ঘর-বাড়ি ধ্বংসপ্রাপ্ত<br>ফসলহানি | দুর্বলভাবে নির্মিত ঘর-বাড়ি<br>সতর্কীকরণ অথবা প্রস্তুতির অভাব<br>জলোচ্ছ্বাস থেকে প্রতিরোধের কোন বাঁধ নেই | স্থানীয় উদ্ধারের ব্যবস্থা<br>ঘর-বাড়ির শক্তিশালী নির্মাণ ব্যবস্থা<br>উত্তম বাঁধ |
| ভূমিকম্প | মানুষের মৃত্যু<br>ঘর-বাড়ি ধ্বংসপ্রাপ্ত<br>পেশা/জীবিকার উপায় বন্ধ | জ্ঞানের অভাব<br>দুর্বলভাবে নির্মিত ঘর-বাড়ি<br>একটি পেশা বা জীবিকার উপর নির্ভরশীলতা | ভূমিকম্প সম্পর্কে উত্তম সতর্কবাণী<br>ভূমিকম্প প্রতিরোধী ঘর-বাড়ি<br>বিভিন্ন পেশা |

## শক্তিশালী চাপ - কাঠামোসমূহ এবং প্রণালী বা পদ্ধতিসমূহ
## Dynamic pressures – structures and processes

বৃহত্তর বিষয়গুলো একটি জনগোষ্ঠীর নাজুকতা বা দুর্বলতাসমূহের উপর এবং সামর্থ্যসমূহের উপর প্রভাব ফেলে থাকে। এই বিষয়গুলোর অন্তর্গত হচ্ছে ব্যক্তিবর্গ এবং সামাজিক কাঠামোসমূহ, এবং প্রক্রিয়া ও নীতিসমূহ যেগুলোর মধ্য দিয়ে তারা জনগোষ্ঠীর উপর প্রভাব ফেলে থাকে।




কাঠামোসমূহের অন্তর্ভুক্ত থাকতে পারে ঃ

- ট্রেডিশনাল নেতৃত্বের দলসমূহ (যেমন - গ্রামীণ প্রাচীনবর্গ)
- ধর্মীয় দলসমূহ (যেমন - চার্চ বা মসজিদ কমিটি)
- সরকারী বিভাগসমূহ (যেমন - স্বাস্থ্য অথবা কৃষি)
- ব্যবসা-বাণিজ্যসমূহ (যেমন - চিনি তৈরীর কারখানা অথবা খনি কোম্পানী)
- ক্ষমতাশালী ব্যক্তিবর্গ (যেমন - একজন ধনবান জমির মালিক)।

এগুলোর প্রতিটি কাঠামো একটি প্রক্রিয়া অথবা নীতির মাধ্যমে পরিচালিত হয় যেগুলো সমাজ বা জনগোষ্ঠীর লোকজনের উপর প্রতিক্রিয়ার সৃষ্টি করে, তাদেরকে বিপর্যয়সমূহের প্রতি বেশী বা কম নাজুক বা দুর্বল করে থাকে। প্রক্রিয়াসমূহ হতে পারে ইতিবাচক অথবা নেতিবাচক। এখানে কিছু **ইতিবাচক এবং নেতিবাচক** প্রক্রিয়া সম্পর্কে দৃষ্টান্ত দেওয়া হল যেগুলো **গ্রামীণ প্রাচীনদের ঐতিহ্যবাহী নেতৃত্বের সঙ্গে সম্পর্কিত** অবস্থায় সাধারণতঃ দেখতে পাওয়া যায় ঃ

| কাঠামো | নেতিবাচক প্রক্রিয়াসমূহ যেগুলো নাজুকতা বা দুর্বরতাসমূহ বৃদ্ধি করছে | ইতিবাচক প্রতিক্রয়াসমূহ - যেগুলো দুর্বলতা / নাজুকতাহ্রাস করছে |
|---|---|---|
| গ্রামীণ প্রাচীনেরা | একজন পুরুষের সিদ্ধান্তসমূহ<br>- পুরুষদের অনুকূলে দলের উপর প্রাধান্য স্থাপন করে, এবং প্রায়ই স্ত্রীলোকদের প্রাধান্যসমূহ/প্রয়োজনসমূহকে এড়িয়ে যাওয়া হয়। প্রাচীনেরা পক্ষপাতিত্ব প্রদর্শন করতে পারে, অথবা তারা গ্রামের বাইরে বসবাস করতে পারে এবং সমস্যার সময়ে নেতৃত্ব দিতে নাও পারে। | প্রাচীনেরা তাদের জনগোষ্ঠীর সকল প্রভাব থেকে প্রতিনিধিদের অন্তর্ভুক্ত করতে পারে। তারা স্ত্রীলোকদের এবং সামর্থ্যসমূহ নির্ণয় করতে পারে, তারা নিরপেক্ষভাবে ঝগড়া-ঝাটির মীমাংসা করতে পারে, তারা দুর্যোগসমূহের সময়ে সহযোগিতা প্রদান করতে পারে এবং স্বচ্ছ নেতৃত্ব প্রদান করতে পারে। |

**প্রতিফলন**

- এমন কি কি কাঠামো রয়েছে যেগুলো আমাদের স্থানীয় এলাকায় নাজুক বা দুর্বল পরিস্থিতিসমূহের সৃষ্টি করে থাকে?
- কোন্‌ কোন্‌ প্রক্রিয়াগুলো আমাদের স্থানীয় এলাকায় নাজুক বা দুর্বল অবস্থাগুলো সৃষ্টি করে থাকে?
- কোন্‌ কোন্‌ কাঠামোগুলো আমাদের স্থানীয় এলাকায় সামর্থ্যসমূহ সৃষ্টি করে থাকে?

## গুপ্ত কারণসমূহ
## Underlying causes

উপরের কাঠামোগুলো এবং প্রক্রিয়াগুলো অনুযায়ী বিবেচনা করলে দেখা যায় যে সেগুলোর গভীরতর শিকড় রয়েছে, এবং সেগুলো 'গুপ্ত কারণগুলো'রূপে পরিচিত। এই কারণগুলো প্রায়ই সংস্কৃতিতে, প্রথায় অথবা বিশ্বাসে নিহিত রয়েছে, অথবা সেগুলো জনগোষ্ঠী থেকে অনেক মাইল দূরবর্তী শক্তি বা ভিত্তির উপর নির্ভর করে সংঘটিত হচ্ছে। সেগুলো চারটি প্রধান শ্রেণীতে বিভক্ত ঃ




**রাজনীতি** - জাতীয় সরকার একটি নির্দিষ্ট জেলার জন্যে সম্পদসমূহ সরবরাহ করতে পারে অথবা, কোন রাজনৈতিক কারণে সেগুলো স্থগিত করতে পারে (যেমন - ঐ জেলার জনগণের ভোটের বিষয় অগ্রাধিকার দিয়ে!)। সরকার পরবর্তী নির্বাচনে ক্ষমতায় ফিরে আসার আকাঙ্খা দ্বারা অনুপ্রাণিত হয়ে তা করতে পারে।


**অর্থনীতি** - জাতীয় সরকার অগ্রগণ্য-খাতসমূহে বেশী অর্থ ব্যয় করতে সিদ্ধান্ত গ্রহণ করবেন, দৃষ্টান্তস্বরূপ - যদি প্রতিরক্ষা অথবা ঋণ প্রদানের খাতে অর্থ ব্যয় করার বিষয়টি অগ্রগণ্য বলে সিদ্ধান্ত গ্রহণ করা হয় তবে স্বাস্থ্য এবং কৃষি খাতে অর্থ বরাদ্দের বা ঐ খাতগুলোতে ব্যয়ের পরিমাণ হ্রাস পাবে। আন্তর্জাতিকভাবে ব্যবসার পণ্যসমূহে যেমন কফি, চিনি, অথবা তুলার তৈরী জিনিসপত্রের খাতে মূল্য হ্রাস-বৃদ্ধির প্রভাব কৃষকদের উপর বর্তাবে।

**সংস্কৃতি এবং বিশ্বাসমূহ** - যে সংস্কৃতিতে বিশ্বাস করা হয় যে দুর্যোগ হচ্ছে আত্মাদের মন্দ কার্যাবলী - তারা দুর্যোগের ঝুঁকি হ্রাসের পরিমাপের বিষয়টি গ্রহণ করতে ইচ্ছা প্রকাশ করতে নাও পারে। সংস্কৃতি চাষাবাদের ক্ষেত্রেও প্রভাব ফেলতে পারে ঃ যারা ঐতিহ্যগত চাষাবাদ করে তারা খরা এবং বন্যা উভয়েরই শিকার হয়ে নাজুক পরিস্থিতিতে পড়তে পারে। বৃক্ষাদি কর্তন স্থানীয় জলবায়ুর উপর প্রতিক্রিয়ার সৃষ্টি করে এবং বৃষ্টির জলে প্লাবিত হবার বিষয়ে তাদের ঝুঁকি বেড়ে যায়। একটি পুরুষ-শাসিত সংস্কৃতিতে স্ত্রীলোকদের মর্যাদা হ্রাস পেতে পারে, যা তাদের নাজুকতা বা দুর্বলতাকে বৃদ্ধি করতে পারে। দৃষ্টান্তস্বরূপ, যখন মহিলাদের জরুরীভাবে কোথাও যাবার প্রয়োজন হয়, তখন একজন পুরুষ আত্মীয়কে তার সঙ্গে নিয়ে যাওয়া ব্যতীত সে তার ঘর ছেড়ে যেতে পারে না।

**প্রাকৃতিক পরিবেশ** - জলবায়ু, মাটির ধরণ এবং ভৌগলিক পরিবেশ নাজুকতা বা দুর্বলতার ক্ষেত্রে প্রভাব ফেলে থাকে। দৃষ্টান্তস্বরূপ, খাঁড়া পাহাড়ের ঢাল সেখানকার চাষাবাদের ধরণের উপর প্রভাব ফেলতে পারে এবং তা ভূমিধ্বসের কারণ ঘটাতে পারে। মানুষের কার্যাবলী অনবরত প্রাকৃতিক পরিবেশের অবনতি ঘটায়, তাকে আরও দুর্বল করে তোলে এবং বিভিন্ন ধকল সহ্য করার ক্ষমতা বা শক্তি কমিয়ে দেয়।

## ২.৪ রিলিজ্ মডেল
## The Release Model

দুর্যোগের ঝুঁকি হ্রাস করার জন্যে দুর্যোগ দমন বা প্রশমনের মডেলের তীর চিহ্নগুলোর দিক্ পরিবর্তন করা প্রয়োজন, বিশেষ করে সেই তীর চিহ্নগুলোর নির্দেশনার দিক্ অন্য দিকে ফিরানো প্রয়োজন যেগুলো পূর্বে দুর্যোগের দিকে ফিরানো ছিল। এর ফলাফলের চিত্র নিম্নোক্ত ধরণের হতে পারে ঃ




একটি দুর্যোগের ঝুঁকি হ্রাসের অর্থাৎ উল্টো দিকে ঘুরানো তীর চিহ্নসমূহের জন্যে প্রয়োজন বিভিন্ন স্তরের কার্যাবলী ঃ যেমন - স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক স্তরসমূহে । নীচে কিছু দৃষ্টান্ত প্রদান করা হল।

**বিপর্যয় হ্রাস** - কিছু কিছু দুর্যোগের ফলে সৃষ্ট বিপর্যসমূহের তীব্রতা বা ক্ষমতা হ্রাসের উপায় বা পথসমূহ রয়েছে। দৃষ্টান্তস্বরূপ, বাঁধসমূহ নির্মাণ অথবা নদী বা চ্যানেল ড্রেজিং বন্যার পরিমাণ হ্রাস করতে পারে। খরা প্রতিরোধের জন্যে, অথবা ভূমিক্ষয় রোধ করার জন্যে, গাছ-পালা রোপণ করা যেতে পারে। রাজনীতিবিদগণকে প্রভাবান্বিত করার জন্যে জলবায়ুর সঙ্গে সম্পর্কযুক্ত বিপর্যয়সমূহে দ্রুত জলবায়ু পরিবর্তনের বিষয় সম্পর্কে অ্যাডভোকেসী করা যেতে পারে।

**বিপর্যয়ের প্রভাব হ্রাসকরণ** - 'ঝুঁকির কিছু কিছু উপাদানগুলোও হয়তো বা দুর্যোগের ঝুঁকি হ্রাসের বিষয়টিকে শক্তিযুক্ত করতে পারে। দৃষ্টান্তস্বরূপ, বন্যার পানি থেকে রক্ষা করার জন্যে নলকূপের পাইপগুলোকে উঁচু করা যেতে পারে, আলাদা খোলা-কূপের রিংগুলো যুক্ত করা যেতে পারে এবং সেগুলো সীল করে দেওয়া যেতে পারে, ঘরগুলো শক্ত করে তোলা যেতে পারে বা সেগুলো উঁচু ও নিরাপদস্থানে নির্মাণ করা যেতে পারে। (এ বিষয়ে ৯০ পৃষ্ঠায় পরিশিষ্ট বা সংযুক্তি পত্র খ-তে আরও বিস্তারিতভাবে ব্যাখ্যা প্রদান করা হয়েছে।)

**নাজুকতা বা দুর্বলতাসমূহ হ্রাসকরণ** - একটি দুর্যোগের ঝুঁকির মূল্যায়নের প্রক্রিয়া নির্দিষ্ট কিছু কিছু দুর্বলতাসমূহ শনাক্ত করতে সহায়তা করবে এবং সেগুলোর মূল্যায়ন সেগুলো হ্রাসের ক্ষেত্রে অবদান রাখবে। দৃষ্টান্তস্বরূপ, অপর্যাপ্ত সতর্কীকরণের প্রণালীসমূহের উন্নয়ন হতে পারে, দুর্বল চাষাবাদের অনুশীলনসমূহ পরিবর্তিত হতে পারে অথবা বিকল্প জীবিকার সঙ্গে পরিচয় করিয়ে দেওয়া যেতে পারে। সবচেয়ে নাজুক বা দুর্বল দলগুলোর প্রতি প্রথমে লক্ষ্য স্থির করতে হবে।

**সামর্থ্যসমূহ গড়ে তোলা** - জনগোষ্ঠীগুলোর সর্বদা কিছু কিছু সামর্থ্য থাকে যেগুলো তারা দুর্যোগের সময়গুলোতে ব্যবহার করতে পারে - দৃষ্টান্তস্বরূপ, সহজাতভাবে তাদের স্থানীয় বনজ খাদ্য দ্রব্যাদি সম্পর্কে জ্ঞান থাকে, যা তারা খাদ্যের অভাবের বা দুর্ভিক্ষের সময়ে ব্যবহার করতে পারে, অথবা বন্যার সময়ে তারা কলাগাছ ব্যবহার করতে পারে। যদি তাদের পূর্ব থেকে বিদ্যমান সামর্থ্যসমূহ শক্তিযুক্ত করা হয়, তবে বিপর্যয়ের প্রভাব হ্রাস পেতে পারে। নতুন নতুন সামর্থ্যসমূহেরও উন্নয়ন ঘটতে পারে, যেমন - নতুন নতুন দক্ষতাসমূহ বৃদ্ধিলাভ করতে পারে, স্বেচ্ছাসেবীদের নির্বাচন এবং প্রশিক্ষণ দেয়া যেতে পারে অথবা বন্যার সময়ে আরও নৌকা সরবরাহ করা যেতে পারে।

**শক্তিশালী চাপগুলোর প্রত্যাবর্তন** - শক্তিশালী চাপ - ইতিবাচক অথবা নেতিবাচকরূপে কাজ করে থাকে। PADR প্রক্রিয়া নেতিবাচক বিষয়টির স্থিরিকরণ করে থাকে - এবং তারপর কার্যক্রমের পরিকল্পনার লক্ষ্যে সেগুলো পরিবর্তনের উদ্যোগ নেয়া যেতে পারে। দৃষ্টান্তস্বরূপ, একটি চাষাবাদের জন্যে নিয়োজিত জনগোষ্ঠীর চাপ সরকারী কৃষি সম্প্রসারণের কার্যাবলীর ফলাফল বৃদ্ধি করতে পারে, অথবা একটি বাণিজ্যের ক্ষতিকর কার্যাবলীর উন্নয়ন সাধন করতে পারে।

**গুপ্ত কারণসমূহ** - এগুলো সম্ভবতঃ পরিবর্তনের জন্যে সবচেয়ে কঠিন অবস্থা কারণ এগুলো অত্যন্ত গভীরভাবে শেকড়াবদ্ধ। স্থানীয় বা জাতীয় সরকারের কর্মকর্তাদের সঙ্গে পরামর্শ (অ্যাডভোকেসী) একটি এলাকায় সরকারী সম্পদসমূহের বৃদ্ধি ঘটাতে পারে। স্থানীয় পালক-পুরোহিতের অথবা ইমামের শিক্ষা ক্ষতিকর কুসংস্কারপূর্ণ বিশ্বাসসমূহের পরিবর্তন ঘটাতে সহায়তা করতে পারে। আন্তর্জাতিক স্তরে পরামর্শ বা অ্যাডভোকেসী ঋণের বোঝা হ্রাস করতে পারে অথবা জলবায়ুর পরিবর্তনকে প্রতিরোধ করতে পারে।

## ২.৫ কাজের জন্যে 'দি হাইয়োগো ফ্রেমওয়ার্ক অ্যাক্‌শন' The Hyogo Framework for Action

'দি হাইয়োগো ফ্রেমওয়ার্ক' হল ২০০৫ খ্রীষ্টাব্দের জানুয়ারিতে জাপানে অনুষ্ঠিত দুর্যোগের ঝুঁকি হ্রাস - এর ISDR থেকে গৃহীত প্রধান ডকুমেন্ট। এটি ১৬৮টি সরকার কর্তৃক গৃহীত হয়েছিল এবং এর পাঁচটি উপাদান রয়েছে ঃ

২০০৫ - ২০১৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত কার্যক্রম গ্রহণ করার জন্যে 'দি হাইয়োগো ফ্রেমওয়ার্ক'

- এ বিষয় নিশ্চিত করা যে ঝুঁকি হ্রাস হল একটি জাতীয় এবং স্থানীয় প্রাধান্য দানের বিষয়। সঙ্গে সঙ্গে বাস্তবায়নের জন্যে একটি শক্তিশালী প্রতিষ্ঠানিক ভিত্তি জড়িত রয়েছে।
- ঝুঁকি হ্রাসসমূহ শনাক্ত করা, মূল্যায়ন করা এবং পর্যবেক্ষণ করা - এবং পূর্বেই সতর্কীকরণের ব্যবস্থা চালু করা।
- সকল স্তরে একটি নিরাপদ এবং প্রতিরোধকারী সংস্কৃতি গড়ে তোলার জন্যে জ্ঞান, অভিজ্ঞতা এবং শিক্ষাকে ব্যবহার করা।
- সুপ্ত ঝুঁকির বিষয়গুলোকে হ্রাস করা।
- সকল স্তরে ফলপ্রসূ সাড়াদানের জন্যে দুর্যোগের প্রস্তুতিকে শক্তিযুক্ত করা।

এই ফ্রেমওয়ার্কের লক্ষ্য হল দুর্যোগের দুর্ভোগ হ্রাসের জন্যে বর্ণিত পাঁচ ধরণের কার্যক্রমকে চালিয়ে যাওয়া। আন্তর্জাতিক থেকে শুরু করে প্রতিটি স্তরে এই কার্যক্রম এগিয়ে নিয়ে যাওয়া হল এর লক্ষ্য।

ফ্রেমওয়ার্কটির বাস্তবায়নের অগ্রগতি ছিল শিথিল (২০০৯ খ্রীষ্টাব্দ অনুযায়ী), কিন্তু সেটি DRR প্রকল্পগুলোর একটি প্রয়োজনীয় হাতিয়ারে পরিণত হয়েছিল এবং তা ঝুঁকি-হ্রাস কার্যাবলীকে আরও বেশী করে প্রাধান্য দেওয়ার জন্যে সরকারগুলোকে পরামর্শ এবং অনুরোধ করার জন্যে একটি মূল্যবান সম্পদে পরিণত হয়েছিল।

## ২.৬ দুর্যোগসমূহ এবং উন্নয়ন Disasters and development

পৃথিবীর বেশীর ভাগ জনসাধারণের জন্যে বিপর্যয় হল প্রাত্যহিক জীবনের অংশ। যেখানে আগুন রান্না-বান্নার কাজে ব্যবহৃত হয়, সেখানে সেই আগুনই শিশুদের আহত করার জন্যে ঘরে আগুন ধরার ঝুঁকি থেকে যাবে। যেখানে জনগোষ্ঠী বন্যার আশঙ্কাযুক্ত সমতল অঞ্চলে অথবা আগ্নেয়গিরির ঢালগুলোতে বসবাস করছে সেখানে উর্বর মাটি পাবার সুবিধা রয়েছে, আবার সেখানে বন্যার বা আগ্নেয়গিরি বিস্ফোরিত হয়ে অগ্ন্যুৎপাতের ঝুঁকি রয়েছে। ঝুঁকিসমূহ জীবনের একটি অংশে পরিণত হয়ে থাকে। আমরা যখন নতুন নতুন উন্নয়নের প্রকল্পসমূহের পরিকল্পনা করব তখন অবশ্যই কার্যক্রমসমূহকে আমাদের পরিস্থিতির অংশে পরিণত করতে হবে।

দৃষ্টান্তস্বরূপ, যদি আমরা বন্যার আশঙ্কা বিবেচনা না করে কোন সমতল স্থানে চাষাবাদের ব্যবস্থা করি, তবে আমরা ব্যর্থতাকেই আমন্ত্রণ জানাব। অনুরূপভাবে, যদি আমরা ভূমিকম্পের আশঙ্কাযুক্ত স্থানে ভূমিকম্প প্রতিরোধবিহীন ঘর-বাড়ি, স্কুল ইত্যাদি নির্মাণ করি, তবে তা হবে একটি মূর্খতাসুলভ কার্য। বিপর্যয়ের বিষয়টি মাথায় রেখেই উন্নয়নের উদ্যোগ গ্রহণ করাই শ্রেয় বা যথার্থ।

দুর্যোগসমূহকে প্রায়ই উপযুক্ত ব্যবস্থা গ্রহণের অভাবের পরিণতি হিসেবে দেখা যায়, কারণ সেক্ষেত্রে বিপর্যয়ের বিষয়টিকে গণ্য করা হয় না। এ বিষয়ে শিক্ষা গ্রহণ করা যেতে পারে- জনগণ কেন নাজুক বা দুর্বল ছিল? ঐ নাজুকতা বা দুর্বলতা হ্রাস করার জন্যে কি করা যেত? এই প্রশ্নগুলো ধন-সম্পদ, ক্ষমতা এবং সমাজের সুপ্ত মূল্যবোধের দিকে নির্দেশ করে - এ পুস্তকে ঐ বিষয়গুলোকে একটি দুর্যোগের সুপ্ত কারণসমূহ হিসেবে বিবেচনা করা হয়েছে।

খাদ্যের অভাবসমূহকে প্রায়ই উন্নয়নের দীর্ঘকালস্থায়ী ব্যর্থতার ফলাফল হিসেবে দেখা হয়েছে, তা খাদ্যের পুরানো অনিশ্চয়তাকে উৎপন্ন করে এবং ধীরগতিসম্পন্ন কারণ হিসেবে তুলে ধরে। যদি অনুরূপ সমস্যাদি প্রকটাকার ধারণ করে তবে উত্তম উন্নয়ন এবং ফলপ্রসূ DRR উভয়েরই প্রয়োজন রয়েছে।

যে জনগোষ্ঠী সফলভাবে কিছু কাল কোন স্থানে টিকে থাকে তারা ইতোমধ্যে অধিকাংশ সাধারণ বিপর্যয়সমূহের মধ্যে টিকে থাকার জন্যে উপায়সমূহ খুঁজে পেয়েছে। লোকেরা বিশেষ করে বারংবার দুর্যোগসমূহ থেকে রেহাই পাবার বিষয়টি আয়ত্ব করবে, কিন্তু বস্তুতঃ তারা কম ঘন ঘন আসা দুর্যোগগুলোতে কম পরিমাণে উত্তম পরিকল্পনা করতে পারবে। একটি দুর্যোগের প্রেক্ষিতে উন্নয়নের জন্যে স্থানীয় জ্ঞানের সর্বোচ্চ ব্যবহারের প্রয়োজন, এবং অনেক প্রজন্ম জুড়ে উন্নয়নের সামর্থ্য গড়ে তোলার প্রয়োজন রয়েছে।

## ২.৭ দুর্যোগের ঝুঁকি, জলবায়ুর পরিবর্তন এবং পরিবেশগত অবনতি Disaster risk, climate change and environmental degradation

বিজ্ঞানীরা এ বিষয়ে একমত হয়েছেন যে জলবায়ুর পরিবর্তন ঘন ঘন এবং অতিমাত্রায় বন্যা, খরা এবং ঝড়-ঝঞ্ঝার কারণ বৃদ্ধি করেছে, এবং তার সঙ্গে সঙ্গে তা তাপমাত্রা এবং সমুদ্র স্তরেরও বৃদ্ধি করেছে। জলবায়ুর পরিবর্তন ধীরে ধীরে কিন্তু অনিবার্যভাবে জীবনযাত্রার ধরণ পাল্টে দিচ্ছে (তাপমাত্রার তারতম্যে, সমুদ্র স্তরের বৃদ্ধির কারণে এবং জলবায়ুর ধরণ পাল্টে যাওয়ায় এ সমস্ত পরিবর্তন সংঘটিত হচ্ছে)। অনুরূপ পরিবর্তনসমূহ আকস্মিকভাবে সংঘটিত দুর্যোগসমূহ থেকে আরও বেশী ক্ষতিকর, কারণ সেগুলো ঐতিহ্যবাহী পেশা বা জীবিকাকে পরিবর্তন করতে বাধ্য করে, খাদ্যদ্রব্যের অনিশ্চয়তা বাড়ায় এবং পানির ঘাটতি সৃষ্টি করে।

কয়েক বছর আগের তুলনায় এখন জলবায়ুর পরিবর্তনের বিষয়টি আরও ভালভাবে বুঝা যায় এবং অনেক দেশে এর প্রভাব আরও স্পষ্টভাবে দেখা যাচ্ছে (দেখুন www.climateonestop.net ) এর ভিত্তি স্থাপিত বর্তমান অভিজ্ঞতা এবং ভবিষ্যতের দৃশ্যপটের

উপরে কম উন্নয়নশীল দেশগুলোর কার্যক্রম অভিযোজনের উপরে, এবং অন্যান্য অনেক উন্নয়নশীল দেশগুলোর জাতীয় যোগাযোগের উপর নির্ভর করে হয়ে থাকে। স্থানীয় অভিযোজিত প্রকল্পসমূহ কোন কোন স্থানে প্রস্তুতির পর্যায়ে রয়েছে, কিন্তু এর আরও প্রয়োজন রয়েছে। কৃষির উপর নির্ভরকৃত পেশাসমূহ বিশেষভাবে এর দ্বারা প্রভাবিত, কিন্তু জলবায়ুর পরিবর্তন পানি সরবরাহের উপর, স্বাস্থ্যের, জমির ব্যবহারের এবং জীবনের অধিকাংশ বিষয়গুলোর উপর বিশাল প্রভাব ফেলবে।

জাতিসংঘ দশটি দুর্যোগের মধ্যে নয়টি জলবায়ুনির্ভর দেশসমূহ সম্পর্কে উপদেশ বা পরামর্শ দিয়েছে। অতএব, এর অধিক চরম জলবায়ুসংক্রান্ত ঘটনাবলী অধিকাংশ দুর্যোগের দিকে চালিত হয়ে থাকে। DRR পরিমাপসমূহ নাজুকতার স্তর হ্রাস করে থাকে এবং আরও অধিক স্থিতিস্থাপক জনগোষ্ঠী কর্তৃক সৃষ্ট বিপর্যয়সমূহের দুর্বলতার স্তর হ্রাস করার চেষ্টা করে এবং এর ক্ষতিকর প্রভাবসমূহের মাত্রা কমিয়ে দেয়। যখন জলবায়ুর চরম অবস্থা বৃদ্ধিপ্রাপ্ত হয়, তখন DRR -এর প্রয়োজন আরও সুতীব্র আকার ধারণ করে থাকে।

CCA এবং DRR - এর ধরণ একই প্রকারের। এক সময়ের DRR - এর কার্যক্রমকে CCA বলা হয়ে থাকে! বাংলাদেশের পানির উপর ভাসমান সবজীর বাগান এবং ধানের চারা উৎপন্ন করার ক্ষেতগুলো এর শুধুমাত্র একটি দৃষ্টান্ত। বাঁশের ফ্রেমের উপর কচুরিপানা বা অন্য কোন জলজ উদ্ভিদসমূহ স্তুপ করে পচানো হয়। ঐ উর্বর ক্ষেতের উপর বীজ বপন করা হয় বা চারা লাগানো হয়, যদি ঐ এলাকার বন্যা দেখা দেয় তবে ঐ ক্ষেত ভেসে থাকে। ঐ কৌশল অনেক পুরানো সমস্যা দূর করেছে, কিন্তু এ কৌশলটি এমন কি সেই এলাকাগুলোর জন্যেও প্রয়োজন যেখানে আরও ঘন ঘন বন্যা হয় এবং তা আরও প্রকটাকার ধারণ করে।

জলবায়ুর পরিবর্তন এবং দুর্যোগের ঝুঁকিসমূহ বৃদ্ধির পাশাপাশি পরিবেশগত অবনতিও সংঘটিত হচ্ছে। অস্থিতিশীল হারে খনিজসম্পদ ধ্বংসপ্রাপ্ত হচ্ছে, বিপজ্জনক গতিতে গাছ-পালা, পশু-পাখী ধ্বংস বা বিলুপ্ত হয়ে যাচ্ছে, বায়ু দূষণ হচ্ছে এবং মাটির নীচের পানির স্তর নেমে যাচ্ছে। পরিবেশের এই অবনতি সাধারণতঃ মানুষের কার্যাবলী দ্বারা সংঘটিত হচ্ছে, কিন্তু জলবায়ু পরিবর্তনের দ্বারা তা প্রকটাকার ধারণ করছে, দৃষ্টান্তস্বরূপঃ বৃক্ষাদি কর্তনের ফলে মাটির ক্ষয় বৃদ্ধি পাচ্ছে, অতিরিক্ত পরিমাণে বৃষ্টিপাত হচ্ছে, বা স্বল্প সময়ের ব্যবধানে আরও বেশী পরিমাণে বৃদ্ধিপাত হচ্ছে।

এই পরিবর্তনসমূহেরও অভিযোজন সংঘটিত হচ্ছে, এবং একে **'পরিবেশগত অবনতির অভিযোজন** (EDA)' হিসেবেও অভিহিত করা হয়ে থাকে। এর একটি দৃষ্টান্ত হিসেবে পানি চলাচলের জন্যে বিকল্প চ্যানেল তৈরীর প্রয়োজনে ঢালের বৃক্ষাদি কর্তন বা অপসারণের বিষয়টির কথা উল্লেখ করা যেতে পারে।

টিয়ারফান্ডের রিসোর্স **'পরিবেশগত মূল্যায়ন'**- এ তিনটি পারস্পরিক সমন্বয়কারী বৃত্তের বিষয়ে উল্লেখ করা হয়েছে (৫৭-৫৯ পৃষ্ঠা) যাতে প্রাকৃতিক বিপর্যয়, জলবায়ুর পরিবর্তন এবং পরিবেশগত অবনতি - এই তিনটি বিষয়ের পারস্পরিক প্রভাব সম্পর্কে উল্লেখ করা হয়েছে। প্রস্তাবিত অভিযোজনের পরিমাপসমূহ প্রদর্শন করা হয়েছে এবং তাদের অধিকাংশেরই উল্লেখকৃত তিনটি দৃশ্যপটের সঙ্গে সম্পর্ক রয়েছে। আরও তথ্য লাভের জন্যে পাঠক/পাঠিকাদের ঐ তিনটি ডায়াগ্রাম সম্পর্কে তথ্য লাভ করতে উৎসাহ দেওয়া হচ্ছে।

দুর্বল বা নাজুক জনগোষ্ঠীর অধিকাংশ লোকজন DRR, CCA এবং EDR -এর মধ্যে পার্থক্য নির্ণয় করতে পারে না। সেগুলোর মধ্যে সবগুলোই পরিবেশগত বিপর্যয়সমূহ থেকে সহায়-সম্পদ এবং পেশাসমূহ সম্পর্কে যাবতীয় ঝুঁকি নিরসনের কলা-কৌশলগুলো আয়ত্ব করার জন্যে সচেষ্ট। জলবায়ুর পরিবর্তন, পরিবেশগত অবনতি অথবা অন্যান্য দুর্যোগসমূহের আঘাত এড়ানোর জন্যে এটি সর্বদা সাহায্যকারী অথবা প্রয়োজনীয় নয়। যে সমস্ত বিপর্যয়গুলো বর্তমানকালে রয়েছে কিন্তু ভবিষ্যতের জন্যে যেগুলো সম্পর্কে বলা হয়েছে - সেগুলোর ঝুঁকি এবং কারণগুলো সম্পর্কে অনুধাবন করা আরও বেশী গুরুত্বপূর্ণ এবং সেগুলো থেকে রেহাই পাবার পরিকল্পনা করা যথাযথ। লক্ষ্য হওয়া উচিত জনগোষ্ঠীর প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করা, বৈশিষ্ট্যসমূহের উন্নতি করা যা জনগোষ্ঠীকে তাদের নিজস্ব সম্পদ বা রিসোর্সসমূহের সাহায্যে বিপর্যয়গুলো কাটিয়ে উঠতে সক্ষম করে তোলা।

টিয়ারফান্ডের অন্যান্য প্রকাশনাসমূহ

- *CEDRA (জলবায়ুর পরিবর্তন এবং পরিবেশগত ঝুঁকির অবনতির এবং অভিযোজনের মূল্যায়ন)* ২০০৯
- *ROOTS 13, পরিবেশগত স্থায়িত্ব* ২০০৯
- *পরিবেশগত মূল্যায়ন* ২০০৯

*CEDRA* - বিশেষ করে জলবায়ুর পরিবর্তনের বিষয়ে বিবেচনা করা হয়েছে এবং ঐ পরিবর্তনসমূহের বিষয় প্রদর্শন করা হয়েছে যে একটি বিশেষ অঞ্চলে প্রকল্পসমূহ বাস্তবায়নের পর কিভাবে সেগুলো প্রতিক্রিয়ার বা প্রভাবের সৃষ্টি করে থাকে। এটি এ বিষয়ও বর্ণনা করে যে কিভাবে বিভিন্ন অভিযোজনের সুযোগগুলোর মূল্যায়ন করা হয় এবং সেগুলোর মধ্য থেকে মনোনয়ন করা হয়। 'পরিবেশগত মূল্যায়ন' - এর হাতিয়ার বা টুল্ একটি প্রকল্পের শক্তিশালী প্রভাবগুলোর দিকে লক্ষ্য করে। এটি আরও লক্ষ্য করে যে কিভাবে পরিবেশের উপর ঐ প্রকল্পের প্রভাবগুলো হ্রাস করা যায়।

CCA এবং DRR - এর উপর আর একটি প্রয়োজনীয় বা উপকারী প্রকাশনা হল ঃ
*' লিংকিং ক্লাইমেট্ চেঞ্জ অ্যাডাপ্টেশন উইথ্ ডিজেস্টার রিস্ক রিডাক্শন'* (টিয়ারফান্ড এন্ড IDS, ২০০৮)

জনগোষ্ঠীর প্রতিরোধ ক্ষমতার উপর ঃ
*জন টুইগ্ প্রণীত 'characteristics of disaster-resilient Community* (২য় সংস্করণ, ২০১০)।

**প্রতিফলন**

- আপনার দেশে কিভাবে জলবায়ু পরিবর্তনের ফলে বার বার আর্বিভূত দুর্যোগের প্রভাব এবং এর তীব্রতা অনুভূত হয়ে থাকে?
- আপনার দেশে সংঘটিত পরিবেশগত অবনতির কোন্ প্রমাণ আপনি দেখে থাকেন?

# PADR প্রক্রিয়া সম্পর্কে ওভারভিউ
# Overview of PADR process

PADR এমন এক পদ্ধতি যা জনগোষ্ঠীগত স্তরের জন্যে ব্যবহৃত হয়। এর অন্তর্গত জনগোষ্ঠীর সঙ্গে এমন একটি প্রক্রিয়ায় সক্রিয় সম্পর্ক, যাতে সেই ঝুঁকিসমূহ আবিষ্কার করা হয় যেগুলোর তারা মুখোমুখি হয়ে থাকে এবং এগুলোর মধ্যে সেই উপাদানগুলোও থাকে যেগুলো ঐ ঝুঁকিগুলোর বিষয়ে বিভিন্ন অবদান রেখে থাকে। এ বিষয়টি আবিষ্কারের প্রক্রিয়া এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ, যখন জনগোষ্ঠী দুর্যোগের বিষয়ে প্রস্তুতি নিতে এবং তাতে সাড়াদান করতে তার দুর্বলতাসমূহ এবং সামর্থ্যসমূহ এই উভয় ক্ষেত্র সম্পর্কে অনুধাবন করতে শুরু করে।

PADR - এর প্রোডাক্ট - এর শেষে সেই জনগোষ্ঠীর সঙ্গে একটি ঝুঁকি হ্রাসের পরিকল্পনা গড়ে ওঠে। ঐ পরিকল্পনা বাস্তবায়নের জন্যে একটি এনজিও-র সহায়তার, স্থানীয় বা জাতীয় সরকারের সহায়তা বা সমর্থন লাভের প্রয়োজন হতে পারে, কিন্তু ঐ ভিত্তিসমূহ নিহিত রয়েছে জনগোষ্ঠীর সামর্থ্যসমূহের মধ্যে, এবং উপাদান পরিবারসমূহের মধ্যে।

PADR জনগোষ্ঠীর জন্যে একটি প্রশিক্ষণের কোর্স নয়, যদিও এনজিও-র কর্মচারীগণ এই পদ্ধতি ব্যবহার করার জন্যে প্রশিক্ষণপ্রাপ্ত হতে পারেন। PADR একটি প্রয়োজন মূল্যায়নের অনুশীলনের জন্যে প্রয়োজনীয় নয়, কারণ 'প্রয়োজনসমূহ' হল সেই বিষয়গুলো যেগুলো এখন জীবন এবং স্বাস্থ্য সংরক্ষণের জন্যে প্রয়োজন। PADR সেই গভীরতর বিষয়গুলোর মোকাবেলা করে যেগুলো দুর্বলতা বা নাজুকতার কারণ এবং তা জনসাধারণকে এবং সহায়সমূহকে বিপর্যয়সমূহের মধ্যে ঠেলে দিয়ে থাকে। এটি সেই সামর্থ্যসমূহের বিষয়ে জোর দিয়ে থাকে যেগুলো জনগোষ্ঠীসমূহের মধ্যে রয়েছে এবং যেগুলো দুর্যোগসমূহের প্রতি তাদের প্রতিরোধের ক্ষমতা বাড়িয়ে তোলে।

## ৩.১ এই পদ্ধতি সম্পর্কে বর্ণনা
## Description of the methodology

PADR 'ক্রান্চ মডেল (Crunch Model)'-এর সেই উপাদানসমূহের উপর ভিত্তি করে সংগঠিত হয়েছে যা ২.৩ সেকশনগুলোতে বর্ণনা করা হয়েছে। Crunch Model - এ বর্ণনা করা হয়েছে যে কিভাবে একটি বিপর্যয় এবং দুর্বলতাসমূহ একত্রে একটি দুর্যোগ সৃষ্টি করে থাকে। দুর্বলতাসমূহ শক্তিশালী চাপসমূহের দ্বারা বৃদ্ধি পায় অথবা হ্রাসপ্রাপ্ত হয় যা জনগোষ্ঠীর মধ্যে (সামাজিক কাঠামো এবং প্রক্রিয়াসমূহের মধ্যে সক্রিয় রয়েছে (সেকশন ৭.১)। চাপসমূহ এতে নিহিত কারণগুলোর দ্বারা প্রভাবান্বিত - যা রাজনৈতিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক, ধর্মীয় এবং পরিবেশগত বিষয়গুলোর দ্বারা সম্মিলিতভাবে প্রভাবান্বিত।

'Crunch Model'-এ বিষয়ও প্রদর্শন করে যে কিভাবে একটি দুর্যোগের প্রভাব সেই সামর্থ্যসমূহের দ্বারা হ্রাসপ্রাপ্ত হয় যা জনগোষ্ঠীসমূহের মধ্যে রয়েছে। সামর্থ্যসমূহ ব্যক্তিবর্গকে পরিবারসমূহকে দুর্যোগের প্রভাব থেকে রেহাই পেতে এবং অটল থাকতে সক্ষম করে তোলে।

অতএব PADR পদ্ধতির নিম্নোক্ত বিষয়গুলো অবশ্যই আবিষ্কার করা প্রয়োজন ঃ

- একটি জনগোষ্ঠী কি কি ধরণের বিপর্যয়সমূহের সম্মুখীন হয় - এবং ঐ বিপর্যয়সমূহের বিষয়ে কি কি তথ্য রয়েছে
- সামাজিক জীবনের বিভিন্ন বিষয়গুলোর উপর এই দুর্যোগসমূহের কি কি প্রভাব রয়েছে
- সেই বিষয়গুলোর দুর্বলতা যেগুলো ঐ প্রভাব সংঘটিত হতে সহায়তা দান করে, এবং সমাজ বা জনগোষ্ঠীর মধ্যে কে বা কারা নাজুক বা দুর্বল।
- সেই সামর্থ্যগুলো যা জনগোষ্ঠীকে (এবং পরিবারবর্গ ও ব্যক্তিবর্গকে) দুর্যোগসমূহ প্রতিরোধে সাহায্য করে থাকে
- সেই শক্তিশালী চাপসমূহ যা দুর্বলতাসমূহকে হয় বৃদ্ধি করে নতুবা হ্রাস করে থাকে এবং স্থানীয় সামর্থ্যসমূহের উপরও যা একটি প্রভাব সৃষ্টি করে থাকে
- সেই নিহিত কারণগুলো যেগুলো পাওয়া যায় সংস্কৃতিতে, বিশ্বাসসমূহে, রাজনীতিসমূহে, অর্থনীতিসমূহে এবং পরিবেশে, যা সাংঘাতিক চাপসমূহ সৃষ্টির উপর প্রভাব ফেলে থাকে।

যখন এই বিষয়গুলো আবিষ্কার করা হয় এবং অনুধাবন করা হয়, তখন জনগোষ্ঠীর মধ্যে দুর্যোগের ঝুঁকি হ্রাসের জন্যে যথাযথ কার্যক্রম গড়ে ওঠে, ক্ষতিসমূহের আশঙ্কাকে কমিয়ে দেয়, দুর্বলতাসমূহ হ্রাস করে এবং স্থানীয় সামর্থ্যসমূহকে গড়ে তোলে।

PADR প্রক্রিয়াগুলো লক্ষ্যকৃত দলগুলোর সঙ্গে আলাপ-আলোচনার দ্বারা এবং বিশেষ ব্যক্তিবর্গের সঙ্গে সাক্ষাৎকারের দ্বারা সম্পন্ন করা হয়ে থাকে। অংশগ্রহণকারী টুল্‌ বা হাতিয়ারগুলোর সঙ্গে সম্পর্কযুক্ত প্রশ্নপত্রসমূহ ব্যবহার করা হয়ে থাকে (সেকশন্‌ ৪.২)।

## ৩.২ বিশ্লেষণের শ্রেণীভাগসমূহ
## Categories of analysis

PADR পাঁচ ধরণের বিশ্লেষণ ব্যবহার করে থাকে। একসঙ্গে এগুলোর অন্তর্ভুক্ত রয়েছে বিভিন্ন প্রকারের সম্পদসমূহ যেগুলো জনগোষ্ঠীর মধ্যে বিরাজমান রয়েছে। একটি সম্পদ হচ্ছে একটি শক্তি অথবা একটি গুণ যা দৈনন্দিন জীবন পরিচালনার জন্যে, অবস্থার উন্নয়ন ঘটানোর জন্যে এবং দুর্যোগের মোকাবেলা করার জন্যে ব্যবহার করা যায়। একটি সম্পদের উপস্থিতি পরিবারকে অথবা জনগোষ্ঠীকে একটি বিপর্যয়ের মোকাবেলা করার জন্যে সামর্থ্য প্রদান করে থাকে। একটি সম্পদের অনুপস্থিতি, অথবা এর প্রবেশের বিষয়ে একটি নিষেধাজ্ঞা ঐ বিপর্যয়ের প্রতি একটি দুর্বলতা সৃষ্টি করতে পারে।

এই পদ্ধতি নিশ্চয়তা প্রদান করে যে জীবনের ঐ সকল বিষয়গুলো এর অন্তর্ভুক্ত, এবং তা ফ্যাসিলিটেটরদের অথবা জনগোষ্ঠীর ক্ষমতাবান সদস্যদের অতিরিক্ত খবরদারী বা কর্তৃত্ব এড়িয়ে যেতে সাহায্য করে থাকে। দৃষ্টান্তস্বরূপ, সামাজিক কার্যের অভিজ্ঞতাসম্পন্ন একজন ফ্যাসিলিটেটর দুর্যোগের দ্বারা প্রভাবান্বিত সামাজিক বিষয়গুলোর উপর আলোকপাত করতে পারেন, কিন্তু তিনি অর্থনৈতিক কার্যাবলী অথবা প্রাকৃতিক সম্পদসমূহকে অবহেলা করতে পারেন। অনুরূপভাবে, একটি জনগোষ্ঠীর প্রকৌশলী বা ইঞ্জিনিয়ার রাস্তা-ঘাট, ব্রীজ অথবা বন্যা প্রতিরোধের বিষয়ে কথা বলতে মনোযোগী হতে পারেন, কিন্তু তিনি দেশীয় দক্ষতাসমূহের বিষয়ে অথবা দুর্যোগসমূহের সামাজিক প্রভাবসমূহ সম্পর্কে যথাযথ মনোযোগ নাও দিতে পারেন।

এখানে বর্ণিত পাঁচটি শ্রেণীর ভিত্তি হচ্ছে পাঁচ ধরণের পুঁজি (অথবা সম্পদসমূহ) যেগুলো ' Sustainable Livelihoods Frame work[5]. (টেকসই পেশা বা জীবিকা বিষয়ক কাঠামো)' -এ বর্ণনা করা হয়েছে। এই ক্যাটাগরী বা শ্রেণীগুলোর মধ্যে কোথায় একটি বিশেষ সম্পদ এড়িয়ে যাওয়া সবচেয়ে ভাল - এই দীর্ঘ বিতর্ক এড়িয়ে যাওয়া সবচেয়ে ভাল। একটি সম্পদকে একাধিক শ্রেণী বা ক্যাটাগরীতে বিভক্ত করা সম্ভব। দৃষ্টান্তস্বরূপ, একটি স্থানীয় স্কুলের বিষয়ে বিবেচনা করতে পারেন, যা তিনটি স্থানে উপস্থাপন করা যেতে পারে ঃ

- একটি স্কুলের একটি দালান বা ভবন রয়েছে - একটি বাহ্যিক বা দৃশ্যমান সম্পদ।
- একটি স্কুল এমন একটি স্থান সরবরাহ করে যেখানে ছেলে-মেয়েরা, পিতামাতারা এবং শিক্ষক/শিক্ষিকারা একত্রে সম্মিলিত হয় - এটি একটি সামাজিক মিলনকেন্দ্র হিসেবে ব্যবহৃত হয়ে থাকে।
- একটি স্কুল এমন একটি শিক্ষালাভের স্থান যেখানে নতুন নতুন দক্ষতা এবং জ্ঞান অর্জন করা যায় - অতএব এটি মানবীয় সামর্থ্যও বৃদ্ধি করে থাকে।

সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয় হল এই যে জীবনের কোন বিষয়গুলোই ভুলে যাওয়া উচিত হবে না, কারণ বিপর্যয়সমূহ বিভিন্নভাবে এ সকল ক্ষেত্রগুলোতেই প্রভাব ফেলতে পারে।

**ব্যক্তি (পুরুষ/নারী) সম্পদসমূহ**

ব্যক্তির সম্পদসমূহের অন্তর্ভুক্ত হচ্ছে লোকদের দক্ষতাসমূহ, জ্ঞান-বুদ্ধি, শিক্ষা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ, কাজ করার দক্ষতা এবং দৈহিক স্বাস্থ্য। বিশ্লেষণের মধ্য দিয়ে লৈঙ্গিক বৈশিষ্ট্যকে (পুরুষ/নারীগত) স্বীকৃতি প্রদান করা প্রয়োজন - পুরুষদের এবং নারীদের দুর্বলতাসমূহের এবং সবলতাসমূহের মধ্যে পার্থক্য থাকবে।

**সামাজিক সম্পদসমূহ**

সামাজিক সম্পদসমূহের সম্পর্কসমূহ এবং নেটওয়ার্কসমূহের অস্তিত্ব থাকে জনগোষ্ঠীর মধ্যে এবং বাইরের লোকজনের সঙ্গে। তারা বৃহত্তর পরিবারের অন্তর্ভুক্ত, বিশেষ করে সেই সদস্য/সদস্যাদের সঙ্গে যারা সেই দুর্যোগের দ্বারা আক্রান্ত ও ক্ষতিগ্রস্ত এবং তাদের মধ্যে বিভিন্ন দল, ক্লাব এবং সমবায় সমিতিসমূহও অন্তর্ভুক্ত রয়েছে যেগুলো সমাজ বা জনগোষ্ঠীর মধ্যে বিরাজ করছে। এই নেটওয়ার্ক সদস্যপদ সম্পর্কীয় তথ্যের বিস্তারিত উৎসসমূহে একজন ব্যক্তির প্রবেশকে বিস্তৃত করতে পারে (যেমন - কৃষকদের সমবায় সমিতির মাধ্যমে) এবং তা বিস্তারিত সম্পদসমূহকে সহজলভ্য করে তোলে। অন্যদের সঙ্গে সহযোগিতা দুর্যোগের আঘাত সহ্য করার সক্ষমতা বৃদ্ধি করে থাকে।

5 DFID Sustainable Livelihoods Guidance Sheets

**প্রাকৃতিক সম্পদসমূহ** প্রাকৃতিক সম্পদসমূহ হল সেই প্রাকৃতিক উৎসসমূহ যেগুলো জনগোষ্ঠীর মধ্যে পাওয়া যায়, যেমন - বনভূমিসমূহ, নদী-নালাসমূহ, পশুচারণের স্থানগুলো, বুনো ফল-ফলাদি এবং খনিসমূহ। কখনও কখনও এই সম্পদগুলোকে সহজলভ্য হিসেবে দেখা যায়, কিন্তু বাস্তবতঃ, সেগুলোর প্রবেশাধিকারকে অস্বীকার করা হয় - কারণ দ্বন্দ্ব, জমি বন্ধকী, সামাজিক বিভক্তিসমূহ অথবা সাংস্কৃতিক অনুশীলন তা ত্বরান্বিত করে থাকে।

PADR- এর প্রাকৃতিক সম্পদসমূহের গুণাগুণ এবং প্রাপ্যতার বিষয়েও খোঁজ-খবর করার প্রবণতা রয়েছে, বিশেষ করে সেই পরিবর্তনসমূহ সম্পর্কে যেগুলো পরিবেশগত অবনতির বিষয়ে অবদান রাখতে পারে (যেমন - ভূমিক্ষয়, বৃক্ষাদি কর্তন ইত্যাদি) অথবা যে সমস্ত বিষয়গুলো জলবায়ু পরিবর্তনে অবদান রাখতে পারে (যেমন - কম বৃষ্টিপাত এবং পানির স্তরের হ্রাস ইত্যাদি)।

**বাহ্যিক সম্পদসমূহ** বাহ্যিক সম্পদসমূহের অন্তর্ভুক্ত রয়েছে সেই কাঠামোসমূহ যেগুলো মনুষ্যনির্মিত। এই ক্যাটাগরির অন্তর্ভুক্ত মৌলিক অবকাঠামো যেমন - ঘর-বাড়ি, রাস্তা-ঘাট, সেতুসমূহ, স্কুলসমূহ, হাসপাতালসমূহ, বিদ্যুতের তারগুলো, 'ক্রশ-ড্যামস্' এবং কূপসমূহ। জীবিকা নির্বাহের হাতিয়ারসমূহ এবং কৃষিকাজে ব্যবহৃত সরঞ্জমাদিও এর অন্তর্ভুক্ত, যান-বাহন এবং যোগাযোগও এর অন্তর্ভুক্ত।

প্রাকৃতিক সম্পদসমূহের ক্যাটাগরীর সঙ্গে বাহ্যিক সম্পদসমূহের প্রবেশও একটি জটিল পরিস্থিতির সৃষ্টি করতে পারে ঃ থিওরী অনুযায়ী ঘূর্ণঝড়ের আশ্রয়কেন্দ্র  একটি শক্তিশালী সম্পদ, কিন্তু বাস্তবে তা দ্রুত পরিপূর্ণ হয়ে যেতে পারে অথবা তাতে শুধুমাত্র বিশেষ এক সামাজিক শ্রেণীর মানুষেরই প্রবেশাধিকার থাকতে পারে।

**অর্থনৈতিক সম্পদসমূহ** অর্থনৈতিক সম্পদসমূহের মধ্যে রয়েছে পারিবারিক আয়, জীবিকা এবং পেশাসমূহ যা থেকে অর্থ-কড়ির রোজগার হয়ে থাকে। দৃষ্টান্তস্বরূপ, দুর্যোগের সময়গুলোতে পরিবারে যখন নগদ অর্থের প্রয়োজন হয়, তখন গৃহপালিত পশুসমূহ এবং গহনাগাটি বিক্রি করে সে প্রয়োজন মিটানো যায়। চাকুরীর বেতন, অস্থায়ী রোজগার, সঙ্গে সঙ্গে বিদেশ থেকে আসা টাকা-পয়সা এই ক্যাটাগরীতে পড়ে। সঞ্চয় এবং লাভ করাও গুরুত্বপূর্ণ।

প্রবেশাধিকারের প্রশ্ন এবং নিয়ন্ত্রণসমূহও এই ক্যাটাগরীতে বিদ্যমান। প্রায় ক্ষেত্রেই, যে লোকেরা অর্থকড়িকে নিয়ন্ত্রণ করে - কিন্তু অধিকাংশ ক্ষেত্রে তারা তা সঠিকভাবে ব্যবহার করে না। যাদের হাতে নিয়ন্ত্রণের ক্ষমতা নেই- বিশেষ করে নারীরা, তারা এর ফলস্বরূপ অধিকতর নাজুক বা দুর্বল হয়ে পড়ে।

## ৩.৩ PADR এর সম্ভাবনা বা স্কোপ
## Scope of PADR

প্রধানতঃ এ বিষয়টি মূল্যায়নের জন্যে প্রণয়ন করা হয়েছে যাতে প্রাকৃতিক বিপর্যয়সমূহের সঙ্গে সম্পৃক্ত হবার ঝুঁকি রয়েছে, যেমন - বন্যা, খরা, ভূমিকম্প অথবা দাবানলসমূহ। এটি এমন স্থানগুলোতে সবচেয়ে বেশী কার্যকর যেখানে একটি বিপর্যয় সুপরিচিত ঘটনা এবং ঘন ঘন তা ঘটে থাকে, যেমন বাংলাদেশে নদ-নদী প্লাবিত হয়ে বন্যার সৃষ্টি হয় অথবা কেনিয়ার উত্তরাঞ্চলে খরার প্রাদুর্ভাব ঘটে।

এটি সেই অঞ্চলসমূহের জন্যেও একটি উত্তম হাতিয়াররূপে ব্যবহার করা যেতে পারে যেখানে আবহাওয়ার সঙ্গে সম্পর্কযুক্ত দুর্যোগের ঝুঁকি বিদ্যমান থাকে। PADR অতীতে সংঘটিত দুর্যোগসমূহের প্রকৃতি এবং প্রভাবের দিকে দৃষ্টিপাত করে, এবং সেই প্রবণতার প্রতি নজর রাখে (এর পুনরাবির্ভাবের সময় এবং তীব্রতা সম্পর্কে) যা ভবিষ্যতে দুর্যোগ সম্পর্কে আগাম বার্তা দিতে সাহায্য করে থাকে। জনগোষ্ঠীর কর্ম পরিকল্পনা এই দুর্যোগের পটভূমিকা পরিবর্তনের ক্ষেত্রে ভূমিকা রেখে থাকে।

PADR সেই সমস্ত অঞ্চলগুলোর জন্যেও ব্যবহৃত হতে পারে যে এলাকাগুলোতে অনুষ্ঠিত প্রধান বিপর্যয়সমূহ 'মনুষ্য-নির্মিত', দৃষ্টান্তস্বরূপ ১৯৮৪ খ্রীষ্টাব্দে ভারতের ভূপালে জনগোষ্ঠীর উপর সংঘটিত মারাত্মক গ্যাস নির্গমনজনিত দুর্ঘটনা, অথবা বস্তিসমূহে অগ্নিকান্ডের দুর্ঘটনাসমূহ।

যাহোক, PADR - এর সেই সমস্ত পরিস্থিতিগুলোতে কিছু কিছু সীমাবদ্ধতা রয়েছে যেখানে দ্বন্দ্ব বা নানাবিধ বিরোধজনিত বিপর্যয়গুলো প্রবল এবং যে কারণে সাধারণ মানুষের নিরাপত্তা হুমকির সম্মুখীন হয়। এটি কখনও কখনও সেই সমস্ত বিরোধপূর্ণ এলাকাগুলোতে ব্যবহৃত হয় (যেমন - শ্রীলঙ্কায়), কিন্তু ঐ 'বিপর্যয়কে' সংজ্ঞায়িত করা হয়েছে 'বোমা বিস্ফোরণ' অথবা 'ল্যান্ড মাইন বিস্ফোরণ' জনিত দুর্ঘটনারূপে, সেক্ষেত্রে টুল্ বা হাতিয়ারের কিছু কিছু অংশ ব্যবহার করা যায়।

তবে ব্যাপক বিরোধজনিত পরিস্থিতিসমূহে অন্যান্য টুল্ বা হাতিয়ারগুলো পাওয়া যায় (৯.৪ সেক্শন দেখুন)।

PADR সেই এলাকাগুলোতেও ব্যবহার করা যায় যেখানে জনগোষ্ঠী কম অভিজ্ঞতাসম্পন্ন, এবং কম বার সৃষ্ট বিরোধজনিত ঘটনার সম্মুখীন হয়ে থাকে। অনুরূপ অবস্থাগুলোতে, দ্বন্দ্ব বা বিরোধ একটি অতিরিক্ত দুর্বলতার কারণ উপস্থাপন করে থাকে যাতে লোকেরা জলের, জ্বালানীকাঠের অথবা 'খাদ্যাভাবের' সম্মুখীন হয়ে থাকে। অনুরূপ জনগোষ্ঠীর একটি প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা করার সামর্থ্য হ্রাস পেয়ে থাকে।

PADR সেই অঞ্চলগুলোর দুর্বলতাসমূহ প্রকাশের একটি প্রয়োজনীয় বা উপকারী হাতিয়ার হিসেবে পরিচিতি লাভ করতে পারে যেখানে HIV সংক্রমণের হার উচ্চ পর্যায়ের। যে লোকের HIV-তে আক্রান্ত তারা এবং তাদের পরিবারবর্গ, প্রাকৃতিক দুর্যোগসমূহের প্রতি অধিক পরিমাণে দুর্বল। HIV-তে আক্রান্ত লোকজনের কর্ম ক্ষমতা হ্রাস পেতে পারে অথবা তারা কম কৃষিকাজ করতে পারে। ওষুধপত্র কেনা এবং চিকিৎসা ব্যয়ের কারণে, পরিবারের উপর মারাত্মক অর্থনৈতিক চাপ পড়ে থাকে। এর একটি ফলস্বরূপ, পরিবারের সক্ষমতা কমে যায় এবং তারা বন্যা, খরা অথবা অন্যান্য বিপর্যয়ের বাড়তি চাপ সহ্য করতে অক্ষম হয়ে থাকে।

## ৩.৪ PADR -এর ধাপগুলো
## Steps of PADR

PADR একটি বহুমুখী ধাপবিশিষ্ট প্রক্রিয়া, যা শুরু হয় দল এবং জনগোষ্ঠীর প্রস্তুতির সঙ্গে সঙ্গে, এবং সমাপ্ত হয় ঝুঁকি হ্রাসের পরিকল্পনাসমূহের উন্নয়ন এবং বাস্তবায়নের সঙ্গে। পাঁচটি ধাপ হল ঃ

ধাপ ১ প্রস্তুতি

ধাপ ২ বিপর্যয় মূল্যায়ন

ধাপ ৩ দুর্বলতা এবং সামর্থ্য মূল্যায়ন

ধাপ ৪ সাংঘাতিক চাপসমূহ এবং অন্তর্নিহিত কারণসমূহ

ধাপ ৫ ঝুঁকি হ্রাসের পরিকল্পনা

### ধাপ ১ প্রস্তুতি
PREPARATION

এর অন্তর্ভুক্ত সহায়ক দলের (facilation team) প্রশিক্ষণ এবং সুসজ্জীভূতকরণ এবং মূল্যায়নের প্রস্তুতির জন্যে জনগোষ্ঠীর কৃতকার্য। দলের এ বিষয় জানা প্রয়োজন যে কিভাবে এই প্রক্রিয়া ব্যবহার করতে হয় এবং কিভাবে জনগোষ্ঠীকে সহায়তা দান করা যায়। তাদের অংশীদারিত্বমূলক হাতিয়ারগুলো সম্পর্কেও কিছু জ্ঞান লাভ করা প্রয়োজন যেগুলো প্রায়ই জনগোষ্ঠীর উন্নয়নে এবং সম্ভাব্য কার্যাবলী অনুধাবন করতে ব্যবহৃত হয় যা একটি জনগোষ্ঠী ঐ এলাকাগুলোতে ঝুঁকিসমূহ হ্রাসের ক্ষেত্রে ব্যবহার করতে পারে।

জনগোষ্ঠীর মধ্যে বিভিন্ন আইনগত ব্যবস্থাদি গ্রহণ করার প্রয়োজন হয়, যেগুলোর অন্তর্গত স্টাফ এবং জনগোষ্ঠীর নেতৃবর্গের সঙ্গে যোগাযোগ বা লিঁয়াজো স্থাপন করা, এবং জনগোষ্ঠীর সদস্য/সদস্যাগণের এ প্রক্রিয়ায় অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করা। সেকশন ৪-এ এ বিষয়ে বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে।

### ধাপ - ২ বিপর্যয় মূল্যায়ন
HAZARD ASSESSMENT

এই ধাপটি প্রধানতঃ জনগোষ্ঠীর মধ্যে সম্পাদন করা হয় এবং এর অন্তর্গত হচ্ছে প্রধান প্রধান দুর্যোগের এবং ঐ দুর্যোগসমূহের তীব্রতা শনাক্তকরণ। এর প্রবণতাসমূহের মূল্যায়ন গুরুত্বপূর্ণ, আবার এমন কিছু কিছু দুর্যোগ রয়েছে যেগুলো বার বার আবির্ভূত হচ্ছে এবং তার তীব্রতাও বেড়ে যাচ্ছে-সেগুলোরও মূল্যায়ন গুরুত্বপূর্ণ। দ্বিতীয় ধাপের তথ্য যেমন জলবায়ুর

রেকর্ড সরবরাহ করা অতিরিক্ত তথ্য হিসেবে মূল্যবান।

বিপর্যয়ের মূল্যায়ন সেই ভৌগলিক এলাকাকে চিহ্নিত করে যা দুর্যোগের দ্বারা আক্রান্ত হয়ে থাকে, এতে দুর্যোগের সময় চিহ্নিত করা হয় এবং ঐ দুর্যোগের পূর্বে কোন সতর্কবাণী করা হয়েছে কি না সে বিষয়ে উল্লেখ করা হয়। সেকশন ৫-এ এ বিষয়ে আরও বিস্তারিত বিবরণ পাওয়া যায়।

## ধাপ ৩ দুর্বলতা এবং সামর্থ্য মূল্যায়ন (VCA)

VULNERABILITY AND CAPACITY ASSESSMENT (VCA)

দুর্বলতা এবং সাফল্যসমূহের মূল্যায়ন একত্রে জনগোষ্ঠীর লক্ষ্যকৃত দলগুলোর সঙ্গে এবং প্রধান প্রধান তথ্য প্রদানকারীদের সঙ্গে সাক্ষাৎকারের ভিত্তিতে আলাপ-আলোচনার মধ্য দিয়ে সম্পাদিত হয়ে থাকে। সমাজ বা জনগোষ্ঠীর জীবনের একটি বিষয় তুলে ধরার জন্যে উপযুক্ত প্রশ্নাবলী পূর্বেই প্রস্তুত করতে হবে। বিষয়গুলো হল - মানবসংক্রান্ত, সামাজিক, প্রাকৃতিক, দৈহিক এবং অর্থনৈতিক।

প্রশ্নসমূহের সঙ্গে সঙ্গে, অংশীদারিত্বমূলক টুলস বা হাতিয়ারসমূহ পূর্বেই অনুশীলন করতে হবে এবং লক্ষ্যকৃত দলগুলোর আগ্রহ এবং অংশগ্রহণ যেন সুষ্ঠু হয় সে দিকে লক্ষ্য রাখতে হবে। বিভিন্নভাবে জনগোষ্ঠীকে প্রদর্শন করলে দুর্বলতা এবং সামর্থ্যসমূহ উভয় সম্পর্কেই জনগোষ্ঠীর বোধগম্যতা দারুণভাবে বৃদ্ধিলাভ করবে। এই টুলস্ বা হাতিয়ারগুলো জরুরী অবস্থাসমূহের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সাহায্য করবে - দৃষ্টান্তস্বরূপ, মানচিত্রগুলো সহজপ্রাপ্য নিরাপদ স্থানগুলো এবং সুযোগ-সুবিধাগুলো প্রদর্শন করবে। VCA ৬ নং বিভাগে এ সম্পর্কে পরিপূর্ণ ধারনা পাওয়া যাবে।

## ধাপ ৪ প্রচন্ড চাপসমূহ এবং নিহিত কারণসমূহ

DYNAMIC PRESSURES AND UNDERLYING CAUSES

একটি জনগোষ্ঠীর মধ্যে কার্যরত নির্দিষ্ট শক্তিশালী বা প্রচন্ড চাপ এবং এতে নিহিত কারণসমূহ নির্ণয় করা যথেষ্ট কঠিন ঃ যে লোকেরা একটি সংস্কৃতির মধ্যে বসবাস করছে তাদের পক্ষে সর্বদা বিশ্বাসসমূহ, মূল্যবোধসমূহ এবং প্রক্রিয়াসমূহ দেখা সম্ভব হয় না যা এর মধ্যে বিরাজ করছে। সামাজিক কাঠামোসমূহ, সরকারী নীতি এবং কার্যক্রমসমূহ, হয়তো বা আবিষ্কার করা সহজতর।

এই ধাপে অধিকাংশ তথ্য আসে প্রধান প্রধান তথ্য সরবরাহকারীদের কাছ থেকে, লক্ষ্যকৃত দলগুলোতে প্রায়ই উক্তিগুলোর বিশ্লেষণ বা ব্যাখ্যা করা হয়ে থাকে। পালক/পুরোহিতগণ, স্কুলের শিক্ষক-শিক্ষিকাগণ এবং সরকারী কর্মকর্তাগণ উৎসের তথ্যসমূহের জন্যে অত্যন্ত প্রয়োজনীয় উৎস। এ বিষয়ে আরও বিস্তারিত বিবরণের জন্যে বিভাগ ৭ দেখুন।

## ধাপ ৫ ঝুঁকি হ্রাসের পরিকল্পনা

RISK REDUCTION PLANNING

PADR - এর প্রোডাক্ট -এর শেষে একটি জনগোষ্ঠীতে ১-৪ নং ধাপগুলোর উপর ভিত্তি করে ঝুঁকি নিরসনের প্রক্রিয়া সম্পাদন করা হয়েছে। একটি সময়-সীমার মধ্যে নির্দিষ্ট কার্যাবলী শনাক্ত করা হয় যা দুর্যোগের ঝুঁকিসমূহ হ্রাস করতে পারে, দুর্বলতাসমূহ হ্রাস করতে পারে অথবা সামর্থ্যসমূহ বৃদ্ধি করতে পারে।

এই পরিকল্পনার মধ্যে অনিবার্যভাবে তিন ধরণের কার্যাবলী রয়েছে ঃ

- জনগোষ্ঠী তাদের নিজস্ব সম্পদসমূহ ব্যবহার করার জন্যে যাদের ব্যবহার করতে পারে।
- একটি এনজিও-র জ্ঞান এবং সম্পদসমূহ সংগ্রহ করার জন্যে যাদের মধ্যস্তকারী হওয়া প্রয়োজন।
- ক্ষমতাশালীদের পরিবর্তিত করার জন্যে চাপ প্রয়োগার্থে যাদের অন্তর্ভুক্ত করা যেতে পারে (অর্থাৎ - অ্যাডভোকেসী বা পরামর্শ দান)।

ঝুঁকি হ্রাসের পরিকল্পনার জন্যে নেতৃত্ব এবং জনগোষ্ঠীর মধ্যে নির্দিষ্ট লোকদের মধ্যে দায়িত্ব অর্পণ করা প্রয়োজন। এ বিষয়টি অবশ্যই নিয়মিতভাবে পুনরালোচনা এবং নবায়ন করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত জানার জন্যে ৮ নং বিভাগ দেখুন।

# ধাপ ১ঃ প্রস্তুতি
# Step 1 Preparation

একটি উত্তম জনগোষ্ঠী স্তরের ঝুঁকি মূল্যায়নের (PADR) মূল বিষয় হল উত্তমভাবে প্রস্তুতি গ্রহণ করা। প্রস্তুতি অবশ্যই মূল্যায়িত দলের সঙ্গে এবং লক্ষ্যকৃত জনগোষ্ঠীর সঙ্গে সম্পাদন করতে হবে।

## ৪.১ দলকে প্রস্তুতকরণ
## Preparing the team

দলের সকল সদস্য/সদস্যাগণ জনগোষ্ঠীর সঙ্গে মিটিংগুলোতে যা করছে এবং তার উদ্দেশ্য সম্পর্কে তারা সম্পূর্ণভাবে অনুধাবন করতে পারছে কি না সে বিষয়ে নিশ্চয়তা বিধান করতে হবে। এ বিষয় নিশ্চিত করুন যে জনগোষ্ঠীর সঙ্গে মিটিং করতে যাবার পূর্বে দলের সকল বিষয় মূল্যায়নের জন্যে একত্রে পরিকল্পনা করার মত যথেষ্ট সময় আছে কিনা। দলের সদস্য/সদস্যাদের প্রক্রিয়ায় জনগোষ্ঠীর সর্বোচ্চ অংশগ্রহণের লক্ষ্য নিয়ে সহায়তা প্রদানের জন্যে দক্ষতাসমূহের উন্নয়ন করা প্রয়োজন।

### সহায়তা প্রদানের দক্ষতাসমূহ
### Facilitation skills

প্রক্রিয়ার লক্ষ্য হল বিপর্যয়, দুর্বলতাসমূহ এবং সামর্থ্যসমূহের বিষয়ে লোকদের বুঝার ক্ষমতাকে বৃদ্ধি দান করা, এবং তাদের পরিস্থিতির উন্নয়নের জন্যে যথাযথ সমাধানকল্পে উন্নতিকরণের জন্যে তাদের সক্ষম করে তোলা। ফ্যাসিলিটেটরদের স্থানীয় লোকদের কাছ থেকে তথ্য বের করার এবং তার প্রেক্ষিতে তাদের জন্যে সিদ্ধান্তসমূহ গ্রহণ করার প্রলোভন এড়িয়ে যাওয়া উচিত, কিন্তু তারা যেন নিজেরাই তাদের নিজেদের বিপর্যয়ের ঝুঁকি হ্রাস করতে পারে সেজন্যে তাদের শক্তিযুক্ত করতে লক্ষ্য স্থির করা প্রয়োজন। ফ্যাসিলিটেটরদের ঝুঁকি সম্পর্কে লোকদের লিঙ্গগত, ধন-সম্পত্তি, বয়স, শিক্ষা, জীবন যাপনের ধরণ এবং সমাজে তাদের পদমর্যাদা ইত্যাদির উপর ভিত্তি করে অত্যন্ত ভিন্ন প্রকারের ধারণা থাকতে পারে । একটি খোলা মন থাকা উচিত এবং জনগোষ্ঠীর কাছ থেকে এ সমস্ত ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গীসমূহ বের করে আনা প্রয়োজন। একটি সাধারণ এবং দলের সকলের একমতবিশিষ্ট দৃষ্টিভঙ্গী লাভ করা কঠিন বলে পরিগণিত হতে পারে।

নীচে কিছু কিছু প্রধান নীতিমালা প্রদান করা হল যেগুলো এ বিষয়ে নিশ্চিত হতে সাহায্য করবে যে ঐ প্রক্রিয়া আরও মসৃণভাবে চলছে এবং প্রক্রিয়ার স্থানীয় মালিকানা এবং উপজাতকে বা 'প্রোডাক্টকে' অনুপ্রাণিত করা হয়েছে। ঐ নীতিমালাগুলো হল ঃ

- PADR-এর উদ্দেশ্য পরিষ্কারভাবে বর্ণনা করা উচিত, এবং শুরুতেই জনগোষ্ঠীর স্বার্থের বিষয়ে সচেতনতা থাকা প্রয়োজন।
- সেই প্রত্যাশাসমূহ হ্রাস করতে চেষ্টা করুন যেগুলো উদারমনা এনজিওগুলো PADR - এর একটি ফল হিসেবে প্রদান করার বিষয়ে আশ্বাস দিয়ে থাকে; প্রক্রিয়া হল জনগোষ্ঠীর আরও বেশী আত্ম-নির্ভরশীলতাকে বৃদ্ধিদান করা এবং বাইরের সাহায্য নেবার বিষয়টি হ্রাস করা।
- মর্যাদার সঙ্গে প্রক্রিয়া চালিয়ে যাওয়া প্রয়োজন, দল বা গ্রুপের সদস্য/সদস্যাদের কথা গুরুত্বের সঙ্গে শোনা উচিত এবং তাদের প্রতিটি অবদানের জন্যে প্রশংসা করা উচিত।
- মূল্যায়নের প্রক্রিয়া এর ফলাফলের মতই সমভাবে গুরুত্বপূর্ণ। প্রক্রিয়ায় অংশগ্রহণের বিষয়টি সম্পর্কে সময় দিতে অনুপ্রাণিত করুন।
- লক্ষ্যকৃত দলগুলোর সঙ্গে মিটিংসমূহের শুরুতেই উৎসাহদানকারী বিষয়গুলো বা 'আইস্-ব্রেকারস্' লোকদেরকে ফ্যাসিলিটেটরদের সঙ্গে এবং অন্যান্য লোকজনের সঙ্গে স্বাচ্ছন্দ্যবোধ করতে সাহায্য করতে পারে।
- আলোচনা করতে উৎসাহিত করার জন্যে বিভিন্ন প্রশ্ন করার সুযোগ দেওয়া উচিত। যাহোক, এ বিষয় নিশ্চিত করতে হবে যেন আলোচনা মূল উদ্দেশ্য থেকে বিচ্ছিন্ন হয়ে না যায়।

- স্বাক্ষরতা বা লেখাপড়া জানার বিষয়টি ততটা গুরুত্বপূর্ণ নয়। অংশগ্রহণকারী হাতিয়ার বা টুল্‌সগুলো যারা লেখাপড়া জানে না তাদেরকে তথ্য সংগ্রহে এবং বিশ্লেষণে সক্ষম করে তোলে; হাতে আঁকা ছবি অথবা স্থানীয়ভাবে তোলা ফটোগুলোও অত্যন্ত সাহায্যকারী বলে পরিগণিত হতে পারে।
- সংবেদনশীল বিষয়গুলো সতর্কভাবে এবং যথাযথভাবে বিবেচনা করতে হবে।

উত্তম সহায়তা প্রদানের (facilitation) বিষয়ে নীচে কিছু টিপস্ প্রদান করা হল ঃ

দলগত 'ফ্যাসিলিটেশন' -এর উপরে 'টপ্ টিপস্'

| করুন | করবেন না |
|---|---|
| ভূমিকা দেওয়ার এবং ব্যাখ্যা দেওয়ার জন্যে সময় দিন | শিক্ষাদান |
| সকল দৃষ্টিভঙ্গী / মতামতের বিষয়ে সম্মান দেখান | দ্রুতগতিতে প্রক্রিয়া চালানোতে অগ্রসর হবেন না |
| দেখুন, শুনুন, শিখুন এবং আগ্রহ দেখান | বক্তৃতা দিবেন না |
| অনুভূতি এবং সংস্কৃতির প্রতি সংবেদনশীল হোন | অবদানসমূহের বিষয়ে সমালোচনা করবেন না |
| প্রস্তুত থাকুন, কিন্তু নমনীয়তা প্রদর্শন করুন | বক্তাদেরকে বাধা দিবেন না |
| সৃষ্টিশীল হোন | আলোচনাসমূহে কর্তৃত্ব করবেন না |
| কৌতুক প্রদর্শন করুন | এমন ভাব দেখাবেন না যাতে একঘেয়ে লাগে |
| সমাজ বা জনগোষ্ঠীর সদস্য/সদস্যাগণকে পরিচালনার দায়িত্ব দিতে রাজী হোন | সাংস্কৃতিক মানদন্ড এড়িয়ে যাবেন না |
| প্রত্যেকের উদ্দেশে ধন্যবাদ জানিয়ে এবং প্রক্রিয়ার পরবর্তী পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সম্মতি জানিয়ে ভালভাবে সমাপ্ত করুন | লোকদের চিন্তাধারা শুনে হাসবেন না |
| | মোবাইল ফোন ব্যবহার করবেন না |

## অংশগ্রহণ
## Participation

মূল্যায়ন এমন একটি অংশগ্রহণকারী বিষয়ের উপর ভিত্তি করে চালিত হয়ে থাকে, যেন তা জনগোষ্ঠীর মধ্যকার সকলের কণ্ঠস্বর শ্রবণের বিষয় নিশ্চিত করে। জনগোষ্ঠীর মধ্যকার অধিক কথা বলা প্রবীণ সদস্য/সদস্যাগণের অথবা নেতৃবর্গের প্রায়ই দলগত কার্যে কর্তৃত্ব করার প্রবণতা থাকে। এ বিষয় অবশ্যই নিশ্চিত করতে হবে যেন দলের প্রত্যেক ব্যক্তি তাদের মূল্যবান মতামত প্রকাশ করার সুযোগ পায়, যা পরিশেষে জনগোষ্ঠীর দুর্যোগের ঝুঁকি ব্যবস্থাপনায় সংযোজিত হয়। এ বিষয়টি সম্পাদনার জন্যে কয়েকটি সহজ উপায় বা পন্থা রয়েছে - দৃষ্টান্তস্বরূপ, যদি অল্প কিছুসংখ্যক লোকেরা অনুরূপ কর্তৃত্ব করে, অথবা সকলে একই সময়ে কথা বলে, তবে আলোচনার সময়ে একটি কাঠি (অথবা কোন উপযুক্ত বস্তু) ব্যবহার করুন। এই কাঠি বা বস্তুটি সেই ব্যক্তিকে প্রদান করুন - যে সেটি তার হাতে রাখবে এবং কথা বলবে, তারপর সে সেটি সেই ব্যক্তিকে প্রদান করবে যে তার পরে কথা বলবে। এমনি করে যে ব্যক্তি ঐ কাঠি বা বস্তুটিকে ধরে থাকবে - শুধুমাত্র সে ব্যক্তিই কথা বলতে পারবে।

# ৪.২ অংশগ্রহণকারী হাতিয়ারসমূহ
## Participatory tools

দুর্যোগের ঝুঁকি সম্পর্কে জনগোষ্ঠীর মধ্যে ব্যবহার করার জন্যে বিভিন্ন অংশগ্রহণকারী হাতিয়ারগুলো পাওয়া যায়। এই হাতিয়ারগুলো অধিকসংখ্যক লোকের জন্যে অন্তর্ভুক্ত হতে এবং প্রায়ই তা সমাধানসমূহের জন্যে এবং সমস্যাদি সম্পর্কে সাহায্যকারী আলাপ-আলোচনার দিকে পরিচালিত হয়ে থাকে। এই হাতিয়ার বা টুলস্‌গুলোকে মানচিত্র তৈরী করতে, দলকে পুরুষ এবং নারী হিসেবে শ্রেণীভাগ করতে এবং 'সিজনাল ক্যালেন্ডার' তৈরী করতে ব্যবহার করার চিন্তা করা উত্তম, সঙ্গে সঙ্গে ঝুঁকি সম্পর্কে তাদের কর্মবিধি বা নীতি এবং প্রাধান্যসমূহ ভিন্ন হতে পারে


**অংশগ্রহণকারী টুল্‌স বা হাতিয়ারগুলো কিভাবে ব্যবহার করতে হবে**

নীচের দু'টো পৃষ্ঠায় প্রতিটি টুল্ বা হাতিয়ার সম্পর্কে আরও বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে, এবং এর সঙ্গে আরও টুল্‌গুলো ব্যবহার করাও উপকারী হতে পারে

| টুল্ / হাতিয়ার | PADR -এর কোন্ ধাপসমূহ? | উদ্দেশ্য |
|---|---|---|
| জনগোষ্ঠীর মানচিত্র প্রণয়ন | ধাপ ২ ঃ বিপর্যয় মূল্যায়ন<br>ধাপ ৩ ঃ দুর্বলতা এবং সাফল্য মূল্যায়ন<br>ধাপ ৫ ঃ ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনাসমূহ | দালান-কোঠাসমূহ, কাঠামোসমূহ এবং প্রাকৃতিক সম্পদসমূহ প্রদর্শন<br>দুর্যোগে ক্ষতিগ্রস্ত এলাকাসমূহ এবং সম্পদসমূহ প্রদর্শন<br>সেই সামর্থ্যসমূহ প্রদর্শন যে বিষয়গুলো বিপর্যয়ের দ্বারা ক্ষতিগ্রস্ত হয় নি<br>নিরাপদ স্থানগুলো শনাক্তকরণ এবং অনিশ্চিত পরিকল্পনাসমূহের জন্যে নিরাপদ নিস্কৃতির বিষয়ে বর্ণনা |
| শ্রেণী ভাগ / শ্রেণী বিন্যাস | ধাপ ২ ঃ বিপর্যয় মূল্যায়ন<br>ধাপ ৩ ঃ দুর্বলতা এবং সামর্থ্য মূল্যায়ন<br>ধাপ ৫ ঃ ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনাসমূহ | এ বিষয় স্থির করা যে কোন্ বিপর্যয় অথবা ঝুঁকির কোন প্রভাব জনগোষ্ঠীর জন্যে সর্বাধিক গুরুত্বপূর্ণ<br>এ বিষয় প্রদর্শন করা যে কোন্ প্রাকৃতিক সম্পদগুলো সর্বাধিক গুরুত্বপূর্ণ<br>লোকদেরকে এ বিষয়ে একমত হতে সাহায্য করা যে কোন্ দুর্বলতাকে অগ্রাধিকার দিতে হবে এবং প্রথম পরিকল্পনায় কোন্‌টি চিহ্নিত করতে হবে |
| সময়সীমা | ধাপ ২ ঃ বিপর্যয় মূল্যায়ন<br>ধাপ ৫ ঃ ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনাসমূহ | স্থানীয় দুর্যোগের ঘটনাবলীর ইতিহাস প্রদর্শন করা<br>বিপর্যয়ের ধরণের প্রবণতাসমূহের অথবা কোন কোন পরিবর্তনসমূহের ঝুঁকি, প্রাদুর্ভাব বা আর্দ্রতা শনাক্ত করা, ভবিষ্যতের জন্যে কোন ক্লু বা সংকেত প্রদান করা<br>ঝুঁকি ব্যবস্থাপনা কার্যক্রমে জনগোষ্ঠীকে পরিকল্পনা করতে সাহায্য করা |
| সিজনাল ক্যালেন্ডার | ধাপ ২ ঃ ঝুঁকির মূল্যায়ন<br>ধাপ ৩ ঃ দুর্বলতা এবং সামর্থ্য মূল্যায়ন<br>ধাপ ৫ ঃ ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনাসমূহ | বছরের সেই নির্দিষ্ট সময়গুলো প্রদর্শন যখন দুর্যোগসমূহ এবং জীবিকার কার্যক্রমসমূহ সংঘটিত হয়, এবং কোন কোন কার্যাবলী সবচেয়ে ঝুঁকি প্রবণ<br>বছরের সেই নিরাপদ ঋতু বা কালসমূহ এবং অন্যান্য জীবিকার জন্যে পূর্ণভাবে ব্যবহার করা হয়ে থাকে |
| ভেন্ (Venn) ডায়াগ্রাম | ধাপ ৩ ঃ দুর্বলতা এবং সামর্থ্য মূল্যায়ন<br>ধাপ ৫ ঃ ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনাসমূহ | বিভিন্ন সামাজিক দলগুলোর একটি দর্শনযোগ্য উপস্থাপন, তাদের সম্পর্কিত গুরুত্বের প্রদর্শন এবং তাদের মধ্যকার সম্পর্কসমূহ<br>কম ব্যবহৃত দলগুলো শনাক্তকরণ যাদের সামর্থ্য রয়েছে<br>সেই দলগুলো শনাক্তকরণ যাদের একটি কাঠামোগত পরিবর্তনে প্রভাব বিস্তার করার প্রয়োজন থাকতে পারে অথবা এমন এক প্রক্রিয়া যা সমাজে প্রভাব বিস্তার করে থাকে (একটি শক্তিশালী চাপ) |
| হেঁটে হেঁটে পরিদর্শন করা (Transect walk) | ধাপ ৩ ঃ দুর্বলতা এবং সামর্থ্য মূল্যায়ন | সমাজের বা জনগোষ্ঠীর সামর্থ্য এবং দুর্বলতাসমূহের বিষয়ে অতিরিক্ত তথ্য সংগ্রহ করা |

## সময়কাল
**TIMELINE**

এটি সেই দুর্যোগসমূহ সম্পর্কে তথ্য সংগ্রহের জন্যে ব্যবহৃত হয় যা অতীতে সংঘটিত হয়েছে, এবং দৃশ্যমান প্রবণতাসমূহ ব্যবহার করে, ভবিষ্যতে সংঘটিতব্য দুর্যোগসমূহের বিষয়ে ভবিষ্যত বা আগাম বার্তা প্রদান করা হয়। 'বেইজ লাইনের' উপরে বিন্দু দ্বারা প্রদর্শিত লাইনগুলোর উচ্চতা দ্বারা প্রদর্শন করা হয় যে সেই বিপর্যয় কতটা তীব্র ছিল।




## হেঁটে হেঁটে তথ্য সংগ্রহ করা
**TRANSECT WALK**

এটি একটি এলাকার মধ্য দিয়ে হেঁটে হেঁটে বিভিন্ন তথ্যাদি সংগ্রহের জন্যে পরিকল্পনা করাঃ যেমন - ভূমির ব্যবহার, দালানকোঠা, অর্থনৈতিক কার্যাবলী এবং প্রাকৃতিক সম্পদসমূহ ইত্যাদি নিরীক্ষণ করা। বিভিন্ন প্রশ্নাদি জিজ্ঞেস করুন এবং নোট নিন। ছবি তোলার পূর্বে অনুমতি নিন।



## পল্লীগীতিসমূহ, গল্পসমূহ এবং কবিতা
**FOLK SONGS, STORIES, POETRY**


সমাজ বা জনগোষ্ঠীকে জিজ্ঞেস করুন যে দুর্যোগসমূহের বিষয়ে তাদের কোন ঐতিহ্যবাহী গান, গল্প, কবিতা অথবা প্রবাদ বাক্য আছে কি না। এগুলো স্বদেশীয় বা স্থানীয় জ্ঞানবুদ্ধি, বিশ্বাস এবং অনুশীলনসমূহ সম্পর্কে প্রকাশ করতে পারে।

## শ্রেণী বিন্যাস করা
**Ranking**

শ্রেণী বিন্যাস করা বা র‍্যাঙ্কিং হচ্ছে সেই টুল্ বা হাতিয়ার যা এক দল মানুষের কাছে কোন্ বিপর্যয় কি ধরণের প্রভাব ফেলে অথবা কোন্ ধরণের কার্যাবলীকে সর্বাধিক অগ্রাধিকার দিতে হবে তা নির্ণয় করার জন্যে ব্যবহৃত হয়। শ্রেণী বিন্যাস বা র‍্যাঙ্কিং একটি দলের প্রত্যেক সভ্য/সভ্যাদেরকে তাদের নিজ নিজ মতামত প্রকাশ করার বিষয়ে অনুমোদন দিয়ে থাকে। প্রত্যেক ব্যক্তির ভোট সমভাবে গুরুত্বপূর্ণ।

শ্রেণী বিন্যাস বা র‍্যাঙ্কিং করা যায় ভিন্ন ভিন্ন কাগজের টুক্‌রোগুলোতে বা মাটির উপরে মনোনয়নগুলো (choice) লিখে বা সেগুলো সম্পর্কে ছবি এঁকে। প্রত্যেক ব্যক্তিকে ছয়টি করে পাথরের টুক্‌রো (অথবা বীজ অথবা বোতলের ছিপি) প্রদান করতে হবে এবং তাদেরকে সেগুলো তাদের প্রাধান্য অনুযায়ী বন্টন করতে হবে। তারা ৩টি পাথরকে তাদের প্রথম মনোনয়ন হিসেবে, ২টিকে তাদের দ্বিতীয় মনোনয়ন হিসেবে এবং ১টিকে তাদের তৃতীয় মনোনয়ন হিসেবে রাখবে। ছবিতে, দলের সদস্য/সদস্যাগণকে এ বিষয় স্থির করার জন্যে ভোট দিবে যে কোন্ বিপর্যয় তাদের উপর সবচেয়ে বড় প্রভাব ফেলে থাকে।


এই পদ্ধতির একটি বৈচিত্র্য বা ভিন্নতা হল ৬টি কাগজের ব্যাগের উপরে তাদের মনোনয়নগুলো লেখা বা অঙ্কন করা। তারপর মনোনয়নের ভিত্তিতে পাথরের টুকরোগুলো ব্যাগের মধ্যে রাখতে হবে। যখন আপনি গোপনে ভোট দিতে চান তখন এ পদ্ধতিটি কার্যকর বলে পরিগণিত হবে। আর একটি পদ্ধতি হল মনোনয়নগুলো কয়েকটি কার্ডের উপরে লেখা বা অঙ্কন করা, এক্ষেত্রে কার্ডগুলো দলের লোকদের মধ্যে বিলি করতে হবে এবং সেগুলোর উপর তাদের অগ্রাধিকারগুলো লিখতে বলতে হবে, সবার উপরে সর্বোচ্চ অগ্রাধিকার লিখতে বলতে হবে।



## ভেন ডায়াগ্রাম

**VENN DIAGRAM**

এটি জনগোষ্ঠীর মধ্যে সামাজিক দলসমূহ এবং প্রতিষ্ঠানসমূহকে, সেগুলোর আকার এবং দলের উপর তার প্রভাব এবং তাদের মধ্যকার সম্পর্কসমূহ প্রদর্শন করে থাকে।




## নাটিকা

**DRAMA**

একটি নাটিকা অথবা মূকাভিনয় ব্যবহার করে জনগোষ্ঠীর সদস্য/সদস্যাগণ একটি দুর্যোগ চলাকালে যা ঘটে তা প্রদর্শন করতে পারে। অংশগ্রহণের বিষয়ে জোর দেওয়ার জন্যে প্রয়োজনীয় স্কেচগুলো টিয়ারফান্ডের অন্যান্য রিসোর্সগুলো থেকে এবং দৃষ্টান্ত থেকে পাওয়া যায় (দৃষ্টান্তস্বরূপ - 'নদীপার হওয়া' এবং 'আগুন জ্বালানো' - এগুলো জনগোষ্ঠীকে অনুপ্রাণিত করার 'পিলার' হিসেবে ব্যবহৃত হয়েছে)।



*Map drawn by women in Banda Aceh.*

*Paul Venton / Tearfund*

## মানচিত্র তৈরী করা

**MAPPING**

এটি জনগোষ্ঠীর প্রধান প্রধান বিষয়গুলো এবং ভূমির সীমানাগুলো একটি মানচিত্রের আকারে অঙ্কনের অন্তর্ভুক্ত। এই মানচিত্রের অন্তর্ভুক্ত হল ঘর-বাড়ি, জনগোষ্ঠীর সুযোগ-সুবিধাসমূহ, রাস্তা-ঘাট, সেতুসমূহ এবং প্রাকৃতিক সম্পদসমূহ। বিপর্যয়সমূহের দ্বারা যে এলাকাগুলো ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলো চিহ্নিত করুন এবং একটি জরুরী প্রয়োজনের জন্যে প্রধান প্রধান রিসোর্স বা সম্পদসমূহের অবস্থান শনাক্ত করুন। কাঠি, পাথর, ডাল-পালা ইত্যাদি দিয়ে মাটির উপরে অথবা চক্‌ ব্যবহার করে একটি ব্ল্যাকবোর্ডে অথবা মার্কার পেন দিয়ে বড় এক খন্ড কাগজের উপরে মানচিত্রগুলো অঙ্কন করা যায়।

| | | জানুঃ | ফেব্রুঃ | মার্চ | এপ্রিল | মে | জুন | জুলাই | আগস্ট | সেপ্টেঃ | অক্টোঃ | নভেঃ | ডিসেঃ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিপর্যয় | বন্যা | | | | | | | | | | | | |
| | ভূমিধ্বস | | | | | | | | | | | | |
| | ম্যালেরিয়া | | | | | | | | | | | | |
| কার্যক্রম | চাষাবাদ | | | | | | | | | | | | |
| | ধান রোপণ | | | | | | | | | | | | |
| | বিবাহ | | | | | | | | | | | | |
| | ধান কাটা | | | | | | | | | | | | |
| | শাক্‌সব্জী | | | | | | | | | | | | |
| | স্থানান্তর | | | | | | | | | | | | |
| | হস্তশিল্প | | | | | | | | | | | | |

## সিজনাল ক্যালেন্ডার

**SEASONAL CALENDAR**

এটি প্রদর্শন করে যে কখন দুর্যোগসমূহ সংঘটিত হয়েছে এবং কখন অন্যান্য বিশেষ বিশেষ ঘটনাসমূহ সংঘটিত হয়েছে। এটি সেই কার্যাবলী প্রদর্শন করে যেগুলো ঝুঁকির সময়ে সর্বাধিক কার্যকর এবং তা "নিরাপদ" কাল বা সময়গুলোর বিষয়ে প্রদর্শন করে। যদি সম্ভব হয় তবে স্থানীয় ক্যালেন্ডারের মাসগুলো ব্যবহার করুন।

## ৪.৩ লক্ষ্যকৃত দলের সঙ্গে আলোচনা এবং সাক্ষাৎকারসমূহের জন্যে প্রস্তুতি

## Preparing for the focus group discussions and interviews

লক্ষ্যকৃত দলের আলোচনাসমূহ PADR - অনুশীলনের সর্বাধিক গুরুত্বপূর্ণ অংশ, এটি দলকে স্থানীয় দুর্যোগসমূহ সম্পর্কে দুর্বলতাসমূহ এবং সামর্থ্যসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনায় প্রবেশ করতে অনুমোদন দিয়ে থাকে। এ প্রক্রিয়া প্রশ্নপত্রসমূহ এবং অংশগ্রহণকারী টুলস্ বা হাতিয়ারসমূহের উপর সম্মিলিতভাবে নির্ভর করে - উপরে দেখুন। লক্ষ্যকৃত দলগুলো আগেই গঠন করা উচিত, এবং তা ১২-১৫ জন লোকের সমন্বয়ে গঠিত হওয়া প্রয়োজন। কমপক্ষে দু'টো দলের প্রয়োজন রয়েছে (একটি পুরুষদের, একটি নারীদের), কিন্তু বৃহত্তরভাবে, নানাবিধ লোকদের সমন্বয়ে গঠিত জনগোষ্ঠীকে অন্যান্য দলে বিভক্ত করা যেতে পারে যেন সংখ্যালঘুরা বা প্রান্তিক শ্রেণীর লোকেরা একটি উচ্চীকৃত কণ্ঠস্বর লাভ করতে পারে।

নিম্নোক্ত ব্যক্তিবর্গের এর অন্তর্ভুক্ত হবার সম্ভাবনা রয়েছে ঃ

- বয়স্ক লোকেরা
- তরুণেরা এবং শিশুরা
- পেশাজীবী দলসমূহ
- বিভিন্ন কমিটিসমূহ বা সামাজিক দলসমূহ যেমন মহিলা সেভিংস এন্ড ক্রেডিট গ্রুপস্ অথবা পুরুষ কৃষকদের ক্লাবসমূহ
- সংখ্যালঘু জাতিসত্তা অথবা ধর্মীয় দলসমূহ।

এই বিভিন্ন দলগুলোর প্রত্যেকের জনগোষ্ঠী সম্পর্কে ধারণা রয়েছে এবং বিপর্যয়সমূহ, দুর্বলতাসমূহ এবং সামর্থ্যসমূহ সম্পর্কে বিভিন্ন বোধগম্যতা রয়েছে। মিশ্র দলগুলো গঠন করার চিন্তা যথার্থ নয়, কারণ তাতে বয়োজ্যেষ্ঠদের অথবা আরও বেশী ক্ষমতাশালীদের আলোচনাসমূহে আরও বেশী কর্তৃত্ব করার সুযোগ রয়েছে।

ফ্যাসিলিটেটরদের এবং তাঁদের দলগুলোর প্রস্তুতি গ্রহণের এবং সেই প্রশ্নগুলো সম্পূর্ণভাবে বুঝার প্রয়োজন রয়েছে যেগুলো তারা দলগুলোকে জিজ্ঞেস করবে। একজন অনুবাদকেরও প্রয়োজন থাকতে পারে, এবং স্থানীয় ভাষায় যথাযথভাবে প্রশ্ন জিজ্ঞেস করা প্রয়োজন। ফ্যাসিলিটেটরের এই প্রশ্নগুলো প্রস্তুত করা প্রয়োজন, কিন্তু জনগোষ্ঠী যে সমস্ত বিষয়গুলো বলবে, সেগুলো শুনতে এবং তাতে সাড়াদান করতেও নমনীয় থাকা প্রয়োজন। এ বিষয় নিশ্চিত করার জন্যে প্রতিটি ক্ষেত্রে এ প্রশ্নগুলো করা প্রয়োজন যেগুলো স্থানীয় পরিস্থিতির সঙ্গে প্রাসঙ্গিক এবং দুর্যোগের সঙ্গে সম্পর্কযুক্ত। প্রশ্নগুলোর দৃষ্টান্তসমূহ ৮৫ পৃষ্ঠার পরিশিষ্ট ক-তে দেওয়া হয়েছে যেগুলো লক্ষ্যকৃত দলের সঙ্গে আলোচনায় ব্যবহার করা যেতে পারে; সাক্ষাৎকারের জন্যে প্রশ্নগুলোর নমুনা পাওয়া যায় ৭.৩ বিভাগে।

অংশগ্রহণকারী টুল্ বা হাতিয়ারগুলোও সুপরিকল্পিত হওয়া প্রয়োজন। জনগোষ্ঠীর মধ্যে যাবার পূর্বেই দলের এই সিদ্ধান্তে উপনীত হওয়া প্রয়োজন যে তারা কোন্ টুলস্ বা হাতিয়ারগুলো ব্যবহার করতে যাচ্ছে এবং তারা কখন সেগুলো ব্যবহার করবে। বাস্তব প্রস্তুতিসমূহও হয়তোবা প্রয়োজনীয়, যেমন - র‍্যাঙ্কিং এক্সারসাইজগুলো করার জন্যে কাগজ ও মার্কার পেনগুলো সংগ্রহ করা অথবা ছোট ছোট পাথর অথবা বীজ সংগ্রহ করা।

এ বিষয় সম্পর্কে সুপারিশ করা হল যেন প্রত্যেকটি লক্ষ্যক্যৃত দলের আলোচনা কমপক্ষে এক ঘন্টা স্থায়ী হয়, কিন্তু যেন তা দু'ঘন্টার বেশী না হয়, অন্যথায় লোকেরা আগ্রহ হারাতে শুরু করবে। প্রতিটি দল প্রক্রিয়ার PADR বিষয়বস্তু আলোচনা সমাপ্ত করার জন্যে কমপক্ষে তিনবার মিলিত হবে। কোন কোন ব্যক্তি দলকে কিছু হাল্কা খাবার বা পানীয় দেবার বিষয়ে চিন্তা করে থাকেন। সেগুলোর মধ্যে থাকতে পারে স্থানীয় জনপ্রিয় হাল্কা নাস্তা, মিষ্টি বা পানীয়। দলের অন্যান্যরাও একই ধরণের খাবার খেতে পারেন।




*A men's focus group in Assam, India, draws a map of the community on the ground using sticks, stones and seeds.*

লক্ষ্যকৃত দলের সঙ্গে আলোচনাসমূহে PADR -এর অন্তর্ভুক্তি যাঁরা নেতৃত্বে রয়েছেন অথবা সমাজে বা জনগোষ্ঠীতে যাঁরা প্রভাবশালী তাঁদের সাক্ষাৎকার গ্রহণ করা প্রয়োজন। তাদের বলা হয় প্রধান তথ্য সরবরাহকারী এবং তাঁদের অন্তর্ভুক্ত রয়েছেন ঃ

- সরকারী কর্মকর্তাগণ
- সমাজের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ
- স্কুল শিক্ষক-শিক্ষিকাগণ/প্রধান শিক্ষক-শিক্ষিকাগণ
- চিকিৎসকগণ
- স্ত্রীলোকদের দলীয় নেত্রীগণ
- ধর্মীয় নেতৃবর্গ
- জাতিসংঘের (UN) কর্মীগণ
- অন্যান্য এনজিও স্টাফগণ

প্রস্তুতির অংশ হল সমাজে বা জনগোষ্ঠীতে উপযুক্ত ব্যক্তিবর্গকে শনাক্ত করা এবং মিটিংসমূহ আয়োজন করা।

মনে রাখুন যে প্রধান তথ্য সরবরাহকারীদের নিজেদের দৃষ্টিভঙ্গী এবং অভিজ্ঞতা রয়েছে, এবং এ বিষয়ে তাদের ব্যক্তিগত কৌতুহল থাকতে পারে। এই ব্যক্তিবর্গের মতামত লক্ষ্যকৃত দলের সঙ্গে তুলনা করা প্রয়োজন যেন সহায়তাকারী দল জনগোষ্ঠীর মধ্যে বিষয়গুলো যতদূর সম্ভব তত দূর অনুধাবন করতে পারে।

মূলতঃ, প্রধান তথ্য সরবরাহকারীগণ লক্ষ্যকৃত দলের অন্তর্ভুক্ত হবেন না। যদি দলের সদস্য/সদস্যাগণের সংখ্যা যথেষ্ট থাকে, তবে অন্যেরা যখন লক্ষ্যকৃত দলের সঙ্গে আলোচনা করতে থাকেন, তখন একটি সাক্ষাৎকার গ্রহণ করা যেতে পারে। প্রধান তথ্য সরবরাহকারীদের জন্যে যথোপযুক্ত প্রশ্নাবলী ৭.৩ নং বিভাগে প্রদান করা হয়েছে।

## ৪.৪ দলীয় ভূমিকা এবং দায়িত্ব ও কর্তব্যসমূহ
## Team roles and responsibilities

দলের সদস্য/সদস্যাদের মধ্যে বিভিন্ন দায়িত্ব বিতরণ করুন যেন প্রত্যেকে এ বিষয়ে পরিষ্কার থাকে যে তাদের মধ্যে কে কোন্ দায়িত্ব পালন করবে। একজন স্থানীয় কর্মকর্তাকে অথবা জনগোষ্ঠীর একজন প্রতিনিধিকে (যেমন একজন শিক্ষক বা শিক্ষিকাকে) দলের একজন সদস্য/সদস্যা হবার জন্যে আমন্ত্রণ করার বিষয়ে বিবেচনা করুন। তাদের জন্যে প্রস্তাবিত ভূমিকাগুলো হল ঃ

**প্রধান বা মুখ্য ফ্যাসিলিটেটর** - তাঁর ভূমিকা বা দায়িত্ব হল প্রয়োজন অনুযায়ী প্রশ্নাবলী জিজ্ঞেস করা এবং নতুন নতুন বিষয়গুলোর দিকে আলোচনা চালিয়ে নিয়ে দলকে পরিচালনা দান করা। ফ্যাসিলিটেটরের সমগ্র প্রক্রিয়া সম্পর্কে অত্যন্ত পরিষ্কার ধারণা থাকা বাঞ্ছনীয়, তাঁকে দিক-নির্দেশনা এবং কার্যবিধি বজায় রাখতে হবে, এবং তাঁকে দলসমূহকে পরিচালিত করার জন্যে অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।

**সহকারী ফ্যাসিলিটেটর (অথবা প্রয়োজন হলে অনুবাদক)** - যেখানে প্রয়োজন সেখানে দলকে পরিচালনার বিষয়ে ফ্যাসিলিটেটরকে সাহায্য করা, যেমন - প্রশ্নগুলো দলের কাছে অস্পষ্ট হলে তাদেরকে তা বুঝিয়ে দেওয়া, অথবা অংশীদারিত্বমূলক টুল্স বা হাতিয়ারগুলো যোগানোর বিষয়ে সাহায্য করা।

**রেকর্ড গ্রহণ এবং সংরক্ষণকারী** - তাঁর দায়িত্ব হল প্রশ্নসমূহের উত্তর লিপিবদ্ধ করা এবং যে কোন মানচিত্রের, সিজনাল ক্যালেন্ডারসমূহের, ভেন্ ডায়াগ্রামগুলোর অথবা র‍্যাঙ্কিং অনুশীলনগুলোর কপিগুলো সংরক্ষণ করা।

**লজিস্টিক্স্ কো-অর্ডিনেটর** - তাঁর দায়িত্ব হবে জনগোষ্ঠীর সঙ্গে বাস্তব আয়োজনসমূহের ব্যবস্থা সম্পাদনা করা, এর অন্তর্ভুক্ত হলো সময় এবং স্থানসমূহের, বিভিন্ন সরঞ্জামাদি সরবরাহের ব্যবস্থা করা - যেমন চেয়ার বা ম্যাট্স্, এবং পানীয় সহ অন্যান্য জিনিস-পত্রের আয়োজন করা। সেই পুরুষ/নারী মিটিংগুলোর সময় সংরক্ষণের জন্যেও দায়িত্বপ্রাপ্ত।

## ৪.৫ তথ্যের অন্যান্য উৎসসমূহ
## Other sources of information

এলাকার বিষয়ে তথ্যের অন্যান্য উৎসসমূহও পাওয়া যায়। দৃষ্টান্তস্বরূপ, স্থানীয় সরকারের পরিসংখ্যানসমূহ, বস্তুগত তথ্যাদি, স্থানীয় CBOs' অথবা NGOগুলোর রেকর্ডসমূহ, রিপোর্টসমূহ এবং মূল্যায়নসমূহ প্রয়োজনীয় হতে পারে। এই উৎসসমূহ থেকে সাম্প্রতিক তথ্য লাভ করার জন্যে কিছু সময় লাগতে পারে কিন্তু তা অত্যন্ত মূল্যবান, এটি একটি নিখুঁত চিত্র নির্মাণ করার জন্যে এবং ঝুঁকির সম্মুখীন হবার জন্যে জনগোষ্ঠীকে সাহায্য করবে। স্থানীয় সরকারী কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ তাদেরকে প্রক্রিয়ায় জড়িত হবার বিষয়ে সাহায্য করে, সঙ্গে সঙ্গে তা 'অফিসিয়াল ডেটা' বা তথ্য সংগ্রহে সাহায্য করে থাকে।

## ৪.৬ সমাজ বা জনগোষ্ঠীকে প্রস্তুতকরণ
## Preparing the community

জনগোষ্ঠীর সঙ্গে PADR -র একটি পরিকল্পনা বাস্তবায়নের জন্যে জনগোষ্ঠীর সঙ্গে পরামর্শ করতে হবে, বিশেষ করে নেতৃবর্গের সঙ্গে একটি ঝুঁকির ব্যবস্থাপনা পরিকল্পনার একটি সফল মূল্যায়ন এবং বাস্তবায়নের জন্যে প্রক্রিয়া সম্পর্কে তাদের বোধগম্যতা এবং মালিকানা অত্যন্ত গুরুত্বপূর্ণ। যতদূর সম্ভব ততদূর একটি সরকারের সমর্থন লাভ করাও গুরুত্বপূর্ণ, এবং সে জন্যে যথাযথভাবে যে কোন অনুমোদন লাভ করাও গুরুত্বপূর্ণ।

### প্রত্যাশাসমূহ
**Expectations**

PADR -এর উদ্দেশ্য সম্পর্কে অবশ্যই স্পষ্ট ব্যাখ্যা করতে হবে, এরূপে ঐ জনগোষ্ঠীকে PADR প্রক্রিয়ার বাস্তব প্রত্যাশাসমূহের উন্নয়ন ঘটাতে হবে। কোন কোন জনগোষ্ঠীর একটি ত্রাণের উপর নির্ভরশীল মনোভাব রয়েছে, বিশেষ করে একটি দুর্যোগের পরবর্তী পরিস্থিতিসমূহে যখন যথেষ্ট পরিমাণ খাদ্যদ্রব্য সাহায্যরূপে বিতরণ করা হয়ে থাকে। সে সময়ে ফ্যাসিলিটেটরদের জনগোষ্ঠীর সামর্থ্যসমূহের সঙ্গে সঙ্গে তাদের নাজুকতা বা দুর্বলতাসমূহ চিহ্নিত করার জন্যে PADR -এর উপর জোর দেওয়া দরকার।

প্রক্রিয়ার এবং বিভিন্ন মানচিত্রের, টুলস্ বা হাতিয়ারসমূহের কার্য পরিকল্পনাসমূহের মালিকানা জনগোষ্ঠীসমূহের মধ্যে থাকা বাঞ্ছনীয়। এ প্রক্রিয়া এনজিওসমূহের দ্বারা পরিচালিত প্রয়োজনসমূহ মূল্যায়নের অনুশীলনের মত জনগোষ্ঠীর জন্যে বস্তুসামগ্রী অথবা সম্পদসমূহের (রিসোর্সেস) মত একই প্রকারের নয়।

### লক্ষ্যকৃত দলসমূহের সময় এবং অবস্থান
### Timing and location of focus groups

খামারের কার্য অথবা খাদ্য প্রস্তুতের সঙ্গে সংঘাতসমূহ এড়িয়ে যাবার জন্যে, প্রতিটি লক্ষ্যকৃত দলের জন্যে অবশ্যই একটি উপযুক্ত সময় বেছে নিতে হবে। বাজারের উৎসবসমূহের অথবা বিয়ের দিনগুলো বাদ দিয়ে একটি উপযুক্ত দিন বেছে নিন।

সাক্ষাতের জন্যে এমন একটি স্থান বেছে নিন যেখানে লোকেরা মিলিত হতে স্বাচ্ছন্দ্য বোধ করে এবং সে স্থানটি তুলনামূলকাবে নিরিবিলি হলে ভাল এবং যেখানে তুলনামূলকভাবে যথেষ্ট জায়গা রয়েছে। বাইরে একটি ছায়াময় স্থানে ঐ মিটিং করা গেলে ভাল, কিন্তু সেখানে 'প্রাইভেসী' থাকাও প্রয়োজন। মহিলাদের সঙ্গে ছোট ছোট ছেলেমেয়েদের উপস্থিত থাকার বিষয় প্রত্যাশা করা উচিত, তাই বাচ্চাদের নিয়ে মায়েরা যাতে অংশগ্রহণ করতে পারে সে বিষয়ে লক্ষ্য রাখা প্রয়োজন।

### চেক্‌লিস্ট
### Checklist

জনগোষ্ঠীর কাছে যাবার পূর্বে আপনি কি নিম্নোক্ত ধাপগুলো সম্পূর্ণ করেছেন ?

- লক্ষ্যকৃত দলের সঙ্গে মিটিংয়ে যাবার পূর্বে নিম্নোক্ত প্রধান প্রধান বিষয়গুলোর আয়োজন করা প্রয়োজন (সময়, স্থান, লোকজনকে নিমন্ত্রণ করা ইত্যাদি)।
- যানবাহন এবং নাস্তা বা হাল্‌কা খাবারের ব্যবস্থা করা।
- দলকে প্রশিক্ষণ দেওয়া এবং দলের উপাদানসমূহের সরবরাহ করা ও অংশগ্রহণকারী হাতিয়ারসমূহ যোগানের ব্যবস্থা করা।
- দলের ভূমিকাসমূহ বন্টন করা এবং মিটিংসমূহের উদ্দেশ্যসমূহের বিষয়ে সদস্য/সদস্যাদের স্পষ্ট ধারণা প্রদান করা।
- দলের জন্যে প্রশ্নপত্রগুলো প্রস্তুত করতে হবে এবং জানতে হবে যে কিভাবে স্থানীয় ভাষায় তাদের কাছে প্রশ্ন জিজ্ঞেস করতে হবে।
- প্রয়োজন হলে অনুবাদের ব্যবস্থা করতে হবে।
- অংশগ্রহণকারী হাতিয়ারসমূহের জন্যে বিষয়গুলোর প্রাপ্যতা
- বিকল্প উৎসসমূহ থেকে সংগৃহীত তথ্য।

## ৪.৭ PADR এবং জেন্ডার
## PADR and Gender

সংবেদনশীলভাবে এবং সুনির্দিষ্টভাবে ঝুঁকি মূল্যায়নের প্রক্রিয়ায় লৈঙ্গিক বিষয়গুলো (gender issue) নির্ণয় করা গুরুত্বপূর্ণ। নারীদের দুর্বলতাসমূহ এবং সামর্থ্যসমূহ নির্ণয় করাই শুধুমাত্র প্রয়োজনীয় নয়, কিন্তু ঝুঁকি হ্রাসের বিষয়টি নিশ্চিত করার সঙ্গে সঙ্গে পুরুষদের, স্ত্রীলোকদের এবং শিশুদের নিরাপত্তা বৃদ্ধি করাও সমভাবে গুরুত্বপূর্ণ।

ভারত মহাসাগরে সুনামী চলাকালে এবং ১৯৯১ খ্রীষ্টাব্দে ঘূর্ণিঝড়ের সময়ে পুরুষদের চেয়ে অধিক সংখ্যক নারীরা মৃত্যুবরণ করেছে, এর শুধুমাত্র কারণ কোন কোন সংস্কৃতিতে মেয়েদের সাঁতার কাটাকে উৎসাহিত করা হয় না। একটি উত্তম ঝুঁকি নির্ণয় প্রক্রিয়া এ জাতীয় বিষয়গুলো শনাক্ত করবে। প্রস্তুতির পর্যায়ে নিম্নোক্ত তালিকা প্রক্রিয়াকে পূর্ণভাবে 'লৈঙ্গিক বৈশিষ্ট্যমূলক' (gender inclusive) করতে সাহায্য করতে পারে ।

- মিটিংয়ের জন্যে সেই সময় এবং স্থানগুলো নির্ধারণ করুন যখন মহিলারা সেগুলোতে যোগদান করতে পারে, যখন তারা ব্যস্ত থাকে সেই সময়গুলো এড়িয়ে চলুন, দৃষ্টান্তস্বরূপ - যখন মহিলারা রান্না-বান্না করে বা পানি আনতে যায়।

- ভিন্ন ভিন্ন পুরুষ ও নারীদের লক্ষ্যকৃত দলগুলোর আয়োজন করুন, এটি এমন একটি স্থানে করুন যেখানে অন্যান্য দলগুলো থেকে প্রাইভেসী বজায় থাকে।

- যেখানে সম্ভব সেখানে মহিলাদের দলের জন্যে একজন মহিলা ফ্যাসিলিটেটর নিয়োগ করুন, যিনি ঐ দলকে আরও ভালভাবে বুঝতে পারবেন এবং মহিলাদের প্রতি আরও সৌহার্দ্যপূর্ণ ব্যবহার করতে পারবেন।

- এ বিষয়টি নিশ্চিত করুন যেন নোট গ্রহণকারী বা রেকর্ড সংরক্ষণকারী এমনভাবে PADR -এর ফলাফল রেকর্ড করে যেন তা পুরুষদের ও নারীদের ঝুঁকিসমূহ, দুর্বলতাসমূহ এবং সামর্থ্যসমূহ ভিন্ন ভিন্নভাবে প্রদর্শিত হয়।

- এ বিষয়টি নিশ্চিত করুন যেন নারীদের সনাতনী বা ঐতিহ্যবাহী জ্ঞান এবং পূর্বধারণা বিশ্লেষণের অন্তর্ভুক্ত হয়।

- যখন পূর্ববর্তী দুর্যোগসমূহের প্রভাবের তথ্য সংগ্রহ করা হয়, তখন সেই সংখ্যাগুলো বজায় রাখার জন্যে চেষ্টা করুন যেগুলো পুরুষ এবং নারীদের মৃত্যুর এবং ক্ষয়-ক্ষতির সংখ্যাগুলো থেকে পৃথক।

- প্রধান প্রধান উপাদানগুলো নির্বাচনের জন্যে নারীদের এবং সঙ্গে সঙ্গে পুরুষদের সাক্ষাৎকার নেয়ার বিষয় চিন্তা করুন - দৃষ্টান্তস্বরূপ, এদের মধ্যে থাকতে পারে নারী দলের নেত্রীগণ অথবা নারী শিক্ষিকাগণ।

- প্রক্রিয়ার কোন পর্যায়ে একটি লিঙ্গভিত্তিক বিশ্লেষণ সম্পন্ন করুন, যেন জনগোষ্ঠীর স্তরে লিঙ্গভিত্তিক বৈষম্য নির্ণয় করা যায় (লিঙ্গভিত্তিক বিশ্লেষণ সম্পাদনের জন্যে আরও তথ্যের জন্যে দেখুন *Good practice Guide*)।

**এই বিষয়ের উপর আরও তথ্য পাবার জন্যে নিম্নোক্ত প্রকাশনাসমূহ ব্যবহারের জন্যে সুপারিশ করা হল**

ISDR 2009: *Making Disaster Risk Reduction Gender Sensitive: policy and practical guidelines.*

ISDR 2008: *Gender Perspectives: Integrating Disaster Risk Reduction into Climate Change Adaptation.*

Tearfund *Good Practice Guide on Conflict Sensitivity*, especially framework on page 16.

http://tilz.tearfund.org/webdocs/Tilz/Topics/DMT/GPG%20Gender%20Sensitivity.pdf

# ধাপ ২ ঃ বিপর্যয় বা ঝুঁকির মূল্যায়ন
# Step 2: Hazard assessment

PADR -এর দ্বিতীয় ধাপে সেই বিপর্যয়গুলোর তদন্ত করা হয় লোকেরা স্থানীয় এলাকাগুলোতে যেগুলো তদন্ত করে থাকে। আমাদের এ বিষয়ে নিশ্চিত হবার জন্যে এগুলোর দিকে বিস্তারিতভাবে লক্ষ্য করা উচিত যেন আমরা প্রধান বিপর্যয় সম্পর্কে এবং অন্যান্যগুলো সম্পর্কে অনুধাবন করতে পারি যা জনগোষ্ঠীকে প্রভাবিত করতে পারে - বর্তমান এবং ভবিষ্যৎ উভয় সময়েই। অনেক দেশে গুরুত্বপূর্ণভাবে জলবায়ুর পরিবর্তন সংঘটিত হচ্ছে, এরূপে আবহাওয়ার সঙ্গে সম্পর্কযুক্ত দুর্যোগসমূহেরও পরিবর্তন ঘটছে।

## ৫.১ বিপর্যয় বা ঝুঁকির ধরনসমূহ
## Types of hazard

বিশ্ব জুড়ে যে সাধারণ বিপর্যয়সমূহ ঘটে সেগুলো হলো ঃ

| জলবায়ু-সম্পর্কিত | পৃথিবী সম্পর্কিত / ভূতাত্ত্বিক | অন্যান্য | মানব-সংক্রান্ত |
|---|---|---|---|
| আবহাওয়া সংক্রান্ত<br>বন্যা - নদী অথবা উপকূলীয়<br>অতিরিক্ত বৃষ্টিপাতজনিত<br>খরা, মাটি ক্ষয়জনিত<br>ঘূর্ণিঝড়সমূহ (ভারত মহাসাগর / বঙ্গোপসাগার), হ্যরিকেনসমূহ (আটলান্টিক মহাসাগর / ক্যারিবীয়) অথবা টাইফুনসমূহ (প্রশান্ত মহাসাগর) এবং এর সঙ্গে ঝড়ের সম্ভাবনা<br>জলোচ্ছ্বাস, বন্যা এবং ভূমিধ্বস্<br>টর্নেডো<br>শিলাবৃষ্টি<br>তুষারপাত এবং বরফপাত<br>গড়ে বৃদ্ধি পাওয়া তাপপ্রবাহ<br>তাপমাত্রার হ্রাস / বৃদ্ধি<br>দাবানল | ভূমিকম্প, সম্ভাবনা সহ<br>সুনামী<br>আগ্নেয়গিরি<br>ভূমিধ্বস<br>নদী তীরের ক্ষয়/ নদী ভাঙ্গা | কীট-পতঙ্গাদির আক্রমণ<br>রোগ-ব্যাধি<br>মহামারী | শিল্প সংক্রান্ত দুর্ঘটনাসমূহ<br>দ্বন্দ্ব এবং জনগণসংক্রান্ত<br>অস্থিরতা / অস্থিতিশীলতা<br>গণ উচ্ছেদ<br>অগ্নিকান্ড |

সাধারণতঃ বিপর্যয়কে কেবলমাত্র শুধু একটি প্রাকৃতিক ঘটনা বলে বিবেচনা করা সম্ভব নয়; এর জন্যে সঙ্গে সঙ্গে গুরুত্বপূর্ণ মানবীয় কার্যাবলীও বিবেচনা করা প্রয়োজন। বিপর্যয়সমূহ 'প্রাকৃতিক' ঘটনাবলী হিসেবে প্রায়ই বর্ণনা করা হলেও তার সঙ্গে মানুষের কার্যাবলীর সম্পর্ক রয়েছে এবং ঐ কার্যাবলীর প্রভাবও তাকে আরও মারাত্মক করে তোলে। দৃষ্টান্তস্বরূপ, পরিবেশগত ক্ষতি যেমন - বনাঞ্চল উজারকরণ ভূমিধ্বস এবং বন্যাসমূহের আশঙ্কাকে বাড়িয়ে তোলে।

প্রাকৃতিক বিপর্যয়সমূহকে দ্রুতগতিসম্পন্ন এবং নিম্ন গতিসম্পন্ন হিসেবে বিভক্ত করা যায়। দ্রুতগতিসম্পন্ন বিপর্যয়সমূহের দৃষ্টান্ত হল ভূমিকম্প অথবা বন্যা যা সামান্য সতর্কবাণীসহ নদ-নদীর দু'কূল ছাপিয়ে হয়ে থাকে। ধীরগতিসম্পন্ন বিপর্যয়সমূহ একটি অপেক্ষাকৃত দীর্ঘ সময়ের পরে ঘটে থাকে এবং সে জন্যে প্রস্তুতি গ্রহণ করা সহজতর হয়। এর দৃষ্টান্তগুলো হলো খরা, কয়েক সপ্তা বা কয়েক মাসের বৃষ্টিপাতের ফলে তা ঘটে থাকে, ধীরগতিতে সমুদ্র তীরের মাটির লবণাক্ততা বৃদ্ধি পেয়ে থাকে।

# ৫.২ বিপর্যয় বা ঝুঁকি সমূহের মূল্যায়ন
## Assessing hazards

লক্ষ্যকৃত দলগুলোকে সহায়তা প্রদানের সবচেয়ে উত্তম উপায় হল বিশেষ বা নির্দিষ্ট যে বিপর্যয়গুলো তাদের অঞ্চলকে প্রভাবিত করে সেগুলো নিয়ে আলোচনা করা। যদি সেখানে একাধিক দুর্যোগ থাকে, তবে জনগোষ্ঠীর এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন যে কোন্‌টি সবচেয়ে বেশী গুরুত্বপূর্ণ।

জনগোষ্ঠী শুধুমাত্র সেই দুর্যোগগুলো সম্পর্কেই বর্ণনা করতে পারে যেগুলো অতীতে সংঘটিত হয়েছে। ভবিষ্যৎবাণীমূলক মূল্যায়নও ভবিষ্যৎকালের জন্যে প্রয়োজন। এখানে তথ্যের অতিরিক্ত উৎসসমূহ, বিশেষতঃ জলবায়ু পরিবর্তনমূলক বিজ্ঞানের ব্যবহারের প্রয়োজন রয়েছে।

দুর্যোগের মূল্যায়নের অন্তর্ভুক্ত হচ্ছে প্রধান প্রধান বিপর্যয়সমূহের প্রকৃতি এবং আচরণসমূহের একটি মূল্যায়ন, যা সমাজ বা জনগোষ্ঠী কর্তৃক গুরুত্বপূর্ণ বলে বিবেচিত। প্রশ্নাবলী জিজ্ঞেস করার জন্যে নিম্নোক্ত টেম্পলেটটি ব্যবহার করা যেতে পারে এবং দুর্যোগ মোকাবেলা করার জন্যে উত্তরগুলো রেকর্ড করা যেতে পারে। টিম্‌ বা দল কর্তৃক অতিরিক্ত প্রশ্নাবলী জিজ্ঞেস করা যেতে পারে, কিন্তু অতিরিক্ত সময় ব্যবহারের প্রলোভন এড়িয়ে চলুন ঃ সাধারণতঃ এজন্যে আধ ঘন্টা সময়ই যথেষ্ট।

| প্রশ্ন | উত্তর |
|---|---|
| ১। **ধরণ** - সাধারণতঃ কি কি ধরণের বিপর্যয় / দুর্যোগসমূহ আপনার জনগোষ্ঠীকে প্রভাবান্বিত করে? | |
| ২। **গুরুত্ব** - জনগোষ্ঠীর উপর প্রভাবের প্রেক্ষিতে আপনি কোন্‌ বিপর্যয়কে সবচেয়ে মারাত্মক বলে মনে করেন? (একটি শ্রেণীভাগের অনুশীলন করুন।) | |
| ৩। **ইতিহাস** - অতীতে কোন্‌ দুর্যোগের ঘটনা আপনার জনগোষ্ঠীর উপর প্রভাব বিস্তার করেছিল, এবং কখন তা হয়েছিল? | |

*সবচেয়ে মারাত্মক দুর্যোগের জন্যে ৪ -৯ নং প্রশ্নগুলোর উত্তর দিন*

| | |
|---|---|
| ৪। **পুনরাবির্ভাব** - কতটা ঘন ঘন এই বিপর্যয় সংঘটিত হয়? (যেমন - প্রতি বছর, তিন বছরে একবার ইত্যাদি)। এটি কি বার বার ঘটে? | |
| ৫। **তীব্রতা** - কিভাবে আপনি দুর্যোগের ভয়াবহতার পরিমাপ করতে পারেন? (যেমন - পানির গভীরতা, বাতাসের গতিবেগ, বৃষ্টিহীনতা, ক্ষয়-ক্ষতি)। একটি ভাল বছরে এবং একটি খারাপ বছরে আপনি কোন্‌ বিষয় দেখে থাকেন? | |
| ৬। **স্থায়িত্বকাল** - কতদিন / সময় ধরে বিপর্যয় স্থায়ী হয়ে থাকে? (ঘন্টা, দিন, সপ্তা)। বছরের পর বছর কি তা পরিবর্তিত হচ্ছে? | |
| ৭। **অবস্থান / এলাকা** - জনগোষ্ঠীর কোন্‌ অংশগুলো সবচেয়ে বেশী প্রভাবিত হয়েছে? (মানচিত্রে তা দেখানো যায়।) | |
| ৮। **চিহ্নাবলী** - ঐতিহ্যগতভাবে বা সরকারীভাবে কি কোন আগাম সতর্কবাণী দেওয়া হয়েছে? কত দ্রুত (অথবা ধীরে ধীরে) দুর্যোগের আবির্ভাব ঘটে থাকে? | |
| ৯। **প্রবণতাসমূহ** - দুর্যোগের ক্ষেত্রে এর পুনরাবির্ভাব, স্থায়িত্বকাল অথবা তীব্রতার দিক দিয়ে কি কি পরিবর্তন ঘটেছে? নতুন কোন দুর্যোগের কি আবির্ভাব ঘটেছে? | |


© TEARFUND 2010

প্রবণতার প্রেক্ষিতে, যেকোন নতুনভাবে আবির্ভূত দুর্যোগসমূহ সম্পর্কে লক্ষ্য রাখা গুরুত্বপূর্ণ, কারণ এগুলো জলবায়ু পরিবর্তনের ফল হিসেবে বা পরিণতিতে ঘটে থাকে। এটা সম্ভব যে এই নতুন নতুন আবির্ভাবগুলো আগামী বছরগুলোতে সর্বাধিক গুরুত্বপূর্ণ সমস্যা হিসেবে দেখা দিতে পারে। এগুলোর জন্যে অবশ্যই কার্য পরিকল্পনাসমূহ গ্রহণ করতে হবে।

সমাপ্তকৃত দুর্যোগের মূল্যায়নসমূহ নিম্নোক্ত ধরণের ঃ

ইথিওপিয়া থেকে দৃষ্টান্ত

| | |
|---|---|
| বিপর্যয়ের ধরণসমূহ | খরা, প্রায়ই কীট-পতঙ্গের আক্রমণ |
| সর্বাধিক গুরুত্বপূর্ণ | খরা |
| ইতিহাস | সবচেয়ে মারাত্মক খরা হয়েছিল ১৯৮০-র মাঝামাঝি সময়ে, তখন থেকে কিছুটা কম খরা হয়েছিল। |
| প্রাদুর্ভাব | প্রতি পাঁচ বছর পর পর দেখেছে। |
| তীব্রতা | ১৯৮০-র খরার প্রভাবে জনগণের মধ্যে অনেকের মৃত্যু হয়েছিল এবং লোকেরা স্থানান্তরিত হয়েছিল, অনেকে পশু-সম্পদ এবং ফসলাদি বিনষ্ট হওয়ার মন্দ প্রভাব পড়েছিল। |
| স্থায়িত্ব | এক থেকে তিন বছর |
| অবস্থান | সমগ্র স্থানীয় এলাকা এর দ্বারা প্রভাবিত হয়েছিল |
| এর অগ্রগতির দ্রুততা | দীর্ঘ কয়েক মাস ধরে কম বৃষ্টিপাত হয়েছিল |
| প্রবণতাসমূহ | কৃষকেরা বলে যে পূর্বের তুলনায় খরার ঘন ঘন প্রাদুর্ভাব হয় এবং বৃষ্টিপাত হয় অনেক অনিয়মিত এবং পূর্ব থেকে এ সম্পর্কে কম বলা যায়। |

আপনার বিপর্যয় মূল্যায়নে অন্যান্য তথ্যাবলীর উৎসসমূহের (৪.৫) তথ্য যুক্ত করুন। এই তথ্য কখনও কখনও অন্যান্য সংগঠন বা ব্যক্তিবর্গের কাছ থেকে সংগ্রহ করা যায় যারা কিছু দিনের জন্যে সেখানে কাজ করেছিল। তাদের দুর্যোগ-সম্পর্কিত প্রকল্পসমূহেও কাজ করার অভিজ্ঞতা থেকে মূল্যবান অন্তর্দৃষ্টিসমূহও সহভাগ করার ক্ষমতা থাকতে পারে। একটি উৎসের সঙ্গে অন্য উৎসগুলো মিলিয়ে দেখাও একটি গুরুত্বপূর্ণ নীতি।

জনগোষ্ঠীর নিজস্ব রেকর্ডসমূহের জন্যে বিপর্যয় সম্পর্কিত তথ্য গড়ে তোলার জন্যে আবহাওয়ার তথ্য সংগ্রহের জন্যে স্বল্প খরচের পথসমূহও রয়েছে। এর দৃষ্টান্তগুলোর অন্তর্ভুক্ত হচ্ছে একটি স্থানীয় স্কুল কর্তৃক তাপমাত্রা এবং বৃষ্টিপাতের পরিমাণ রেকর্ড করা।

বিপর্যয়সমূহ পরিমাপের অন্যান্য পথ বা উপায়সমূহের অন্তর্ভুক্ত হচ্ছে ঃ

| বিপর্যয়ের ধরণ | পরিমাণ নির্ধারণ |
|---|---|
| বন্যা | পানির গভীরতা (সর্বোচ্চ); পানির প্রবাহ; জলাবদ্ধতার স্থায়িত্ব; বৃষ্টিপাত |
| খরা | কত দিন / সপ্তা জুড়ে কোন বৃষ্টিপাত নেই; বৃষ্টিপাতের তথ্য |
| ঘূর্ণিঝড় | বাতাসের গতিবেগ (সর্বোচ্চ); বৃষ্টিপাতের তথ্য; গতিবেগ/চলার গতি পথ |
| ভূমিকম্প | রিখ্‌টার স্কেল |

# ৫.৩ জলবায়ু পরিবর্তন
# Climate change

জলবায়ুর পরিবর্তন জলবায়ু-সম্পর্কিত দুর্যোগসমূহের উপরে এক ক্রমবর্ধমানভাবে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলছে, এগুলোর মধ্যে রয়েছে বিশেষ করে বন্যা, ঘূর্ণিঝড় এবং খরা প্রভৃতি বিষয়াদি। প্রবল বন্যা, ঘূর্ণিঝড় অথবা খরার মত ঘটনাবলীর দিনের পর দিনব্যাপী সমস্যাগুলোর পিছনে রয়েছে ধীরগতিসম্পন্ন আবহাওয়া পরিবর্তনের ধরণসমূহ।

কোন কোন ক্ষেত্রসমূহে, স্থানীয় লোকেরা আবহাওয়ার ধরণগুলো পরিবর্তনের বিষয়ে যথেষ্ট সচেতন, যেমন সমুদ্র স্তরসমূহের বৃদ্ধি পাওয়া ইত্যাদি। অন্যান্য ক্ষেত্রগুলোতে, জনগোষ্ঠীর পূর্ব থেকে অজানা বিপর্যয়সমূহ নিয়মিতভাবে শুরু হতে পারে। জলবায়ু মূল্যায়নের পদ্ধতি (উপরে প্রদত্ত) প্রধানতঃ সেই বিপর্যয়গুলোর উপর ভিত্তি করে গঠিত হয়ে থাকে যেগুলো পূর্ব থেকে জানা এবং ভবিষ্যতের দুর্যোগসমূহ সম্পর্কে এগুলো নাও উত্থাপিত হতে পারে।

দুর্যোগের মূল্যায়ন প্রক্রিয়ার জন্যে, দলের নেতার অন্যান্য বিজ্ঞানভিত্তিক তথ্য, সঙ্গে সঙ্গে স্থানীয়ভাবেও তথ্যাবলী সংগ্রহে সক্ষম হতে হবে। অনুরূপ তথ্যাবলী বিপর্যয় মূল্যায়নের টেম্পলেটের 'ঝুঁকি'-র অন্তর্ভুক্ত হতে হবে এবং একই সময়ে তাতে দুর্বলতা এবং সক্ষমতা মূল্যায়নের অন্যান্য অভিজ্ঞতা সংযুক্ত থাকবে। এভাবে, এ পরিবর্তনগুলোর অবস্থাসমূহ অথবা আগত বিপর্যয়সমূহের মোকাবেলা করার জন্যে ভবিষ্যতের কার্যাবলীর পরিকল্পনা প্রণয়ন করা যাবে।

বিভিন্ন দেশসমূহের জলবায়ু পরিবর্তনের বিষয়ে আরও নির্দিষ্ট তথ্য খুঁজে বের করার জন্যে যথেষ্ট সংখ্যক পদ্ধতি রয়েছে। দুর্যোগসমূহের এবং দুর্যোগ-সম্পর্কিত ঝুঁকিসমূহের কাঙ্খিত পরিবর্তনগুলো বর্ণনা করার জন্যে অন্য দেশের জন্যে 'কান্ট্রী প্রোফাইলগুলো (CPs)' মিলিয়ে দেখা প্রয়োজন।

| উৎস | বর্ণনা | ওয়েবসাইট্ |
|---|---|---|
| ('টিয়ারফান্ড ক্লাইমেট কান্ট্রী প্রোফাইলস্') | এ প্রোফাইলগুলো সেই দেশগুলোর জন্যে সংগৃহীত যেখানে টিয়ারফান্ডের অংশীদারগণ কাজ করছেন। | http://tilz.tearfund.org/Topics/Environmental+Sustainability |
| শিক্ষামূলক কলা-কৌশল অভিযোজন | ' CPs ', তাপমাত্রা, বৃষ্টিপাত এবং জলবায়ু সংক্রান্ত বিপর্যয়ের ঝুঁকিসমূহ এবং এর প্রভাবসমূহের পরিবর্তনগুলো প্রদর্শন করে থাকে। | http://www.adaptationlearning.net/ |
| (ইউএনডিপি জলবায়ু পরিবর্তন-এর 'কান্ট্রী প্রোফাইলগুলো।' | বায়ান্নটি দেশের 'কান্ট্রী প্রোফাইলগুলো।' | http://country-profiles.geog.ox.ac.uk/ নির্দিষ্ট দেশের রিপোর্ট সম্পর্কে ক্লিক করুন |
| ওয়ার্ল্ড ব্যাঙ্ক-এর জলবায়ু পরিবর্তনের 'ডেটা পোর্টাল | এটি জলবায়ু পরিবর্তন সম্পর্কে বৈজ্ঞানিক তথ্য প্রদান করবে এবং তা অনুরূপ ধরণের প্রকল্প এবং অভিযোজনের প্রভাব সম্পর্কে বিস্তারিত বিবরণ প্রদান করে থাকে। | http://sdwebx.worldbank.org/climateportal/ |
| (জলবায়ু পরিবর্তনের প্রভাব | এই টুল্ বা হাতিয়ার ২০০৯ খ্রীষ্টাব্দের ডিসেম্বর মাসে কোপেনহেগেনে অনুষ্ঠিত হয়েছিল। এখানে সকল দেশের প্রোফাইলগুলো, কেস স্টাডীগুলো এবং জলবায়ু পরিবর্তনের টুল্ বা হাতিয়ারগুলোর অভিযোজন নিয়ে আলোচনা করা হয়েছিল। | http://climateonestop.net |

*CEDRA* -র ১৭ নং পৃষ্ঠায় জাতীয় সরকারের উৎসগুলোর তথ্যের তালিকা প্রদান করা হয়েছে।

# ধাপ ৩ ঃ দুর্বলতা এবং সামর্থ্যের মূল্যায়ন
# Step 3: Assessing vulnerability and capacity

যখন একটি দুর্বল জনগোষ্ঠীর উপর একটি বিপর্যয় আঘাত হানে তখন একটি দুর্যোগ সংঘটিত হয়ে থাকে। তখন জীবনের, জীবিকার, সহায়-সম্পদের এবং পরিবেশের ক্ষয়-ক্ষতি সাধিত হয়ে থাকে। এগুলোকে 'ঝুঁকির উপাদানসমূহ' বলে অভিহিত করা হয়ে থাকে।

PADR -এ, আমাদের বিপর্যয়ের প্রভাবের ডকুমেন্ট তৈরীর জন্যে ঝুঁকির এই উপাদানগুলোর প্রয়োজন রয়েছে, কিন্তু এ বিষয়ে আমাদের গভীরতর প্রশ্ন জিজ্ঞাস্য রয়েছে। এই বিপর্যয়ের কেন সম্ভাবনা ছিল - বায়ুপ্রবাহ, ভূমিকম্প অথবা জলপ্লাবন (ইত্যাদি) - এগুলোর মধ্যে কোন্গুলো বা কোন্টি খুব বেশী ক্ষতিসাধন করে থাকে? এই প্রশ্নের উত্তর আমাদেরকে জনগোষ্ঠীর দুর্বলতাসমূহ সম্পর্কে তথ্য প্রদান করে থাকে।

এই দুর্বলতাসমূহের সঙ্গে একটি দুর্যোগ কবলিত জনগোষ্ঠীর সর্বদা সামর্থ্যও রয়েছে - সেগুলো রয়েছে তাদের সমাজে, পরিবারে এবং ব্যক্তিগত স্তরগুলোতে। সুতরাং এ অধ্যায়টি সামর্থ্য অধ্যয়নের বিষয়েও সচেতন-জনগোষ্ঠীর শক্তি এবং সামর্থ্য মূল্যায়নের বিষয়েও বদ্ধপরিকর-সঙ্গে সঙ্গে এটি তাদের নাজুকতা এবং দুবর্লতাসমূহেরও মূল্যায়ন করে থাকে।

## ৬.১ প্রভাব এবং দুবর্লতা বা নাজুকতা
## Impact and vulnerability

নিম্নোক্ত দৃষ্টান্তগুলোর দ্বারা প্রভাব এবং দুর্বলতাসমূহের মধ্যকার সম্পর্ক নির্ণয় করা যায়, প্রথমতঃ আকস্মিক বন্যা, দ্বিতীয়তঃ খরা।

দৃষ্টান্ত ১
দুর্যোগ - আকস্মিক বন্যা

| ঝুঁকিতে উপাদানসমূহের উপর প্রভাব | সম্ভাব্য দুবর্লতাসমূহ যা এই প্রভাবকে অনুমোদন দিয়ে থাকে |
|---|---|
| ঘর-বাড়িগুলোর ক্ষয়-ক্ষতি | নদীর নিকটবর্তী ঘর-বাড়িসমূহ<br>দুর্বল ঘরের ডিজাইন বা দুর্বল ভিত্তিসমূহ<br>নিরাপত্তামূলক কোন দেওয়াল, বাঁধ বা গাছ-পালা নেই |
| কূপগুলোর দূষণ | কূপগুলোর অবস্থান নদীর ধারে<br>দূষিত হওয়া থেকে রক্ষিত হওয়ার জন্যে কূপগুলোর মুখ বন্ধ করা হয় নি বা যথাযথভাবে এর নিরাপত্তা বিধান করা হয় নি। |
| ফসলাদির ধ্বংস | চাষের জমিগুলোর অবস্থান নদীর ধারে, নীচু স্থানে<br>ফসলাদির বন্যা দ্বারা আক্রান্ত হবার পরিমাণ বৃদ্ধি<br>নিরাপত্তামূলক কোন দেওয়াল, বা গাছ-পালা নেই |
| প্রাকৃতিক দুর্যোগসমূহের দ্বারা ধ্বংসসাধন | জলবায়ু এবং পরিবেশগত পরিবর্তন এখন আরও মারাত্মক আকার ধারণ করেছে যা পূর্বেকার বিপর্যয় বা দুর্যোগসহিষ্ণু সম্পদসমূহেরও ক্ষতিসাধন করছে। |

দৃষ্টান্ত ২
বিপর্যয়
**খরা**

| ঝুঁকিতে উপাদানসমূহের উপর প্রভাব | সম্ভাব্য দুর্বলতাসমূহ যা এই প্রভাবকে অনুমোদন দিয়ে থাকে |
|---|---|
| স্বাস্থ্যগত সমস্যাবলী | স্বাস্থ্যগত জ্ঞানের অভাব<br>বিশুদ্ধ পানীয় জলের উৎসের অভাব |
| মাঠের ফসলের উৎপাদন হ্রাস বা না হওয়া | ফসলাদি খরা প্রতিরোধী নয়<br>সেচ প্রণালীর অভাব<br>কৃষিগত সম্প্রসারিত সেবার অপ্রতুলতা |
| গৃহপালিত পশুর মৃত্যু | কিছু কিছু প্রাণী ভালভাবে খরা মোকাবেলা করতে পারে না<br>কোন কোন প্রাণীর স্বাস্থ্য ভাল না<br>পশুপাল খুব বড়<br>পশু চিকিৎসা সেবার অনুপস্থিতি |
| বুনো গাছ-পালার / প্রাণীকুলের সংখ্যা হ্রাস | এমনকি চরম খরা প্রতিরোধী বুনো গাছ-পালা/প্রাণীকুল এখন আর দেখা যায় না |

ক্ষতি (প্রভাব) সাধারণতঃ সহজেই বর্ণনা করা যায়, কারণ জনগোষ্ঠীর উপর বিপর্যয়ের একটি দৃশ্যমান প্রতিক্রিয়া দেখা যায়। দুর্বলতা দেখা কঠিনতর বলে মনে হতে পারে, কারণ প্রায়ই এমন কিছুর অভাব দেখা যায় যাতে জনগোষ্ঠীর কিছু সংখ্যক সদস্য/সদস্যাদের প্রবেশাধিকার দেখা যায় না।

### দুর্বলতার প্রকারভেদ
### Variations in vulnerability

দুর্বলতা বিভিন্ন দেশে ভিন্ন প্রকারের হয়ে থাকে। দৃষ্টান্তস্বরূপ, কিউবার ক্যারিবিয়ান দ্বীপ ঘূর্ণিঝড়সমূহের জন্যে উত্তমভাবে প্রস্তুত হয়ে থাকে - সেখানে দুর্বলতার হার কম এবং মৃত্যুবরণের হার স্বল্প। এর প্রতিবেশী দেশ হাইতি দুর্বলতার এবং এর প্রস্তুতি যথেষ্ট কম, এবং ফলে এর দুর্বলতার হার অনেক উচ্চ। হাইতিতে একই শক্তিযুক্ত হ্যারিকেনগুলোতে ক্ষয়-ক্ষতি এবং জীবনহানির পরিমাণ অনেক কম।

এমনকি একটি গ্রামের মধ্যে কোন কোন পরিবার দুর্যোগের সময়ে অতিরিক্ত নাজুক বা দুর্বল হয়ে পড়ে - অভাব-অনটনের দ্বারা, অবস্থানের অথবা ঘর-বাড়ির গঠনপ্রণালীর দ্বারা, পরিবারে রোগ-ব্যাধি ইত্যাদির দ্বারা তারা দুর্বল বা নাজুক হয়ে পড়ে। অন্য দিকে একই গ্রামের অন্যান্য পরিবারগুলো কম নাজুক বা দুর্বল বলে পরিগণিত হতে পারে। কিছু কিছু সামাজিক, জাতিসত্তামূলক এবং অথবা ধর্মীয় দলগুলো অন্যদের চেয়ে অধিকতর দুর্বল বলে পরিগণিত হতে পারে, কারণ তারা এমন জায়গাগুলোতে বসবাস করে যেগুলো দুর্যোগের দ্বারা খুব বেশী ক্ষতিগ্রস্ত হয়ে থাকে।

একটি পরিবারের মধ্যে দুর্বলতার ধরণ বিভিন্ন হতে পারে। স্ত্রীলোকেরা পুরুষদের তুলনায় প্রায়ই অধিক দুর্বল হয়ে থাকে। শিশুরা, বয়স্করা এবং পুরানো রোগে আক্রান্ত লোকজনেরা (HIV -তে আক্রান্ত লোকেরা) উচ্চমাত্রায় নাজুক বা দুর্বল হয়ে থাকে, কারণ তারা দুর্যোগের ঘটনাবলীর মোকাবেলা করায় কম সক্ষম হয়ে থাকে।

## ৬.২ সামর্থ্যসমূহ
## Capacities

দুর্বলতাসমূহের সঙ্গে সঙ্গে একটি জনগোষ্ঠীর মধ্যে বিপর্যয়ের সময়ে তার প্রভাব হ্রাস করাতে সাহায্য করার জন্যে সামর্থ্য বা শক্তি থাকে। সামর্থ্যসমূহের মধ্যে থাকবে জ্ঞান বা দক্ষতাসমূহ, এর অন্তর্ভুক্ত রয়েছে বিপর্যয়সমূহ মোকাবেলা করার জন্যে ঐতিহ্যগত পথ বা উপায়গুলো। সেগুলোরও অন্তর্ভুক্ত থাকতে পারে বিকল্প ফসলাদি অথবা পেশাসমূহ, অথবা সম্প্রসারিত পারিবারিক সমর্থনের কলা-কৌশলসমূহ।

অনেক সামর্থ্যসমূহ থাকে নির্দিষ্ট ধরণের বিপর্যয় মোকাবেলা করার জন্যে, আবার অন্যান্যগুলো যেকোন বিপর্যয়ের মোকাবেলা করার জন্যে উপযোগী। দৃষ্টান্তস্বরূপ, একটি বন্যাপ্রবণ এলাকায় কলাগাছ একটি সামর্থ্য হিসেবে ব্যবহৃত হতে পারে, কারণ এর কাণ্ডগুলো একত্রে বাঁধলে এটি একটি জেটি হিসেবে বা একটি ভেলা হিসেবে ব্যবহৃত হতে পারে, কলাগাছ

ভূমিকম্পের বিরুদ্ধে একটি সামান্যই সামর্থ্য হিসেবে ব্যবহৃত হতে পারে! অন্যান্য উপাদানসমূহ, যেমন সঞ্চয় বা আমানতসমূহ, বিক্রয়ের জন্যে একটি রেডিও বা গহনাপত্র, যেকোন দুর্যোগের পরবর্তী দুর্ভিক্ষজনিত সময়ে একটি প্রয়োজনীয় সামর্থ্য হিসেবে ব্যবহৃত হতে পারে।

দৃষ্টিভঙ্গী অনুযায়ী একটি সম্পদকে দুর্বল এবং সমর্থ বা সবল এই উভয়ভাবেই দেখা সম্ভব। দৃষ্টান্তস্বরূপ, খরার সময়ে নারী-পুরুষদের কাজের খোঁজে এক স্থান থেকে অন্য স্থানে যাওয়াকে অভাবের মোকাবেলা করার কৌশল, অথবা অর্থনৈতিক সামর্থ্য উভয়ভাবেই গণ্য করা যেতে পারে। দুর্ভাগ্যবশতঃ, পারিবারিক বিচ্ছেদেরও নেতিবাচক প্রভাব পড়তে পারে। পিতা বা মাতার অভাবে ছেলেমেয়েদের উপর পারিবারিক কার্যাদির চাপ পড়ার কারণে তাদের স্কুলে যাওয়া ব্যাহত হতে পারে। আর একটি দৃষ্টান্ত দেওয়া যায়, অনেক কৃষ্টি বা সংস্কৃতিতে একটি বৃহৎ গরুর পালকে ধন-সম্পদের একটি প্রতীক হিসেবে, একটি অর্থনৈতিক সামর্থ্য হিসেবে বিবেচনা করা হয়ে থাকে। দুর্ভাগ্যবশতঃ, খরার সময়গুলোতে এবং পশুচারণ ক্ষেত্রের অপ্রতুলতার কারণে পশুপাল পালনের বিষয়টি খরার কারণে দুর্বল বা নাজুক হয়ে পড়তে পারে।

## ৬.৩ দুর্বলতা এবং সামর্থ্যের মূল্যায়ন
## Assessing vulnerability and capacity

দুর্বলতা এবং সামর্থ্যের মূল্যায়ন হচ্ছে পাঁচটি ক্যাটাগরীতে বিপর্যয়সমূহের উপাদানসমূহের প্রকৃত প্রভাব রেকর্ড বা লিপিবদ্ধ করা। বিভিন্ন ধরণের বিপর্যয় বিভিন্নভাবে এই ক্যাটাগরীগুলোর উপর প্রভাব ফেলে থাকে। দৃষ্টান্তস্বরূপ, বন্যার একটি বড় প্রভাব পড়ে ঘর-বাড়িসমূহের উপর (বাহ্যিক) এবং পেশা বা জীবিকাসমূহের উপর (অর্থনৈতিক), কিন্তু সম্ভবতঃ অপেক্ষাকৃত কম প্রভাব পড়ে বনভূমি এবং মাছের উপর (প্রাকৃতিক রিসোর্স বা সম্পদসমূহ)। অন্যটিকে একটি খরার বিরাট প্রভাব পড়তে পারে প্রাকৃতিক রিসোর্স বা সম্পদসমূহের উপর, কিন্তু একটি খুবই সামান্য প্রভাব পড়তে পারে বাহ্যিক অবকাঠামোর উপর।

প্রশ্নের সেটগুলোতে (পরিশিষ্ট বা সংযুক্তিপত্র ক দেখুন), প্রত্যেক ক্যাটাগরীর প্রথম প্রশ্নটির সর্বদা বিপর্যয়ের প্রভাব রয়েছে। একটি অংশীদারমূলক টুল্ বা হাতিয়ার (যেমন একটি মানচিত্র, সিজনাল ক্যালেন্ডার অথবা সময়কাল) প্রভাবকে আরও পরিষ্কারভাবে সংজ্ঞায়িত করবে এবং দুর্বলতা এবং সবলতা বা সামর্থ্যগুলোকে শনাক্ত করবে। মনে রাখুন যে ব্যক্তিগত ক্যাটাগরীতে, স্ত্রীলোকদের উপর এবং পুরুষদের উপর প্রভাব একই প্রকারের নাও হতে পারে।

যখন নির্দিষ্ট কোন উপাদানের উপর প্রভাব উচ্চ পর্যায়ের হয়, তবে দুর্বলতাসমূহ যা এই প্রভাবকে সমর্থন করে তা এই প্রভাবকে অবশ্যই অনুমোদন বা সমর্থন করবে। এটি 'কেন' প্রশ্নাবলী জিজ্ঞেস করার দ্বারা সম্পাদন করা যায়।

যদি কোন নির্দিষ্ট উপাদানসমূহের উপর প্রভাব নিম্ন পর্যায়ের হয়, তবে এই উপাদানগুলোর সামর্থ্যসমূহে পরিণত হবার সম্ভাবনা রয়েছে যা একটি পরিবারকে অথবা জনগোষ্ঠীকে দৃঢ়ভাবে দন্ডায়মান হতে এবং বিপর্যয়কে কাটিয়ে উঠতে সক্ষম করে তুলবে।

### ব্যক্তিগত (পুরুষ / নারী) দুর্বলতাসমূহ এবং সামর্থ্যসমূহ
### Individual (male/female) vulnerabilities and capacities



বিশ্লেষণের এই ধাপে অবশ্যই জনগোষ্ঠীর মধ্যে সবচেয়ে দুর্বল ব্যক্তিবর্গকে শনাক্ত বা চিহ্নিত করতে হবে । প্রায়ই নারীরা, শিশুরা এর অন্তর্ভুক্ত থাকে, এবং হয়তো সেই লোকেরাও এদের অন্তর্ভুক্ত থাকে যারা বয়স্ক, দৈহিকভাবে অসুস্থ বা মানসিকভাবে কম সক্ষম। এই দলগুলোর দুর্বলতা হতে পারে কোন স্থানের বিশেষ বিশেষ প্রথা এবং সংস্কৃতিসমূহের জন্যে - দৃষ্টান্তস্বরূপ, নারীরা হতে পারে কম শিক্ষিত, হয়তো তাদের ঘরের বাইরে যাবার বিষয়ে নিষেধাজ্ঞা থাকতে পারে, তাদের নিজেদের খাওয়া-দাওয়া করার পূর্বে, তাদের স্বামী ও সন্তানদের খাবার দেবার প্রথা থাকতে পারে। নারীদের প্রায়ই সিদ্ধান্ত গ্রহণে এবং পরিকল্পনার প্রক্রিয়া থেকে বাদ দেওয়া হয়, তথাপি তাদের প্রচুর কাজ করতে হয়। যে লোকেরা দীর্ঘস্থায়ী রোগ-ব্যাধিতে ভুগে থাকে (যেমন যাদের এইচ্আইভি রয়েছে) তারা বিশেষ করে নাজুক বা দুর্বল (যেমন তারা দ্রুত নড়াচড়া করতে পারে না), তারা তাদের পরিবারগুলোর জন্যেও নাজুক অবস্থার সৃষ্টি করতে পারে (যেমন, তাদের চাষাবাদের বা অন্য কাজ-কর্ম করার বদলে তাদেরকে তাদের সেবা-যত্ন করতে হয় এবং সে জন্যে তাদের সময় ও টাকা - পয়সা খরচ হয়ে থাকে)।

বিপর্যয়ের বিষয়ে জ্ঞান বা ধারণা এবং কিভাবে সেগুলোর মধ্যে টিকে বা বেঁচে থাকতে হবে সে বিষয়ে জ্ঞানের অভাব প্রযুক্তও দুর্বলতার সৃষ্টি হতে পারে। যারা সামান্য লেখাপড়া জানে অথবা একটি জাতীয় ভাষা সম্পর্কে যাদের সামান্য জ্ঞান রয়েছে তারা লিখিত বিষয়াদি সম্পর্কে সামান্যই (পোস্টার, সংবাদপত্র ইত্যাদি) অনুধাবন করতে পারে বা রেডিও কর্তৃক সম্প্রচারিত তথ্যাদি সম্পর্কে খুবই কম বুঝতে পারে।

লোকেরা অন্যান্য ক্যাটাগরীসমূহে তাদের সম্পদসমূহের সর্বোচ্চ ব্যবহার সম্পর্কে প্রায়ই অবগত করতে পারে। দৃষ্টান্তস্বরূপ, লোকজনের বিপর্যয় প্রতিরোধী ফসলাদি সম্পর্কে অথবা উপযুক্ত বুনো গাছ-পালা সম্পর্কে ঐতিহ্যগত জ্ঞান থাকতে পারে যা তাদেরকে সুপ্রাপ্য প্রাকৃতিক সম্পদের আরও উত্তম ব্যবহার করতে সাহায্য করতে পারে। আর একটি গুরুত্বপূর্ণ দক্ষতা হল সেই প্রাকৃতিক চিহ্নাবলী সম্পর্কে ব্যাখ্যা করা যা প্রায়ই একটি দুর্যোগের ঘটনা ঘটার পূর্বে সংঘটিত হয়ে থাকে - যেমন একটি সুনামী আসার পূর্বে মহিষের দৌড়ের মত উপরের পাহাড়ে ওঠা।

নিম্নোক্ত ছক বা টেবিলটিতে কিছু সাধারণ ব্যক্তিকেন্দ্রিক দুর্বলতা এবং সামর্থ্য বা সবলতাসমূহ প্রদর্শন করা হয়েছে। যখন এই ক্যাটাগরীতে তথ্য সংগ্রহ করা হয়, তখন পৃথক পৃথকভাবে - অর্থাৎ নারী ও পুরুষ হিসেবে তথ্য সংগ্রহ করা গুরুত্বপূর্ণ।

ব্যক্তিগত পর্যায়ের দুর্বলতা এবং সামর্থ্যসমূহ

| দুর্বলতাসমূহ | সামর্থ্যসমূহ |
|---|---|
| নিম্ন পর্যায়ের লেখাপড়া জানার হার | উচ্চ পর্যায়ের লেখাপড়া জানার হার |
| বিপর্যয়সমূহ সম্পর্কে এবং কিভাবে সেগুলোর মোকাবেলা করতে হবে সে বিষয়ে তাদের সামান্য জ্ঞান; ঐতিহাসিক অভিজ্ঞতা হারানো | বিপর্যয়সমূহ সম্পর্কে এবং কিভাবে সেগুলোর মোকাবেলা করতে হবে সেগুলো সম্পর্কে তাদের উত্তম জ্ঞান, সম্ভবতঃ তারা সেগুলো তাদের পূর্ব পুরুষদের কাছ থেকে জেনেছে |
| শিক্ষা বা দক্ষতাসমূহের বিষয়ে প্রশিক্ষণের জন্যে সুযোগাদি গ্রহণের অভাব | শিক্ষা এবং নতুন নতুন দক্ষতাসমূহ বা চাকুরী বা শেখার জন্যে উত্তম সুযোগ-সুবিধাদি। |
| এইচ্‌আইভি অথবা ম্যালেরিয়ার মত সাংঘাতিক রোগব্যাধিতে আক্রান্ত হবার জন্য সম্ভাবনা | লোকজনের উত্তম স্বাস্থ্য বা শারীরিক অবস্থা |
| প্রথা বা সংস্কৃতি কর্তৃক নারীদের চলাফেরায় এবং কাপড়-চোপড় পরিধানে নিষেধাজ্ঞা | নারীরা ক্ষমতায়নের সুযোগ পেয়েছে এবং তারা তাদের দক্ষতা বা যোগ্যতার উপযুক্ত মর্যাদা লাভ করেছে |
| পুরুষ বা নারীদের চাষাবাদ করার বা অন্যান্য পেশামূলক কার্যাদি সম্পাদন করার মত শারীরিক যোগ্যতার অভাব | সুস্থ এবং সবল দেহের নারী ও পুরুষেরা রয়েছে, বিশেষ করে যুবশ্রেণী |

## সামাজিক দুর্বলতা এবং সবলতা বা সামর্থ্যসমূহ
## Social vulnerabilities and capacities



যদি ব্যক্তিবর্গের এবং পরিবারসমূহের সঙ্গে একটি সমাজের বা জনগোষ্ঠীর বন্ধন এবং নেট্‌ওয়ার্কসমূহ দুর্বল থাকে তবে সামাজিক দুর্বলতা দেখা গিয়ে থাকে। যদি বিপর্যয়ের দ্বারা অথবা স্থানান্তরের দ্বারা তারা বিপর্যস্ত হয়ে পড়ে - তবে সদস্য/সদস্যাদের মধ্যকার পারস্পরিক সহযোগিতা দূরীকৃত হয়ে থাকে। আর ঐ বিপর্যয়ের প্রভাব আরও মারাত্মক আকার ধারণ করবে। অনুরূপভাবে, একটি জনগোষ্ঠীতে মন্দ সম্পর্কসমূহ একটি সমস্যার সময়ে এর সদস্য/সদস্যাদের পরস্পরকে সাহায্য করার ক্ষমতাকে বাধাগ্রস্ত করবে এবং ঝগড়া-বিবাদ অথবা সাধারণ অপরাধ বৃদ্ধিলাভ করবে।

এর বিপরীতে, একটি জনগোষ্ঠীতে যখন পারিবারিক বন্ধন সুদৃঢ় হয় এবং সম্পর্কসমূহ আরও ভাল হয়, তখন বিপর্যয় মোকাবেলা করার ক্ষমতা বৃদ্ধিপ্রাপ্ত হয়। উত্তম নেতৃত্ব হল আর একটি মূল বা প্রধান বিষয় - একটি সুপরিচালিত সমাজ বা জনগোষ্ঠী একটি বিপর্যয়ে সুদৃঢ় থাকতে আরও বেশী সক্ষম হয়ে থাকে এবং একটি বিপর্যয়ের সময়ে তারা পরিষ্কার দিক্‌-নির্দেশনা পায় - ফলে তাদের বেঁচে থাকার বা টিকে থাকার সম্ভাবনা বৃদ্ধি পেয়ে থাকে।

একটি গ্রামে অন্যান্য সামাজিক শ্রেণীভাগের উপস্থিতি বা অনুপস্থিতিও বিপর্যয়সমূহের প্রতি এর প্রতিরোধের ক্ষমতাকে প্রভাবান্বিত করে থাকে। দৃষ্টান্তস্বরূপ, একটি মহিলাদের আত্ম-কর্ম সংস্থানের দল হল এমন একটি স্থান যেখানে জ্ঞান সহভাগ করা যায়, এবং সেখানে সদস্যাগণ একটি সমস্যার সময়ে পরস্পরকে সাহায্য করতে পারে; সেখানে প্রয়োজনাদি মিটানোর জন্যে একটি সঞ্চয় বা ঋণদানের ব্যবস্থা করা যায় (যা একটি অর্থনৈতিক সামর্থ্য বা সক্ষমতা সৃষ্টি করে থাকে)। অনুরূপ দলগুলোর অনুপস্থিতিতে, অথবা অনুরূপ কোন পুরুষদের দলের অনুপস্থিতিতে (যেমন কৃষক সমিতি) জনগোষ্ঠী দুর্যোগসমূহের প্রতি আরও নাজুক বা দুর্বল হয়ে পড়বে।

একটি পরিবারের মধ্যে সামাজিক সবলতা এবং লৈঙ্গিক ভূমিকাগুলো হয়তো মহিলাদের যে কোন গুরুত্বপূর্ণ মতামতকে স্তিমিত করে যা একটি দুর্যোগের সময়ে মূল্যবান বলে বিবেচিত হতে পারে। তথ্য সরবরাহের ক্ষেত্রে এই তথ্য সরবরাহের ব্যর্থতা মহিলাদের নাজুকতাকে বা দুর্বলতাকে দারুণভাবে বাড়িয়ে তোলে।

নিম্নোক্ত ছক বা টেবিলটি কিছু কিছু সামাজিক নাজুকতা এবং সবলতাসমূহ প্রদর্শন করে থাকে।

সামাজিক দুর্বলতা বা নাজুকতা এবং সামর্থ্যসমূহ

| দুর্বলতা বা নাজুকতা | সামর্থ্য |
|---|---|
| পারিবারিক সম্পর্কসমূহ দুর্বল, সম্ভবতঃ এর কারণ পুরুষেরা বা নারীরা কাজের জন্যে অন্যত্র গিয়েছে | পারিবারিক সম্পর্কসমূহ শক্তিশালী, এর সঙ্গে দুর্যোগপূর্ণ এলাকার বাইরের লোকজনের মধ্যকার সম্পর্কও ভাল |
| গ্রামে বিভিন্ন জাতিসত্তার মধ্যে ধর্মীয়, শ্রেণীগত অথবা বিভিন্ন পেশার লোকজনের মধ্যকার সম্পর্ক দুর্বল ঃ পরস্পরকে সাহায্য করার জন্যে কোন প্রকার সহানুভূতি নেই | বিভিন্ন উপদলগুলোর মধ্যকার সম্পর্ক ভাল, তাদের পরস্পরের মধ্যে পরস্পরকে সাহায্য করার মনোভাব রয়েছে |
| সমস্যার সময়ে সমাজের কেউ-ই কোন পরিষ্কার এবং সাহায্যকারী নেতৃত্ব দেয় না; সমস্যাবলীর কোন সমাধান হয় না | সমাজ বা জনগোষ্ঠীর উত্তম এবং পারস্পরিক শ্রদ্ধাশীল নেতৃত্ব রয়েছে, তারা বিজ্ঞ পরামর্শ দিতে সক্ষম এবং তারা সামান্য ঝগড়া-বিবাদ মিটাতে সক্ষম |
| জনগোষ্ঠীর স্বল্প অন্যান্য সামাজিক দল আছে বা নেই - অর্থাৎ তাদের সমবায় সমিতির, ক্লাবের অথবা আত্মনির্ভরশীল দলগুলোর অভাব রয়েছে | জনগোষ্ঠীর পুরুষ এবং স্ত্রীলোকদের জন্য সুপ্রতিষ্ঠিত দলগুলো রয়েছে, যাদের সভ্য / সভ্যারা সমস্যার সময়ে একে অন্যকে সাহায্য করে থাকে |
| ধর্মীয় দলগুলোর অনুপস্থিতি রয়েছে অথবা সেগুলো অকার্যকর | ধর্মীয় দলগুলো শক্তিশালী এবং তাদের সভ্য / সভ্যাদের সাহায্য প্রদানে সক্রিয় |
| জনগোষ্ঠীর সভ্য/সভ্যাদের কাছে সরকারী সেবা পৌঁছায় না | একটি জরুরী সময়ে সরকারী সেবা সহজেই পাওয়া যায় |
| সামাজিক প্রথা সাধারণতঃ নারীদের বিপরীতে, অন্যেরা তাদের দানগুলোর, দক্ষতাগুলোর, সক্ষমতাগুলোর এবং অভিজ্ঞতার মূল্যায়ন করে না | পুরুষ এবং নারী উভয়ের সক্ষমতাসমূহের স্বীকৃতি দেওয়া হয় এবং সেগুলো ব্যবহার করা হয়-যেমন তাদের দানসমূহ, দক্ষতাসমূহ, গুণসমূহ এবং অভিজ্ঞতাসমূহ |

## প্রাকৃতিক দুর্বলতাসমূহ এবং সামর্থ্যসমূহ
## Natural vulnerabilities and capacities



প্রাকৃতিক দুর্বলতা এবং সামর্থ্যসমূহের অন্তর্গত জনগোষ্ঠীর সেই সম্পদগুলো যেগুলো তাদের চারপাশের পরিবেশের অংশ, যেমন - পানি, মাছ, গাছ-পালা অথবা মাটি। এই সম্পদগুলোর ভিত্তি প্রায়ই জনগণের পেশাসমূহ বা গৃহায়ন, এবং সেগুলো সাধারণতঃ বেঁচে থাকার জন্যে প্রয়োজনীয়। একটি দুর্যোগ চলাকালে বা পরে যে প্রাকৃতিক সম্পদসমূহ অক্ষত থাকে, সেগুলো বেঁচে থাকা বা টিকে থাকা লোকদের জন্যে সামর্থ্য সরবরাহ করে থাকে (যেমন - ভাঙ্গা ঘরগুলো অস্থায়ীভাবে মেরামতের জন্যে প্রয়োজনীয় উপকরণাদি যুগিয়ে থাকে (বাঁশ, খড় ইত্যাদি)।

৫৬ পৃষ্ঠায় প্রদত্ত ছক বা টেবিল প্রাকৃতিক দুর্বলতা এবং সামর্থগুলোর কিছু কিছু দৃষ্টান্ত প্রদান করা হয়েছে।

প্রাকৃতিক দুর্বলতাসমূহ এবং সামর্থ্যসমূহ

| দুর্বলতা | সামর্থ্য |
|---|---|
| মানুষের কার্যাবলীর কারণে অথবা জলবায়ু সংক্রান্ত বিষয়ের জন্যে বৃক্ষাদির অনুপস্থিতি | নির্মাণ কার্যের জন্যে, আশ্রয়ের জন্যে বা জ্বালানীর জন্যে বৃক্ষাদির উপস্থিতি |
| ১২ মাসের জন্যে স্থলভাগের জল পাওয়া যাবে না | সারা বছর ধরে স্থলভাগের জল পর্যাপ্ত পরিমাণে পাওয়া যায় |
| অতিরিক্ত পরিমাণে মাছ ধরা, জলাশয় ভরাট হওয়া অথবা দূষিত হবার দ্বারা মাছের মজুদ শেষ হয়ে যাওয়া | অপরিমেয় জলাধার থেকে ধরার এবং বিক্রির জন্যে প্রচুর মাছ পাওয়া যায় |
| অতিরিক্ত চাষাবাদের জন্যে এবং সারের সামান্য ব্যবহারের জন্যে মাটির মানহ্রাস | মাটি উর্বর এবং উৎপাদনশীল |
| সীমিত পরিমাণে পশুচারণের ভূমি পাওয়া যায় | যথেষ্ট পরিমাণে পশুচারণের ভূমি পাওয়া যায় |
| জরুরী প্রয়োজনে ভেসে থাকার জিনিসের অভাব (যেমন কলা গাছ অথবা নারিকেল) | জরুরী প্রয়োজনে ভেসে থাকার জিনিস পাওয়া যায় - যেমন - নারিকেল, কলা গাছ |
| কোন ঘাস বা নলবন বা বাঁশ নেই | যথেষ্ট পরিমাণ ঘাস এবং নলবন এবং বাঁশ আছে যা জরুরী সময়ে ঘর মেরামতে ব্যবহার করা যাবে |
| 'দুর্ভিক্ষের সময়ে' জরুরীভিত্তিতে বুনো ফলমূলের অভাব | দুর্ভিক্ষের সময়ে বুনো ফলমূল এবং শিকড়-বাকর পাওয়া যায়। |

এই ছক্ বা টেবিল একটি সম্পূর্ণ তালিকা নয় ঃ প্রত্যেক স্থানেরই নিজেদের প্রাকৃতিক সম্পদসমূহের সমাহার রয়েছে। জলবায়ু পরিবর্তন এবং প্রাকৃতিক অবনতির একটি ফল হিসেবে প্রাকৃতিক সম্পদসমূহ বিশেষভাবে দুর্বল বা নাজুক।

দ্বন্দ্ব বা ঝগড়-বিবাদ সাধারণতঃ মূল্যবান প্রাকৃতিক সম্পদসমূদের ধ্বংসসাধন অথবা প্রবেশাধিকার বন্ধপূর্বক দুস্প্রাপ্য করার দ্বারা নাজুকতা বা দুর্বলতাকে বৃদ্ধি করে থাকে। দৃষ্টান্তস্বরূপ, একটি জনগোষ্ঠী হিংসাত্মক ঘটনার দ্বারা অথবা নিরাপত্তা বিধানের জন্যে একটি খুবই ছোট্ট এলাকায় প্রবেশের বিষয়ে নিষিদ্ধ ঘোষণা করে - ফলে খরার সময় যখন দুর্ভিক্ষের সৃষ্টি হয় তখন জ্বালানী কাঠ, পশুচারণ ভূমি, স্থলভাগের জল অথবা বুনো ফল-মূলের, শিকড়-বাকরের অভাব ঘটে। যখন জনগোষ্ঠীর সদস্যগণ (সাধারণতঃ স্ত্রীলোকেরা) এগুলো সংগ্রহের জন্যে নিষিদ্ধ এলাকায় প্রবেশ করে তখন তারা বলাৎকারের এবং হিংসাত্মক ঘটনার জন্যে আরও নাজুক বা দুর্বল অবস্থায় পড়ে থাকে।

## বাহ্যিক (ফিজিক্যাল) দুর্বলতা এবং সবলতা বা সামর্থ্যসমূহ
## Physical vulnerabilities and capacities



বাহ্যিক বা ফিজিক্যাল সম্পদসমূহ হল তাই যেগুলো জনগণ কর্তৃক নির্মিত, যেমন রাস্তা-ঘাট এবং সেতুসমূহ, গৃহাদি এবং দালান-কোঠা, বিদ্যুত সরবরাহ এবং যোগাযোগ ব্যবস্থাসমূহ, নলকূপ অথবা জল সঞ্চয়ের জন্যে ট্যাঙ্ক বা পুকুর ইত্যাদি। টুলস্ বা হাতিয়ারসমূহ এবং সরঞ্জামাদিকেও প্রায়ই বাহ্যিক সম্পদ বা ফিজিক্যাল এসেটস্রূপে বিবেচনা করা হয়ে থাকে।

বাহ্যিক দুর্বলতা এ বিষয়গুলোর অনুপস্থিতিতেও সংঘটিত হয়ে থাকে, তাদের দুর্বল ডিজাইন এবং অবস্থানের কারণে তা ঘটে থাকে। একটি ইটের তৈরী দালান একটি শক্ত সামর্থ্য সম্পদ হিসেবে গণ্য হতে পারে, কিন্তু যদি তা দুর্বলভাবে নির্মিত হয় অথবা যদি তা দুর্বল স্থানে অবস্থিত হয়, তবে তা তাদের জন্যে ঝুঁকিপূর্ণ হতে পারে যারা তাতে - বিশেষ করে বন্যা অথবা ভূমিকম্পের সময়ে আশ্রয় নিয়ে থাকে।

নিম্নোক্ত ছকে বা টেবিলে কিছু কিছু 'ফিজিক্যাল' দুর্বলতা বা সামর্থ্যসমূহ প্রদর্শন করা হয়েছে।


বাহ্যিক (ফিজিক্যাল) দুর্বলতাসমূহ এবং সামর্থ্যসমূহ

| দুর্বলতা | সবলতা বা সামর্থ্য |
|---|---|
| জনগোষ্ঠীর কোন শক্তিশালী গণভবন (পাবলিক বিল্ডিং নেই) | জনগোষ্ঠীর এক বা একাধিক শক্তভাবে নির্মিত স্কুল, চার্চ অথবা অন্য গণভবন রয়েছে |
| জনগোষ্ঠীর কোন ঘূর্ণিঝড়ের আশ্রয় কেন্দ্র নেই | জনগোষ্ঠীর জন্যে একটি আশ্রয় কেন্দ্র রয়েছে, সেটিতে যাতে প্রয়োজনীয় পানি এবং পরিষ্কার শৌচাগার থাকে, সে বিষয়ে নিয়মিতভাবে তদারকি করা হয়ে থাকে |
| সাধারণ বিপর্যয়সমূহ প্রতিরোধ করার জন্যে ভবনের নির্মাণশৈলী এবং কাঠামোসমূহ যথেষ্ট শক্ত নয় | অনেক ঘর-বাড়ি ঘূর্ণিঝড় বা ভূমিকম্প প্রতিরোধী হিসেবে নির্মিত |
| কয়েক মাস বা কয়েক বছর ধরে রাস্তা-ঘাট এবং সেতুসমূহ মোটর চালিত গাড়ি চলাচলের জন্যে উপযুক্ত নয় | দুর্যোগের সময়েও রাস্তাঘাট এবং সেতু সারা বছরের জন্যে মোটর গাড়ি চলাচলের উপযোগী রয়েছে |
| ল্যান্ডলাইন টেলিফোন যোগাযোগ ব্যবস্থা নেই, কিংবা মোবাইল নেটওয়ার্ক সিগন্যাল খুবই দুর্বল | যে কোন আবহাওয়ায় ল্যান্ডলাইন টেলিফোন অথবা মোবাইল নেটওয়ার্ক সিগন্যাল খুবই ভাল |
| কোন সুরক্ষিত কূপ বা নলকূপ নেই | নলকূপগুলোকে বন্যার জল থেকে রক্ষা করার জন্যে উঁচু স্থানে বসানো হয়েছে |
| সেচ ব্যবস্থা নষ্ট হয়ে গিয়েছে বা সেগুলোর কোন অস্তিত্ব নেই | সেচ ব্যবস্থা চালু রয়েছে |
| জীবিকা নির্বাহের জন্যে প্রয়োজনীয় সরঞ্জামাদি নেই অথবা এ সমস্ত বিষয়াদি সংরক্ষণের অভাব রয়েছে | যথেষ্ট পরিমাণে জীবিকার উপকরণাদি রয়েছে এবং সেগুলো দুর্যোগ বা বিপর্যয় প্রতিরোধী |

বাহ্যিক (ফিজিক্যাল) দুর্বলতাসমূহের এবং সবলতাসমূহের দ্বারা নির্দিষ্ট বিপর্যয় প্রতিরোধের বিষয় চিহ্নিত হয়ে থাকে। দৃষ্টান্তস্বরূপ, যদি কোন এলাকার ভবনসমূহের ছাদ দুর্বলভাবে নির্মিত হয়, তা ঘূর্ণিঝড়ের সময় দুর্বল বলে প্রতীয়মান হয়, অথবা তা সুনির্মিত হলে তা তার সবলতা বলে বিবেচিত হয়। অথবা খরার সময়ে ভবনসমূহের ভালভাবে নির্মিত ছাদ জনগোষ্ঠীর জন্যে কোন গুরুত্ব বহন করে না। খরা কবলিত এলাকাগুলোর জন্যে ক্রশ-জ্যামস্, সঞ্চিত জলের জলাধার অথবা উপযুক্ত সেচ-ব্যবস্থা এর সবলতা বা সামর্থ্য হিসেবে পরিগণিত।

বিবদমান পরিস্থিতিসমূহে একটি দল তাদের বিরোধী দলের সামর্থ্যগুলোকে ধ্বংস বা বিকল করে দেবার চেষ্টা করে থাকে, যেমন - জলের অবকাঠামো, সেতু বা যোগাযোগের ব্যবস্থাকে আক্রমণের দ্বারা তা করার প্রয়াস পেতে পারে।

## অর্থনৈতিক দুর্বলতাসমূহ এবং সামর্থ্যসমূহ
## Economic vulnerabilities and capacities




এখানে 'অর্থনীতি' একটি ঝুঁকিবহুল জনগোষ্ঠীর উপজীবিকা, আর্থিক স্বচ্ছলতা অথবা বেচা-কেনার সক্ষমতা হিসেবে বুঝানো হয়েছে। অর্থনৈতিক ক্যাটাগরীতে দুর্বলতাসমূহ সাধারণতঃ নির্দিষ্ট দুর্যোগ বা বিপর্যয় প্রতিরোধী নয় ঃ যে কোন ধরণের দুর্যোগে একটি দরিদ্র পরিবার অর্থনৈতিক চাপের অভিজ্ঞতা অর্জন করতে পারে।

আর্থিক স্বচ্ছলতা বা সামর্থ্যকে কখনও কখনও 'নিরাপত্তার জাল' বলেও অভিহিত করা হয়ে থাকে। এর দৃষ্টান্তসমূহের মধ্যে রয়েছে 'সেভিংস স্কিমস্' অথবা সরকারী অনুদানসমূহ অথবা ক্ষতিপূরণের ব্যবস্থা ইত্যাদি। অন্যান্য সামর্থ্যগুলোর মধ্যে রয়েছে বিক্রয়যোগ্য সম্পদসমূহ, যেমন একটি বাইসাইকেল, রেডিও, বলদ ও খাসি, অথবা গহনা-পত্র ইত্যাদি। বিকল্প উপজীবিকা বা পেশা থাকতে পারে, যেমন - পানি এবং জ্বালানী কাঠ বিক্রয় ইত্যাদি। ধনী আত্মীয়-স্বজন শহর থেকে বা বিদেশ থেকে টাকা-পয়সা পাঠালে তাও অনেক ক্ষেত্রে শক্তিশালী সামর্থ্য বলে বিবেচিত হয় এবং তা অবস্থার দ্রুত উন্নতি সাধনে সহায়কের ভূমিকা পালন করে থাকে।

যখন এই অর্থনৈতিক সামর্থ্যগুলোর মধ্যে এক বা একাধিক বিষয়ের অনুপস্থিতি থাকে, তখন ব্যক্তিবর্গ এবং জনগোষ্ঠীসমূহ দুর্যোগের প্রতি অধিক নাজুক বা দুর্বল হয়ে পড়ে। পরিবারগুলোর কোন সঞ্চয় থাকে না, বিক্রয় করার জন্যে কোন সম্পদ থাকে না, ধার করার জন্যে কোন উপায় থাকে না, সামান্য কিছু বিকল্প উপজীবিকা থাকে এবং কোন ধনী আত্মীয়-স্বজন

সামান্য কিছু বিকল্প উপজীবিকা থাকে এবং কোন ধনী আত্মীয়-স্বজন থাকে না। সরকারী অনুদান হয়তো খুবই সামান্য থাকে, অথবা হয়তো বা দরিদ্রতম পরিবারসমূহের কাছে পৌঁছায় না।

নীচের টেবিলে অর্থনৈতিক দুর্বলতাসমূহ এবং সামর্থ্যসমূহ প্রদর্শন করা হল।

অর্থনৈতিক দুর্বলতাসমূহ এবং সামর্থ্যসমূহ

| দুর্বলতা | সামর্থ্য |
|---|---|
| সহজে বিক্রয়যোগ্য কোন সম্পদ নেই (যেমন - বাইসাইকেল, গৃহপালিত পুরুষ পশু, গয়না-গাটি) অথবা কোন সঞ্চয় নেই | পরিবারের বিক্রয়যোগ্য সম্পদসমূহ বা সঞ্চয় রয়েছে |
| স্থানীয় সুদের ব্যবসায়ীদের কাছ থেকে অত্যন্ত চড়া সুদে কেবলমাত্র ধার বা ঋণ পাওয়া যায় | 'গ্রুপ সেভিংস্' এবং কম সুদে ঋণ পাওয়ার ব্যবস্থা রয়েছে |
| অত্যন্ত কম কাজের সুযোগাদি রয়েছে | অদক্ষ বা দক্ষ শ্রমিকদের কাজের সুযোগ রয়েছে |
| সমস্যাদির সময়ে সরকারী উৎস থেকে কোন ক্ষতিপূরণ, অনুদান অথবা ভর্তুকী পাওয়া যায় না | দুর্যোগের সময়গুলোতে সবচেয়ে দরিদ্রদের জন্যে সরকারী আর্থিক নিরাপত্তামূলক স্কিম রয়েছে |
| সমাজের/জনগোষ্ঠীর সদস্য/সদস্যাদের কোন ধনী আত্মীয-স্বজন নেই বা দেশ-বিদেশ থেকে কেউ তাদের কাছে টাকা-পয়সা পাঠায় না | পরিবারসমূহের ধনী আত্মীয়-স্বজন রয়েছে এবং দেশ বা বিদেশে কর্মরত আপনজনেরা টাকা-পয়সা পাঠিয়ে থাকে |
| বন্যার সময়ে বাজারসমূহ বন্ধ থাকে | বছরের সারা সময়েই বাজার খোলা থাকে |
| খাদ্য, ওষুধ-পত্র এবং আশ্রয়ের জন্যে প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়ের ব্যবস্থা অপ্রতুল | আয়ের পথ সুগম করার জন্যে বিকল্প উপজীবিকার সুযোগ রয়েছে, বাজারজাত করার জন্যে ফলের বা সব্জির বাগান অথবা হস্তশিল্পসমূহ |
| একটিমাত্র বিক্রয়যোগ্য ফসলের উপর নির্ভরশীলতা | কৃষকেরা বিভিন্ন সময়ে বিভিন্ন জাতের ফসলাদি চাষ করে এবং সংগ্রহ করে |

ঝগড়া-বিবাদ বা দ্বন্দ্ব ব্যবসা-বাণিজ্যের ধরণকে বাধাগ্রস্ত করে বা বিকল্প পেশা বা উপজীবিকায় জনসাধারণের প্রবেশাধিকার অস্বীকার করে, অর্থনৈতিক দুর্বলতাসমূহকে বৃদ্ধি করতে পারে। বাজার-ঘাট প্রায়ই বন্ধ থাকে, অথবা স্বল্প সংখ্যক লোকেরা তাতে যোগদান করতে পারে, এরূপে ক্রয়-বিক্রয়ের সুযোগ-সুবিধাগুলো হ্রাস পেয়ে থাকে।

## ৬.৪ সমাজ বা জনগোষ্ঠীগত পদ্ধতি - প্রশ্নাবলী, এবং হাতিয়ারসমূহ গ্রীড্‌সমূহের ব্যবহৃতকরণ
## Community methodology–use of questions, tools and grids

জনগোষ্ঠীর লক্ষ্যকৃত দলসমূহের দুর্বলতা এবং সামর্থ্যসমূহের মূল্যায়ন করুন, সে জন্যে অংশগ্রহণকারী টুলস্ বা হাতিয়ারসমূহ এবং প্রশ্নের সেটগুলো ব্যবহার করুন। অতিরিক্ত প্রশ্নসমূহ প্রধান উপকরণ হিসেবে ব্যবহার করুন।

### লক্ষ্যকৃত দলের প্রক্রিয়া
### Focus group process

গ্রুপ ফ্যাসিলিটেটর গ্রুপ বা দলকে স্বাগতম জানানোর দ্বারা, আসার জন্যে তাদেরকে ধন্যবাদ জ্ঞাপনের দ্বারা, তাঁর দলের পরিচিতি করানোর দ্বারা এবং মিটিংয়ের উদ্দেশ্য ব্যক্ত করে আলোচনা শুরু করতে পারেন। দলের সদস্য/সদস্যাদের নিজেদের পরিচয় তুলে ধরার জন্যে আমন্ত্রণ করতে হবে। সবাইকে আলোচনায় অংশগ্রহণ করার জন্যে উৎসাহিত করতে হবে। একটি সামান্য কৌতুক পরিস্থিতিকে হাল্কা করতে এবং দলের সকলের সাথে একটি উত্তম সম্পর্ক স্থাপন করতে সাহায্য করবে।

বিপর্যয় মূল্যায়নের টেম্পলেট ব্যবহারের দ্বারা (৫.২ নং বিভাগ দেখুন) এবং প্রস্তাবিত অংশগ্রহণকারী টুলস্ ব্যবহারের দ্বারা এই প্রক্রিয়া শুরু করা হয়। এটি দলের সদস্য / সদস্যাদেরকে অতীতে সংঘটিত বিপর্যয় / দুর্যোগ ইত্যাদি সম্পর্কে তাদের

অভিজ্ঞতাসমূহ সহভাগ করতে সক্ষমতা দান করতো। নির্বাচিত নোট বা রেকর্ডগ্রহণকারী একটি কাগজে উত্তরগুলো কপি করে রাখবেন, যেন আলোচনার মূল কপি জনগোষ্ঠীর মধ্যে সংরক্ষিত থাকে।

তখন দুর্বলতা এবং সামর্থ্যের বিষয়ে আলোচনা পাঁচটি ক্যাটাগরীর মধ্যে সঞ্চালিত হয়ে থাকে ঃ যেমন - ব্যক্তি পর্যায়ে (পুরুষ/নারী), সামাজিক, প্রাকৃতিক, বাহ্যিক (ফিজিক্যাল) এবং অর্থনৈতিক পর্যায়ে ব্যাপৃত হয়ে থাকে।

মিটিং-এর রেকর্ড রাখার নমুনা (বা গ্রীড্) নীচে প্রদর্শন করা হল। পাঁচটি সম্পদের ক্যাটাগরীর প্রত্যেকটির জন্যে পৃথক পৃথক শীট্ ব্যবহার করতে হবে এবং প্রশ্নগুলোর উত্তর সরাসরিভাবে শীটের উপর লিপিবদ্ধ করতে হবে।

খালি রেকর্ডিং গ্রীড্

| প্রভাব, দুর্বলতা এবং সামর্থ্য মূল্যায়ন | | |
|---|---|---|
| ১। ক্যাটাগরী | | |
| ২। অংশীদারিত্বমূলক হাতিয়ার বা টুল্ | | |
| ৩। সম্পদের এই ক্যাটাগরীর উপর বিপর্যয়ের প্রধান প্রভাব | | |
| ৪। প্রশ্ন | দুর্বলতা | সামর্থ্য |
| প্র ১ | | |
| প্র ২ | | |
| প্র ৩ | | |
| প্র ৪ | | |
| প্র ৫ | | |

গ্রীড্ রেকর্ডিংয়ে টার্ম বা শব্দাবলীর ব্যাখ্যা

১। **ক্যাটাগরী** সাম্প্রতিক (প্রাসঙ্গিক) ক্যাটাগরী বক্সে লিখিত- ব্যক্তিগত, সামাজিক, ফিজিক্যাল ইত্যাদি।

২। **অংশীদারিত্বমূলক টুল্ বা হাতিয়ার** ফ্যাসিলিটেটর একটি যথাযোগ্য অংশীদারিত্বমূলক টুল্ বা হাতিয়ার মনোনীত করবেন (সাধারণতঃ মিটিংয়ের পূর্বে), এবং লক্ষ্যকৃত দল (ফোকাস্ গ্রুপ) এই টুল্কে প্রশ্নসমূহের উত্তরদানের প্রস্তুতি হিসেবে ব্যবহার করবেন। নিম্নোক্ত টুল্গুলোকে প্রস্তাবিত পাঁচটি ক্যাটাগরীতে ভাগ করা হয়েছে ঃ

- **ব্যক্তিগত** সিজনাল ক্যালেন্ডার (কার্যক্রম, স্থানান্তর, উৎসবাদি ইত্যাদি প্রদর্শন করে)
- **সামাজিক** 'ভেন্ ডায়াগ্রাম' (সামাজিক দলগুলো এবং প্রভাবসমূহ প্রদর্শন করে)
- **প্রাকৃতিক** জনগোষ্ঠীর মানচিত্র (নদী-নালা, পুকুর, বনভূমি, চারণভূমি ইত্যাদি প্রদর্শন করে)
- **ফিজিক্যাল** জনগোষ্ঠীর মানচিত্র (দালান-কোঠা, সেতু, রাস্তা-ঘাট, বাঁধ ইত্যাদি প্রদর্শন করা)
- **অর্থনৈতিক** সিজনাল ক্যালেন্ডার (উপজীবিকা এবং বিপর্যয়ের সিজন বা কালসমূহ)

৩। **সম্পদের এই ক্যাটাগরীর উপরে বিপর্যয়ের প্রধান প্রভাব** এই বক্স সম্পদের এই ক্যাটাগরীতে ক্ষতির রেকর্ড হিসেবে ব্যবহৃত। অংশগ্রহণকারী টুল্ বা হাতিয়ার ব্যবহার করে তথ্য অন্তর্ভুক্ত করার বিষয় স্মরণে রাখুন।

৪। **প্রশ্নসমূহ (প্রঃ ১, প্রঃ ২, প্রঃ ৩, প্রঃ ৪ ইত্যাদি)** সম্পদের প্রতিটি ধরণে দুর্বলতা এবং সামর্থ্যসমূহ আবিষ্কার করার জন্যে স্থানীয় ভাষায় প্রশ্নাবলী জিজ্ঞেস করতে হবে এবং উত্তরগুলো সরাসরিভাবে শীটের উপর পূরণ করতে হবে। প্রশ্নসমূহের উত্তরগুলোর জন্যে অংশগ্রহণকারী টুল্ ব্যবহার করতে হবে; দৃষ্টান্তস্বরূপ, মানচিত্রের উপরে দালান-কোঠা অথবা প্রাকৃতিক সম্পদসমূহ চিহ্নিত করতে হবে যেগুলো বিপর্যয়ের দ্বারা কম-বেশী প্রভাবান্বিত।

যদি একটি প্রশ্নের উত্তর জনগোষ্ঠীর একটি দুর্বলতাকে নির্দেশ করে, তবে 'নোট গ্রহণকারী' সেটিকে 'দুর্বলতা' কলামে লিখবেন। যদি উত্তর একটি সবলতার বিষয় প্রকাশ করে, তবে নোট গ্রহণকারী 'সবলতা' কলাম ব্যবহার করবেন।

একটি দৃষ্টান্তস্বরূপ, নিম্নোক্ত ছকে বা টেবিলে সেই প্রশ্নগুলো করা হয়েছে যেগুলো ফিজিক্যাল ক্যাটাগরীর জন্যে এবং কিছু কিছু সম্ভাব্য উত্তরগুলোর জন্যে ব্যবহার করা হয়েছে।

উত্তরসমূহ সহ রেকর্ডিং গ্রীড়-এর একটি দৃষ্টান্ত

**প্রভাব, দুর্বলতা এবং সামর্থ্যের মূল্যায়ন**

| | | |
|---|---|---|
| ১। ক্যাটাগরী | ফিজিক্যাল | |
| ২। অংশীদারিত্বমূলক টুল্ | জনগোষ্ঠীর মানচিত্র অঙ্কন করতে হবে | |
| ৩। সম্পদের এই ক্যাটাগরীর উপর বিপর্যয়ের প্রধান প্রভাব | বন্যা ঘর-বাড়ি, রাস্তা-ঘাট, সেতু, বিদ্যুৎ সঞ্চালনের লাইন-এর ধ্বংস ও ক্ষতি সাধন করেছে; যোগাযোগ ব্যবস্থার অবনতি ঘটিয়েছে। | |
| ৪। প্রশ্ন | দুর্বলতা | সামর্থ্য / সবলতা |
| প্রঃ ১ কোন্ ভবনগুলো বিপর্যয়ের সময়ে সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হয়েছে? কেন? | যে ঘরগুলোর অবস্থান নদীর ধারে নীচু জমিতে। ক্ষতিগ্রস্ত হবার কারণ অবস্থান এবং নিম্নমানের নির্মাণ সামগ্রী (ঘরগুলো শুধুমাত্র মাটি এবং বাঁশ দিয়ে তৈরী) | |
| প্রঃ ২ কোন্ ঘরগুলো বিপর্যয়ের জন্যে ক্ষতিগ্রস্ত এবং কেন? | | স্কুল এবং অল্প কিছু ঘর-বাড়ি উঁচু স্থানে অবস্থিত, এবং ইটের তৈরী যা বন্যার জলে টিকে থাকতে সক্ষম |
| প্রঃ ৩ সমস্যার সময়ে যোগাযোগের কোন্ ব্যবস্থাগুলো এখনও সুপ্রাপ্য? দৃষ্টান্তস্বরূপ, মোবাইল ফোনগুলো বা রেডিও? | কোন টেলিফোনের ল্যান্ড লাইন নেই; অধিকাংশ রাস্তা-ঘাট এবং সেতুগুলো ভেঙ্গে গিয়েছে | গ্রামের লোকদের মধ্যে কেবল কয়েকজনের কাছে মোবাইল ফোন রয়েছে; প্রায় ৫০ টি পরিবারের নিজেদের ব্যাটারী চালিত রেডিও রয়েছে |
| প্রঃ ৪ কোন্ ধরণের যান-বাহন পাওয়া যায় এবং দুর্যোগের সময়ও তা ব্যবহারের উপযোগী? দৃষ্টান্তস্বরূপ, নৌকা, বাইসাইকেল অথবা অন্যান্য যানবাহন | রাস্তায় কোন মোটর চালিত যান-বাহন চলাচল করে না | জলে নৌকা, কিছু পরিমাণ রিক্সা; একজন কৃষকের একটি ট্রাক্টর রয়েছে |
| প্রঃ ৫ বন্যার সময়ে লোকেরা কিভাবে তাদের উপকরণাদি এবং ঘর-বাড়ি সংরক্ষণ করে? | অধিকাংশ লোকেরই কোন বিশেষ পদ্ধতি নেই; পরিবারের সম্পদগুলোর মধ্যে অধিকাংশই নষ্ট হয়েছে | অল্পসংখ্যক লোকেরা তাদের জিনিসপত্র ঘরের ভিতর উপরে ছাদের সাথে ঝুলিয়ে রেখেছে অথবা উঁচু তাকের উপর শুকনো স্থানে রেখেছে |
| প্রঃ ৬ কিভাবে খোলা কূপগুলো এবং নলকূলগুলো দুর্যোগের দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছে? কেন? | খোলা কূপগুলো নিয়মিতভাবে বন্যার জল দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছে কারণ সেগুলো নীচু স্থানে অবস্থিত এবং এগুলো সংরক্ষণের জন্যে কোন ঢাকনা ছিল না | একটি নলকূপ থেকে সর্বদা উত্তম পানি পাওয়া যায় কারণ এটি উঁচু স্থানে অবস্থিত |

পরিশিষ্ট বা সংযুক্তি পত্র ক-তে অন্যান্য প্রকারের সম্পদসমূহের অতিরিক্ত প্রশ্নাবলী রয়েছে। দলের অনুধাবনের স্তর অনুযায়ী এবং এলাকায় বিশেষ বিপর্যয়ের ধরণ অনুযায়ী, প্রশ্নসমূহের জন্যে সামান্য ব্যাখ্যা অথবা অভিযোজনের প্রয়োজন।

শেড্‌ দেয়া একটি বক্সের অর্থ হল এই যে ঐ বক্সের উপযোগী কোন উত্তর সম্পর্কে জানা ছিল না। কোন কোন প্রশ্নের 'শুধুমাত্র দুবর্লতার' বক্সে উত্তর লেখা ছিল, আবার অন্যান্য প্রশ্নগুলোর উত্তর 'শুধুমাত্র সামর্থ্যের' ঘরে লেখা ছিল। কখনও টুল্‌ বা হাতিয়ার (এ ক্ষেত্রে মানচিত্র) ফ্যাসিলিটেটরের প্রয়োজন ছাড়াই প্রশ্নগুলোর উত্তর সরবরাহ করে থাকে, অথবা আপনি যখন প্রশ্ন জিজ্ঞেস করবেন তখন মানচিত্রের বিষয় উল্লেখ করতে পারেন।

# ৬.৫ সংগৃহীত তথ্যের সার-সংক্ষেপ করা
## Summarising the information collected

চূড়ান্ত পর্যায়ে, সাধারণতঃ সমাপ্তির পরে, এক বা একাধিক ফ্লিপ চার্টে তথ্যাবলীর সার-সংক্ষেপ করা হবে - হয় সরাসরি লিখিতভাবে কার্ডগুলোতে নোটগুলো আঠা দিয়ে লাগিয়ে ব্যবহার করা যাবে। নীচে এর ফরম্যাট বা নমুনা প্রদান করা গেল। 'প্রভাবের বক্সে' উত্তরগুলো দেয়া হবে এবং তা দ্বিতীয় কলামে যাবে; দুর্বলতাসমূহ এবং সামর্থ্যসমূহ অন্যান্য প্রশ্নগুলোর উত্তরগুলো থেকে নেওয়া হবে এবং সেগুলো ৩ নং এবং ৪ নং কলামে যোগ করা হবে। লক্ষ্য করুন যে ব্যক্তিগত ক্যাটাগরীতে, ফলাফলগুলো পুরুষ এবং নারী লাইনগুলোতে পৃথক করা হবে। অন্যান্য ক্যাটাগরীতে পার্থক্যগুলো হয়তো দৃষ্ট হবে ঃ এগুলোর ফলাফলগুলো লক্ষ্যকৃত দলের পুরুষদের বিবরণ এক কালিতে এবং নারীদের বিবরণ অন্য কালিতে লিখে নোটগুলোতে আঠা দিয়ে কার্ডগুলোতে লাগানো যেতে পারে, এগুলোর জন্যে বিভিন্ন রঙের মার্কার পেন ব্যবহার করা যেতে পারে।

| কলাম ১ | কলাম ২ | কলাম ৩ | কলাম ৪ | কলাম ৫ |
|---|---|---|---|---|
| ক্যাটাগরী | বিপর্যয়ের প্রভাব | দুর্বলতাগুলো | সামর্থ্যগুলো | ঝুঁকি হ্রাসের কার্যক্রম |
| ব্যক্তি (পুরুষ) | | | | |
| ব্যক্তি (নারী) | | | | |
| সামাজিক | | | | |
| প্রাকৃতিক | | | | |
| ফিজিক্যাল | | | | |
| অর্থনৈতিক | | | | |

চূড়ান্ত কলামে কিছু কিছু কার্যক্রম দলের বিবেচনার্থে অনুমোদিত যেগুলো জনগোষ্ঠীর দুর্বলতাসমূহ হ্রাস করে অথবা সক্ষমতাকে বৃদ্ধি দান করে। এই ধারণাগুলো ঝুঁকি ব্যবস্থাপনা চলাকালে আলোচনায় সহায়তা দান করে - বিভাগ ৮ দেখুন।

কখনও কখনও প্রধান তথ্য প্রদানকারীর সঙ্গে সাক্ষাৎকারে (বিভাগ ৭ দেখুন) দুর্বলতা এবং সামর্থ্যসমূহের জন্যে তথ্য পাওয়া যায়; সেটি এই টেবিলের উপযুক্ত বক্সে যোগ করা যায়।

# ধাপ ৪ ঃ শক্তিশালী চাপসমূহ এবং অন্তর্নিহিত কারণসমূহ
# Step 4: Dynamic pressures and underlying causes

জনগোষ্ঠীর ভিতর থেকে অথবা অন্য কোন বাহ্যিক উৎস থেকে নির্গত শক্তিশালী চাপসমূহ দুর্বলতা এবং সামর্থ্যের উপর এক দারুণ প্রভাবের কারণ সৃষ্টি করে থাকে।

## ৭.১ শক্তিশালী চাপসমূহ
## Dynamic pressures

শক্তিশালী চাপসমূহ যা সামাজিক কাঠামোসমূহে এবং প্রক্রিয়াসমূহে নিহিত থাকে তা জনগোষ্ঠীর সদস্য/সদস্যাদের দুর্বলতার স্তরে প্রভাব বিস্তার করে থাকে।

কাঠামোগুলো হল জনগণ, প্রতিষ্ঠানসমূহ অথবা সংস্থাসমূহ যা দুর্বলতা অথবা সামর্থ্যসমূহের উপর প্রভাব ফেলে থাকে, এবং ঐ প্রক্রিয়াগুলো হল এমন উপায় বা পথ যাতে তারা তাদের প্রভাব বিস্তার করে। দৃষ্টান্তস্বরূপ, একটি স্থানীয় সরকারী কমিটি একটি কাঠামো হিসেবে পরিগণিত হতে পারে, সে ক্ষেত্রে এর সিদ্ধান্তসমূহ, নীতিমালা অথবা প্রকল্পসমূহ প্রক্রিয়া বলে পরিগণিত হবে। যখন দুর্বলতাগুলো এবং সামর্থ্যগুলো পরীক্ষা করা হয়, তখন আমাদের এ বিষয়গুলো জিজ্ঞেস করা প্রয়োজন, 'কে বা কি জনগোষ্ঠীর উপরে প্রভাব বিস্তার করে থাকে?' (অর্থাৎ - কাঠামোসমূহ) এবং 'কিভাবে সেগুলো জনগোষ্ঠীর উপর প্রভাব বিস্তার করে থাকে?' (অর্থাৎ - প্রক্রিয়াসমূহ)।

কাঠামোসমূহ এবং প্রক্রিয়াসমূহ তিনটি ভিন্ন ভিন্ন স্তরে কাজ করে থাকে ঃ

- স্থানীয়
- জাতীয়
- আন্তর্জাতিক

ঝুঁকি কার্যক্রমসমূহ হ্রাস করে, সেগুলো বিভাগ ৮-এ বর্ণনা করা হয়েছে, সেগুলো এই কাঠামো এবং প্রক্রিয়াসমূহের প্রেক্ষাপটে কাজ করে থাকে এবং প্রক্রিয়াগুলো সহজেই ঐ কার্যক্রমের উপকারসমূহকে দমিয়ে রাখতে পারে অথবা ধ্বংস করতে পারে। দৃষ্টান্তস্বরূপ, একটি স্বাস্থ্য প্রকল্প নিম্নস্তরের প্রভাব ফেলতে যদি একজন স্থানীয় ঐতিহ্যবাহী চিকিৎসক (কবিরাজ বা ওঝা) জনগোষ্ঠীর কাছে এক অতি ভিন্ন ধরণের বার্তা ছড়িয়ে দেয়। একটি দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি নারী সদস্যদের অন্তর্ভুক্ত করতে পারে, কিন্তু যদি ঐ সদস্যগণের সংস্কৃতিগতভাবে বিতর্কে অংশগ্রহণ করার অধিকার না থাকে, তবে ঐ নারীদের মতামতকে গণ্য বা গ্রহণ করা হবে না। অতএব, কাঠামোসমূহের ধরণ এবং কিভাবে প্রক্রিয়া চালিত হয় - সে বিষয়ে অনুধাবন করা গুরুত্বপূর্ণ।

এ বিষয়ে লক্ষ্য রাখতে হবে যে প্রক্রিয়াসমূহ ইতিবাচক অথবা নেতিবাচক হতে পারে। দৃষ্টান্তস্বরূপ, একটি সরকারী বিভাগ (কাঠামো) যাতে অপ্রতুল সম্পদ রয়েছে এবং যা একটি সেবাদান করতে অক্ষম (প্রক্রিয়া) হয়তো লোকজনকে দুর্যোগের সময়ে আরও দুর্বল করে তোলে। একই বিভাগে, যদি উপযুক্তভাবে সম্পদযুক্ত করা যায়, তবে অনেকাংশে দুর্বলতা হ্রাস করা যায় এবং সামর্থ্য বৃদ্ধি করা যায়।

পরবর্তী পৃষ্ঠায় প্রদত্ত টেবিলে কাঠামো এবং প্রক্রিয়া এবং দুর্বল জনগোষ্ঠীর উপর তাদের প্রাসঙ্গিকতা সম্পর্কে কিছু দৃষ্টান্ত দেওয়া হয়েছে।

কাঠামো, প্রক্রিয়া এবং দরিদ্র বা দুর্বল জনগোষ্ঠীতে প্রাসঙ্গিকতা

| স্তর | কাঠামো (কে/কারা অথবা কি) | প্রক্রিয়া (কিভাবে) | প্রাসঙ্গিকতা/ফলাফল |
|---|---|---|---|
| স্থানীয় | গ্রামের প্রাচীনবর্গ | ঐতিহ্য বজায় রাখা, ঝগড়া-বিবাদের বিচার ও মীমাংসা করা, সংস্কৃতি এবং বিশ্বাসসূহকে লালন করা | ঐতিহ্যগত প্রথা পুরুষদের কর্তৃত্বকে সংরক্ষিত করতে পারে এবং স্ত্রী লোকদেরকে আরও নাজুক বা দুর্বল করতে পারে; সিদ্ধান্তসমূহ ধনী ব্যক্তিদের পক্ষে যেতে পারে |
| স্থানীয় | চার্চ বা মন্ডলী | ধর্মীয় শিক্ষামালা এবং অনুশীলনকে উৎসাহিত করা | এটি পরস্পরের মনোভাবকে প্রভাবিত করে এবং খরচেবহুল উৎসবাদি সম্পন্ন হয়ে থাকে |
| স্থানীয় | সরকারী বিভাগসমূহ | জনগোষ্ঠীর জন্যে সেবা দান করে | সেবার মান স্বাস্থ্যের, শিক্ষার এবং কৃষিকর্মের ক্ষেত্রে প্রক্রিয়া সৃষ্টি করে |
| স্থানীয় | ব্যবসা-বাণিজ্য | লোকদের নিয়োজিত করা, পরিবেশের ক্ষতি সাধিত হতে পারে | বেতনাদি, কাজের অবস্থা, প্রাকৃতিক সম্পদসমূহের সুপ্রাপ্যতা |
| জাতীয় | সামরিক | জনগণের নিরাপত্তা বিধান করা বা তাদের শোষণ করা | নিরাপত্তা এবং অর্থনৈতিক মঙ্গল বিধান করা |
| জাতীয় | ন্যায়বিচার প্রণালী | আইন-কানুন প্রণয়ন এবং চাপিয়ে দেওয়া | প্রণালীর স্বচ্ছতা, আইন-কানুন চাপিয়ে দেওয়া, দুর্নীতি |
| জাতীয় | পরিবেশের জন্যে সরকারী বিভাগ | পরিবেশগত ধ্বংসের বিষয়ে অনুমোদন দিতে পারে, অথবা জলবায়ু পরিবর্তনের বিষয়গুলোর সঙ্গে সম্পৃক্ত নাও থাকতে পারে, দেশের মধ্যে বা আন্তর্জাতিকভাবে | দরিদ্রেরা প্রাকৃতিক সম্পদসমূহ হারায়; জলবায়ু পরিবর্তনের অভিযোজনের অভাবে জীবনের এবং উপজীবিকার ক্ষতিসাধন হতে পারে |
| জাতীয় | সরকারী ব্যবসায় বিভাগ | অর্থকরী ফসল উৎপাদনে অথবা জৈব-জ্বালানী উৎপাদনে উৎসাহিত করা যেতে পারে | খাদ্যের প্রাপ্যতা হ্রাস অথবা মূল্য বৃদ্ধি |
| আন্তর্জাতিক | কফি, চা, তুলা, ধাতব দ্রব্যাদির জন্যে বাজার | কৃষকদেরকে তাদের উৎপাদিত ফসলাদির জন্যে মূল্য নির্ধারণ করে দেওয়া | অর্থকরী ফসলাদির আয় বৃদ্ধি পেতে পারে বা কমে যেতে পারে, মূল্য বা বাজার দর অনুযায়ী |
| আন্তর্জাতিক | ক্রেডিট এন্ড ব্যাঙ্কিং সিস্টেম | ব্যাঙ্কসমূহ উন্নয়নের অনুদান এবং ঋণসমূহ প্রদান করে থাকে, সে জন্যে শর্তাবলী আরোপ করে থাকে | শর্তাবলী সরকারী রীতিতে নিয়ন্ত্রণ করতে পারে (যেমন-ভর্তুকীর বিষয়ে) অথবা অগ্রগণ্য বিষয়গুলোর উপর প্রাধান্য দিয়ে |

# ৭.২ অন্তর্নিহিত বা মূলগত কারণসমূহ
## Underlying causes

এগুলো কাঠামো এবং প্রক্রিয়াসমূহ থেকে আরও গভীরতর স্তরে কার্যরত, এবং এর চারটি প্রধান ক্যাটাগরী রয়েছে!

- রাজনৈতিক
- অর্থনৈতিক
- সংস্কৃতি, বিশ্বাসসমূহ এবং মূল্যবোধসমূহ
- প্রাকৃতিক পরিবেশ

কোন কোন ক্ষেত্রে নিহিত বা মূলগত কারণসমূহ একটি শক্তিশালী চাপের মধ্য দিয়ে নির্ণয় করা যেতে পারে। দৃষ্টান্তস্বরূপ, একটি সরকারী বাজেটের সিদ্ধান্ত কৃষিখাতের স্থলে প্রতিরক্ষা খাতে বরাদ্দ করা হয় তবে তা একটি কাঠামোর সক্ষমতার উপর (স্থানীয় কৃষি অফিস) প্রক্রিয়া বাস্তবায়নে (কৃষকদের সাহায্য করার কার্যক্রমে) প্রতিক্রিয়া সৃষ্টি করবে। এরূপে নাজুকতা বা দুর্বলতা বৃদ্ধিপ্রাপ্ত হয়ে থাকে। যাহোক, অন্যান্য ক্ষেত্রগুলোতে এই মূলগত বা অন্তর্নিহিত কারণগুলো জনগোষ্ঠীর বা সমাজের দুর্বলতা বা সফলতার উপর হয়তো একটি সংস্কৃতিগত বিশ্বাস বা প্রক্রিয়ার মধ্য দিয়ে সরাসরি প্রভাব বিস্তার করে থাকে।

নিম্নোক্ত ছক্ বা টেবিলে মূলগত বা অন্তর্নিহিত কারণগুলোর এবং কিভাবে সেগুলো দুর্বলতা বা সবলতার উপর প্রভাব বিস্তার করে সে সমস্তের উপর কিছু দৃষ্টান্ত প্রদান করে থাকে।

অন্তর্নিহিত বা মূলগত কারণসমূহ এবং তাদের প্রভাব

| ক্যাটাগরী | অন্তর্নিহিত বা মূলগত কারণ | দুর্বলতার উপর প্রতিক্রিয়া |
|---|---|---|
| রাজনৈতিক | সরকারী দল রাজনৈতিক বিষয়াদি দ্বারা পরিচালিত, এটি সিদ্ধান্ত নেয় যে কোন্ কোন্ এলাকায় ত্রাণ এবং উন্নয়ণের তহবিলগুলো করা হবে। প্রণালীগুলো বা সিস্টেমগুলো দুর্নীতিগ্রস্ত হতে পারে। | দেশের কোন কোন এলাকায় কম ফান্ড বা তহবিল দেওয়া হয়েছে, কারণ তারা একটি বিরোধী দলকে সমর্থন করে থাকে। সম্পদসমূহ স্থানীয় স্তরে পৌঁছায় না। |
| অর্থনৈতিক | বড় বড় ব্যাঙ্কগুলো এবং সরকারসমূহ সুদে আন্তর্জাতিক ঋণ নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। সরকার অগ্রাধিকারের ভিত্তিতে আন্তর্জাতিক বাণিজ্য নীতি গ্রহণ করতে পারে। | এটি সরকারী অর্থের সেবাদানকে এবং বিভাগগুলোর জন্যে বরাদ্দকৃত তহবিলকে প্রভাবিত করতে পারে। অর্থকরী ফসলের মূল্য পরিশোধের উপরও তা প্রভাব ফেলতে পারে। |
| সংস্কৃতি, বিশ্বাস এবং মূল্যবোধসমূহ | লোকেরা বিশ্বাস করতে পারে যে রোগ-ব্যাধি এবং বিরূপ আবহাওয়া মন্দ আত্মাদের প্রভাবে ঘটে থাকে - যার জন্যে প্রয়োজন আচার-অনুষ্ঠানাদি এবং বলিদানসমূহ। কোন কোন ব্যক্তি অন্যদের চেয়ে অধিক মূল্য পেয়ে থাকে। | লোকেরা স্বাস্থ্য এবং কৃষি বিষয়ক উপদেশ বা পরামর্শ গ্রহণ করতে নাও চাইতে পারে। নারী এবং শিশুদের দুর্বলতা বৃদ্ধি পেতে পারে। |
| প্রাকৃতিক পরিবেশ | একটি এলাকার ভৌগলিক অবস্থান কঠিন বা জটিল হতে পারে। সেখানে ঢাল, উঁচু-নীচু, ভিন্ন ধরণের মাটির পরিমাণ বা গুণাগুণ থাকতে পারে - অথবা সেখানে চরম জলবায়ু থাকতে পারে (অতিবৃষ্টি/অনাবৃষ্টি, খরা, বা নিম্ন/উচ্চ তাপমাত্রা থাকতে পারে) | কৃষি প্রধান অঞ্চলে এর বিরূপ প্রভাব পড়তে পারে, জলবায়ুর পরিবর্তন এবং পরিবেশগত অবনতির কারণে আরও শোচনীয় অবস্থার সৃষ্টি হতে পারে |

# ৭.৩ শক্তিশালী চাপসমূহ এবং অন্তর্নিহিত কারণসমূহ মূল্যায়ন

## Assessing dynamic pressures and underlying causes

এটি 'মূল তথ্য প্রদানকারী' বলে পরিচিত লোকজনের সাক্ষাৎকার গ্রহণের দ্বারা সম্পাদিত হয়ে থাকে - প্রায়ই তা এক এক জনের ভিত্তিতে বা ছোট ছোট দলের সাথে সম্পাদিত হয়ে থাকে (বিভাগ ৩.১ এবং ৪.৬ এ বিষয়ে পরিচিত করানো হয়েছে)। প্রশ্নগুলো এমনভাবে প্রণয়ন করা উচিত যেন তা নির্দিষ্ট শক্তিশালী চাপসমূহে এবং অন্তর্নিহিত বা দলগত কারণসমূহের গভীরে প্রবেশ করতে পারে যা একটি সমাজের বা জনগোষ্ঠীর উপর প্রভাব বিস্তার করতে পারে। নিম্নোক্ত ছক বা টেবিল সেই লোকদের সম্পর্কে দৃষ্টান্তসমূহ প্রদান করে যাদের কাছে পৌছানো যায়, এখানে এমন কিছু প্রশ্ন দেওয়া হয়েছে যেগুলো তাদের জিজ্ঞেস করা যায়।

প্রধান তথ্য প্রদানকারীগণ

| ব্যক্তি | নমুনা প্রশ্নসমূহ | গৃহীত তথ্য |
|---|---|---|
| চিকিৎসক বা স্বাস্থ্যকর্মী | সবচেয়ে সাধারণ রোগ-ব্যাধিগুলোজনিত সমস্যাগুলো কি কি? দুর্যোগসমূহের সময় কোন্গুলো বৃদ্ধি পায়, এবং কেন? | স্বাস্থ্যসংক্রান্ত বিষয়গুলোর মধ্যে কোন কোনটি বিশেষ বিশেষ বিষয়গুলোতে কিছু কিছু লোককে অধিক দুর্বল করে তোলে। |
| | লোকেরা অসুস্থতার কারণ হিসেবে কি কি বিষয়ে বিশ্বাস করে, এবং যখন কেউ অসুস্থ হয় তখন তারা সাহায্য লাভের জন্যে কোথায় যায়? | অসুস্থতার কারণ হিসেবে প্রচলিত কিছু বিশ্বাস রয়েছে এবং এমন লোকেরা রয়েছে যাদের স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে প্রভাব রয়েছে। |
| সরকারী কর্মকর্তা | দুর্যোগের প্রস্তুতি অথবা মোকাবেলা করার জন্যে সরকারের কি কি নীতিমালা/পরিকল্পনাসমূহ রয়েছে? | সরকারের দুর্যোগ ব্যবস্থাপনার পরিকল্পনা ফান্ডের অনুপস্থিতির বা অভাবের কারণে লোকজনেরা কম/ বেশী নাজুক বা দুর্বল হয়ে পড়ে। |
| | সরকারের জন্যে অগ্রাধিকারের বিষয় কোন্টি ঃ দুর্যোগের পূর্বে গৃহীত পদক্ষেপ বা দুর্যোগের পরে গৃহীত পদক্ষেপ? | আরও DRR (দুর্যোগ-পূর্ব) ব্যবস্থা গ্রহণের বিষয়ে অ্যাডভোকেসী প্রদানের বিষয়ে পরামর্শ দেওয়া যায়। |
| পালক বা অন্যান্য ধর্মীয় নেতা | কিভাবে লোকদের ধর্মীয় বিশ্বাসসমূহ আচরণকে প্রভাবিত করে? | অত্যন্ত গোঁড়া লোকজনকে DRR-এর প্রতি কম গ্রহণীয় করে তোলে। |
| | দুর্যোগের সময়ে ধর্মীয় জনগোষ্ঠীর সদস্য/সদস্যাগণ কিভাবে একে অন্যকে সমর্থন করে থাকে? | শনাক্ত করার জন্যে একটি দুর্বলতা অথবা উন্নয়নের জন্যে একটি সবলতা প্রকাশ করতে পারে। |
| গ্রামীণ নেতা | সমস্যার সময়গুলোতে নেতাদের উপর কোন্ কোন্ অতিরিক্ত চাপ বা দায়িত্বসমূহ পড়ে থাকে? | সমস্যার সময়ে নেতৃত্বের গুণের বিষয়ে সংকেত দেয়া যেতে পারে। |
| | দুর্যোগের সময়গুলোতে কে বা কারা সবচেয়ে বেশী দুর্বল হয়ে পড়ে? কোন্ বিশেষ সহায়তা প্রদান করা যায়? | স্ত্রীলোকেরা এবং অন্যান্য নাজুক/দুর্বল লোকদের জন্যে সচেনতা বা সচেতনতার অভাব নির্দেশ করা যেতে পারে। |
| | দুর্যোগসমূহ থেকে কাদের বা কিসের নিরাপত্তা লাভের অধিক প্রয়োজন রয়েছে? | কে বা কারা সর্বাধিক মূল্যবান তা নির্দেশ করা। |
| স্কুলের শিক্ষক/শিক্ষিকা | শিশুদের শিক্ষার জন্যে লোকেরা কোন্ বিষয়টিকে প্রাধান্য দেয় (বালক/বালিকাদের জন্যে)? | ছেলে/মেয়েদেরকে এবং আত্মীয়-স্বজনদের কাছে সংস্কৃতিগত মূল্যবোধ বুঝতে সাহায্য করা। |
| | কিভাবে স্কুলে দুর্যোগ সম্পর্কে শিক্ষা দেওয়া হয়? | কারিকুলাম পরিবর্তনের জন্যে অ্যাডভোকেসীর প্রয়োজন হতে পারে। |
| | সমস্যা / দুর্যোগের সময়ে কি স্কুল ব্যবহৃত হয়? | সমস্যা/ দুর্যোগের সময়ে অস্থায়ী আশ্রয়ের জন্যে স্কুল সামর্থ্য বলে বিবেচিত হতে পারে। |

## ফলাফলসমূহের সার-সংক্ষেপ
## Summarising results

সাক্ষাৎকারসমূহ এবং লক্ষ্যকৃত দলসমূহ থেকে সংগৃহীত তথ্যাবলীর সার-সংক্ষেপ একটি চার কলামবিশিষ্ট ছকে বা টেবিলে উল্লেখ করা যায়।

সংগৃহীত তথ্যাবলীর সার-সংক্ষেপ

| কাঠামো | ইতিবাচক প্রক্রিয়াসমূহ | নেতিবাচক প্রক্রিয়াসমূহ | অন্তর্নিহিত কারণ |
|---|---|---|---|
| গ্রামীণ প্রাচীনবর্গ | ছোট-খাটো ঝগড়া-বিবাদের মীমাংসা করা এবং জনগোষ্ঠীর মধ্যে ঐক্য বজায় রাখা। | পুরুষ শাসিত এবং প্রধানতঃ পুরুষের স্বার্থ দেখা হয়, নারীদের অবহেলা করা হয় | পুরুষের কর্তৃত্ববিশিষ্ট এবং নিয়ন্ত্রিত একটি সংস্কৃতি। |
| গ্রামীণ স্কুল | শিক্ষা প্রদান করে | পাঠ্যসূচীতে দুর্যোগসমূহের বিষয়ে এবং কিভাবে সেগুলোর মোকাবেলা করা যায় সে সমস্তের অন্তর্ভুক্তি নেই | সরকার পাঠ্যসূচী প্রণয়ন করে এবং শিক্ষার জন্যে বাজেট নির্ধারণ করে |
| কৃষকদের সমবায় সমিতি | অপেক্ষাকৃত কমমূল্যে কৃষকেরা বীজ এবং সার ক্রয় করতে পারছে | কৃষকেরা একটিমাত্র অর্থকরী ফসলের চাষে আবদ্ধ হয়ে পড়তে পারে (যেমন তুলা, তামাক) | কৃষকের মূল্য গ্রহণ আন্তর্জাতিকভাবে নিয়ন্ত্রিত |

মূল তথ্য সরবরাহকারীদের কাছ থেকে সংগৃহীত তথ্যাবলী লক্ষ্যকৃত দলগুলোর (ফোকাস্‌ গ্রুপ) পুনরায় মিলিয়ে দেখা যেতে পারে। দৃষ্টান্তস্বরূপ, একটি লক্ষ্যকৃত দলের আলোচনা এ বিষয়ে প্রকাশ করতে পারে যে একটি নির্দিষ্ট সরকারী বিভাগের সেবাসমূহের অভাব রয়েছে। সংশ্লিষ্ট বিভাগের একজন সরকারী কর্মকর্তার সঙ্গে সাক্ষাৎকার এ বিষয় বের করার একটি সুযোগ দান করবে যে কেন এ ক্ষেত্রে তা ঘটছে। বিভিন্ন ক্ষেত্রগুলোর একটিতে এ সমস্যা পাওয়া যেতে পারে, এর অন্তর্ভুক্ত রয়েছে ঃ

- সেবা প্রদানের জন্যে সরকারী সম্পদসমূহের অভাব
- প্রকল্প বাস্তবায়নের জন্যে সরকারী কর্মচারীর বাস্তব দক্ষতাসমূহের অভাব
- জনগোষ্ঠীর সদস্য/সদস্যাদের মধ্যে সচেতনতার অভাব যে কিভাবে ঐ সেবা গ্রহণ করা যায়।

কার্যক্রমের পরিকল্পনার পর্যায়ে এই শক্তিশালী চাপ শনাক্ত করতে হবে। এই কার্যক্রমের অন্তর্ভুক্ত থাকতে পারে ঃ

- বরাদ্দের বৃদ্ধির জন্যে প্রচেষ্টা অথবা সরকারী সম্পদসমূহ অবমুক্ত করা
- প্রশিক্ষণের কার্যক্রমসমূহে সরকারী কর্মচারীর অন্তর্ভুক্তি
- জনগোষ্ঠীর মধ্যে সেবার বিষয়ে সচেতনতা বৃদ্ধি।

সাক্ষাৎকারসমূহ এ বিষয়টি প্রকাশ করতে পারে যে দুর্যোগ ব্যবস্থাপনায় সরকারের খুবই স্বল্প নীতিমালা এবং পরিকল্পনা রয়েছে। এই ক্ষেত্রে, কেন্দ্রীয় সরকারী স্তরে তদ্বির (লবিং) করা সবচেয়ে উপযুক্ত কার্যক্রম (৮.৬ বিভাগ দেখুন)।

কার্যক্রমের পরিকল্পনার উন্নয়ন স্বাভাবিকভাবেই অ্যাডভোকেসীর সুযোগসমূহকে খুলে দিতে পারে (বিভাগ ৮) কিন্তু দীর্ঘসময়ের জন্যে, স্থায়িত্ব অর্জনের জন্যে, একটি অ্যাডভোকেসী কৌশল গড়ে তুলতে হবে, প্রত্যেক ছয় মাস পর পর তা আপডেট করতে হবে। এটি জনগোষ্ঠীর কাছে অ্যাডভোকেসীর গুরুত্ব আরও বৃদ্ধি করে। মূলতঃ, এই কৌশল হওয়া প্রয়োজন জনগোষ্ঠীভিত্তিক এবং মালিকানা হওয়া উচিত তাদের।

# ৭.৪ কেস্‌ স্টাডীজ
# Case studies

**উত্তর ভারতের বিহারে সামাজিক কাঠামোসমূহ**

উচ্চ পর্যায়ের বন্যাপ্রবণ গ্রামগুলোতে একটি দল PADR প্রক্রিয়ায় শ্রেণী বা বর্ণ প্রথার বিরুদ্ধে হাই-লাইট করেছে। এতে এর সবলতা (Strength) এবং যারা নীচু শ্রেণীতে বা বর্ণে জন্মেছে তাদের সবচেয়ে দুর্বলতাগুলো তুলে ধরা হয়েছে। শ্রেণী বা বর্ণ প্রথা কাঠামোতে এ বিষয় নিশ্চিত করা হয়েছে যে ধনী লোকেরা (উচ্চ বর্ণের) নিরাপদ উঁচু জমির মালিক এবং গরীবেরা অর্থাৎ নীচু বর্ণের লোকেরা উচ্চ মানের ঝুঁকিপূর্ণ নীচু জমির মালিকানা লাভ করেছে। বন্যার সময়ে সংস্কৃতির নিয়ম কানুন নিম্নবর্ণের লোকজনকে উচ্চ বর্ণের ধনী জমির মালিকদের এলাকায় প্রবেশ করাকে নিষিদ্ধ করে থাকে। উঁচু এলাকাগুলোর মধ্যে রয়েছে শুধুমাত্র প্রধান রাস্তা এবং নদীর তীরের বাঁধ বা 'বেড়ি বাঁধসমূহ' কাঠামোসমূহ, প্রক্রিয়া এবং মূল কৃষ্টিগত বর্ণ বা শ্রেণীগুলো ছিল দুর্বলতা সৃষ্টির প্রধান উপাদান।

এই বিশেষ ক্ষেত্রে, একটি ভারতীয় এনজিও (দিল্লীভিত্তিক ডিসাইপলশীপ সেন্টার) উচ্চ বর্ণের জমির মালিকদেরকে নিম্ন বর্ণের লোকদের সাহায্য করার জন্যে আলোচনা করার উদ্যোগ গ্রহণ করলেন। তাঁরা নীচু জমির মধ্য দিয়ে উঁচু বাঁধে গিয়ে অপেক্ষাকৃত নিরাপদ আশ্রয় গ্রহণের জন্যে একটি উঁচু রাস্তা নির্মাণের অনুমতি লাভ করতে পারলেন। এর বিনিময়ে, জমির মালিকেরা তাদের হাতেটানা গাড়ি (ঠেলা গাড়ি) তাদের আমবাগানের কাছে আনতে পারল, এবং উৎপন্ন পণ্য বাজারজাত করা সহজ হল। শ্রেণী বা বর্ণগুলোর মধ্যে সম্পর্ক তুলনামূলকভাবে ভাল হল।


Caroline Irby / Tearfund

*Children practising a flood evacuaton across a raised escape route.*

**মালাওইতে ব্যবসা-বাণিজ্যের কাঠামো এবং প্রক্রিয়াসমূহ**

'লিম্বে লিফ কোম্পানী' তামাক উৎপাদন করতে সক্ষম হবার জন্যে জনগোষ্ঠীর জমির উপরে একটি বাঁধ নির্মাণ করল, কিন্তু তারপর তা কোন ব্যক্তি কর্তৃক পানি ব্যবহারের বিষয়ে বাধা হয়ে দাঁড়াল। খরাসঙ্কুল অবস্থাসমূহে একটি বৃহৎ জলাধার থাকা সত্ত্বেও চাষাবাদের সঙ্গে জড়িত কেউ-ই পানি লাভ করতে সক্ষম হল না। চারটি লক্ষ্যকৃত জনগোষ্ঠীর প্রায় ১৬০ জন ব্যক্তি একটি অধিকারভিত্তিক উন্নয়নের বিষয়ে প্রশিক্ষণ পেলেন। তারা অ্যাডভোকেসীর বিষয়ে প্রশিক্ষণ পেলেন যা তাদেরকে কোম্পানীর সঙ্গে আলোচনা করার জন্যে একত্রিত বা সংঘবদ্ধ হতে সাহায্য করল, ফলে জনগোষ্ঠী কোম্পানী এবং স্থানীয় কর্তৃপক্ষ উভয়েরই কাছ থেকে বাঁধে সংরক্ষিত পানি ব্যবহারের অনুমতি লাভ করলেন এবং বিদ্যমান জমির অংশ দিয়ে ফসল উৎপাদনের জন্যে সেচের ব্যবস্থা করতে সক্ষম হলেন।

# ধাপ ৫ ঃ ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনাসমূহ

# Step 5: Risk management plans

ধাপ ৫ হল PADR প্রক্রিয়ার চূড়ান্ত এবং সর্বাধিক গুরুত্বপূর্ণ ধাপ। পূর্বের ধাপগুলোতে সেই বিপর্যয়সমূহের মূল্যায়ন করা হয়েছিল একটি জনগোষ্ঠী যেগুলোর মুখোমুখি হয়ে থাকে। সেগুলোতে রয়েছে বিপর্যয়সমূহের ঝুঁকিগুলো, দুর্বলতাগুলো এবং জনগোষ্ঠীর মধ্যে বিদ্যমান পার্থক্যসমূহ। ধাপ ৪-এ রয়েছে বিশেষ করে চাপগুলো এবং এর মূল কারণগুলো যা দুর্বলতাসমূহের ক্ষেত্রে ভূমিকা রেখে থাকে। ধাপ ৫-এ ঝুঁকি হ্রাসের বা ব্যবস্থাপনার উপর আলোকপাত করা হয়েছে। এই প্রোডাক্ট বা উপজাতকে একটি জনগোষ্ঠী-স্তরের ঝুঁকি ব্যবস্থাপনার পরিকল্পনা হিসেবে আখ্যায়িত করা হয়েছে।

ধাপ ৫-এ যথেষ্ট সময় এবং প্রচেষ্টা প্রদত্ত হয়েছে, তাতে সেই ব্যক্তিবর্গের পূর্ণ সম্পৃক্ততা রয়েছে যারা প্রক্রিয়ার পূর্বতন পর্যায়ে জড়িত রয়েছে। স্ত্রীলোকেরা সঙ্গে সঙ্গে পুরুষেরা ঝুঁকি ব্যবস্থাপনার পরিকল্পনা প্রণয়নে ব্যাপৃত রয়েছে, এ বিষয় নিশ্চিত করার জন্যে যে নারী-পুরুষ উভয়েরই, এবং শিশুদেরও পরিগণিত করার প্রয়োজন রয়েছে। লক্ষ্যকৃত দলগুলোর (ফোকাস্‌ গ্রুপস্‌) এখনও ভিন্ন ভিন্নভাবে কাজ করার প্রয়োজনীয়তা রয়েছে, কিন্তু দু'টো পরিকল্পনার কার্যাবলী অবশ্যই, কোন কোন ক্ষেত্রে একত্রিকরণের প্রয়োজন রয়েছে। ফ্যাসিলিটেটরেরও এ বিষয়ে নিশ্চিত করা উচিত যে সামাজিক বা ধর্মীয় দলগুলোর সংখ্যালঘুরা বা প্রান্তিক শ্রেণীর লোকেরা এই প্রক্রিয়ায় অবদান রাখতে পারে, এবং কম সক্ষম ব্যক্তিবর্গের বিষয়ে গণ্য করতে হবে। ধনী এবং ক্ষমতাশালী ব্যক্তিবর্গকে এ প্রক্রিয়ায় প্রভাব বিস্তার করতে দেওয়া উচিত হবে না, দৃষ্টান্তস্বরূপ, ভূমির মালিক কন্ট্রাক্টর যদি ইনজিনিয়ারিং সমাধানের জন্যে পরামর্শ দেন, তবে তিনি এবং তাঁর পরিবার লাভবান হতে পারেন।

ঝুঁকি ব্যবস্থাপনার অন্তর্ভুক্ত হচ্ছে একগুচ্ছ কার্যক্রম, যার ভিত্তি হল জনগোষ্ঠীর সদস্য/সদস্যাদের দ্বারা প্রতিষ্ঠিত প্রাধান্যসমূহ, যা দুর্বলতা বা নাজুকতাকে হ্রাস করবে। যেখানে সম্ভব সেখানে এই কার্যক্রমে সেই সক্ষমতাগুলোকে ব্যবহার করুন যেগুলো ইতোমধ্যে সমাজে বা জনগোষ্ঠীতে পাওয়া গিয়েছে - এই সক্ষমতাগুলো সেই পুরুষদের অন্তর্ভুক্ত যারা নারীদের সাথে সম্পর্কযুক্ত। ফ্যাসিলিটেটরদের এ ধরণের আত্মকর্ম সংস্থানের প্রক্রিয়া গ্রহণের জন্যে উৎসাহিত করা উচিত। অন্যান্য কার্যক্রমগুলোর সমাজ বা জনগোষ্ঠীর বাইরের এনজিওগুলোর বা সরকারের কাছ থেকে সম্পদসমূহ ব্যবহার করা উচিত।

ঝুঁকি হ্রাসের প্রচেষ্টার সফলতা সাধারণতঃ মালিকানাবোধের উপর নির্ভর করে যা জনগোষ্ঠী তাদের ঝুঁকি নিরসনের বিষয়ে অনুভব করে থাকে। যদি মালিকানার একটি শক্তিশালী জ্ঞান থাকে, তবে পরিকল্পনা প্রায় সফল বলে ধরে নেওয়া হয়, এর বিপরীত বিষয়টিও সত্য।

যদি জনগোষ্ঠী এর মৌলিক পরিকল্পনা বজায় রাখে এবং সহায়ক দল একটি কপি তৈরী করে তবে মালিকানা বৃদ্ধি পেয়ে থাকে। সফলতা নির্দিষ্ট কার্যাবলী বাস্তবায়নের জন্যে নির্দিষ্ট ব্যক্তিবর্গের দায়িত্ব গ্রহণের উপরেও নির্ভর করে থাকে। এটি প্রায়ই একটি দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি গঠনের উপর অথবা একটি বিদ্যমান কমিটিতে 'দুর্যোগ'-এর বিষয়টি যোগ দেওয়ার দ্বারাও তা সম্পাদন করা হয়। কমিটির সদস্য/সদস্যাগণ নির্দিষ্ট কার্যাবলীর দায়িত্বভার গ্রহণ করে, এ বিষয়ে তারা নিশ্চিত করে যে একটি সর্বসম্মত তারিখে তারা কার্যভার সমাপ্ত করবে।

# ৮.১ জনগোষ্ঠীস্তরে ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনার ধাপগুলো
## Steps in community-level risk management planning

ঝুঁকি ব্যবস্থাপনার পরিকল্পনা বিভিন্ন স্তরে জাতীয় এবং প্রাতিষ্ঠানিকভাবে সম্পাদন করা যায়। টিয়ারফান্ডের CEDRA টুল্ হয়তো এই উচ্চতর স্তরগুলো প্রমাণের জন্যে সাহায্যকারী বলে পরিগণিত হবে, কিন্তু এখানে ধাপগুলো জনগোষ্ঠীর স্তরে পরিকল্পনার জন্যে উল্লেখ করা হয়েছে।

১। **সত্য প্রতিপাদন** (Verification) - এ বিষয় যাচাই করে দেখা যে লক্ষ্যকৃত দলের সঙ্গে আলোচনা থেকে শনাক্তকৃত দুর্বলতাসমূহের বিষয়ে, নির্দিষ্ট প্রভাবসমূহের সাথে, তালিকাবদ্ধ সমস্যাগুলোর সঙ্গে জনগোষ্ঠী একমত পোষণ করে কি না।

২। **অগ্রাধিকার স্থির করা** (Prioritisation) - জনগোষ্ঠীকে তালিকা (অথবা ছবিসমূহ) থেকে সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রভাবসমূহ নির্বাচনের বিষয়ে অনুমোদন প্রদান করা।

৩। **শনাক্তকরণ** (Identification) - সম্ভাব্য ঝুঁকি হ্রাসের পরিমাপসমূহ, এর অন্তর্ভুক্ত প্রয়োজনবোধে ফ্যাসিলিটেটরের কাছ থেকে প্রয়োজনীয় ধারণাসমূহ গ্রহণ করা।

৪। **মূল্যায়ন** (Evaluation) - এই ধারণাসমূহ থেকে এ বিষয় যাচাই করা যে কোন্‌গুলো প্রাসঙ্গিক এবং সফলতামুখী।

৫। **বাস্তবায়ন** (Implementation) - নির্দিষ্ট লোকদের জন্যে, এবং একটি নির্দিষ্ট সময়ে পরিকল্পনা করা এবং পরবর্তীকালে প্রক্রিয়ার পুনরালোচনা করা।

### স্তর ১ তথ্যের সত্য প্রতিবাদন করা
**VERIFYING DATA**

৬ নং বিভাগের শেষে, আমরা সিদ্ধান্তে উপনীত হয়েছিলাম যে প্রভাবসমূহ, দুর্বলতাসমূহ এবং সামর্থ্যসমূহ - ব্যক্তিগত, সামাজিক, প্রাকৃতিক, ফিজিক্যাল বা বাহ্যিক এবং অর্থনৈতিক - এই পাঁচটি পর্যায়ের অধীনে - একটি বড় টেবিলে বা ছকে একত্রে সন্নিবেশিত করতে হবে (বিভাগ ৬.১০)। একটি দ্বিতীয় টেবিল বা ছক (বিভাগ ৭.৩)-এ শক্তিশালী চাপসমূহের এবং অন্তর্নিহিত বা মূলগত কারণসমূহের সার-সংক্ষেপ করতে হবে। যাহোক, সমাধানসমূহের বিষয়ে খোঁজ করতে যাবার পূর্বে সমাজ বা জনগোষ্ঠী কর্তৃক প্রয়োজনসমূহ সত্যায়িত করতে হবে এবং ফ্যাসিলেশন টিমের বা সহায়ক দলের উপস্থাপিত নির্দিষ্ট দুর্বলতাসমূহের সঙ্গে প্রভাবের সাযুজ্য বা সম্পর্ক নির্ণয় করতে হবে। জনগোষ্ঠীর কাছে অবহিত করার সঠিক পদ্ধতি টিম বা দল কর্তৃক স্থির করতে হবে, মনে রাখতে হবে যে জনগোষ্ঠীর মধ্যে অনেকেই শিক্ষিত নয়।

একটি প্রস্তাবিত পদ্ধতি হচ্ছে - **প্রভাব, দুর্বলতাসমূহ** এবং **সামর্থ্যসমূহ** শিরোনামে তিনটি খালি কলামের বড় ফ্লিপ-চার্ট গঠন করা (বিভাগ ৬.১০ -এর মত কিন্তু পাঁচটি ক্যাটাগরীতে পৃথক করা ব্যতীত)। বিশেষ বা নির্দিষ্ট প্রভাব (৬.১০ -এর সমাপ্তিকৃত ফ্লিপ-চার্ট থেকে গৃহীত) তারপর বামপাশের কলামের সঙ্গে যোগ করতে হবে, এবং জনগোষ্ঠীকে এ বিষয় প্রকাশ করতে বলতে হবে যে তারা এই প্রভাবগুলো ঘটার ক্ষেত্রে একমত না একমত নয়। মিটিংয়ের পূর্বে প্রভাবগুলো কয়েকটি কার্ডের উপর লিখতে বা আঁকতে বলতে হবে।

বন্যার একটি দৃষ্টান্ত
ক

| প্রভাব | দুর্বলতাসমূহ | সবলতা/সামর্থ্যসমূহ |
|---|---|---|
| জনসাধারণের ডুবে যাওয়া | | |
| | | |
| | | |
| ঘর-বাড়ির ক্ষতি | | |
| | | |
| | | |
| সম্পত্তির ক্ষতি | | |
| | | |
| | | |
| ইত্যাদি | | |

জনসাধারণের বা জনগোষ্ঠীর সঙ্গে সম্পাদন করার পরবর্তী ধাপ হল দুর্বলতাসমূহ যোগ করা (বিভাগ ৬.১০ -এর চার্ট থেকে গৃহীত) এবং দ্বিতীয় কলামে তা লিপিবদ্ধ করা (পুনরায় কার্ডগুলো ব্যবহার করুন)। যে দুর্বলতাগুলো প্রভাব সৃষ্টি করার জন্যে দায়ী (প্রভাবগুলো ইতোপূর্বে চার্টে উল্লেখ করা হয়েছে) সেগুলো দ্বিতীয় কলামে লিখুন।

একই দৃষ্টান্ত ব্যবহার করুন ঃ

বন্যা হওয়ার জন্যে একটি দৃষ্টান্ত
খ

| প্রভাব | দুর্বলতাসমূহ | সবলতা/সামর্থ্যসমূহ |
|---|---|---|
| জনসাধারণের ডুবে যাওয়া | কোন সতর্কীকরণের ব্যবস্থা নেই | |
| | খুব কম লোকেরাই সাঁতার জানে | |
| | কোন নৌকা বা ভেসে থাকার উপকরণ নেই | |
| ঘর-বাড়ির ক্ষতি | ঘরগুলোর অবস্থান নদীর তীরে | |
| | ঘরগুলো মাটি এবং বাঁশ দিয়ে তৈরী | |
| | বন্যা প্রতিরোধের জন্যে কোন উঁচু বাঁধ নেই | |
| সম্পত্তির ক্ষতি | বন্যার সময়ে সম্পত্তি জমিতে ছিল | |
| | সম্পদসমূহ বন্যা প্রতিরোধী নয় | |
| | বন্যা প্রতিরোধের জন্যে কোন উঁচু বাঁধ নেই | |

কার্ডগুলো পূরণ করার পরে গ্রুপ বা দলকে জিজ্ঞেস করুন যে তারা দুর্বলতা এবং প্রভাবের মধ্যকার সম্পর্কের বিষয়ে একমত না দ্বিমত পোষণ করেন। অতিরিক্ত বিষয়গুলোও যোগ করতে হবে।

সবশেষে, জনগোষ্ঠীর মধ্যকার সামর্থ্যসমূহ (পুনরায় বিভাগ ৬.১০ -এর চার্ট থেকে গৃহীত) তৃতীয় কলামে যোগ করতে হবে, সম্ভব হলে সামর্থ্যসমূহের সঙ্গে সেই দুর্বলতাসমূহের সংযোগ করতে হবে যেগুলো ইতোমধ্যেই সম্পৃক্ত করা হয়েছে। গ্রুপের সদস্য/সদস্যাদের পুনরায় এ বিষয় জিজ্ঞেস করুন যে তারা এ বিষয়ে একমত বা দ্বিমত পোষণ করে কি না যে এই পার্থক্যগুলো বিদ্যমান আছে বা নেই।

তখন দৃষ্টান্তটি হবে নীচের মত ঃ

বন্যার একটি দৃষ্টান্ত
গ

| প্রভাব | দুর্বলতাসমূহ | সবলতা/সামর্থ্যসমূহ |
|---|---|---|
| জনসাধারণের ডুবে যাওয়া | কোন সতর্কীকরণের ব্যবস্থা নেই | মসজিদে মাইক রয়েছে |
| | খুব কম লোকেরাই সাঁতার জানে | স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করার জন্য সবলদেহী যুবক যুবতীও রয়েছে |
| | কোন নৌকা বা ভেসে থাকার উপকরণ নেই | কোন কোন লোকের মাছ ধরার নৌকা আছে, গ্রামে অনেক কলাগাছ ও নারিকেল গাছ আছে। |
| ঘর-বাড়ির ক্ষতি | ঘরগুলোর অবস্থান নদীর তীরে | নিরাপদ উঁচু স্থানে স্কুলঘর আছে |
| | ঘরগুলো মাটি এবং বাঁশ দিয়ে তৈরী | কিছু সংখ্যক ইটের ঘর রয়েছে |
| | বন্যা প্রতিরোধের জন্য কোন উঁচু বাঁধ নেই | স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করার জন্য সবলদেহী যুবকেরা রয়েছে |
| ফসলাদির ক্ষতি | বন্যার সময়ে ফসলাদি জমিতে ছিল | নিকটবর্তী শহরে সরকারী কৃষিবিদরা রয়েছেন |
| | ফসলসমূহ বন্যা প্রতিরোধী নয় | বাজারে শাক-সব্জীর বীজ রয়েছে |
| | বন্যা প্রতিরোধের জন্য কোন উঁচু বাঁধ নেই | কৃষকের সমবায় সমিতি রয়েছে |

চার্টটি সম্পাদন করার পরে, গ্রুপের সদস্য/সদস্যাগণ দেখতে শুরু করবে যে তাদের সামর্থ্যসমূহ কিছু কিছু দুর্বলতাগুলো সনাক্ত করতে পারবে এবং তাতে বিপর্যয়ের প্রভাব হ্রাস পাবে।

## ধাপ ২ প্রভাবসমূহের প্রাধান্য দেওয়া
**PRIORITISING IMPACTS**

ফ্লিপ চার্টের বাম দিকের কলামে কমপক্ষে পাঁচটি বা ছয়টি প্রভাব প্রদর্শন করতে হবে, সেগুলোর মধ্যে কোন কোনটি মারাত্মক, আবার তুলনামূলকভাবে কোন কোনটি ছোট। গ্রুপের সিদ্ধান্ত নিতে হবে যে কোন্গুলোর প্রভাব সবচেয়ে বেশী, এ ক্ষেত্রে ৪.২ নং বিভাগে বর্ণিত 'র‍্যাঙ্কিং এক্সারসাইজ' -এর একটিকে ব্যবহার করতে হবে। উপরের দৃষ্টান্তে, জনগোষ্ঠীর সদস্য/সদস্যাগণ সেই ফসলহানির বিষয়ে সিদ্ধান্ত নিতে পারেন যা সবচেয়ে মারাত্মক বিষয়। ঝুঁকি হ্রাসের বিষয়ে আলোচনার তখন লক্ষ্য হওয়া উচিত সেই দুর্বলতাসমূহের বিষয়ে যা ফসলহানির সঙ্গে এবং কিভাবে এগুলো হ্রাস করা যায় তার সঙ্গে সম্পর্কযুক্ত।

এই এক্সারসাইজে শুধুমাত্র জানা প্রভাবগুলোর উপর গুরুত্ব দেওয়া হয়েছে। আগাম জলবায়ু পরিবর্তন সেই প্রভাবগুলোর অধিকার দিতে পারে যেগুলো শুধুমাত্র অনুভব করা যায়। সম্ভব হলে পরিকল্পনায় এ বিষয়গুলোও অন্তর্ভুক্ত করতে চেষ্টা করুন।

## ধাপ ৩ ঝুঁকি হ্রাসের কার্যক্রমসমূহ শনাক্তকরণ
**IDENTIFYING RISK-REDUCING ACTIVITIES**

পর্যায়ক্রমে প্রতিটি দুর্বলতা গ্রহণ করুন, জনগোষ্ঠীকে সেই ধারণাগুলো সম্পর্কে জিজ্ঞেস করুন যে কিভাবে সেই দুর্বলতা শনাক্ত বা চিহ্নিত করা যেতে পারে। যদি ধারণাগুলো ধীরগতি সম্পন্ন হয়, তবে ফ্যাসিলিটেটরের কিছু সুপ্রাপ্য সামর্থ্যসমূহের বিষয়ে হাইলাইট করা উচিত যেগুলো প্রাসঙ্গিক বা সমসাময়িক। সেই পুরুষ বা নারী কিছু কিছু কার্যক্রমের বিষয়ে পরামর্শ দিতে সক্ষম হতে পারে যেগুলো এ পরিস্থিতিসমূহে ঝুঁকি হ্রাস করতে ব্যবহৃত হতে পারে, দৃষ্টান্তস্বরূপ, বিভাগ ৬.১০ -এর টেবিলে অফিসভিত্তিক আলোচনায় সেই আইডিয়াগুলো উল্লেখ করা হয়েছে। বন্যাপ্রবণ এলাকায় উপরে বিবেচিত বিষয়গুলো সম্পর্কে সেই নারী বা পুরুষ নিম্নোক্ত ধরণের প্রশ্নগুলো জিজ্ঞেস করতে পারে ঃ

- কেউ কি কখনও বন্যা প্রতিরোধী ফসলের চাষ করার চেষ্টা করেছে?

- এটি কি সফল হয়েছিল? যদি হ্যাঁ হয় তবে ঃ
- এই ফসলের বীজ কি এখনও যে কোন জায়গায় পাওয়া যায়? যদি হ্যাঁ হয় তবে ঃ
- ঐ ফসল কি আরও বিস্তৃতভাবে চাষ করা যায়? এবং এভাবে চলতে থাকবে ..........

এ বিষয় সফল করার সবচেয়ে সহজ উপায় হল চার্টের ডান পাশে আর একটি বাড়তি কলাম করা (বিভাগ ৬.১০ অনুযায়ী) এবং গ্রুপের কাছ থেকে প্রাপ্ত পরামর্শগুলো ঐ কলামে লিপিবদ্ধ করা।

পুনরায় উপরের দৃষ্টান্ত ব্যবহার করুন, 'ফসলাদি ধ্বংস হয়েছে; - এই সেকশনে তার উপর আলোকপাত করুন ঃ

বন্যার একটি দৃষ্টান্ত ঘ

| প্রভাব | দুর্বলতাসমূহ | সবলতা/সামর্থ্যসমূহ | পরামর্শ |
|---|---|---|---|
| ফসলাদি ধ্বংস হয়েছে | বন্যার সময়ে ফসলাদি জমিতে ছিল | নিকটবর্তী শহরে সরকারী কৃষিবিদ রয়েছেন | কৃষিবিদকে বন্যা প্রতিরোধী ফসলাদি সম্পর্কে উপদেশ বা পরামর্শ দিতে অনুরোধ করুন |
| | ফসলাদি বন্যা প্রতিরোধী নয় | শাক-সব্জীর বীজগুলো বাজারে পাওয়া যায় | শাক-সব্জীর বাগান করার জন্যে উৎসাহ দান |
| | বন্যা প্রতিরোধী কোন বীজ নেই | কৃষকদের সমবায় সমিতি | ন্যায্য মূল্যে বীজ ক্রয় করার জন্যে সমবায় সমিতিকে ব্যবহার করতে বলা |

অন্যান্য বিপর্যয়ের প্রভাবসমূহের জন্যে দল বা গ্রুপ প্রক্রিয়ার পুনরাবৃত্তি করার জন্যে উচ্ছা প্রকাশ করতে পারে। ৯০ পৃষ্ঠায় পরিশিষ্ট বা সংযুক্তি পত্র - খ -তে বিভিন্ন দুর্বলতাসমূহের জন্যে ঝুঁকি হ্রাসের কার্যক্রমসমূহের একটি প্রস্তাবিত তালিকা প্রদান করা হয়েছে।

## ধাপ ৪ প্রস্তাবিত কার্যাবলীর মূল্যায়ন
## EVALUATING SUGGESTED ACTIVITIES

কিছু সংখ্যক আইডিয়া বা ধারণা সংগ্রহ করে ফ্যাসিলিটেটরের প্রতিটি কার্যক্রম নিয়ে আলোচনায় পরিচালনা দেওয়া প্রয়োজন, এ বিষয়ে পরীক্ষা করার জন্যে যে ঐ কার্যক্রম সম্ভবপর এবং যথাযথ কি না। সেই পুরুষ/নারীর ঐ কার্যক্রমের সম্ভাব্য সম্ভাবনাসমূহ অথবা নেতিবাচক প্রতিক্রিয়াদি প্রশ্ন করা উচিত, যা কিছু কিছু ধারণা (আইডিয়া) বর্জন করার দিকে পরিচালিত করে থাকে। নিম্নোক্ত প্রশ্নগুলো এর অন্তর্ভুক্ত থাকতে পারে ঃ

- কোন কেউ কি এই কার্যক্রমের দ্বারা নেতিবাচকভাবে প্রভাবিত হতে পারে?
- পরিবেশের উপর কি এর কোন ক্ষতিকর প্রভাব পড়বে?
- এই কার্যক্রমের দ্বারা কি নারীরা সহ দরিদ্রতমেরা এবং সবচেয়ে দুর্বল লোকেরা লাভবান হবে?
- জলবায়ু পরিবর্তনের দ্বারা কিভাবে এই কার্যক্রম প্রভাবান্বিত হতে পারে?
- শিশুদের উপর কি এই কার্যক্রম কোন নেতিবাচক প্রভাব ফেলবে?

যদি একটি কার্যক্রমের কোন পার্শ্ব-প্রতিক্রিয়া থাকে, তবে ঐ প্রভাবসমূহ হ্রাস করার জন্যে উপায় বা পথগুলো খুঁজে পাবার জন্যে চেষ্টা করুন। টিয়ারফান্ডের রুটস্‌ ১৩ - পরিবেশগত স্থায়িত্ব ( Environmental Sustainability) -এর পরিবেশগত প্রভাবের মূল্যায়ন (বিভাগ ৫.২) নামক একটি বিভাগ রয়েছে এবং পরিবেশগত মূল্যায়নের হাতিয়ার (Environmental Assessment tool) -এতে পরিবেশের উপর কার্যক্রমের প্রভাবের মূল্যায়নের পদ্ধতি সম্পর্কে আরও একটি বিস্তারিত পদ্ধতি রয়েছে। যদি আপনি নেতিবাচক প্রভাবসমূহ হ্রাস করার বা দূর না করার কোন পথ খুঁজে না পান, তবে কার্যক্রমটি বর্জন করুন।

## ধাপ ৫ বাস্তবায়নের কার্যাবলী
## IMPLEMENTING ACTIVITIES

চূড়ান্ত পর্যায় হল এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যে কিভাবে নির্ধারিত কার্যক্রমগুলো চালিয়ে যেতে হবে। ৭০ পৃষ্ঠার টেম্পলেট অনুযায়ী, ছয় কলাম বিশিষ্ট আরও ফ্লিপ-চার্ট পেপার ব্যবহার করা সর্বোত্তম।

| মনোনীত কার্যক্রম | বাস্তবায়নের পদ্ধতি | | | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | এর দ্বারা কৃত (তারিখ) |
|---|---|---|---|---|---|
| | জনগোষ্ঠীর কার্য | এনজিও সমর্থনমূলক | সরকারের কাছে অনুরোধ | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

**জনগোষ্ঠীর কার্য** কলামটিতে সমাজের বা জনগোষ্ঠীর সেই বিষয়গুলো রয়েছে যা তারা নিজেদের সামর্থ্যগুলো ব্যবহার করে করতে পারে। এগুলোর মধ্যে রয়েছে জ্ঞান, লোকজন, প্রাকৃতিক সম্পদসমূহ ইত্যাদি। ফ্যাসিলিটেটরের এই সামর্থ্যগুলোর সর্বোচ্চ ব্যবহারে উৎসাহ দেওয়া প্রয়োজন। **এনজিও সমর্থনমূলক** কার্যক্রমে সেই বিষয়গুলো রয়েছে যেগুলো বাইরে থেকে পাওয়া প্রয়োজন, সহায়ক এনজিও হয়তো এগুলো সরবরাহ করতে সক্ষম হবে, অথবা অন্য এনজিও-র সেবাসমূহ গ্রহণ করা সম্ভব হবে। **সরকারের কাছে অনুরোধ** কলামে বৃহত্তর রিসোর্সসমূহ, অথবা সরকারের স্থানীয় বা উচ্চ পর্যায়ে সেবা যা বিশেষজ্ঞদের অ্যাডভোকেসী কার্যক্রমে প্রবেশের বিষয়ে ইঙ্গিত করা হয়েছে।

চূড়ান্ত পর্যায়ে চার্টের ডান পাশে দেওয়া দু'টো কলাম পূরণ করতে হবে, তা ইঙ্গিত করে যে কারা জনগোষ্ঠীর কার্যক্রম সম্পাদনের জন্যে দায়ী অথবা তারা তাদের বিষয়ে ইঙ্গিত করে যারা তা বহন করবে। অনিশ্চিতবোধক শব্দ-যেমন 'জনগোষ্ঠী' বা 'কৃষকেরা' ব্যবহার করা উচিত হবে না। তারিখগুলো নির্ধারণ করা, বিশেষ করে একটি কার্যক্রম শুরু করার পূর্বে একটি নির্দিষ্ট কালের উল্লেখ করা প্রয়োজন (যেমন - শরৎকাল)।

পরিকল্পনার মধ্যে থাকা বিস্তারিত বিষয়গুলো নীচে দেওয়া হয়েছে। ছয়মাসের বিরতিগুলোতে, পরিকল্পনার পুনরালোচনা এবং সময়োপযোগী (Updated) করা উচিত (৮.৫ নং বিভাগ দেখুন)।

## কয়েকটি বাস্তবভিত্তিক টিপস্

- এ বিষয় নিশ্চিত করা যে ঝুঁকি ব্যবস্থাপনার পরিকল্পনার উন্নয়ন একটি সময়ে বা স্থানে সম্পাদন করা যেখানে জরিপপূর্ণ অংশগ্রহণ করতে সক্ষম হয়। যদি সংস্কৃতি বা কৃষ্টি দাবী করে যে পুরুষ এবং নারীদের কার্যক্রম পৃথক পৃথক হওয়া উচিত, তবে এ বিষয়টি নিশ্চিত করতে হবে যে তা বাস্তবায়নে উভয় ধারণা সমানভাবে মূল্য লাভ করবে।

- সমাজ বা জনগোষ্ঠীর প্রশিক্ষণের জন্যে সেই প্রতিষ্ঠানগুলোর বিষয়ে বিবেচনা করতে হবে যেগুলো বিশেষ করে নারীদের প্রতি আলোকপাত করে এবং সক্রিয়ভাবে নারীদের সঙ্গে যোগাযোগ করে থাকে। এ বিষয় নিশ্চিত করা যেন প্রতিটি কার্যক্রমে নারী ও পুরুষ উভয়েরই অন্তর্ভুক্তি থাকে, যেমন - পূর্বেই সতর্কীকরণের ব্যবস্থা করা।

- মনে রাখুন যে সমাজে বা জনগোষ্ঠীতে সাক্ষরতার বা লেখা-পড়ার মান নিম্নস্তরের হতে পারে। অনুরূপ ক্ষেত্রগুলোতে, শব্দাবলীর চেয়ে চিত্রাবলী আরও বেশী কার্যকর বলে পরিগণিত হতে পারে। কখনও কখনও জনপদের চারপাশের ফটো তোলা, অথবা ইন্টারনেট থেকে সমসাময়িক ছবিগুলো ডাউনলোড করা যেতে পারে। এ বিষয়ে নিশ্চিত হতে হবে যেন ছবিগুলো যথেষ্ট বড় হয় এবং প্রতিটি ছবি কোন্ বিষয় উপস্থাপন করে সে বিষয়ে যেন গ্রুপ অনুধাবন করতে পারে।

- প্রভাবসমূহ অনেক সহজেই সাধারণতঃ অঙ্কন করা যেতে পারে, যেমন একটি ক্ষতিগ্রস্ত ঘরের অথবা একটি মৃত গাভীর ছবি। দুর্বলতাসমূহ এবং সবলতা বা সামর্থ্যগুলো আরও অধিক কঠিন বা জটিল। দৃষ্টান্তস্বরূপ, একটি নির্ভরযোগ্য জল সরবরাহের ছবির অভাব কঠিনতর। আপনি ছবির উপর একটি লাল রঙের রেখা এ বিষয়ে প্রতীক হিসেবে অঙ্কন করতে পারেন যা কোন একটা কিছুর অনুপস্থিতি বা প্রবেশাধিকারবিহীনতা অথবা একটি নেতিবাচক প্রভাবের প্রতীক বহন করে থাকে - কিন্তু পরিষ্কারভাবে এর অর্থ সম্পর্কে ব্যাখ্যা করুন।

- দুর্বলতাসমূহ এবং সবলতা বা সামর্থ্যসমূহ সংশ্লিষ্টতার প্রক্রিয়া তৈরী করে যা বিশেষ দুর্বলতাসমূহের সঙ্গে বিশেষ প্রভাবসমূহ আরও সুস্পষ্ট এবং শক্তিশালী করে থাকে - জনগোষ্ঠীর সদস্য/সদস্যাগণ একে অন্যের কার্ডগুলো প্রদান করতে পারে।

- প্রক্রিয়ার জন্যে সঠিক স্থান মনোনীত করা গুরুত্বপূর্ণ। একটি গরম, এবং বন্ধ কক্ষে লোকেরা খুব তাড়াতাড়ি ঘুমিয়ে পড়তে পারে, অন্যদিকে বাইরে একটি বড় গাছের ছায়ায় বেঞ্চগুলো পাতিয়ে ব্যবহার করলে তাদের পূর্ণ অংশগ্রহণ আরও বেশী ফলপ্রসূ হবে।

ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনার একটি নমুনা

দুর্বলতা এবং সামর্থ্যের মূল্যায়নসমূহ প্রকাশ করে যে আবহাওয়ার ধরণসমূহ পরিবর্তনের ফলে খাদ্যের নিরাপত্তাহীনতার সৃষ্টি হয়। এইচ্‌আইভি এবং এইডস্‌ কর্মশীলতাকে দুর্বল করে এবং গার্হস্থ অর্থনীতির উপর প্রতিক্রিয়া সৃষ্টি করে। কার্যক্রম বিষয়ক ধারণাগুলো দুর্যোগের ঝুঁকি হ্রাস করে। এর অন্তর্ভুক্ত বিষয়গুলো হল ঃ

- যদি ঐতিহ্যবাহী ফসলাদি ব্যর্থ হয়, তবে ফসল সংগ্রহের মধ্যবর্তী সময়ে খাদ্য সরবরাহের নিশ্চয়তার জন্যে আরও খরা-প্রতিরোধী ফসলাদির উৎপাদন বৃদ্ধি করা।
- চাষাবাদের কলা-কৌশলগুলোর উন্নয়ন করতে হবে, যেমন গতানুগতিক চাষাবাদ যেখানে বৃষ্টির পানি সংগ্রহ করা হয় এবং উপযুক্তভাবে ব্যবহার করা হয়।
- পরিমাপসমূহ (measures) ব্যবহার করা যা বর্তমান প্রয়োজনসমূহ চিহ্নিত করে এবং দীর্ঘস্থায়ী দুর্বলতাসমূহ হ্রাস করে। দৃষ্টান্তস্বরূপ, খাদ্য অথবা খরার সময়গুলোতে কর্ম পরিকল্পনার জন্যে অর্থ সীমিতভাবে সেচ পরিকল্পনার জন্যে ব্যবহার করা যেতে পারে।
- স্বাস্থ্য, কৃষি, পশুপাল এবং শিক্ষাখাতে উন্নতমানের সেবা লাভের জন্যে অ্যাডভোকেসী কার্যক্রম সম্পাদন করুন।
- সেভিংস এবং ক্রেডিট গ্রুপসমূহের পরিচিতি করানোর জন্যে খোঁজ-খবর করুন।
- বন্যার পানি থেকে ঘর-বাড়ী রক্ষার এবং জ্বালানী কাঠ ও ঘর নির্মাণের উপকরণাদির জন্যে বনভূমির সৃষ্টি-উভয়ের উদ্দেশে বৃক্ষ রোপণের কার্যক্রম বৃদ্ধি করুন।
- নতুন আয় সৃষ্টিকারী স্কিমসমূহ, ক্ষুদ্র পশুসম্পদ অথবা শাক-সব্জীর চাষ-বাস ইত্যাদি সংক্রান্ত বিষয়ে খোঁজ-খবর নিন।
- বন্যার বিষয়ে, পূর্বেই সতর্কীকরণের এবং প্রাথমিক চিকিৎসাদানের বিষয়ে পর্যবেক্ষণ করার বিষয়ে স্বেচ্ছাসেবীদের প্রশিক্ষণ দান করুন।
- জনগোষ্ঠীর পরিকল্পনাসমূহের সঙ্গে দুর্যোগ ব্যবস্থাপনার সম্পর্ক নির্ণয় করুন।

একটি সাধারণ প্রধান দুর্বলতা হল এই যে একটি জরুরী সময়ে জনগণের সঠিক কার্যক্রম বা পদক্ষেপ গ্রহণের বিষয়ে জ্ঞানের অভাব রয়েছে, অথবা তারা সে সময়ে কোন আকস্মিক পরিকল্পনা প্রয়োগ করতে ব্যর্থ হয় যা ইতোমধ্যেই তাদের রয়েছে। ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনা এ বিষয় নিশ্চিত করা প্রয়োজন যেন এ দু'টো ক্ষেত্র যথোপযুক্তভাবে পরিপূরণ করা হয় - সেখানে একটি আকস্মিক পরিকল্পনা (নীচে দেখুন) এবং একটি শিক্ষা / সতর্কতামূলক কৌশল থাকা প্রয়োজন।

যেখানে সম্ভব সেখানে জনগোষ্ঠীভিত্তিক ঝুঁকি ব্যবস্থাপনার পরিকল্পনা সঙ্গে সরকারী দুর্যোগের সঙ্গে আকস্মিক পরিকল্পনাসমূহের এবং দুর্যোগ-সম্পর্কীয় সেবাসমূহের সংযোগ থাকা প্রয়োজন। দৃষ্টান্তস্বরূপ, যদি সরকারের খরার সময়ের জন্যে এবং খাদ্যের নিরাপত্তার জন্যে একগুচ্ছ উত্তম পরিকল্পনা থেকে থাকে, তবে জনগোষ্ঠীর খরা মোকাবেলা করার নিজস্ব পরিকল্পনার মধ্যে সম্পর্ক নির্ণয় করতে হবে। দৃষ্টান্তস্বরূপ, যদি সরকারের খরা এবং খাদ্য নিরাপত্তার সঙ্গে সম্পর্কযুক্ত কতকগুলো পরিকল্পনা থাকে, তবে জনগোষ্ঠীর খরা মোকাবেলা করার জন্যে তাদের পরিকল্পনার সঙ্গে এই পরিকল্পনাগুলো সম্পর্কিত করতে হবে। (অ্যাডভোকেসীর জন্যে ৮.৭ বিভাগ ও দেখুন)।

## ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনাসমূহের আপডেট্‌ এর পুনরালোচনা করা
**Updates and revisions to risk management plans**

একটি ঝুঁকি ব্যবস্থাপনার পরিকল্পনা একটি স্থবির বা নিশ্চল নয়, এটি একটি স্থায়ী ডকুমেন্ট। একটি নিয়মিত বিরতিতে অন্ততঃপক্ষে বছরে একবার এর পুনরালোচনা এবং আপডেট্‌ করা প্রয়োজন। কিছু মূল বা প্রধান প্রশ্নাবলী এর অন্তর্ভুক্ত রয়েছে ঃ

– সকল কার্যক্রমসমূহ কি পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হয়েছে?

– তালিকাবদ্ধ কার্যক্রমগুলোর মধ্যে কোনটি কি পুনরায় স্থির করা হয়েছে?

– নতুন কোন কার্যক্রমসমূহের কি প্রয়োজন রয়েছে?

– জরুরী অবস্থাসমূহে আকস্মিক পরিকল্পনাগুলো কিভাবে কাজ করে?

– সবচেয়ে বেশী দুর্বল লোকেরা কি প্রাধান্য বা অগ্রাধিকারভিত্তিক সুযোগ লাভ করে থাকে?

রিভিউ প্রক্রিয়ার অন্তর্ভুক্ত থাকা উচিত জনগোষ্ঠীর মধ্যকার বিভিন্ন সাব-গ্রুপের (উপদলের) প্রতিনিধিগণ যারা মৌলিকভাবে পরিকল্পনা প্রণয়নে সাহায্য করে থাকে। যে কোন প্রকারের পরিবর্তনসমূহ বা সংযুক্তিসমূহ নির্দিষ্ট লোকদের উপর অর্পণ করতে হবে এবং যথাসময়ে উপস্থাপন করতে হবে।

## ৮.২ ঝুঁকি ব্যবস্থাপনা এবং 'দি হাইয়োগো ফ্রেমওয়ার্ক ফর্ অ্যাক্শন'
## Risk management and the Hyogo Framework for Action (HFA)

'দি হাইয়োগো ফ্রেমওয়ার্ক' সম্পর্কে ২.৬ নং বিভাগে বর্ণনা করা হয়েছে। এই ফ্রেমওয়ার্ক এবং স্থানীয় ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনাসমূহের মধ্যে একটি সম্পর্ক রয়েছে।

HFA -এর কার্যক্রমের পাঁচটি ক্ষেত্র রয়েছে যেগুলো দুর্যোগের ঝুঁকি হ্রাসের জন্যে প্রয়োজনীয় ঃ

- ঝুঁকি হ্রাসের কার্যক্রমসমূহের অগ্রাধিকার প্রদান করা।
- ঝুঁকিসমূহের মূল্যায়ন পরিবীক্ষণ।
- জনগোষ্ঠীকে শিক্ষাদান এবং প্রশিক্ষণ দান।
- নাজুকতা এবং দুর্বলতার মূল কারণগুলো হ্রাস করা।
- প্রস্তুতিসমূহের স্তরগুলো বৃদ্ধি করা।

উপরের সবগুলো সরকারী এবং জনগোষ্ঠী উভয় স্তরেই প্রযোজ্য। একটি উত্তম জনগোষ্ঠীর ঝুঁকির পরিকল্পনা পাঁচটি ক্ষেত্রের সবগুলোতেই প্রয়োগযোগ্য। শুধু একটি বা দু'টি সামান্য পরিবর্তন আনয়ন করতে পারে, কিন্তু এ পাঁচটি ক্ষেত্রের সবগুলোই যতদূর সম্ভব ততদূর ঝুঁকি হ্রাসের বিষয় নিশ্চিত করে।

**অ্যাডভোকেসী কার্যক্রমগুলো** (HFA-1) ক্ষমতাশালীদের প্রভাবিত করার জন্যে প্রণয়ন করা হয়েছে, এ প্রকারে যেন তাদের সিদ্ধান্তসমূহ এবং কার্যক্রমসমূহকে ঝুঁকি হ্রাসের কার্যক্রমের বিষয়ে অগ্রাধিকার প্রদানের জন্যে ব্যবহার করা হয়। নিম্নোক্ত বিষয়গুলোকে এর দৃষ্টান্ত হিসেবে উপস্থাপন করা যায় - সরকার কর্তৃক একটি নদী খনন, একটি বাঁধ মেরামত করা, একটি সেতু প্রতিস্থাপন করা অথবা এর জরুরী ভিত্তিতে খাদ্যের মজুদ বৃদ্ধি করা।

**ঝুঁকি মূল্যায়ন** (HFA-2) হল PADR প্রক্রিয়াকে জনগোষ্ঠীর বাইরে বহন করে নিয়ে যাওয়া, বিপর্যয়সমূহের বিষয়ে একটি বর্ণনা প্রস্তুত করা, ক্ষয়-ক্ষতির কারণ নির্ণয় এবং দুর্বলতাসমূহ এবং সামর্থ্যসমূহ জনগোষ্ঠীর মধ্যে বিদ্যমান।

**শিক্ষা এবং প্রশিক্ষণ** (HFA-3) এ বিষয় নিশ্চিত করা যে জনগোষ্ঠীর মধ্যে প্রত্যেকেই সতর্কীকরণের প্রণালী সম্পর্কে এবং সামাজিক আকস্মিক পরিকল্পনা সম্পর্কে জানে। নিয়মিত অনুশীলসমূহ এই জ্ঞানকে শক্তিশালী করবে। স্কুলগুলোর মধ্য দিয়ে শিক্ষা, সৃষ্টিশীল পদ্ধতিসমূহের ব্যবহার যেমন গান, শ্লোগান, মূকাভিনয়, নাটক, পোস্টার, ছবি অঙ্কনের প্রতিযোগিতা বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

**ঝুঁকির বিষয়গুলোর মূল কারণগুলো হ্রাস করা** (HFA-4) - এই কার্যক্রমগুলোর অন্তর্ভুক্ত হতে পারে শক্তিশালী ঘরের ডিজাইন করা, বিকল্প উপজীবিকাসমূহ, খরা বা বন্যা প্রতিরোধী ফসলাদির চাষ করা, অথবা বন্যা থেকে পানি সরবরাহ নিরাপদ করা। জলবায়ু পরিবর্তনের বিষয়ে সচেতন হওয়া গুরুত্বপূর্ণ; এমনকি জলবায়ুর পরিবর্তন সত্ত্বেও কার্যক্রমকে অবশ্যই ফলপ্রসূ করতে হবে।

**বৃদ্ধিপ্রাপ্ত প্রস্তুতিসমূহ** (HFA-5) জনগোষ্ঠী এবং পারিবারিক স্তরে সাধারণতঃ আকস্মিক পরিকল্পনাসমূহ বুঝা যায় যে, একটি বিপর্যয়ের পূর্বেই সঠিক কার্যক্রম গ্রহণ করতে হবে। এটি পরবর্তী বিভাগে আরও বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে।

## ৮.৩ জনগোষ্ঠীস্তরে আকস্মিক পরিকল্পনাসমূহ (অধিকতর প্রস্তুতির জন্যে) Community-level contingency plans (increased preparedness)

দূর্যোগ মোকাবেলায় বিকল্প পরিকল্পনাসমূহ হল দুর্যোগ পূর্ব প্রস্তুতির গুরুত্বপূর্ণ কিছু পন্থা যার মাধ্যমে জনগোষ্ঠীর লোকজন দুর্যোগ মোকাবেলার সামর্থ্য বৃদ্ধি করতে পারে এবং প্রতিকূল পরিবেশের সাথে সহজে খাপ খাওয়াতে পারে। এটা দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনার একটি অংশ যা হাইয়োগো কাঠামোর প্রস্তুতিমূলক অংশকে সমর্থন করে। বিকল্প পরিকল্পনাসমূহ জনগোষ্ঠী নিয়ে যথা পুরুষ, মহিলা; যুবক ও সংখ্যালঘু দল সমন্বয় করে বৃহত্তর জনগোষ্ঠীর কাছে গ্রহণযোগ্য পরিকল্পনা প্রস্তুত করতে হয়।

জনগোষ্ঠীস্তরে বিকল্প পরিকল্পনাসমূহের অত্যাবশকীয় অংশসমূহ নিম্নরূপ ঃ

**নেতৃত্ব** জনগোষ্ঠীতে বর্তমানে কাজ করছে এমন একটি কমিটি অথবা নতুনভাবে গঠিত একটি কমিটি যা দুর্যোগের সময় কী ধরণের পদক্ষেপ নেয়া হবে তা নির্ধারণ করে। যদি এই কমিটি নতুন হয় তবে জনগোষ্ঠীস্তরে অন্যান্য স্তরের নেতৃত্বের সাথে এর সম্পর্ক কেমন হবে তা পূর্বেই সুনির্দিষ্ট করে নিতে হবে। এর ফলে অনাকাঙ্খিত সাংগর্ষিক অবস্থান এড়ানো সম্ভবপর হবে।

**স্বেচ্ছাসেবক দল** বিভিন্ন ধরণের দুর্যোগের প্রকার ভেদে; নারী পুরুষ সমন্বয়ে প্রশিক্ষিত স্বেচ্ছাসেবক দল থাকা ভাল যারা সংকটকালে অপরের সেবায় আসতে পারে, যেমন- স্বেচ্ছাসেবক দল সতর্ক বার্তা পৌছে দেবে, বৃদ্ধ, অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম ব্যক্তিদের নিরাপদ স্থানে সরিয়ে নিতে সহযোগিতা করবে; নৌকা চালাতে সহযোগিতা করবে অথবা প্রাথমিক চিকিৎসা পরিচালনা করবে। বিশেষায়িত কিছু কিছু দল গঠন করা যায় যারা কিছু বিশেষ কাজে পারদর্শী হবে। স্থানীয় রীতি-নীতির প্রতি নজর রাখতে হবে এবং নারী পুরুষের ভূমিকাসমূহ সেই সংস্কৃতির সাথে সামঞ্জস্য হতে হবে।

**সতর্কতা প্রদান পদ্ধতি** দুর্যোগ ভেদে সতর্কতা প্রদান পদ্ধতি বিভিন্ন হবে। সাইক্লোন ও হ্যারিকেন-এর ক্ষেত্রে হাতে ধরা যায় এমন মাইক অথবা সিগনাল প্ল্যাগের অধিক ব্যবহার প্রচলিত। বন্যা হলে স্বেচ্ছাসেবক দলদের বন্যার পানির উচ্চতা পরিবীক্ষণ করতে হয় এবং তা দেখে তারা ঘন্টা বা উচ্চ শব্দে জনগোষ্ঠীকে সতর্ক করে থাকে। খরা হবার প্রক্রিয়া ধীরে চলে তথাপি অধিকাংশ খরাপীড়িত এলাকায় সরকারী অথবা আবহাওয়া অধিদপ্তরের সতর্কতা প্রদান পদ্ধতি থাকে। কৃষকদের খরা সম্পর্কে সতর্কবার্তা প্রদানের নিজস্ব পদ্ধতি থাকে, যেমন - কীটপতঙ্গের চালচলন পর্যবেক্ষণ, বাতাসের দিক্ পর্যবেক্ষণ বা গাছপালার ফুল ফোটার ধরণ প্রভৃতি দেখে তারা খরা সম্পর্কে সতর্কতা গ্রহণ করে।

ভূমিকম্পের ক্ষেত্রে যদিও বৈজ্ঞানিক সূত্র থেকে সতর্কবার্তা পাওয়া যায় তথাপি প্রকৃতির বিভিন্ন লক্ষণ/চিহ্ন থেকে, যেমন- গরু, কুকুর বা পাখীদের অস্বাভাবিক চালচলন লক্ষ্য করে আগাম সতর্কতা নেয়া যায়। বন্যার মত দুর্যোগের ক্ষেত্রে সতর্কতা প্রদান পদ্ধতি খুব দ্রুত এবং কার্যকর হতে হবে কারণ জনগোষ্ঠীর লোকজন এ দুর্যোগ মোকাবেলার প্রস্তুতি নিতে খুব কমই সময় পায়। এসব ক্ষেত্রে চার্চের ঘন্টা, মসজিদের মাইক ব্যবহার করা বা মোবাইল ফোন বা বন্ধুকের ফাঁকা গুলির ব্যবহার প্রভৃতি অতি প্রচলিত সতর্ককরণ পদ্ধতি।

**আশ্রয় কেন্দ্র** বন্যা, সাইক্লোনের মত দুর্যোগের সময় দৃশ্যতঃ পরিবারের বাড়ী-ঘর ত্যাগ করে নিরাপদ স্থানে চলে যেতে হয়। কোন কোন সময় স্থানান্তরিত লোকজন নিরাপদ স্থানে তাদের আত্মীয়-স্বজনদের বাড়ীতে আশ্রয় নেয়। অনেক সময় কোন দালান বা ক্যাম্পকে বিশেষভাবে তৈরী করা প্রয়োজন হয় যাতে সেখানে অস্থায়ীভাবে দুর্গত লোকজন আশ্রয় নিতে পারে। কোন কোন দেশে এ কারণে তারা এই প্রয়োজনকে মাথায় রেখে সাইক্লোন সেন্টার তৈরী করেছে; অন্যান্যরা স্কুল, চার্চ, উঁচুভূমি বা সরকারী স্থাপনাসমূহকে নিরাপদ অস্থায়ী আশ্রয়স্থল হিসেবে ব্যবহার করে। এসব ক্ষেত্রে দালান বা স্থাপনার বিভিন্ন অংশকে আরো মজবুত করতে হয়, যেমন আশ্রয় কেন্দ্রের ছাদকে স্থাপনার দেয়ালের সাথে শক্ত করে আবদ্ধ রাখতে হয়।

আশ্রয় কেন্দ্রে বিভিন্ন ধরণের সুযোগ সুবিধা থাকা দরকার, যেমন নিরাপদ খাবার পানি, নারী এবং পুরুষের জন্যে পৃথক শৌচাগারের ব্যবস্থা করা। আশ্রয় কেন্দ্রের সামগ্রীক ব্যবস্থাপনা করা এবং দুর্গত লোকদের বিভিন্ন প্রয়োজন মিটানোর বিষয়টি স্বেচ্ছাসেবক দলের অন্যতম কাজ। নারী পুরুষের একত্রিতকরণ বা পৃথকীকরণের বিষয়ে সংশ্লিষ্ট সাংস্কৃতিক রীতিনীতিকে সম্মান করতে হবে। কখনও কখনও খুব কম পরিমাণ শুষ্ক খাবারের সংস্থান হয়। গবাদি পশুর জন্যে পৃথক একটি স্থানও তৈরী করে নিতে হবে।

যেখানে উপযুক্ত দালান বা স্থাপনা নেই সেখানে উঁচু স্থান ব্যবহার করতে হবে। সাময়িক আশ্রয় উপকরণ, যথা - প্লাষ্টিক শীট, বাঁশের কঞ্চি নেয়া এবং অনাকাঙ্খিত গাছপালা না নেয়া প্রভৃতি পূর্ব প্রস্তুতিমূলক প্রয়োজনীয় কাজ। ভূমির ব্যবহার পরিকল্পনা করতে হবে এবং নিরাপদ পানি ও শৌচাগারের ব্যবস্থা করতে হবে।

**নিরাপদ স্থানে স্থানান্তরের পরিকল্পনা** জনগোষ্ঠীর প্রতিটা লোক যেন দুর্যোগ থেকে রক্ষা পাবার জন্যে তৈরী করা আশ্রয় স্থলটিতে যাবার নিরাপদ পথটিসহ আশ্রয়স্থলটিকে চেনে। তারা যেন দুর্যোগ সতর্ক সংকেত সমন্ধে জানে এবং সর্বদা কিছু নিত্য প্রয়োজনীয় উপকরণ যথা - খাদ্য, পানি, কম্বল, মূল্যবান কাগজপত্রাদি ও অলঙ্কার সঙ্গে নিয়ে যাবার জন্যে তৈরী থাকে। অনেক সময় এই নিরাপদ স্থানে সরে যাবার পরিকল্পনা ও জনগোষ্ঠী-স্তর ও পরিবার স্তরে একই সাথে ঘটে থাকে। যে সব সমাজে মহিলারা পুরুষ আত্মীয় ছাড়া একা চলাচল করতে পারে না, সেখানে বিধবা বা স্বামীহারা স্ত্রীলোকদের নিরাপদ স্থানে সরিয়ে নেবার ক্ষেত্রে বিভিন্ন ধরণের ঝুঁকি পরিলক্ষিত হয়। এসব ক্ষেত্রে বিশেষ ধরণের পরিকল্পনার প্রয়োজন হয়।

**প্রস্তুতিমূলক মহড়া** মানুষ নিজে করতে করতে সবচেয়ে ভাল শেখে। এই ধারণাটিকে ব্যবহার করে দুর্যোগকালীন সময়ে কিভাবে জনগণকে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়া যায় তার মহড়া আয়োজন করা হয়। এর মাধ্যমে মানুষ দুর্যোগকালীন সময়ে ও অধিক ঝুঁকিপূর্ণ সময়ে কি করা দরকার তা জানতে পারে।

**মারাত্মকভাবে আক্রান্তদের সেবা** নিরাপদ স্থানে সরিয়ে নেবার ক্ষেত্রে নেয়া বিকল্প পরিকল্পনা প্রণয়নের সময় বৃদ্ধ, কম সক্ষম ব্যক্তি এবং যারা দীর্ঘ দিন যাবৎ অসুস্থ তাদের প্রতি বিশেষ নজর দেয়া প্রয়োজন। স্বেচ্ছাসেবকদের জানতে হবে কোথায় তারা থাকবে, যেমন অনেক সমাজে যেখানে তারা থাকে সেখানে রঙ্গিন পতাকা উড়ানো হয়, যে সব দুর্যোগ খুব ধীরে ঘটে সেখানে দুর্বলদের সেবা করার বিষয়টি কম অনুভূত হলেও জনগোষ্ঠীর উচিত তাদের প্রতি সেবা করার বিষয়টি নজরে রাখা।

**যোগাযোগের পদ্ধতি** আক্রান্ত গ্রামের তথ্য সরকারের সংশ্লিষ্ট বিভাগে পৌঁছানোর জন্যে প্রয়োজনীয় যোগাযোগ ব্যবস্থা থাকতে হবে। যোগাযোগের ক্ষেত্রে মোবাইল ফোনের ব্যবহার খুবই উপযোগী। তাই মোবাইল ফোনের সঠিক নম্বর যেন সবাই জানে সেটা নিশ্চিত করতে হবে। তবেই দুর্যোগের সময় টেলিফোন নেটওয়ার্কের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত হবে। তবে মোবাইল যদি কোন কারণে কাজ করতে না পারে বা চার্জ করাতে না পারা যায় সে সকল ক্ষেত্রে বিকল্প পরিকল্পনা রাখতে হবে।

**সরকারী পরিকল্পনার সাথে সমন্বয়** দুর্যোগ ব্যবস্থাপনার জন্যে কোন কোন ক্ষেত্রে স্থানীয় সরকারের পরিকল্পনা এবং সম্পদ বরাদ্দ যেমন - উদ্ধারের জন্যে নৌকা, রেডিও ও খাদ্য সামগ্রী প্রভৃতি থাকে যেন দুর্গত জনগণ সহজে প্রতিকূলতার সাথে খাপ খাইয়ে নিতে পারে। তাই জনগোষ্ঠীর নেতারা অথবা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি সরকারী পর্যায়ে পাওয়া এসব দুর্যোগ সুবিধা যেন দুর্যোগকালীন সময়ে ব্যবহার করতে পারে সে জন্যে দুর্যোগের আগেই সরকারী সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা উচিত। ফলে এমন ব্যবস্থা গড়ে উঠে যে জরুরী প্রয়োজনে সরকারী সাহায্য পাওয়া সম্ভব হয়।

**শিক্ষা ও সচেতনা** বিকল্প পরিকল্পনা তখনই সফল হবে যখন একটি কৌশল অবলম্বন করে জনগোষ্ঠীর সকল সদস্যকে এই পরিকল্পনা জানানো সম্ভব হবে। ফলে জনগোষ্ঠীর সদস্যরা সচেতন হবে ও তারা বুঝতে পারবে কোন জরুরী পর্যায়ে তাদের কি ধরণের কাজ করতে হবে। দূর দূরান্তে জীবিকার প্রয়োজনে যারা কাজ করে (যথা পশুচারণ করে বা দূরে গিয়ে মাছ ধরে), স্কুলে পড়ুয়া শিশু, বৃদ্ধ ও শ্রম সক্ষম জনগণের জন্যেই এই সচেতনতা কার্যক্রম খুবই কার্যকর হবে।

## ৮.৪ পারিবারিক-স্তরে আকস্মিক পরিকল্পনাসমূহ ঃ Family-level contingency plans

অধিক ঝুঁকিপূর্ণ এলাকাতে প্রতিটি পারিবারিক-স্তরে দুর্যোগ মোকাবেলার প্রয়োজনীয় আকস্মিক পরিকল্পনা করতে হবে, যাতে জরুরী অবস্থায় তাদের কী করণীয় সে বিষয়ে পরিবারের প্রতিটা সদস্য সজাগ থাকতে পারে। এই আকস্মিক পরিকল্পনার কিছু গুরুত্বপূর্ণ দিক্ নীচে বর্ণিত হল –



A Volunteer Task Force organises an evacuation drill

Photo: Caroline Irby, Tearfund

- পরিবারের প্রতিটা সদস্যের নিরাপত্তা নিশ্চিতকরণ। পরিবারের শক্তসামর্থ্য সদস্যরা কমবয়েসী, বৃদ্ধ, অসুস্থ অথবা কম সক্ষম ব্যক্তিদের সেবা করবে।
- গুরুত্বপূর্ণ সম্পদ যথা গবাদিপশু, জীবিকার জন্যে ব্যবহৃত হাতিয়ার, বীজ, অর্থ, অলংকারদি, গুরুত্বপূর্ণ দলিলপত্র, রান্নার সরঞ্জামাদি প্রভৃতির নিরাপত্তা বিধান করা। কোন কোন পরিবার পানি প্রতিরোধী এক ধরণের ব্যাগে এসব গুরুত্বপূর্ণ জিনিস রেখে দেয় যেন তারা দুর্যোগের সময়ে খুব দ্রুত এই ব্যাগ নিয়ে নিরাপদ স্থানে সরে যেতে পারে।
- পানির পাত্র, শুষ্ক খাবার, কম্বল প্রভৃতি নিয়ে দ্রুত নিরাপদ স্থানে চলে যাবার পূর্ব প্রস্তুতি থাকতে হবে।
- বৃহৎ জনগোষ্ঠীর কাছে তথ্যের আদান প্রদান করার জন্যে প্রয়োজনীয় যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত করতে হবে, উভয় পক্ষকেই তথ্যের আদান-প্রদান করতে হবে, যেমন - প্রয়োজনীয় জ্ঞান এবং সতর্কতামূলক পতাকা (ফ্লাগ)।
- স্থানান্তরের ফলে পরিবারের সদস্যরা বিচ্ছিন্ন হয়ে যায় তাই একটি স্থান নির্দিষ্ট করা প্রয়োজন যেখানে বিচ্ছিন্ন হয়ে যাওয়া পরিবারের সদস্যরা মিলিত হতে পারেন। শিশুদেরকে এ বিষয়ে সচেতন করা যেন তারা জানে কিভাবে ঐ স্থানে যাওয়া যায় এবং পরিবারের অন্যান্য সদস্যদের সঙ্গে যোগাযোগের তথ্য সংগ্রহ করা যায়।

## ৮.৫ ধীরগতির দুর্যোগের ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনাসমূহ
## Risk management plans for slow onset disasters

ধীরে দুর্যোগ সংগঠিত হয় এমন ক্ষেত্রে ঝুঁকি ব্যবস্থাপনা কৌশল দ্রুত সংগঠিত হওয়া দুর্যোগের ব্যবস্থাপনা কৌশল থেকে একটু ভিন্ন, সঙ্গত কারণেই এই ধরণের ধীরগতির দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে পরিচালনা করা ও তার বাস্তবায়ন করার সময়টা একটু দীর্ঘ। শীঘ্রই বৃষ্টি হবে এই ভেবে লোকজন পরিকল্পনা বাস্তবায়নে কিছুটা ধীর হয়ে যায়। নিম্নের বিষয়গুলি ধীরগতির দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে বিশেষভাবে খেয়াল রাখতে হবে।

- দুর্যোগ এলে কি ধরণের কাজ করতে হবে তা সুনির্দিষ্ট করুন। যেমন - পশুসম্পদ বিক্রি করে দেওয়া।
- খরার সময়ে পানি এবং খাদ্যের কি রকম প্রয়োজন মেটানো যেতে পারে। খাদ্য ব্যাংক বা বৃহৎ প্লাষ্টিকের পাত্র স্থাপনের বিষয়টি ভাবা যেতে পারে।
- পশুসম্পদ কিভাবে সংরক্ষণ করা হবে তা চিন্তা করতে পশুদের চারণভূমিতে স্থানান্তর করে বা বিক্রি করে অথবা খাদ্য ও পানি সঞ্চয় করে; প্রাণীদের ঔষধ ব্যবহার করে পরজীবী কৃমি অপসারণ করতে হবে।
- বিভিন্ন জাতের গাছপালার খরা সহনশীল জাতসহ মিশ্রণে রোপণ করতে হবে। সাথে সাথে পানি সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। আরো ধারণা পাওয়া যাবে - ৯০ পৃষ্ঠার পরিশিষ্ট 'খ' তে।

## ৮.৬ সহনশীল জনগোষ্ঠীসমূহ
## Resilient communities

ঝুঁকি ব্যবস্থাপনার লক্ষ্য হল জনগোষ্ঠীকে দুর্যোগের ক্ষতি সহনশীল করে গড়ে তোলা তথা দুর্যোগের ক্ষতি কাটাতে জনগোষ্ঠী কার্যকরভাবে ও দ্রুত ব্যবস্থা নিতে পারবে। হাইয়োগো কাঠামোতে জন টুইগস এর, *Characteristics of a disaster-resilient community*, কলামে বর্ণিত সহনশীল জনগোষ্ঠীর কিছু বৈশিষ্ট্য সংযুক্ত করা হয়েছে।

লেখাটিতে অনুকূল পরিবেশ এর কতগুলি বৈশিষ্ট্যসহ প্রয়োজনীয় কিছু নীতি ও সেবার কথা বর্ণনা করা আছে।

## ৮.৭ নীতি নির্ধারকদের ও ক্ষমতাধরদের প্রভাবিতকরণ (অধিপরামর্শ)
**Influencing policy makers and power holders (advocacy)**

নীতি নির্ধারক ও ক্ষমতাধরদের কাজের মাধ্যমে দুর্বল ঝুঁকিপূর্ণ দরিদ্র ও ক্ষমতাহীন জনগোষ্ঠী নানাভাবে ক্ষতির শিকার হয়। এই বিষয়ে বিভাগ ৭ এ আলোচনা করা হয়েছে। (PADR) প্রক্রিয়া এ ক্ষেত্রে কিছু সুনির্দিষ্ট বিষয় নিয়ে আলোচনা করেছে। যেমন ঃ

- স্থানীয় সরকার আপদকালীন বিকল্প পরিকল্পনা তৈরী হয়তো নাও করতে পারে, অথবা তারা দুর্বল ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর কথা বিবেচনা নাও করতে পারে।
- অনেক সময় বাণিজ্যিক কর্মকান্ড জনগোষ্ঠীকে দুর্বল এবং ঝুঁকিপূর্ণ করে তুলতে পারে। যেমন ঃ যখন কোন মূল উৎপাদনকারী প্রতিষ্ঠান বা পানীয় জল উৎপাদনকারী প্রতিষ্ঠান গভীর নলকূপ বসায় তখন ভূগর্ভস্থ পানির স্তর ক্রমশঃ নীচে নেমে যেতে থাকে।
- সম্পদশালী ব্যক্তিরা দরিদ্র জনগোষ্ঠীকে ভূমি ব্যবহার করা থেকে বঞ্চিত রাখতে পারে, এমনকি জরুরী অবস্থাতেও।
- বিভিন্ন সরকারী সেবাসমূহ (স্বাস্থ্য, কৃষি ইত্যাদি) জনগোষ্ঠীকে দেয়া নাও হতে পারে বা আইনের শাসন থেকে তারা বঞ্চিত হতে পারে।
- সরকার দুর্যোগ প্রস্তুতি ব্যবস্থা বা ঝুঁকি প্রশমনে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ নাও করতে পারে বা যে সব এলাকাতে জরুরী সাহায্য দরকার সেখানে প্রয়োজনীয় সম্পদ বরাদ্দ করতে সরকার ব্যর্থ হতে পারে।
- সরকার আন্তর্জাতিক পরিমন্ডলে জলবায়ু পরিবর্তন ও দূষণ কমানোর কর্মসূচীতে সংশ্লিষ্ট নাও থাকতে পারে।

উপরের প্রতিটা ঘটনার ক্ষেত্রে অধিপরামর্শ করে ঝুঁকি প্রশমন করার জন্যে পলিসি বা কর্মকান্ডের প্রয়োজনীয় পরিবর্তন আনা সম্ভব। PADR প্রক্রিয়াতেও তাই সরকারী দপ্তর ও গুরুত্বপূর্ণ তথ্য প্রদানকারীদেরকে সম্পৃক্ত করার মাধ্যমে গুরুত্বপূর্ণ বিষয়সমূহের জন্যে প্রয়োজনীয় সমাধান ও পরিবর্তন আনা সম্ভব।

অনেক উপায়ে আমরা অধিপরামর্শ করতে পারি। অনেক ক্ষেত্রে এগুলোর সাথে সমাজের ক্ষমতাশীলদের সাথে সমঝোতা ও ভাল সম্পর্ক বজায় রাখার বিষয়টি জড়িত। নীচে কিছু উদাহরণ দেয়া হল ঃ

- বিশেষ কোন দিন বা ঘটনাকে উপলক্ষ করে র‍্যালী করা, যেমন ঃ আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস, সাধারণতঃ অক্টোবর মাসে হয়।
- সরকারী কর্মকর্তাদের কোন অবকাঠামো উদ্বোধন করতে অথবা কোন প্রশিক্ষণ কর্মশালা শুরু বা সমাপ্তি অনুষ্ঠানে নিমন্ত্রণ বা আমন্ত্রণ করা।
- অন্যের প্রতি ইতিবাচক মনোভাব তৈরী করা, যেমন ঃ মহিলাদেরকে সিদ্ধান্ত গ্রহণ করার প্রক্রিয়ায় সংশ্লিষ্ট করা।
- ক্যাম্পেইন করার মধ্য দিয়ে কোন বিশেষ কাজ করানোর দিকে সরকারকে বা ব্যবস্যা সংক্রান্ত কোন নীতি নেওয়ার জন্যে কাজ করা।

টিয়ারফান্ডের প্রকাশনাসমূহ www.tearfund.org/tilz-এ পাওয়া যায়।

সেখানে রয়েছে ঃ

- দুর্যোগ প্রশমনের জন্য কেন অধিপরামর্শ প্রয়োজন?
- Roots-1 -এ অধিপরামর্শ ও Roots-2 -এ বাস্তব অধিপরামর্শ অনুশীলনসমূহ সম্বন্ধে লেখা পাওয়া যাবে।
- অনুশীলনকে পদ্ধতিতে প্রয়োগ।

## কিভাবে অধিপরামর্শ ক্যাম্পেইন সুসম্পন্ন করা যায়
## How to organise an advocacy campaign

অধিপরামর্শ করার বিভিন্ন ইস্যু ও আনুসঙ্গিক বিষয়সমূহ

| ইস্যুসমূহ | মূল প্রশ্ন | ব্যাখ্যা |
|---|---|---|
| ইস্যু/ সমস্যা | সমস্যা কি? | এটা ঝুঁকি ও দুর্যোগ মূল্যায়নের সময় চিহ্নিত হয়েছে। |
| প্রভাবসমূহ | সমস্যার প্রভাবগুলি কি কি? | PADR প্রণালীতে কিভাবে সমস্যাসমূহ স্থানীয় জনগণকে কিভাবে আক্রান্ত করে তা সংক্রান্ত তথ্য দেওয়া আছে। এটা অর্থনৈতিক, প্রাকৃতিক, ভৌত, ব্যক্তি পর্যায়ে পুরুষ, মহিলা ও সামাজিক প্রভৃতি দৃষ্টিকোণে বিশ্লেষণ করা হয়েছে। |
| কারণসমূহ | সমস্যার কারণসমূহ কি কি? | PADR প্রণালীতে অবস্থার চলমান বিশ্লেষণ ও সমস্যার কারণসমূহ চিহ্নিত করা হয়েছে। |
| সম্ভাব্য প্রতিকার | কি করা দরকার? | ধারণাগুলো পূর্ব প্রকল্পের কর্মপরিকল্পনায় আলোচিত হয়েছে। এটা কিছু অতিরিক্ত প্রশ্ন দ্বারা মূল্যায়িত হওয়া প্রয়োজন, যেমন - নতুন ধারণাগুলির কি ধরণের সুবিধা বা অসুবিধা আছে? সেগুলো বাস্তবধর্মী কি না? সফলতার চিহ্নসমূহ কি কি? ইত্যাদি। |
| প্রভাবশালী ব্যক্তিবর্গ | প্রয়োজনীয় পরিবর্তন আনার জন্যে ক্ষমতাশালী ব্যক্তি কারা? | এটা স্বাভাবিকভাবে একজন সরকারী কর্মকর্তা হতে পারে, তবে ব্যবসায়ী, ধর্মীয় নেতা, অথবা জনগোষ্ঠীর গতানুগতিক শাসকবৃন্দও হতে পারে। PADR প্রণালী স্থানীয় ব্যক্তিবর্গ ও প্রভাবশালী ব্যক্তিদের মধ্যকার সম্পর্ক উন্নয়নের বিষয়ে সহায়তা প্রদান করে, ফলে তারা নতুন ধারণা নিয়ে আলোচনা করতে সচেষ্ট হয় এবং ফলতঃ বিভিন্ন পরিবর্তন অর্জিত হওয়া সহজ হয়। |
| রাজনৈতিক সহচরবৃন্দ | কে বা কারা এই মুহূর্তে সমস্যাগুলো সমাধানের জন্যে চেষ্টা করছে? | অধিপরামর্শ অনেক সময় খুব কার্যকর হয় যদি সমধর্মী দলগুলোকে নিয়ে একসাথে কাজ করা যায়। যদিও এই ক্ষেত্রে কিছু গুরুত্বপূর্ণ প্রশ্ন জিজ্ঞাসা করতে হয়, যেমন- ঐ সমস্ত দলগুলোর সাথে কাজ করা কি যথার্থ? তারা কি কার্যকরীভাবে কাজ করতে সক্ষম? তারা কি এমনই প্রভাবশালী লোক যারা এখনও পর্যন্ত সমস্যার সমাধান করতে পারে নি, তবে সমাধান করার জন্যে প্রয়োজনীয় চাপ প্রয়োগ করতে সক্ষম? মন্ডলীগুলোর কি কোন ভূমিকা রয়েছে? |
| ঝুঁকি এবং অনুমানসমূহ | অধিপরামর্শ করতে গেলে কি ধরণের ঝুঁকির সম্ভাবনা রয়েছে? | অধিপরামর্শ করা সহজ হয় না যদি অযৌক্তিক চর্চা বা দুর্নীতি এবং বেসরকারী সংস্থাগুলি বা জনগোষ্ঠীর প্রয়োজনসমূহ যখন নেতিবাচক প্রভাবের সম্মুখীন হয়। কিছু গুরুত্বপূর্ণ প্রশ্ন রয়েছে, যেমন - ঝুঁকিগুলোকে কিভাবে প্রশমন করা যায়? ঝুঁকি প্রশমন না করতে পারলে কি কি ধরণের সম্ভাব্য পরিণতি হতে পারে? সাহায্যকারী দল ও স্থানীয় লোকজনদের কি ঐ সকল সমস্যা সমাধানের জন্যে প্রয়োজনীয় সক্ষমতা ও দক্ষতা রয়েছে? |
| পদ্ধতিসমূহ | কি কি ধরণের পদ্ধতি ব্যবহার করা যেতে পারে? | অধিপরামর্শ করার জন্য বিভিন্ন ধরণের পদ্ধতি রয়েছে (টিয়ারফান্ডের রুটস্ অধিপরামর্শ বইয়ে সেকশন ক-২ এ অধিপরামর্শের বর্ণনা রয়েছে) আমাদের বিভিন্ন প্রশ্ন জিজ্ঞাসা করে সিদ্ধান্ত নিতে হবে কোন্ ধরণের পদ্ধতি গ্রহণ করতে হবে। প্রশ্নগুলো হল ঃ- পদ্ধতিগুলো কি গোপনীয়তার সাথে ব্যবহার করতে হয়? পদ্ধতিগুলো পূর্বে কি সফল হয়েছিল? পদ্ধতিগুলোর কি কোন বিকল্প আছে? প্রয়োজনীয় দক্ষতা এবং সম্পদ বিরাজ করছে কি? |

অধিপরামর্শ বিভিন্নভাবে এবং বিভিন্ন মাত্রায় করা যায়। নীচের সফল কেস স্টাডীর মাধ্যমে নীচ থেকে উপরের দিকে অধিপরামর্শ করার দৃষ্টান্ত বর্ণিত হলো ঃ- কোন কোন সময় বেসরকারী সংস্থা বা জনগোষ্ঠীর দল প্রয়োজনীয় সম্পদ বা দক্ষতার অভাবে এককভাবে অধিপরামর্শ করতে পারে না, এরকম ক্ষেত্রসমূহে সমমনাদের নিয়ে নেটওয়ার্ক গঠনের মধ্য দিয়ে একটি শক্তিশালী অবস্থান তৈরী করা যায়।

**কেস স্টাডী**

ইন্দোনেশিয়ার দুর্যোগ ব্যবস্থাপনা আইনের পরিবর্তন সাধন

ইন্দোনেশিয়ার সুশীল সমাজ দুর্যোগ ব্যবস্থাপনার আইন প্রণয়ন করেছিল। ২০০৪ খ্রীষ্টাব্দে দক্ষিণ এশিয়ায় সুনামী হওয়ার পর একটি বেসরকারী সংস্থা ইন্দোনেশিয়ার আইন প্রণয়নকারী কর্তৃপক্ষের সাথে দুর্যোগ ব্যবস্থাপনা নিয়ে জাতীয় পরিকল্পনা প্রণয়ন কালে আলোচনা করে। অতঃপর বেসরকারী সংস্থাটি জনসাধারণের জন্যে "ইন্দোনেশিয়া দুর্যোগ ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় আইন প্রণয়ন" শীর্ষক একটি উন্মুক্ত আলোচনার আয়োজন করে। ঐ আলোচনা সভায় অংশগ্রহণকারীরা দুর্যোগ ব্যবস্থাপনার জন্যে একটি পৃথক আইন প্রণয়নের জন্য একমত হন।

বেসরকারী সংস্থাটিকে দুর্যোগ ব্যবস্থাপনার উপর একটি খসড়া আইন প্রণয়নের জন্য সমন্বয় করতে বলা হয়। বেসরকারী সংস্থাটি স্বরাষ্ট্র মন্ত্রণালয়, অন্যান্য বেসরকারী প্রতিষ্ঠান এবং বিভিন্ন বিষয়ে বিশেষজ্ঞদের সাথে কাজ করে এগিয়ে নিতে বলা হয়। খসড়া আইনটি ২০০৫ খ্রীষ্টাব্দে ইন্দোনেশিয়ার প্রেসিডেন্টের কাছে হস্তান্তর করা হয়। ২০০৭ খ্রীষ্টাব্দে দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত আইনটি অনুমোদিত হয়। ইন্দোনেশিয়ার সুশীল সমাজ এভাবে আইনটি করার প্রক্রিয়ায় আলোচনার পর্ব থেকে খসড়া প্রণয়ন পর্যন্ত বিভিন্নভাবে সম্পৃক্ত ছিল।

# সুনির্দিষ্ট ক্ষেত্রসমূহে PADR -এর ব্যবহার
# PADR in Specific Contexts

বিভাগ ৪-৮ পর্যন্ত PADR এর প্রক্রিয়া ব্যবহারের বিষয়ে আলোকপাত করে বলা হয়েছে যে এটা কিভাবে জনগোষ্ঠীকে দুর্যোগের ঝুঁকি মূল্যায়নে সহায়তা করে ও সে অনুযায়ী ঝুঁকি প্রশমনে কি ধরণের পরিকল্পনা নেয়া যায়। বিভাগ ৯-তে আমরা দেখব সুনির্দিষ্ট কিছু অবস্থায় PADR এর ব্যবহার, ক্ষেত্র বিশেষে অন্যান্য কৌশলের সাথে PADR এর সম্মিলন করে কিভাবে একে ব্যবহার করা যায়।

## ৯.১ PADR এবং মন্ডলীর সচলতা
## PADR and church mobilisation

টিয়ারফান্ড এবং এর সহযোগীরা স্থানীয় মন্ডলীকে সচল করে এবং একে আরো সক্ষম করে তুলে আশেপাশের জনগোষ্ঠীর কাছে পৌছান ও তাদের গুরুত্বপূর্ণ সমস্যা সমাধানের বিষয়টি প্রাধান্য দিয়ে আসছে। এ নিরিখে মন্ডলী ও জনগোষ্ঠীকে সচল করার জন্যে একটি প্রক্রিয়াও তৈরী করা হয়েছে। এই পদ্ধতিটি এশিয়া ও আফ্রিকাতে বহুলমাত্রায় ব্যবহৃত হয়। তানজানিয়া, লাইবেরিয়া, সুদান, কম্বোডিয়া ও নেপালের মত দেশে যেখানে ভিন্ন ভিন্ন মাত্রায় সমস্যা বিরাজ করছে সেখানে এই পদ্ধতি ভাল কাজ করছে। উমোজা (Umoja) নামে একটি দরকারী কাগজপত্রের নথি প্রস্তুত করা হয়েছে যা বেসরকারী প্রতিষ্ঠান ও মন্ডলীকে কাজে সহায়তা করছে যার ফলে স্থানীয় মন্ডলী আরো সক্রিয়ভাবে জনগোষ্ঠীর জন্যে কাজ করতে পারে।

এই পদ্ধতিটি সত্যিকার অর্থেই একটি সামাজিক মিশন বা মন্ডলীসমূহকে চারিপাশের জনগণের আধ্যাত্মিক ও দৈহিক প্রয়োজনসমূহকে বিবেচনা করে সাথে সাথে ন্যায্যতা ও ঈশ্বর/ মহান সৃষ্টিকর্তার সৃষ্টির বিশালতাকে সম্মান করে। এই প্রক্রিয়ায় পাঁচটি গুরুত্বপূর্ণ ধাপ রয়েছে।

১. **স্থানীয় মন্ডলীকে সম্পৃক্তকরণ** স্থানীয় মন্ডলীকে সেবা ও বিশ্বাসের উপর একটি লক্ষ্য স্থির করার জন্যে সহযোগিতা করে যাতে করে তারা সীমিত সম্পদ নিয়ে কাজ করে পরিবর্তন আনতে সক্ষম হয়।

২. **স্থানীয় জনগোষ্ঠীকে বিবেচনায় রাখা** মন্ডলী বৃহৎ পরিসরে জনগোষ্ঠীকে নিয়ে তাদের অবস্থা, সম্পদ, বিভিন্ন সমস্যা ও কিভাবে অবস্থার পরিবর্তন করা যায় এ বিষয়ে কাজ করে।

৩. **স্বপ্ন দেখানো ও কার্যক্রম প্রণয়ন** অংশগ্রহণকারীরা যখন সমবেত হয়ে একটি লক্ষ্য স্থির করে, তখন ঐ লক্ষ্য অর্জনের জন্যে নিজস্ব সম্পদ ব্যবহার করে কি ধরণের পরিকল্পনা নিয়ে এগিয়ে যেতে হবে তা নির্ধারণে সহায়তা করা।

৪. **যথার্থ কার্যক্রম গ্রহণ করা** পরিকল্পনাকে বাস্তবে রূপ দেয়া, প্রয়োজনে বিশেষ পরামর্শ নেয়া যার ফলে ইতিবাচক পরিবর্তন সাধিত হয়।

৫. **মূল্যায়ন** মন্ডলী ও জনগোষ্ঠী কিভাবে প্রকল্প পরিচালনা করছে ও পরিবর্তন সাধন করছে তা মূল্যায়ন করা।

জনগোষ্ঠীতে CCMP ও PADR এক সাথে ব্যবহার করে উচ্চ প্রাকৃতিক দুর্যোগময় অবস্থাতে কাজ করা যায়। উদাহরণস্বরূপ, একটি মন্ডলী সফলতার সাথে জনগোষ্ঠীকে সঞ্চালন ও উদ্বুদ্ধকরণ প্রক্রিয়া সম্পন্ন করতে পারে (ধাপ -১) এবং স্থানীয় জনগোষ্ঠীকে সফলতার সাথে পথ দেখাতে পারে (ধাপ -২)।

খরা বা তদ্‌-সম্পর্কীত খাদ্যাভাব দেখা দিলে PADR পদ্ধতি ব্যবহার করে খরা ও খাদ্যাভাব সম্পর্কীত ভবিষ্যতের দুর্যোগ মূল্যায়ন করা যেতে পারে (PADR ধাপ -২), ঝুঁকি ও সক্ষমতা মূল্যায়ন করা যেতে পারে (PADR ধাপ-৩)। জনগোষ্ঠীর নেতা ও সরকারী কর্মকর্তাদের সাথে কথা বলে ভবিষ্যতের ঝুঁকি সম্পর্কীত আরো তথ্য সংগৃহীত করা সম্ভব যা দ্বারা খাদ্যাভাব-এর পেছনে চলমান চাপ ও কারণসমূহ সম্বন্ধে জানা যায় (PADR ধাপ-৪)।

সবশেষে, এই দুইটি পদ্ধতি (Umoja ধাপ -৩ ও ৪ এবং PADR ধাপ ৫) এর সমস্বয়ে জনগোষ্ঠীর লোকদের মতামতের ভিত্তিতে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করা যেতে পারে।

এটা জনগোষ্ঠীর নিজস্ব সম্পদের উপর ভিত্তি করে তৈরী করতে হবে। তবে সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান থেকে সম্ভাব্য পারিবারিক সাহায্যের বিষয়টিও এর সাথে রাখতে হবে। কিছু বিশেষ কাজের জন্যে জনগোষ্ঠীর কিছু বিশেষ ব্যক্তিদের দায়িত্ব দিতে হবে এবং খরা মোকাবেলার জন্য কার্যকরী কমিটি গঠন করা হতে পারে। এসব কাজ করার জন্য একদল লোককে নিয়োজিত করতে হবে এবং লক্ষ্য রাখতে হবে কাজগুলি মন্ডলীর পালকের একার উপর যেন না বর্তায়, কারণ তাঁর নিজস্ব অন্যান্য কাজও করতে হয়।

মন্ডলীসমূহ PADR পদ্ধতিটি পৃথকভাবে CCMP পদ্ধতি ছাড়া ব্যবহার করতে পারে। একজন সাহায্যকারী ও মন্ডলীর বিভিন্ন দলের সহযোগিতায় এটা করা সম্ভব। দুর্যোগ ঝুঁকি এবং সক্ষমতাকে চিহ্নিত করা ও তার জন্যে কর্মপরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন। বিশেষতঃ মন্ডলী তাদের সদস্যদের এভাবে দুর্যোগকে মোকাবেলা করার জন্যে প্রস্তুত করতে পারে এবং তাদের দুর্যোগ থেকে পুনরায় ফিরে আসার জন্যে সহায়তা করতে পারে। আদর্শক্ষেত্রে মন্ডলী এভাবে সদস্যদের গন্ডী পেরিয়ে বৃহত্তর জনগোষ্ঠীর জন্যে কাজ করার পরিকল্পনা গ্রহণ করতে পারে। টিয়ারফান্ডের ২০০৯ খ্রীষ্টাব্দের জুলাই মাসের একটি প্রকাশনা 'The local church and its engagement with disaster' গ্রন্থে সারা বিশ্ব থেকে ১২টি কেস স্টাডী অন্তর্ভুক্ত করা হয়। এটা দুর্যোগপ্রবণ এলাকার মন্ডলীর নেতাদের জন্য একটি সাহায্যকারী বই।

## ৯.২ PADR এবং নগর
## PADR and the city

### দুর্যোগ ও হুমকি
### Threats and hazards

PADR যখন সর্বপ্রথম নগর পরিবেশে করা হয় তখন দেখা গেল যে, দুর্যোগ থেকে হুমকি শব্দটি জনগণের কাছে অধিক বোধগম্য। সেই কারণে সহায়ক দল একটু ভিন্ন নামকরণ অবলম্বন করল। বস্তি এলাকায় বসবাসরত লোকেরা তাদের উল্লেখযোগ্য বড় হুমকিগুলো উল্লেখ করলো যেগুলি নিম্নরূপ ঃ

- অবৈধভাবে বসবাসের কারণে জোরপূর্বক বস্তি থেকে উচ্ছেদ (বুলড্রোজারের মাধ্যমে)
- রায়ট ও অন্যান্য ধরণের সহিংস ঘটনা, যেমন- অভ্যন্তরীণ সহিংসতা
- প্রতিবেশী বস্তিবাসী অথবা বাইরের লোকদের দ্বারা চুরির ঘটনা।

জনগণ অনেক সময় প্রাকৃতিক দুর্যোগ থেকে মানব সৃষ্ট কিছু ঘটনার দ্বারা বেশি হুমকির সম্মুখীন হয়। এজন্যে ধাপ-২ বিপর্যয় মূল্যায়ন স্থানে হুমকি মূল্যায়ন করা হয়েছে। হুমকি মূল্যায়নের সময় বিভিন্ন ধরণের হুমকি সংক্রান্ত মন্তব্য আলোচনায় উঠে এসেছে। প্রতিটি মানুষের কাছে গ্রহণযোগ্য করে তোলার জন্যে কাজের অগ্রাধিকারগুলো যত্নসহকারে স্থির করা। নগর পরিবেশেও কিছু দুর্যোগ এখনও হুমকিস্বরূপ,

যেমন-

- ঘন সন্নিবেশিত গৃহ নির্মাণের ফলে আগুন লাগা।
- বন্যা- ভেজা মাটিতে বাসস্থান তৈরীর ফলে অথবা নালা না থাকার কারণে অথবা অপরিকল্পিত রাস্তা ও অন্যান্য কৃত্রিম স্থাপনার ফলে বৃষ্টির পানি সরতে না পারার কারণে বন্যার সৃষ্টি হয়।
- ভূমিকম্প- শহরে বহুতল বিশিষ্ট ভবন অনেক ক্ষেত্রে বিল্ডিং কোড সঠিকভাবে না মেনে তৈরী করার ফলে বিশেষতঃ শহর এলাকায় ভূমিকম্পের প্রবল ঝুঁকি রয়েছে।

**কেস স্টাডী**
দিল্লীর একটি বস্তিতে PADR-এর ব্যবহার

স্থানীয় জনগণ নিম্নলিখিত হুমকিসমূহ চিহ্নিত করেছে ঃ ম্যালেরিয়া, আগুন লাগা, বন্যা, অপরাধ, ধ্বংসক্রিয়া, এদের ভিতরে ম্যালেরিয়াকে সবচেয়ে মারাত্মক হুমকি বলে মনে করা হয়।

ঝুঁকি মূল্যায়ন প্রক্রিয়ার মধ্য দিয়ে নিম্নের ঝুঁকিসমূহকে চিহ্নিত করা গেছে ঃ

- ঝুঁকির বিষয় ঃ মানুষের জীবন।
- ঝুঁকিপূর্ণ অবস্থা ঃ বদ্ধ পানিতে মশার বংশ বিস্তার।
- চাপ ঃ স্থানীয় প্রশাসন ময়লা সরিয়ে নেওয়ার ব্যবস্থা করে না, যা পরবর্তীতে পানির সঞ্চালনে বাধা সৃষ্টি করে।
- অন্তর্গত কারণসমূহ ঃ স্থানীয় প্রশাসন এই নিরীক্ষে কোন ব্যবস্থা গ্রহণ করে না, কারণ ঐখানের জনবসতি অবৈধ এবং যে কোন সময় তা ভেঙ্গে দেওয়ার সম্ভাবনা রয়েছে।

কার্যকরী পরিকল্পনাগুলোর মধ্যে রয়েছে স্থানীয় জনসাধারণকে নালা পরিষ্কারের কাজে ব্যবহার করা, মশারী ব্যবহার করা এবং তৈরী করার বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা এবং স্থানীয় জনগণ নিয়ে ঐ জনবসতিকে বৈধ করা অথবা অন্য কোন বিকল্প খুঁজে পেতে অধিপরামর্শ করা।

## সামাজিক নেটওয়ার্ক
## Social networks

গ্রামের লোকজনের তুলনায় শহরের লোকজনের মাঝে কম পারস্পরিক সহযোগিতা লক্ষ্য করা যায়। জনসাধারণ তাদের ঐতিহ্যগত নেটওয়ার্ক ও অন্যান্য সামাজিক অবকাঠামো যেমন গ্রাম পরিষদ, কৃষকদের কো-অপারেটিভ, মহিলাদের অনানুষ্ঠানিক সামাজিক সম্মেলন প্রভৃতি থেকে এখন জনসাধারণ অনেকটাই বিচ্ছিন্ন।

শহরের বস্তিগুলোতে লোকেরা বিভিন্ন জায়গা থেকে এসে বসবাস করে। বস্তিতে জনগণ অনেকদিন ধরে বসবাস করলেও তারা গ্রামের মত প্রতিবেশীদের সাথে সেই ঘনিষ্ঠতায় আসতে পারে না। দুর্যোগের ঝুঁকি থেকে এই জনসাধারণকে রক্ষার জন্য দলগত সামাজিক সম্পর্ককে আরও জোরদার করার জন্যে তাদেরকে অনুপ্রাণিত করা হয়।

## সামর্থ্যসমূহ এবং দুর্বলতা বা নাজুকতাসমূহ
## Capacities and vulnerabilities

শহুরে জনসাধারণের ভিতরে সামাজিক সক্ষমতার অভাব থাকলেও তাদের মাঝে অন্যান্য এমন কিছু সম্পদ আছে যা গ্রামে খুঁজে পাওয়া যায় না, যেমন - জরুরী সেবা অথবা ভাল স্বাস্থ্য সেবার কাছাকাছি বসবাস করার জন্যে তারা এগুলি খুব সহজে পায়। তাদের ভাল স্কুল এবং সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে সেবা পাওয়ার সুযোগ বেশি থাকে।

যদিও প্রাপ্যতা এবং ব্যবহার করার সুযোগ পাওয়া এই দুইয়ের মাঝে পার্থক্য রয়েছে তথাপি ব্যবহার করার সুযোগ থাকলেও বস্তিবাসী জনগণ অনেক ক্ষেত্রেই সেই সব সুযোগ ব্যবহার করতে পারে না। বস্তিবাসীরা স্বাস্থ্যকেন্দ্রের খুব নিকটে বসবাস করলেও প্রয়োজনীয় ফি দিতে না পারার কারণে তারা স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত হয়। আগুন লাগলে জরুরী সেবার ব্যবস্থা থাকলেও অগ্নি নির্বাপণ যন্ত্রের গাড়ী শহরের বস্তির রাস্তা সরু থাকার জন্যে সেখানে প্রবেশ করতে পারে না। সামাজিক দক্ষতা যেমন - স্থানীয়ভাবে অগ্নি নির্বাপণ স্বেচ্ছাসেবক দল গঠন করায় আগুন লাগার মত দুর্যোগের ঝুঁকি প্রশমনে অনেক বেশি কার্যকরী ভূমিকা পালন করে।

জলবায়ু পরিবর্তনের অন্যতম একটি প্রভাব হলো স্থানান্তরিত জনসাধারণ শহরের কোন একটি উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকায় বাধ্য হয়ে বসবাস করে। উদাহরণস্বরূপ ঃ সাগর পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির ফলে ও নদী ভাঙ্গনের ফলে দরিদ্র জনসাধারণ আর কোনভাবেই তার বসত বাড়ীতে বাস করতে পারে না। আবার পানিতে তাদের কৃষি জমি তলিয়ে যাওয়ার ফলে তারা কৃষি জমিতে আর চাষাবাদ করতে পারে না। যেহেতু স্থানান্তরিত জনসাধারণ অনেক আশা নিয়ে শহরে পাড়ি জমিয়ে যখন তারা বস্তিতে আশ্রয় নেয়, সেটা তাদের ঝুঁকিপূর্ণতাকে বাড়িয়ে তোলে, সাথে সাথে এটাও লক্ষ্য করা যায় যে, শহরের পরিবেশে এসে তাদের সক্ষমতা পূর্বাবস্থা থেকে অনেক কমে যায়।

# ৯.৩ PADR ও সংঘর্ষ
# PADR and conflict

PADR কে মূলতঃ প্রাকৃতিক দুর্যোগের জন্যে প্রণয়ন করা হয়েছে বিশেষতঃ ঐ সকল প্রাকৃতিক দুর্যোগ যেগুলি নির্দিষ্ট সময় অন্তর বছরের পর বছর ঘটে চলেছে। যখন একটি জনগোষ্ঠী একটি নির্দিষ্ট ধরণের দুর্যোগের সম্মুখীন হয় তখন বিষয়টি হয়ে ওঠে সংঘর্ষপূর্ণ এবং বিশেষতঃ যদি লোকজনেরা তাদের বাড়ীর পরিবেশ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে, তবে PADR এর ব্যবহারটা তখন কার্যকরী বলে মনে নাও হতে পারে। বিশ্লেষণধর্মী সংঘর্ষ সম্পর্কিত অন্যান্য সাহায্যকারী বিষয়সমূহ এবং শান্তি রক্ষার বিষয়টিকে তখন বেশি কার্যকরী বলে মনে করা হয়। উদাহরণস্বরূপ - DFID র জন্য সংঘর্ষ বিশ্লেষনের পদ্ধতির উন্নয়ন করা হয় সেখানে সংঘর্ষ বিষয়ের উপর ম্যাপ, সময়সীমা ও সংঘর্ষ বিষয়কে একটি গাছের মাধ্যমে বোঝানো হয়। টিয়ারফান্ডও সংঘর্ষ বিষয়কে কেন্দ্র করে ROOTS Guide - 4 প্রকাশ করেছে। এই বইটির ওয়েবসাইট -

www.tearfnd.org/tilz - এ *Peace building within our Communities* নামে পাওয়া যাবে।

যদি লোকজনেরা এখনও সংঘর্ষ এলাকায় তাদের নিজস্ব গৃহে বসবাস করে তবে - PADR কে ব্যবহার করা যেতে পারে, কিন্তু বিশেষ করে ফোকাস গ্রুপের সাথে কাজ করার সময় কিছু গুরুত্বপূর্ণ আদর্শকে অবশ্যই মনে রাখতে হবে। এর অন্তর্ভুক্ত হলো -

- স্পর্শকাতর বিষয়, বিশেষ করে লোকজনেরা যখন তাদের পূর্ণ ব্যথা বেদনার স্মৃতিকে মনে করবে।
- নিরপেক্ষতা - কেবলমাত্র একটি দিক্ বা আরও অন্যান্য দিক্ PADR যে সাহায্য করছে এটা যেন কখনও বোঝা না যায়। সম্পর্কযুক্ত বিভিন্ন দলের সম্বন্ধে তথ্য সংগ্রহ করতে হবে।
- গোপনীয়তা - এমন কোন প্রকারের তথ্য প্রকাশ করা যাবে না যেটা দ্বারা বিপক্ষ দল কোন ধরণের সুবিধা লাভ করতে পারে অথবা কোন একক দল বা ব্যক্তি কোন ধরণের বিপদে পড়তে পারে।

সংঘর্ষকে বিশদভাবে বর্ণনা না করে দুর্যোগ, ঝুঁকিপূর্ণতা এবং সক্ষমতাকে মূল্যায়ন করার পদ্ধতিকে যতটা সম্ভব নির্দিষ্টভাবে করা উচিত। উদাহরণস্বরূপ, দুর্যোগকে যুদ্ধ বলে তালিকাভুক্ত করা উচিত নয়, কিন্তু যেমন "রাতের বেলা গ্রামবাসীকে আক্রমণ করা, "বোমা মারা" কিংবা "ল্যান্ডমাইন বিস্ফোরণ" প্রভৃতিভাবে বর্ণনা করা যেতে পারে। সংঘর্ষপূর্ণতার নির্দিষ্ট বিষয় হিসেবে ঝুঁকিপূর্ণতাকে অন্তর্ভুক্ত করা যেতে পারে, যেমন স্বচ্ছন্দ পরিবেশের অভাব, নিরাপদ আশ্রয় কেন্দ্রের অভাব অথবা সতর্কতামূলক পদ্ধতির অনুপস্থিতি। সক্ষমতাকে শান্তি রক্ষাবাহিনী, বিফুজী অথবা IDP ক্যাম্প জরুরী অবস্থায় ত্রাণ বিতরণ অথবা বোমা বিস্ফোরণ থেকে রক্ষার জন্যে আশ্রয় কেন্দ্র প্রভৃতি বিষয়ের মধ্যে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

## লক্ষ্যকৃত দলসমূহ
## Focus groups

সাহায্যকারী দলকে অবশ্যই সতর্ক থাকতে হবে যে জনগোষ্ঠীর সদস্যরা অথবা ক্ষমতাশালী ব্যক্তিরা লক্ষ্যকৃত দলকে সন্দেহের দৃষ্টিতে দেখতে পারে। এটা গুরুত্বপূর্ণ যে জনগোষ্ঠীর সাথে যারা সম্পর্কযুক্ত থাকবে তারা সবাই PADR এর পদ্ধতি এবং এর উদ্দেশ্য সম্পর্কে সর্বদা সজাগ থাকবে যেন তারা কোন প্রকারের হুমকির সম্মুখীন না হয়। যদি লক্ষ্যকৃত দল কোন স্পর্শকাতর বিষয় নিয়ে আলোচনা করতে চায় তবে লক্ষ্যকৃত দলের সাথে একটু আলাদাভাবে বুদ্ধিমত্তার সাথে সুবিধাজনক সময় ও স্থান নির্ধারণ করে সেখানে মিলিত হয়ে বিষয়টি নিয়ে আলোচনা করা যেতে পারে। এই ধরণের আলোচনার মধ্য দিয়ে শান্তি রক্ষার বিষয়টি আরও মজবুত হবে। সেই বিষয়টিকে নিশ্চিত করতে চেষ্টা করুন এবং সাথে সাথে এমন কোন ধরণের ফ্রিঞ্জ এলিমেন্ট ব্যবহার করা উচিত নয় যেটা কেবল দুশ্চিন্তাকে বাড়তে সুযোগ করে দেয়। সাহায্যকারী দলকে দক্ষ করে তোলাটা জরুরী।

## মূল তথ্যসমূহ
## Key informants

সহিংস ঘটনার সকল দিক্ থেকে লোকজনদের কাছ থেকে মূল তথ্য সংগ্রহের বিষয়টিকে নিশ্চিত করুন, যাতে করে বিভিন্ন প্রকারের মতামত শোনা ও বোঝা যায়। অনেক সময় জাতীয় সরকার অথবা আন্তর্জাতিক দলগুলো নিজেদের স্বার্থ সিদ্ধির জন্য স্থানীয় জনগণের মাঝে দুশ্চিন্তাকে বাড়িয়ে তোলে, কাজেই এই বিষয়টি সম্পর্কে সবসময় সচেষ্ট ও সজাগ থাকতে হবে।

## সামর্থ্য মূল্যায়ন
## Capacity assessment

কিছু কিছু স্থানীয় দক্ষতা নেতিবাচকভাবে অনিরাপত্তা দ্বারা ক্ষতিগ্রস্ত হয়। উদাহরণস্বরূপ, পুরাতন পশুচারণ ভূমি আর খুঁজে পাওয়া যায় না অথবা যে সকল এলাকায় জ্বালানী কাঠ সংগ্রহ করে রাখা হয় সেটা মারাত্মকভাবে বিপদের সম্মুখীন হতে পারে। সংঘর্ষপূর্ণ অবস্থায় অবশ্যই সতর্ক থাকতে হবে যেন একটি দল অন্য দলের সামর্থ্যকে পুরোপুরিভাবে লক্ষ্য রাখতে পারে (বিশেষতঃ প্রাকৃতিক সম্পদ এবং ভৌত অবকাঠামো)।

আলোচনার মধ্যে লোকজনের এই সকল হারানো সামর্থ্যকে চিহ্নিতপূর্বক সাহস যোগাতে হবে, সাথে সাথে একক ব্যক্তির সামর্থ্য যা তারা এখনই ব্যবহার করতে পারে এমন সামর্থ্য সাহস যোগাতে হবে। হিংসাত্মক পন্থা ব্যবহার করে কোন সামর্থ্যকে ফিরে পাবার পরামর্শকে সর্বদাই প্রত্যাখান করতে হবে, কারণ এই উপায় সাংঘর্ষিক পরিস্থিতির সৃষ্টি হতে পারে। কার্যকরী পরিকল্পনা তৈরী করার মাধ্যমে হারিয়ে যাওয়া সামর্থ্যকে শান্তিপূর্ণ উপায়ে বা বিভিন্ন বিকল্প পদ্ধতির মাধ্যমে পুনরুদ্ধার করা সম্ভব।

### কার্যকর পরিকল্পনা
### Action planning

যদি কার্যকরী পরিকল্পনাকে এগিয়ে নিয়ে যাবার জন্যে দায়িত্বপ্রাপ্ত কোন দল না থাকে তবে জনগোষ্ঠীভিত্তিক পরিকল্পনা না করে খানা (household) ভিত্তিক পরিকল্পনা করা দরকার। ভবিষ্যতে সাংঘর্ষিক অবস্থা বিরাজ করতে পারে এমন অবস্থাতে আপদকালীন সময়ের ব্যবস্থাপনার জন্যে বিভিন্ন বিকল্প পরিকল্পনা করা দরকার হয়। এগুলি ব্যবহার করে বিভিন্ন অনাকাঙ্খিত পরিস্থিতি থেকে রক্ষা পাওয়া বা এড়ানো সম্ভব হয়। এ রকমের দুটি উদাহরণ হল- আপদকালীন সময়ে দ্রুত বেরিয়ে পড়ার সময়ের জন্য একটি বিশেষ ব্যাগ প্রস্তুত করা যাতে জরুরী প্রয়োজন মেটানোর বিভিন্ন উপকরণ / বস্তু থাকে, অথবা জঙ্গলে এমন একটি স্থান তৈরী করা যেখানে আপদকালীন সময়ে বিচ্ছিন্ন হয়ে যাওয়া পরিবারের সদস্যরা একত্রিত হতে পারে ইত্যাদি। জনগোষ্ঠীভিত্তিক সতর্কতা প্রদান ব্যবস্থা এই রকমের একটি ব্যবস্থা।

## ৯.৪ দুর্যোগ পরবর্তী সময়ে PADR -এর ব্যবহার
## PADR in post-disaster situations

PADR সাধারণতঃ দুর্যোগ পূর্ব সম্ভাব্য ক্ষয়ক্ষতির প্রশমনে প্রস্তুতিমূলক ব্যবস্থা নিতে সহায়তা করে। নিয়মিত বা প্রতি বছর দুর্যোগ হয় এমন পরিস্থিতিতে PADR ভাল কাজ করে। তবে দুর্যোগ পরবর্তী সময়ে ত্রাণ পুনর্বাসন ও পুনরায় স্থাপনা প্রতিষ্ঠার ক্ষেত্রেও এই PADR ব্যবহার করে উন্নতমানের ও টেকসই কাজ করা সম্ভব।

সাধারণতঃ ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা নিয়ে কাজ করা বেসরকারী সংস্থাসমূহ দুর্যোগের পরে ক্ষতির পরিমাণ নির্ণয় ও চাহিদা নিরূপণের জন্যে মূল্যায়ন করে থাকে। মানুষের জীবন রক্ষা করা, ক্ষতিগ্রস্থ স্থাপনা মেরামত করা ও সাধারণ জীবনযাত্রায় ফিরিয়ে নিয়ে আনার লক্ষ্য নিয়ে তারা কাজ করে। এইভাবে কাজ করার ক্ষেত্রে নিম্নের কিছু অসুবিধা পরিলক্ষিত হয় ঃ

- PADR স্বল্প মেয়াদী প্রয়োজনের উপরই গুরুত্ব দেয় কিন্তু দীর্ঘমেয়াদে উন্নয়নের যে সব ব্যর্থতার কারণে দুর্যোগ হতে পারে তা এটা বিবেচনায় নেয় না।
- স্থানীয় জনসাধারণদের যদি দুর্যোগের শিকার বলে দেখা হয় তবে তাদের স্থানীয় সক্ষমতাগুলি ক্ষতিগ্রস্থ হয়।
- জনগণ যদি বাইরে থেকে আসা সাহায্যের উপর খুব বেশী নির্ভরশীল হয়ে যায় তবে তাদের মধ্যে "ত্রাণ নির্ভরতা" সৃষ্টি হতে পারে।
- দুর্যোগের প্রকৃত কারণ যদি না বুঝা যায়, ত্রাণ সাহায্য কোন কোন সময় একই ধরণের দুর্যোগের ঝুঁকি তৈরী করে বা অন্য কোন ধরণের দুর্যোগের ঝুঁকি সৃষ্টি করে।

ঝুঁকিপূর্ণতার কারণ অনুসন্ধান করে যা দুর্যোগ সৃষ্টি করতে সহায়তা করে তা PADR ব্যবহার করে জানা যায়। PADR জরুরী ত্রাণ কার্য শেষ হবার সাথে সাথে অথবা পুণর্বাসন কাজ শুরু করার ঠিক আগে শুরু করা যেতে পারে। এটা কোন বাড়ী বা অবকাঠামো পুনঃনির্মাণ বা জীবিকার পূর্ব সৃষ্টির আগে PADR করা যেতে পারে। যদি পূর্ণাঙ্গভাবে PADR করা নাও যায় তবে সংক্ষিপ্ত আকারে এটা করা সম্ভব। অংশ "ক" প্রাপ্ত উত্তরের আলোকে অংশ "খ" এর প্রশ্নমালা স্থানীয় বাস্তবতার আলোকে তৈরী করতে হবে। যেমন- যদি ৩০ জন লোক মৃত্যুবরণ করে তবে অংশ খ তে প্রশ্ন তৈরী করতে হবে কেন ঐ সকল লোকের মৃত্যু হল? উত্তর হতে পারে সতর্কতার অভাব, সাঁতারের দক্ষতার অভাব, দুর্বল স্থাপত্য নির্মাণ ইত্যাদি।

সহজীকরণ/দুর্যোগ পরবর্তী সময়ে PADR-এর ব্যবহার

নীচের প্রশ্নগুলোকে লক্ষ্যকৃত দলের মধ্যে আলোচনা করা যেতে পারে (কমপক্ষে একটি মহিলা গ্রুপ এবং একটি পুরুষ গ্রুপকে জিজ্ঞাসা করা যেতে পারে)

## দুর্যোগ মূল্যায়ন

১। কোন্ ধরণের প্রধান দুর্যোগটি এই জনগোষ্ঠীকে ক্ষতিগ্রস্ত করছে; এর মধ্যে যাদের অভিজ্ঞতা আছে?

২। অতীতে কবে দুর্যোগ ঘটেছিল?

৩। জনগোষ্ঠীর কোন্ এলাকাটি ক্ষতিগ্রস্ত হয়েছিল? কি পরিমাণে?

৪। একটি দুর্যোগ ঘটতে চলেছে, এই বিষয়ে সতর্কতা স্বরূপ কি ধরণের সংকেত অথবা সিগন্যাল ব্যবহার করা হয়?

৫। দুর্যোগের মাত্রা অথবা শক্তি কি বাড়ছে অথবা কমছে?

## ঝুঁকিপূর্ণতা মূল্যায়ন

**ক** সম্প্রতি ঘটে যাওয়া দুর্যোগে জনগোষ্ঠীর বিভিন্ন ক্ষতিগ্রস্ত এলাকাগুলোর উপর দুর্যোগের কি পরিমাণ প্রভাব ছিল?

- একক ক্ষেত্রে - জীবন ও স্বাস্থ্যের উপর প্রভাব?
- সামাজিক ক্ষেত্রে -পারিবারিক জীবনে, সামাজিক বিষয়সমূহের উপর এবং নেতৃত্বের উপর প্রভাব?
- নির্মাণসামগ্রীর ক্ষেত্রে - বাড়ীঘর, রাস্তা এবং ব্রীজের উপর প্রভাব?
- প্রাকৃতিক ক্ষেত্রে - প্রাকৃতিক সম্পদের উপর প্রভাব, (যেমন - পানি, বনজঙ্গল, ঘাস, পশুপাখি)?
- অর্থনৈতিক ক্ষেত্রে - জীবিকা অথবা অর্থনৈতিক অবস্থার উপর প্রভাব?

**খ** জনগোষ্ঠীর উপর দুর্যোগের প্রভাব ছিল কেন?

- যে কোন ধরণের জ্ঞান, দক্ষতা অথবা স্বাস্থ্য সেবার অভাব?
- যে কোন ধরণের সামাজিক বিভাগ অথবা দল কাজ না করার কারণে অথবা নেতৃত্বের অভাবে?
- গৃহ নির্মাণের ক্ষেত্রে যে কোন প্রকারের দুর্বলতা অথবা নিম্ন মানের স্থানে দালান-কোঠা নির্মাণের জন্যে?
- যে কোন ধরণের প্রাকৃতিক সম্পদ ফুরিয়ে যাওয়া, অথবা ব্যবহারের ক্ষেত্রে বাধ্যবাধকতার কারণে?
- যে কোন ধরণের আয়ের মাত্রা কমে যাওয়া, সঞ্চয় অথবা ব্যয় এর সুবিধা থাকার কারণে?

দুর্যোগের সময় জনগণকে ভালভাবে মোকাবিলা করার জন্যে কোন্ বিশেষ সহযোগী বিষয়টি বাদ পড়েছিল (যেমন - নৌকা, প্রয়োজনীয় যন্ত্রপাতি, সতর্কতা প্রভৃতি)?

## সক্ষমতা বা সামর্থ্য মূল্যায়ন

১। সাম্প্রতিক কালের বড় ধরণের দুর্যোগের ভিতর দিয়ে জনগোষ্ঠী কিভাবে টিকে আছে / বেঁচে আছে? (৫ প্রকারের উপায়ের মধ্যে)

- একক ক্ষেত্রে - জনগোষ্ঠীর জন্যে বিশেষতঃ কোন্ ধরণের দক্ষতা বা জ্ঞানের প্রয়োজন ছিল?
- সামাজিক ক্ষেত্রে -সামাজিকভাবে কোন্ প্রকারের দলীয়করণ এবং নেতৃত্বের কাঠামো সর্বাপেক্ষা বেশি সহযোগী ভূমিকা পালন করতো?
- নির্মাণ ক্ষেত্রে - সংকটকালীন মুহূর্তে কোন্ ধরণের দালান-কোঠা, রাস্তা-ঘাট এবং ব্রীজের প্রয়োজন ছিল?
- প্রাকৃতিক ক্ষেত্রে - কোন্ ধরণের প্রাকৃতিক সম্পদকে ব্যবহার করা হয়েছিল।
- অর্থনৈতিক ক্ষেত্রে - অর্থনৈতিক ক্ষেত্রে কোন্ ধরণের কৌশলকে ব্যবহার করা হয়েছিল (যেমন - ভিন্নমাত্রার জীবিকা, সম্পদ বিক্রি অথবা সঞ্চয়ের অর্থ ব্যবহার করা হয়েছিল)?

২। অতীতের দুর্যোগ মোকাবিলা করার জন্যে আপনি কি ধরণের উপায় অবলম্বন করেছিলেন। সাম্প্রতিক দুর্যোগ মোকাবিলা করার জন্যে ঐ সকল কৌশলগুলির মধ্যে কোন্টির কি দুষ্প্রাপ্যতা লক্ষ্য করা যাচ্ছে? কেন এগুলিকে মোটেও ব্যবহার করা হচ্ছে না?

৩। অতীতের দুর্যোগের ঝুঁকি কমাবার ক্ষেত্রে কোন্ ধরণের স্কীম অথবা প্রকল্প ছিল? এগুলি কি সফলতা অর্জন করেছিল অথবা অকৃতকার্য হয়েছিল? কেন?

## কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন

লক্ষ্যকৃত দলের মধ্যে এই প্রশ্নগুলিকে আলোচনা করুন।

- ভবিষ্যতে একই ধরণের বা একই প্রকারের দুর্যোগ আসলে উপরোক্ত প্রশ্নের আলোকে দুর্যোগের ভালভাবে মোকাবিলা করার জন্যে জনগোষ্ঠী কি ধরণের পদক্ষেপ গ্রহণ করবে? উদাহরণস্বরূপ -

- সতর্কতামূলক ব্যবস্থার উন্নয়ন করা।
- শক্তিশালী সামাজিক দল এবং স্বেচ্ছাসেবী দল গঠন করা।
- দালান-কোঠার নক্সার উন্নয়ন করা।
- প্রাকৃতিক সম্পদের সহজ প্রাপ্যতাকে বাড়ানো।
- কৃষিক্ষেত্রের কৌশলকে পরিবর্তন করা।
- সঞ্চয় করার জন্যে দল গঠনের উদ্যোগ নেওয়া।

- বাহ্যিকভাবে কোন প্রকার সাহায্য গ্রহণ না করে কোন্ কোন্ কাজগুলি করা যেতে পারে - এবং কোন্ কোন্ কাজের জন্য বাহ্যিক সাহায্যের প্রয়োজন? (সম্ভব হলে একটি নির্দিষ্ট সময়ের মধ্যে এককভাবে কাজগুলিকে করিয়ে নিতে হবে।)

# ক

## লক্ষ্যকৃত দলের আলোচনার জন্যে প্রশ্নসমূহ এবং রেকর্ডিং -এর পদ্ধতি।
## Questions and recording grid for focus group discussions

### একক ক্ষেত্রসমূহের জন্যে ঝুঁকিসমূহ এবং সামর্থ্যসমূহ ঃ
### Vulnerabilities and capacities in INDIVIDUAL category

**পদ্ধতি** এখানে এমন ধরণের কোন পদ্ধতি ব্যবহার করা হয়নি, কিন্তু প্রশ্ন -৩ এর উত্তরের জন্য ঋতুভিত্তিক দিনপঞ্জিকার বিভাগ-৪ আপনাকে সাহায্য করতে পারে।

| প্রভাব সম্পর্কিত প্রশ্ন | উত্তর |
|---|---|
| জনগোষ্ঠীর মানুষের জীবন ও স্বাস্থ্যের উপর প্রধান দুর্যোগের কি ধরণের প্রভাব পড়তে পারে? উদাহরণস্বরূপ, প্রাণনাশ, আঘাত, ক্ষুধা, কর্মক্ষমতা হ্রাস করা ইত্যাদি। | |

| প্রশ্ন | ঝুঁকি | সক্ষমতা বা সামর্থ্য |
|---|---|---|
| ১। জনগোষ্ঠীর কোন্ ধরণের লোকজনেরা এই দুর্যোগ দ্বারা বেশি পরিমাণে ক্ষতিগ্রস্ত হয়? কেন তারা এতবেশি ক্ষতিগ্রস্ত হয়? | | |
| ২। দুর্যোগের দ্বারা জনগোষ্ঠীর কোন্ ধরণের লোকজনেরা অল্প পরিমাণ ক্ষতিগ্রস্ত হয়? কেন তারা এত অল্প পরিমাণে ক্ষতিগ্রস্ত হয়? | | |
| ৩। একটি দুর্যোগকে মোকাবেলা করার জন্য কোন্ ধরণের স্বাস্থ্য সমস্যাটি লোকজনের ক্ষমতাকে কমিয়ে দিচ্ছে? কোন্ মাসে এই স্বাস্থ্য সমস্যাটি বেশি প্রকট আকার ধারণ করে? | | |
| ৪। দুর্যোগকে কিভাবে মোকাবেলা করা যায়, এই বিষয়ের উপর আপনি অথবা শিশুরা কি কোন ধরণের তথ্য অথবা প্রশিক্ষণ পেয়েছে? কোথা থেকে এই তথ্য পাওয়া গিয়েছে? | | |
| ৫। কি ধরণের দক্ষতা ও জ্ঞান দুর্যোগ ভালভাবে মোকাবেলা করার জন্যে লোকজনকে সাহায্য করে? উদাহরণস্বরূপ - সাঁতার শেখার সক্ষমতা, বনজ খাদ্য সম্পর্কে জ্ঞান, নৌকা চালানোর দক্ষতা ইত্যাদি। | | |

© TEARFUND 2010

## সামাজিক ক্ষেত্রে ঝুঁকিসমূহ এবং সামর্থ্যসমূহ
## Vulnerabilities and capacities in SOCIAL category

দলের জন্য **টুল/পদ্ধতি,** বিভিন্ন ধরণের সামাজিক দলকে বোঝানোর জন্যে একটি গোলাকৃতির সাহায্যে ভেন ডায়াগ্রাম (**Venn Diagram**) আঁকুন; গোলাকৃতির দ্বারা জনগোষ্ঠীর মধ্যে তাদের গুরুত্বকে বোঝা যাবে।

| প্রভাব সম্পর্কিত প্রশ্ন | উত্তর |
|---|---|
| প্রধান দুর্যোগ দ্বারা সামাজিক জীবন কিভাবে ক্ষতিগ্রস্ত হয়? উদাহরণস্বরূপ - অধিক বা অল্প সংখ্যক অনুষ্ঠানসমূহ; স্কুলের উপস্থিতির সংখ্যা কমে যাওয়া; লোকজনের এক স্থান হতে অন্য স্থানে চলে যাওয়া / বাসস্থান পরিবর্তন; অপরাধের সংখ্যা অধিক হওয়া অথবা অভিযোগের সংখ্যা বেড়ে যাওয়া ইত্যাদি। | |

| প্রশ্ন | ঝুঁকি | সক্ষমতা বা সামর্থ্য |
|---|---|---|
| ১। জনগোষ্ঠীতে অনেক দল আছে এটা ভেন্ ডায়াগ্রাম-এ দেখানো হয়েছে। দুর্যোগের সময় কোন্ দলটি বেশি সহায়ক ভূমিকা পালন করে? অনুগ্রহপূর্বক বিশদভাবে লিখুন। | | |
| ২। দুর্যোগের সময় কোন্ পরিবার বা স্বজনেরা আপনার কাছে সবচেয়ে বেশি সহায়ক বলে মনে হয় (স্থানীয় এলাকায় বা দূরে থাকা আত্মীয় স্বজনরা)? | | |
| ৩। জনগোষ্ঠীতে কি এমন কোন লোকজন আছে যারা দুর্যোগের সময় লাভবান হয়? যদি উত্তর হ্যাঁ বোধক হয়, তবে অনুগ্রহ-পূর্বক কারণ জানান, কেন এবং কিভাবে। | | |
| ৪। সংকটকালীন সময়ে কারা নেতৃত্ব প্রদান করে এবং ভাল দিক্-নির্দেশনা দেয়? উদাহরণস্বরূপ, গতানুগতিক নেতৃস্থানীয় লোকজন, সরকারী কর্মকর্তা, ধর্মীয় নেতা, অন্যান্যরা। | | |
| ৫। দুর্যোগের সময় এখনও সরকারীভাবে কি ধরণের সাহায্য সহযোগিতার কাজ করা হচ্ছে এবং তারা কিভাবে জনগোষ্ঠীর লোকজনদের সাহায্য করছে? | | |

# প্রাকৃতিক ক্ষেত্রে ব্যবহৃত ঝুঁকিসমূহ এবং সামর্থ্যসমূহ
## Vulnerabilities and capacities in NATURAL category

**টুল/পদ্ধতি** জনগোষ্ঠীতে যে সকল প্রাকৃতিক সম্পদসমূহ আছে তার একটি তালিকা তৈরী করুন। কোন্‌গুলি সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ? একটি নম্বরভিত্তিক অনুশীলনী তৈরী করুন।

| প্রভাব সম্পর্কিত প্রশ্ন | উত্তর |
|---|---|
| কিভাবে প্রধান দুর্যোগ দ্বারা প্রাকৃতিক সম্পদসমূহের ক্ষতি সাধিত হয়? উদাহরণস্বরূপ- বিশুদ্ধ পানির উপর প্রভাব পড়ে, পশুচারণ ভূমি, বনজঙ্গল, মাছ, মাটি / ভূমি প্রভৃতি। | |

| প্রশ্ন | ঝুঁকি | সক্ষমতা বা সামর্থ্য |
|---|---|---|
| ১। কোন্ ধরণের প্রাকৃতিক সম্পদসমূহ দুর্যোগ দ্বারা বেশি পরিমাণে ক্ষতিগ্রস্ত হয়? (যেমন - পানি, ঘাস, বৃক্ষ, মাছ)? এসব সম্পদ কেন এত অধিক মাত্রায় ক্ষতিগ্রস্ত হয়? | | |
| ২। দুর্যোগের দ্বারা কোন্ ধরণের প্রাকৃতিক সম্পদগুলি অল্প পরিমাণে ক্ষতিগ্রস্ত হয়? (যেমন - পানি, ঘাস, বৃক্ষ, মাছ)? কেন এই সকল প্রাকৃতিক সম্পদসমূহ অল্প পরিমাণে অথবা একেবারেই ক্ষতিগ্রস্ত হয় না? | | |
| ৩। দুর্যোগের সময় কোন্ প্রাকৃতিক সম্পদ ব্যবহারের ক্ষেত্রে বাধ্যবাধকতা রাখা হয় (যেমন - পানি অথবা কাঠ)? কোন্ ধরণের প্রাকৃতিক সম্পদের ক্ষেত্রে বাধ্যবাধকতার সৃষ্টি করা হয় এবং কেন? | | |
| ৪। সংকটকালীন সময়ে কোন্ প্রাকৃতিক সম্পদের ক্ষেত্রে প্রতিযোগিতা করতে দেখা যায় বা কোন্ প্রকারের তর্ক-বিতর্কের সৃষ্টি হয়? অনুগ্রহ করে এ সম্পর্কে বিশদভাবে লিখুন। | | |
| ৫। দুর্যোগের সময় কোন্ কোন্ ধরনের প্রাকৃতিক সম্পদগুলি বিশেষ করে গুরুত্বপূর্ণ হয়ে উঠে? (যেমন - বনজ খাদ্য অথবা কলাগাছ) এটা কেন হয়? | | |

## ভৌত অবকাঠামোর ক্ষেত্রে ঝুঁকিসমূহ এবং সামর্থ্যসমূহ ঃ
## Vulnerabilities and capacities in PHYSICAL category

**টুল/পদ্ধতি** দলগুলির সদস্যদের তাদের নিজস্ব গ্রাম, দালান-কোঠা, রাস্তা-ঘাট, ব্রীজ, বাজার প্রভৃতি গুরুত্বপূর্ণ স্থাপনার একটি ম্যাপ তৈরী করতে সাহায্য করুন। এই ম্যাপটি মাটিতে, কাগজে অথবা ব্ল্যাকবোর্ডে আঁকা যেতে পারে। দলের ফ্লিপ চার্ট (Flip Chart) এর একটি কপি তৈরী করুন। প্রধান দুর্যোগ দ্বারা কোন্ এলাকাগুলি ক্ষতিগ্রস্ত হচ্ছে সেগুলো দেখান। ম্যাপে নদীসমূহ, পুকুর, বন-জঙ্গল প্রভৃতির ছবি আঁকুন।

| প্রভাব সম্পর্কিত প্রশ্ন | উত্তর |
|---|---|
| সুপরিকল্পিত কাঠামো দ্বারা নির্মিত সম্পদসমূহ কিভাবে প্রধান দুর্যোগ দ্বারা ক্ষতিগ্রস্ত হয়? (যেমন - বাড়ী-ঘর, রাস্তা, ব্রীজ, স্কুল, কূপ প্রকৃতি)? অথবা অন্যান্য ভৌত অবকাঠামোতে কি ধরণের প্রভাব পরিলক্ষিত হয়? | |

| প্রশ্ন | ঝুঁকি | সক্ষমতা বা সামর্থ্য |
|---|---|---|
| ১। দুর্যোগ দ্বারা কোন্ ধরণের দালান-কোঠা অথবা অবকাঠামোগত নির্মাণসামগ্রী বেশি ক্ষতিগ্রস্ত হয়? কেনই বা এ ধরণের ক্ষতি সাধিত হয়? | | |
| ২। দুর্যোগে কোন্ ধরণের দালান কোঠাগুলি কমমাত্রায় ক্ষতিগ্রস্ত হয়? কেন এই দালান-কোঠাগুলি কম ক্ষতিগ্রস্ত হচ্ছে? | | |
| ৩। সংকটপূর্ণ অবস্থায় কোন্ ধরণের যোগাযোগের মাধ্যমটি পাওয়া সহজ হয়? (যেমন -মোবাইল, ফোন অথবা রেডিও) | | |
| ৪। জরুরী অবস্থায় কোন্ ধরণের যানবাহনগুলি সহজে পাওয়া যায় এবং সংকটকালীন সময়েও ব্যবহার করা সম্ভব হয়? উদাহরণস্বরূপ- নৌকা, সাইকেল, অন্যান্য যানবাহন। | | |
| ৫। দুর্যোগ দ্বারা সৃষ্ট সংকটকালীন সময়ে লোকজনেরা কিভাবে তাদের গৃহস্থ জিনিসপত্র ও প্রয়োজনীয় যন্ত্রপাতি সংরক্ষণ করে রাখে? | | |
| ৬। দুর্যোগের দ্বারা উন্মুক্ত কূপ এবং হস্তচালিত পাম্পসমূহ কিভাবে ক্ষতিগ্রস্ত হয়? কেন এটা হয়? | | |

# অর্থনৈতিক ক্ষেত্রে ঝুঁকিসমূহ এবং সামর্থ্যসমূহ
## Vulnerabilities and capacities in ECONOMIC category

**টুল/পদ্ধতি** - জনগোষ্ঠীর সাথে একটি ঋতুভিত্তিক দিনপঞ্জিকা তৈরী করুন, এটার ভিতরে বিভিন্ন ধরণের কৃষিখাতসমূহ এবং অন্যান্য জীবিকার কার্যসমূহকে নির্দেশ করুন এবং সাথে সাথে বিভিন্ন ধরণের দুর্যোগসমূহ কোন্ কোন্ মাসে আঘাত হানে / ঘটে তা নির্দেশ করুন। দিনপঞ্জিকাটিকে লোকজনের স্থান / বাসস্থান পরিবর্তনের মাস, পশুপাখির স্থান পরিবর্তনের মাস প্রভৃতি উল্লেখ করুন।

| প্রভাব সম্পর্কিত প্রশ্ন | উত্তর |
|---|---|
| প্রধান দুর্যোগ দ্বারা কিভাবে অর্থনৈতিক কর্মকান্ডসমূহ ক্ষতিগ্রস্ত হয়, যেমন চাষাবাদ, মৎস অথবা কল-কারখানাসমূহ? | |

| প্রশ্ন | ঝুঁকি | সক্ষমতা বা সামর্থ্য |
|---|---|---|
| ১। দুর্যোগ দ্বারা কোন্ ধরণের জীবিকার বেশিমাত্রায় ক্ষতি সাধিত হয় (অথবা অর্থ উপার্জনের কর্মকান্ডসমূহ)?<br>কেন এটা হয়? | | |
| ২। দুর্যোগ দ্বারা কোন্ ধরণের জীবিকা অল্পমাত্রায় ক্ষতিগ্রস্ত হয়, (অথবা অর্থ উপার্জনের কর্মকান্ডসমূহ) অথবা একেবারেই ক্ষতিগ্রস্ত হয় না?<br>সংকটকালীন সময়ে কোন্ ধরণের নতুন অর্থ উপার্জনের উৎসকে ব্যবহার করা হয়? | | |
| ৩। দুর্যোগ দ্বারা কোন্ ধরণের ফসলের বেশিমাত্রায় ক্ষতি সাধিত হয়?<br>কেন এটা হয়? | | |
| ৪। কোন্ ধরণের ফসল দুর্যোগের সময় অল্পমাত্রায় ক্ষতিগ্রস্ত হয়?<br>কেন এগুলি বেশি মাত্রায় ক্ষতিগ্রস্ত হয় না? | | |
| ৫। একটি দুর্যোগের পরবর্তী সময়ে লোকজনেরা খাদ্য এবং অন্যান্য জিনিসপত্র কেনার জন্যে কিভাবে অর্থ পায়? উদাহরণস্বরূপ সঞ্চয় থেকে, ঋণ করে অথবা সম্পদসমূহ বিক্রি করে? | | |
| ৬। দুর্যোগের দ্বারা দিনমজুরেরা কিভাবে ক্ষতিগ্রস্ত হয়? উদাহরণস্বরূপ - কলখানায় কাজ করে, বড় ফার্মে কাজ করে, বৃক্ষরোপণ করে?<br>কেন এভাবে ক্ষতিগ্রস্ত হয়? | | |

© TEARFUND 2010

## বিভিন্ন ধরণের দুর্যোগের ঝুঁকি হ্রাসকরণের কর্মপদ্ধতিসমূহ সম্পর্কে পরামর্শ ঃ
## Suggested risk-reducing activities for different hazard types

**নোট - বিশেষ দ্রষ্টব্য ঃ** এগুলি হলো বিশেষ ধরণের সাধারণ দুর্যোগের জন্যে বিশেষ ধরণের পরামর্শ। সকল প্রকার দুর্যোগের জন্যে কিছু কার্যক্রমসমূহ, যেমন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিসমূহ, সঞ্চয়কারী দলসমূহ এবং স্বেচ্ছাসেবী দলসমূহ প্রভৃতি।

### বন্যা

| প্রস্তুতি | সমস্যা সমাধানের উপায়সমূহ | অধিপরামর্শ |
|---|---|---|
| ১। বন্যা সম্পর্কিত সতর্কতা পদ্ধতি | পানির উৎসসমূহকে সুরক্ষা করা | সরকারী সতর্কতা পদ্ধতির উন্নয়ন করা |
| ২। স্বেচ্ছাসেবীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা | গৃহনির্মাণের নক্সার উন্নয়ন সাধন করা | নদীতে বাঁধ নির্মাণ করা |
| ৩। নিরাপদ রিফুজী সেন্টার তৈরী করা (যেমন - পানির টয়লেট, আলোর সুব্যবস্থা করা ইত্যাদি) | ঝড়-ঝঞ্ঝা প্রতিরোধের জন্যে নদী-নালা খনন করা এবং বাঁধ নির্মাণ | নদী বা সমুদ্রের তীরের অবক্ষয় রোধ করা (যেমন -বেতেন ঝুড়ি ) |
| ৪। নৌকা তৈরী এবং চালকদের প্রশিক্ষণ দেওয়া | গৃহের খাম্বাগুলি স্টীল অথবা পাথর দিয়ে নির্মাণ করা | নদী খনন করা |
| ৫। জরুরী অবস্থায় লোকজনকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার ব্যবস্থা করা | ভিন্নধর্মী ফসল উৎপাদন বা ফসল উৎপাদনের পদ্ধতি পরিবর্তন করা | বন্যার প্রভাব থেকে রক্ষা পেতে অধিকমাত্রায় আশ্রয় কেন্দ্র নির্মাণ করা |
| ৬। শিশুদের সাঁতার কাটতে শেখান | বন্যা নিরোধক বিভিন্ন পদ্ধতি | |
| ৭। বন্যার সময় পালানোর জন্যে নিরাপদ পথ সন্ধান করা | পানিতে ভাসমান সবজির বাগান তৈরী করা | |
| ৮। মূল্যবান সম্পদসমূহকে নিরাপদে সংরক্ষণের জন্যে সংরক্ষণাগার তৈরী। মূল্যবান সম্পদ যেমন - নথিপত্র, বীজ ইত্যাদি | বিশেষতঃ ঢালু স্থানসমূহে এবং বাধে বৃক্ষরোপণ করা | |
| ৯। সঞ্চয় স্কীমসমূহ | | |
| ১০। বিশুদ্ধ পানি সংরক্ষণের জন্যে ক্যান (পাত্র) তৈরী করা | | |

### অনাবৃষ্টি

| প্রস্তুতি | সমস্যা সমাধানের উপায়সমূহ | অধিপরামর্শ |
|---|---|---|
| ১। পানি সংরক্ষণের পদ্ধতিসমূহ / ট্যাঙ্ক | গতানুগতিক চাষাবাদের পদ্ধতিসমূহ | সরকারী অনাবৃষ্টি সতর্কতামূলক পদ্ধতির উন্নয়ন সাধন করা |
| ২। ছাদ অথবা মাটি থেকে বৃষ্টির পানি ধরে রাখা | বিভিন্ন প্রকারের বাঁধ নির্মাণ | দরিদ্রদের জন্য অধিকতর ভাল নিরাপদ কৌশল গ্রহণ করা |
| ৩। খাদ্য সংরক্ষণাগারের উন্নয়ন করা (কীটপতঙ্গের দ্বারা ক্ষতির মাত্রাকে হ্রাস করা) | স্বল্প মেয়াদী চাষাবাদ পদ্ধতি; পদচালিত বা পশুদ্বারা চালিত পাওয়ার পাম্পের ব্যবহার | খাদ্য সরবরাহের জন্য অধিক গাড়ীর ব্যবস্থা করা |
| ৪। খাদ্যশস্য মজুদের স্থান | অনাবৃষ্টি সহনশীল ফসল উৎপাদন করা | পানি ধরে রাখার জন্য সুন্দর নক্সার ছাদ ব্যবস্থাপনা |
| ৫। পশু স্বাস্থ্যের উন্নয়ন | বিভিন্ন ধরণের জীবিকার ব্যবস্থা করা | |
| ৬। গবাদি পশুর সংখ্যা কমে যাওয়া | ভিন্নধর্মী ফসলের উৎপাদন পদ্ধতি | |
| ৭। গবাদি পশুর খাদ্য সংরক্ষণ | বৃক্ষরোপণ এবং গবাদি পশুর জন্য ঘাস রোপণ করা | |

## ঘুর্ণিঝড়

| প্রস্তুতি | সমস্যা সমাধানের উপায়সমূহ | অধিপরামর্শ |
|---|---|---|
| ১। বিভিন্ন পর্যায়ে সতর্কতামূলক পদ্ধতি গ্রহণ করা এবং তারপর দুর্যোগের স্থান খালি করা | গৃহের নির্মাণ কৌশলের উন্নয়ন করা বিশেষতঃ ছাদের অবকাঠামো পরিবর্তন করা | সরকারীভাবে সতর্কতামূলক পদ্ধতির উন্নয়ন করা |
| ২। জনগোষ্ঠীর মধ্যে দুর্যোগপূর্ণ স্থান খালি করবার পরিকল্পনা গ্রহণ করা | এমনভাবে বৃক্ষরোপণ করতে হবে যেন সেটা আশ্রয় বেল্ট (Shelter belt) এর মত আকার ধারণ করে | ঝড়ের জন্যে অধিক সংখ্যায় রিফুজী সেন্টার তৈরী করতে হবে |
| ৩। নিরাপদ রিফুজী সেন্টার তৈরী করা যেখানে (পানি, পায়খানা এবং আলোর পর্যাপ্ত ব্যবস্থা থাকবে) | আশ্রয় কেন্দ্র এবং গৃহ নির্মাণের জন্যে নিরাপদ স্থান নির্ধারণ করা | অনিরাপদ স্থানে দালান-কোঠা নির্মাণ সংক্রান্ত আইন তৈরী করা |
| ৪। বাড়ি-ঘরের জানালা কাঠের বোর্ড দিয়ে তৈরী করা | ঝড় যে ঋতু (সময়)গুলিতে হয় তার আগে বা পরে নতুন ফসল উৎপাদনের ব্যবস্থা করা | নতুন দালান-কোঠা নির্মাণ সংক্রান্ত আইন তৈরী করা |
| ৫। বাড়ীর অবকাঠামোতে দড়ির ব্যবহার করা এবং সম্ভব হলে বাড়ীর ছাদের উপর নেট বিছিয়ে তার উপর ভারী কিছু চাপা দিয়ে রাখা | বাড়ি-ঘরের মধ্য হতে পানি প্রবাহিত করার জন্যে নালা তৈরী করা | বন্যার জন্যে অধিক আশ্রয় কেন্দ্র নির্মাণ করা |
| ৬। মূল্যবান জিনিসপত্রকে প্লাস্টিকের ব্যাগের মধ্যে করে নিরাপদ স্থানে সংরক্ষণ করা | | |
| ৭। ১ থেকে ৩ দিনের জন্য বিশুদ্ধ খাবার পানি এবং খাদ্য মজুদ করে রাখা | | |
| ৮। স্বেচ্ছাসেবীদের প্রশিক্ষণ | | |
| ৯। জরুরী অবস্থায় ব্যবহৃত প্রয়োজনীয় জিনিসপত্র হাতের কাছে রাখা | | |

## ভূমিকম্প

| প্রস্তুতি | সমস্যা সমাধানের উপায়সমূহ | অধিপরামর্শ |
|---|---|---|
| ১। জরুরী অবস্থায় ব্যবহৃত প্রয়োজনীয় জিনিসপত্র হাতের কাছে রাখা, যেমন- টর্চ লাইট, পানি, বাঁশি ইত্যাদি | ভূমিকম্প সহ্য করতে পারে এমন ধরণের নতুন বাড়ি-ঘর নির্মাণ করা; ছাদের ক্ষেত্রে হালকা প্রকৃতির নির্মাণ সামগ্রী ব্যবহার করা | বাড়ী-ঘর নির্মাণের জন্যে নিয়ম-নীতি তৈরী করা |
| ২। বাড়ীর বাইরে জরুরী অবস্থায় ব্যবহৃত যন্ত্রপাতি / জিনিসপত্র সংরক্ষণ করা | বর্তমানে যে বাড়ী-ঘর আছে সেগুলিকে আরও শক্তিশালী করার জন্যে অতিরিক্ত সার্পোট এর ব্যবস্থা করা | স্কুলের পাঠ্যক্রমের ভিতর ভূমিকম্পে কিভাবে নিরাপদ থাকা যায় সে সম্পর্কযুক্ত বিষয়সমূহকে অন্তর্ভুক্ত করা |
| ৩। লম্বা আকৃতির জিনিসপত্রকে দেওয়ালের সাথে শক্ত করে বেঁধে রাখা | পাহাড় গাত্রে বাড়ী-ঘর নির্মাণ এবং যে সকল এলাকায় ভূমিধ্বংস ঘটে সে সকল স্থানে বাড়ীঘর নির্মাণ বন্ধ করা | জনসচেতনতামূলক এবং শিক্ষামূলক ক্যাম্পেইন করা |
| ৪। উচ্চাকৃতির শেলফ এ ভারী জিনিসপত্র রাখা থেকে বিরত থাকা | পাবলিক দালান-কোঠাগুলি ভূমিকম্প সহনশীল মাত্রার কিনা সেটা নিশ্চিত করা (স্কুল, মন্ডলী হাসপাতাল ইত্যাদি) | সরকারীভাবে খোঁজার কাজে এবং উদ্ধার কাজে ব্যবহৃত অধিকতর সক্ষমতা সম্পন্ন জিনিসপত্রের ব্যবস্থা করা |
| ৫। ভূমিকম্প শুরু হলে রক্ষা পাবার জন্যে কি ধরণের পথ অবলম্বন করতে হবে সেই উপায়সমূহ পূর্ব থেকে অনুশীলন করা | | |
| ৬। সম্ভব হলে গ্যাস সিলিন্ডার বাইরে রাখা এবং সাথে সাথে রেঞ্চ ব্যবহার করে খুলে ফেলার ব্যবস্থা করা | | |
| ৭। জরুরী অবস্থায় পানি সরবরাহ ও শৌচাগারের ব্যবস্থা সহ উন্মুক্ত স্থানের ব্যবস্থা রাখা | | |
| ৮। স্বেচ্ছাসেবীদেরকে প্রশিক্ষণের মাধ্যমে ভূমিকম্পের সময় লোকজনকে খোঁজ করা এবং উদ্ধার করার বিষয়ে সক্ষম করে তোলা | | |

## ভূমিধ্বস

| প্রস্তুতি | সমস্যা সমাধানের উপায়সমূহ | অধিপরামর্শ |
|---|---|---|
| ১। জরুরী অবস্থায় প্রয়োজনীয় জিনিসপত্র বাড়ী-ঘরের বাইরে রাখা | ঢালু ভূমিকে শক্ত করার জন্যে বৃক্ষরোপণ করা | যে ভূমিগুলি নিরাপদ নয় সেখানে দালান-কোঠা নির্মাণকে বন্ধ করার জন্যে আইন তৈরী করা |
| ২। স্বেচ্ছাসেবী দলকে প্রশিক্ষণের মাধ্যমে অনুসন্ধানের জন্যে এবং উদ্ধার কাজে সহায়তা করার জন্যে প্রয়োজনীয় জিনিসপত্রের ব্যবস্থা করার মাধ্যমে সক্ষম করে গড়ে তোলা | ঢালু ভূমি থেকে বৃষ্টির পানি প্রবাহিত করার জন্যে নালার ব্যবস্থা করা | ঢালু জমি থেকে বৃক্ষ কাটার উপর নিষেধাজ্ঞামূলক আইন প্রণয়ন করা |
| ৩। অতি বৃষ্টির সময়ে অথবা পরবর্তী সময়ে ভূমিধ্বস, বৃক্ষ উপড়ে যাওয়া, পানির রং পরিবর্তন অথবা পানির স্রোতধারা প্রবাহ সংক্রান্ত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা | ঢালু জমির পাশে ছোট / নীচু দেওয়াল তৈরী করা | |
| ৪। সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ এবং দ্রুত স্থান খালি করার বিষয়ে পরিকল্পনা প্রণয়ন করা | | |

## আগুন লাগা

| প্রস্তুতি | সমস্যা সমাধানের উপায়সমূহ | অধিপরামর্শ |
|---|---|---|
| ১। খুবই উচ্চমাত্রার বা শোনার উপযুক্ত সতর্কতামূলক শব্দ পদ্ধতির ব্যবস্থা করা | দালান-কোঠার প্রত্যেকটির মধ্যে নিরাপদ দূরত্ব রেখে নির্মাণ করা | নগর এলাকায় সরকারীভাবে অগ্নি নির্বাপক সেবা প্রদানের ব্যবস্থা রাখা |
| ২। অগ্নি নির্বাপন বালতি, পাইপ এবং পানির উৎস | প্রধান ঘরের বাইরে রান্নার ব্যবস্থা করা | বস্তির ভেতর দিয়ে যাবার জন্য উন্নত রাস্তা তৈরী করা |
| ৩। বিচ্ছিন্ন হয়ে যাওয়া পরিবারগুলোর জন্যে একত্রিত হওয়ার পূর্ব থেকেই ব্যবস্থা করা | সম্ভব হলে বাড়ী নির্মাণের সময় দাহ্য পদার্থ ব্যবহার থেকে বিরত থাকা | উন্নত অগ্নি সংক্রান্ত নিয়ম-নীতি এবং স্কুলে অগ্নি নির্বাপন অনুশীলন করা |
| ৪। যোগাযোগের ব্যবস্থা | অগ্নি নিরাপত্তা নিয়ে ক্যাম্পেইন করা, বিশেষতঃ স্কুলের শিশুদের নিয়ে | |
| ৫। অগ্নি নির্বাপক স্বেচ্ছাসেবীদের প্রশিক্ষিত করা | দ্বিতল ভবনের ক্ষেত্রে জরুরীভাবে বেরিয়ে আসার জন্যে সিঁড়ির ব্যবস্থা করা | |

# References


Bainbridge D, Macpherson S and Marshall M (2007) *Good practice guide to gender sensitivity* Tearfund.
http://tilz.tearfund.org/webdocs/Tilz/Topics/DMT/GPG%20Gender%20Sensitivity.pdf

Blackman R and Carter I (eds.) ROOTS 13: *Environmental sustainabilityTearfund.*
http://tilz.tearfund.org/webdocs/Tilz/Roots/English/Environmental%20Sustainability/ROOTS_13_E.pdf

Blaikie P, Cannon T, Davis I and Wisner B (2004) At risk: *Natural hazards, people's vulnerability and disasters* Routledge.

Climate 1-Stop website
www.climateonestop.net

DFID (1999) *Sustainable livelihoods guidance sheet 1.1.*
www.eldis.org/vfile/upload/1/document/0901/section1.pdf

DFID (2002) *Conducting conflict assessments: guidance notes.*
www.dfid.gov.uk/Documents/publications/conflictassessmentguidance.pdf

EM-DAT (2009) *Natural disaster trends.*
www.emdat.be/natural-disasters-trends

FAO (1999) *Annex 6: PRA toolbox.*
www.fao.org/docrep/003/x5996e/x5996e06.htm

Twigg J (2010) *Characteristics of a disaster-resilient community (2nd edition)*
Website?

UNDP (2004) Reducing disaster risk: *a challenge to development.*
www.undp.org/cpr/disred/documents/publications/rdr/english/rdr_english.pdf

UNISDR (2007) *Building disaster resilient communities – good practices and lessons learnt.*
www.unisdr.org/ngos-good-practices

UNISDR (2009) *Terminology on disaster risk reduction.*
www.unisdr.org/eng/terminology/UNISDR-terminology-2009-eng.pdf

UNISDR (2008) *Gender perspectives: integrating disaster risk reduction into climate change adaptation.*
www.unisdr.org/eng/about_isdr/isdr-publications/17-Gender_Perspectives_Integrating_DRR_CC/Gender_Perspectives_Integrating_DRR_CC_Good%20Practices.pdf

UNISDR (2009) *Making disaster risk reduction gender-sensitive: policy and practical guidelines.*
www.preventionweb.net/files/9922_MakingDisasterRiskReductionGenderSe.pdf

Venton C and Venton P (2004) *Disaster preparedness programmes in India – a cost benefit analysis*. HPN Network Paper no.49, ODI.
http://tilz.tearfund.org/Topics/Disasters/Case+studies/DRR+Case+studies.htm

Venton P and Hansford R (2006) ROOTS 9: *Reducing risk of disaster in our communities* (1st edition) Tearfund.

Venton, P and La Trobe S (2008) *Linking climate change adaptation and disaster risk reduction.* Tearfund and Institute of Development Studies.
www.tearfund.org/webdocs/Website/Campaigning/CCA_and_DRR_web.pdf

Wiggins S and Wiggins M (2009) *CEDRA (Climate Change and Environmental Degradation Risk and Adaptation Assessment)* Tearfund.
http://tilz.tearfund.org/Topics/Environmental+Sustainability/

Wiggins S and Wiggins M (2009) *Environmental assessment Tearfund.*
http://tilz.tearfund.org/Topics/Environmental+Sustainability/

## Other useful websites

**www.abuhrc.org/Pages/index.aspx**
Aon Benfield UCL Hazard Research Centre (ABUHRC) is 'Europe's leading multidisciplinary academic hazard research centre', based at University College London. Much DRR content.

**www.adpc.net/v2007/**
Asia Disaster Preparedness Centre: DRR training, resources, events.

**www.eldis.org/go/topics/dossiers/climate-change-adaptation**
Climate change adaptation.

**www.ifrc.org/what/disasters/index.asp**
The IFRC site has sections on reducing risk and preparing for disaster, as well as other material on response.

**www.preventionweb.net/english/**
A good portal for a lot of DRR material – news, resources, training. Links to UNISDR.

**www.riskreductionafrica.org/**
Risk Reduction Africa: a site dedicated to DRR and building resilient communities in Africa.

**http://tilz.tearfund.org/**
Tearfund's own TILZ site has a section on DRR under Topics, more materials under Policy and Research, plus all the Footsteps, ROOTS and Pillars publications; the latter includes Preparing for disaster – a useful guide for field workers.

**www.unisdr.org/eng/hfa/docs/HFA-brochure-English.pdf**
Hyogo Framework for Action brochure – English.

**www.unisdr.org/eng/hfa/docs/HFA-brochure-French.pdf**
Hyogo Framework for Action brochure – French.

**www.unisdr.org/eng/hfa/hf-summary.htm**
Hyogo Framework for Action summary (also available in French and Spanish on the UNISDR site)

**www.youtube.com/watch?v=GI66F0mgeIE**
Local voices, global choices, film on DRR with case studies and good practice from a number of countries (three modules).

# টিকা / শব্দকোষ
# Glossary

এই টিকাগুলি এই বইয়ে ব্যবহৃত কিছু বিশেষ শব্দের অর্থকে ব্যাখ্যা করছে।

**অভিযোজন** জলবায়ু পরিবর্তন ও পরিবেশের অবনতি বা বিপর্যয়ের সাথে মানিয়ে নেবার জন্য নেওয়া পদক্ষেপ।

**নির্মাণ বিষয়ক নিয়ম-নীতি** কোন একটি দালান-কোঠায় বসবাসরত মানুষের জীবনের নিরাপত্তা এবং দালান-কোঠা যাতে ভেঙ্গে না পড়ে, সেই ধরণের ঝুঁকি কমাবার বিষয়সমূহকে নিশ্চিত করার জন্যে দালান-কোঠার নক্সা, নির্মাণশৈলী নির্মাণ কাজে ব্যবহৃত জিনিসপত্র এবং দালান-কোঠার ধারণ ক্ষমতা প্রভৃতিসমূহকে কিছু নিয়ম-নীতি এবং প্রমিত মানের সাহায্যে নিয়ন্ত্রণ করা হয়।

**আপদকালীন বিকল্প ধরণের পরিকল্পনা** জনগোষ্ঠীর জন্যে হুমকিস্বরূপ হতে পারে এমন বিশেষ ধরণের সম্ভাব্য বিষয় বা ঝুঁকিসমূহকে বিশ্লেষণ করা হয় এই পদ্ধতিটি / পরিকল্পনাটির দ্বারা এবং সাথে সাথে এ বিষয়ে পূর্ব প্রস্তুতি স্বরূপ সময়মত, কার্যকরী এবং যথার্থ বা সঠিক ব্যবস্থাটি গ্রহণ করা হয়।

**দুর্যোগের ঝুঁকি** একটি সম্ভাব্য দুর্যোগের দ্বারা সৃষ্ট ক্ষয়-ক্ষতিসমূহ যেমন - মানুষের জীবন, স্বাস্থ্য, জীবিকা, সম্পত্তি এবং চাকুরীর প্রভৃতি ক্ষেত্রে একটি বিশেষ শ্রেণীর জনগোষ্ঠীর উপর ঝুঁকি আসতে পারে, যেটা ভবিষ্যতে ও কিছু সময় ধরে চলতে পারে।

**দুর্যোগের ঝুঁকি হ্রাসকরণ / কমানোর পদ্ধতি** দুর্যোগের সম্ভাব্য বিষয়সমূহকে একটি পদ্ধতিগত বিশ্লেষণ এবং ব্যবস্থাপনা পদ্ধতিকে অনুশীলনের মাধ্যমে দুর্যোগের ঝুঁকি হ্রাস করা / কমানো। এই পদ্ধতির মধ্যে বিশেষতঃ দুর্যোগের মাত্রা হ্রাসকরণ, জনগণ এবং সম্পত্তির ঝুঁকিপূর্ণতাকে কমানো, পরিবেশ এবং ভূমির ভাল ব্যবস্থাপনা এবং প্রস্তুতিমূলক ব্যবস্থার উন্নয়ন সাধন প্রভৃতি বিষয়গুলি অন্তর্ভুক্ত আছে।

**দুর্যোগের ঝুঁকি হ্রাসকরণের বা প্রশমন পরিকল্পনা** একটি প্রশাসন সংস্থা অথবা একটি জনগোষ্ঠীর দ্বারা তৈরী লিখিত বিবরণী যার মধ্যে দুর্যোগের ঝুঁকি প্রশমনের জন্যে সুস্পষ্ট বিষয়সমূহ এবং লক্ষ্য থাকবে এবং সাথে সাথে এই বিষয়সমূহকে অর্জনের জন্যে কিছু কার্যসমূহ সম্পাদনের বিষয়টিও অন্তর্ভুক্ত থাকবে।

**সতর্কতামূলক পদ্ধতি** এই পদ্ধতির মাধ্যমে দুর্যোগের ঝুঁকি বিষয়ক তথ্যসমূহ সময়মত এবং সুস্পষ্টভাবে তৈরী করা প্রয়োজন, যেন একক ব্যক্তি অথবা জনগোষ্ঠী এবং সংস্থাসমূহ দুর্যোগের ব্যাপারে একটু আগেই সঠিক প্রস্তুতি গ্রহণ করতে পারে। তাহলে তারা আসন্ন বিপদ ও ক্ষয়ক্ষতির হাত থেকে কিছুটা হলেও রক্ষা পাবে।

**জরুরী অবস্থায় সেবা প্রদানের কাজ** একদল সুদক্ষ প্রতিষ্ঠান / সংস্থা, যাদের নির্দিষ্ট দায়িত্ব-কর্তব্য এবং উদ্দেশ্য হলো জরুরী অবস্থায় জনসাধারণকে সেবা প্রদান করা এবং তাদের সম্পত্তিকে রক্ষা করা।

**পরিবেশের অবনতি/ বিপর্যয়** সামাজিক ও বস্তুসংস্থানের চাহিদা পূরণ করতে গিয়ে পরিবেশ তার সক্ষমতাকে হারিয়ে ফেলে। উদাহরণস্বরূপ ঃ ভূমির অপব্যবহার, ভূমির অবক্ষয়, মরুকরণ, বনভূমিতে অগ্নিকান্ড, কেটে পরিষ্কার করা এবং ম্যাংগ্রোভ উদ্ভিদের ধ্বংস এবং এর সাথে মাটি, পানি ও বায়ু দূষণ প্রভৃতি অন্তর্ভুক্ত আছে।

**পরিবেশের প্রভাব মূল্যায়ন** এটা এক ধরণের পদ্ধতি যেটা দ্বারা পরিবেশের পরিণতি একটি প্রস্তাবিত প্রকল্পের দ্বারা মূল্যায়ন করা হয়, এ ক্ষেত্রে প্রকল্পের পরিকল্পনা প্রণয়ন এবং সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতিকে প্রকল্পের একটি অবিচ্ছেদ্য অংশ হিসেবে গ্রহণ করা হয় যেন পদ্ধতিটি প্রকল্পের খারাপ প্রভাবসমূহের মাত্রাকে কমায় বা সীমাবদ্ধ করে।

**ভূ-তাত্ত্বিক দুর্যোগ** ভূ-তাত্ত্বিক পরিবর্তন পদ্ধতি অথবা ঘটনার দ্বারা জীবনের ক্ষতি, স্বাস্থ্য এবং সম্পত্তির ক্ষতি, জীবনযাত্রা এবং জীবিকার ক্ষতি, সামাজিক এবং অর্থনৈতিক বাধা অথবা পরিবেশ ধ্বংসের কবলে পতিত হয়।

**পানি-আবহাওয়া জনিত ঝুঁকি** বায়ুমন্ডলীয়, জলমন্ডলীয় বা সাগরের কারণে যে সব উপায়ে জীবন নাশ, আঘাত বা সম্পত্তি জীবনযাত্রা, সেবা বা পরিবেশের ক্ষতি হয় এগুলোকে বোঝায়।

© TEARFUND 2010

**জাতীয়ভাবে দুর্যোগের ঝুঁকি হ্রাসকরণ** জাতীয়ভাবে দুর্যোগের ঝুঁকি হ্রাসকরণের জন্যে কৌশল ব্যবস্থাপনা এবং পলিসি তৈরীতে সহায়তা করা যা পাবলিক, প্রাইভেট বা সুশীল সমাজ নিয়ে বিভিন্ন খাতে ও বিভিন্ন ইস্যুতে করা হয়।

**প্রতিরোধ** দুর্যোগের খারাপ প্রভাবকে সম্পূর্ণরূপে এড়িয়ে যাওয়া জন্যে কিছু পদক্ষেপ গ্রহণ করা যেমন - বাঁধ নির্মাণ বা ভূ-গর্ভস্থ প্রকৌশল প্রভৃতির মাধ্যমে দুর্যোগের খারাপ প্রভাবকে সম্পূর্ণরূপে এড়িয়ে যাওয়া।

**জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা** দুর্যোগের ঝুঁকি কমানোর জন্যে দুর্যোগ ঝুঁকি সংক্রান্ত সাধারণ জ্ঞান অর্থাৎ যে সমস্ত কারণে দুর্যোগের ঝুঁকি সৃষ্টি হয় এবং ঝুঁকি নিরসনের জন্যে যে সমস্ত কার্যক্রম গ্রহণ করতে হয় এ সবের সাধারণ জ্ঞানকে বোঝায়।

**পুনরাবস্থায় ফিরে আসার ক্ষতি পুষিয়ে নেওয়া** দুর্যোগের ফলে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর জীবনযাত্রা এবং বাসস্থানের অবস্থাকে পুনরায় স্বাভাবিক অবস্থায় সম্ভব হলে আরও ভালো অবস্থায় ফিরিয়ে নেওয়াকে বুঝায়, এর ফলে দুর্যোগজনিত ঝুঁকি হ্রাস পায়।

**প্রতিকূল পরিবেশে খাপ খাওয়ানোর ক্ষমতা** একটি জনগোষ্ঠী বা সমাজের দুর্যোগকে প্রতিহত করার সক্ষমতা, দুর্যোগজনিত ক্ষতি পুষিয়ে নেওয়া ও পুনরায় স্বাভাবিক অবস্থায় সময়মত ও দক্ষতার সাথে ফিরে আসার সক্ষমতাকে বুঝায়।

**ঝুঁকি মূল্যায়ন** এটা হলো দুর্যোগের ধরণ ও তার ব্যাপকতা সম্পর্কিত একটি বিশ্লেষণ এবং এই দুর্যোগের ফলে জনসাধারণ, সম্পদ, সেবা, জীবনযাত্রা ও পরিবেশের উপর কি ধরণের ঝুঁকি ও সম্ভাব্য ক্ষতিকর প্রভাব পরিলক্ষিত হতে পারে তা মূল্যায়ন করে।

**গঠনমূলক প্রতিকারমূলক ব্যবস্থা** ভৌত অবকাঠামো তৈরী করে দুর্যোগের ঝুঁকির প্রভাব হ্রাস করা অথবা কোন কারিগরী প্রকৌশল ব্যবহার করে দুর্যোগকে প্রতিরোধ করা, যেমন - বাঁধ নির্মাণ বা ভূমিকম্প নিরোধক দালান-কোঠা নির্মাণ, আশ্রয় কেন্দ্র নির্মাণ ইত্যাদি।

**অগঠনমূলক প্রতিকারমূলক ব্যবস্থা** অগঠনমূলক প্রতিকারমূলক ব্যবস্থাগুলো হলো কোন ভৌত কাঠামো তৈরী না করে কেবলমাত্র জ্ঞান, অনুশীলন অথবা ঝুঁকি প্রশমনের জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে, বিশেষতঃ সচেতনতা সৃষ্টি করে, প্রশিক্ষণ, শিক্ষা, নীতি বা আইন করে ঝুঁকি হ্রাস করার জন্যে নেওয়া ব্যবস্থাসমূহকে বুঝায়।

**কারিগরি ঝুঁকি** এই ঝুঁকিসমূহ হলো কলকারখানায় হঠাৎ করে দুর্ঘটনা, বিপদজনক প্রক্রিয়া, অবকাঠামোর দুর্ঘটনা অথবা মানুষের কর্মকান্ড, যা জীবননাশের জন্যে দায়ী বা মানুষকে আহত করে, সম্পদ, জীবনযাত্রা, সেবা বা পরিবেশকে ক্ষতিগ্রস্ত করে।

tearfund

**Reducing risk of disaster in our communities**
Bob Hansford

Published by Tearfund
100 Church Road, Teddington, TW11 8QE, UK